(كلمة তিন প্রকারে সীমাবদ্ধের কারণ।) কেননা كلمة হয়তো নিজে নিজ অর্থ প্রকাশ করবে না। এটা হল حرف - অথবা নিজ প্রথম প্রকাশ করবে আর তা তিন কালের কোন একটির সাথে মিলিত হবে (সম্বন্ধ রাখবে) এটা হল فعل - অথবা নিজ অর্থ প্রকাশ করবে তবে কোন কালের সাথে মিলিত হবে না। এটা হল اسم -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهٗ اَلْكَلِمَةُ ঃ كلمة এর শাব্দিক অর্থ কথা, কায়েদা, কাসীদা-কবিতা। পরিভাষায় هُوَ مَا يَنْطِقُ بِهِ الْاِنْسَانُ مُفْرَدًا كَانَ اَوْ مُرَكَّبًا

মানুষের কথা চাই তা مفرد হোক বা مركب -এ সংজ্ঞা অনুযায়ী প্রসিদ্ধ ইমানী কালেমাসমূহকে বাক্য হওয়া সত্ত্বে কালেমা বলার ব্যাপারে উত্থাপিত প্রশ্নের সমাধান হয়ে যায়।

كلمة এর নাম করণের কারণ ঃ كلمة শব্দটি মূলত كلم শব্দমূল হতে উদ্‌গত। অর্থ ক্ষত বা যখম করা। যেহেতু কথা মানুষের হৃদয়কে ক্ষত বা যখম করে এ জন্য এ নাম করণ করা হয়েছে। যেমন– কবির ভাষায়–

جِرَاحَةُ السِّنَانِ لَهَا الْتِيَامٌ + وَمَا يَلْتَامُ مَا جَرَحَ اللِّسَانُ

অর্থাৎ বর্শার যখম এক সময় জোড়া লাগে নিশ্চিহ্ন হয়, কিন্তু যবানে যে যখম করে তা কখনো জোড়া লাগে না।

كَلِمَة এর বহুঃ كَلِمٌ - কারো মতে كَلِمٌ শব্দটি اسم جنس

قَوْلُهٗ لَفْظٌ ঃ لَفْظٌ এর শাব্দিক অর্থ– لَفظ বাবে ضَرَبَ হতে-নিক্ষেপ করা। বলা হয়– اَكَلْتُ التَّمْرَةَ وَلَفَظْتُ النَّوَاةَ আমি খেজুর খেয়েছি ও তার আঠি ফেলে দিয়েছি। পরিভাষায়– مَا يَتَلَفَّظُ بِهِ الْاِنْسَانُ মানুষের মুখ থেকে যা উচ্চারিত হয় তাকে لفظ বলে।

★ প্রশ্ন হতে পারে যে, মানুষের কথা বলার দ্বারা জিন, ফিরেশতা এমনকি আল্লাহর বাণী ইত্যাদি لفظ থেকে খারিজ হয়ে যায়। এর উত্তর কি? এর উত্তর এই যে, এর দ্বারা উদ্দেশ্য হল– মানুষের মুখে যা উচ্চারিত হওয়া সম্ভব। অতএব এখন কোন প্রশ্ন থাকে না।

★ তারকীব ঃ اَلْكَلِمَةُ মুবতাদা, لَفْظٌ শব্দটি মওসূফ وُضِعَ الخ সিফত মিলে খবর, কিন্তু প্রশ্ন জাগে যে, মুবতাদা ও খবরের মাঝে مذكر ও مؤنث ইত্যাদি ক্ষেত্রে تطابق জরুরী অথচ اَلْكَلِمَةُ - مؤنث আর لَفْظٌ হল مذكر - সুতরাং এটা শুদ্ধ হল কিভাবে?

উত্তরঃ خبر টি اسم مشتق হলে যে ক্ষেত্রে تَطَابُقٌ (মিল) জরুরী কিন্তু لفظ শব্দটি اسم مُشْتَقٌ নয়, বিধায় تَطَابُقٌ জরুরী নয়। لَفْظ শব্দটি اَلْكَلِمَةُ এর جِنْسِ قَرِيب এতে لَفْظِ مَوْضُوع ও مُهْمَل (অর্থবোধক ও অর্থহীন) সব দাখিল রয়েছে।

قَوْلُهُ وُضِعَ ঃ وَضَعَ يَضَعُ বাবে ضَرَبَ হতে-অর্থ রাখা, গঠন করা। পরিভাষায়, এক বস্তুকে অপর বস্তুর জন্য এমনভাবে খাছ করে দেয়া যে, প্রথম বস্তু (مخصوص) দেখলে অপর বস্তু (مخصوص له) এমনিতেই বুঝে আসে। যেমন- زَيْد শব্দটি এক ব্যক্তির খাছ নাম। এটি শুনা মাত্রই ব্যক্তি যায়েদ বুঝে আসে।

قوله لِمَعْنًى ঃ مَعْنًى শব্দটি হয়ত ১. عَنٰى يَعْنِىْ বাবে ضَرَبَ এর مفعول। অর্থ مقصود উদ্দেশ্য, ২. অথবা اسمِ ظرفِ مكان ৩. অথবা مِيمِ مَصْدَرِى যুক্ত হয়ে মাসদার। তিনো ছুরতে অর্থ একই। এটা لفظ এর فَصْل - এর দ্বারা مُهْمَلْ শব্দ ও حروفِ هِجا ইত্যাদি বের হয়ে গেল।

قَوْله مُفْرَدٌ ঃ مفرد একক বা غير مركب এ- فصل দ্বারা مُرَكَّبَاتْ বের হয়ে গেল।

إِعْرَابُ مُفْرَد **শব্দের** ঃ مفرد শব্দে তিন ধরনের اعراب হতে পারে। যথা- ১. مفرد যের হলে معنى এর সিফত হবে। অর্থ হবে একক অর্থের জন্য গঠিত তথা যে শব্দের جزء অর্থের جزء এর ওপর دلالت করে না। (বা শব্দের অংশ অর্থের অংশ বুঝায় না।) যেমন زيد এর جزء হল ز - ى - د এর কোনটি ব্যক্তি যায়েদের কোন অঙ্গ বুঝায় না।

২. مُفْرَد পেশ হলে لَفْظ এর সিফাত হবে। অর্থ হবে- কালেমা ঐ একক শব্দকে বলে।

৩. مُفْرَدًا যবর হলে (ক) হয়তো وضع এর যমীর থেকে حال হবে অথবা معنى এর حال হবে। অর্থাৎ এম-তাবস্থায় যে, উক্ত শব্দটি একক হবে বা অর্থটি একক হবে (আর একক হওয়ার উদ্দেশ্য শব্দ বা অর্থের অংশটি উদ্দেশ্যের অংশ বুঝাবেনা) উল্লেখ্য যে, منصوب হলে رسم خط হিসেবে শেষে আলিফ থাকত কিন্তু আরো ২টি সম্ভাবনার কারণে আলিফ লেখা হয়নি।

قوله وَهِيَ مُنْحَصِرَةٌ الخ ঃ مُنْحَصِرَةٌ বাবে إِنْفِعَال হতে واحد مؤنث - اسم فاعل অর্থ সীমাবদ্ধ, বেষ্টিত, অর্থাৎ কালেমা অর্থগত দিক দিয়ে তিন প্রকারে সীমাবদ্ধ।

قوله إِسْمٌ و فِعْل وحُرْف ঃ এগুলোর মধ্যে প্রত্যেকটিতে তিন ধরনের اعراب হতে পারে।

১. مرفوع হলে مَحْذُوف مُبْتداء এর খবর হবে। যেমন- أَحَدُهَا إِسْمٌ و ثَانِيْهَا فِعْلٌ و ثَالِثُهَا حَرْفٌ

২. منصوب হলে أَعْنِىْ - فعلِ محذوف এর مفعول হবে অর্থাৎ أَعْنِىْ إِسْمًا و فِعْلًا و حَرْفًا

৩. مجرور হলে اقسام এর بدل হবে। এ ছুরতটিই উত্তম। কারণ এক্ষেত্রে محذوف মানতে হয় না।

★ كَلِمَة এর তিনো প্রকারের মধ্যে মর্যাদার দিক দিয়ে আগে اسم. তার পর فعل, তারপর حرف এ কারণে এভাবেই উল্লেখিত হয়েছে।

قوله لِأَنَّهَا إِمَّا أَنْ لَّا تَدُلَّ الخ ঃ এখান থেকে মুসান্নিফ র. وجه حصر তথা তিন প্রকারে সীমাবদ্ধ হওয়ার দাবির দলিল পেশ করেছেন। لِأَنَّهَا الخ - مُنْحَصِرَةٌ এর সাথে متعلق - وجهِ حصر এই যে, كَلِمَة হয় নিজ অর্থ প্রকাশে স্বয়ং সম্পূর্ণ হবে, নতুবা নয়, দ্বিতীয়টি حرف আর স্বয়ং সম্পর্ণূ হলে হয়তো তা কোন কালের সাথে সম্বন্ধ রাখবে বা রাখবে না, রাখলে সেটা فعل আর না রাখলে اسم -

প্রশ্ন জাগতে পারে যে, أَنَّ - حرفِ مُشَبَّه بفعل এটা مبتدا ও خبر এর উপর দাখিল হয়, আর خبر তার مبتدا এর উপর حَمْل (প্রযোজ্য) হয়। সুতরাং এখানে ও তা হওয়া উচিত অথচ দেখা যায় এমনটি হয়নি। কারণ لِأَنَّهَا এর যমীর اَلْكَلِمَة (ذات) এর দিকে ফিরেছে। এটা أَنَّ এর اسم আর مصدر بتاويل تَدُلَّ إِمَّا أَنْ لَا - (أَنْ আসায় মাসদারে পরিণত হয়ে) أَنَّ এর خبر আর মাসদারের حمل - ذات এ উপর সহীহ নয়।

উত্তর ঃ এখানে أَنَّ এর اسم এর উহ্য আছে, মূলত لِأَنَّ حَالَهَا اما الخ ছিল, এ সময় مصدر এর حمل - حال এর উপর সহীহ হয়ে যায়। (কেননা حال টা ذات নয় বরং عرض)

قوله عَلٰى مَعْنًى فِىْ نَفْسِهَا তিনো জায়গায় مَعْنًى মওসূফ حَاصِلٌ عَلٰى نَفْسِهَا - شِبه فعلِ مُقَدَّر এর সাথে متعلق হয়ে সিফত مَعْنًى فِىْ نَفْسِهَا অর্থ হল শব্দের নিজের অর্থ -

فَحَدُّ الْاِسْمِ كَلِمَةٌ تَدُلُّ عَلٰى مَعْنًى فِىْ نَفْسِهَا غَيْرَ مُقْتَرِنٍ بِاَحَدِ الْاَزْمِنَةِ الثَّلٰثَةِ اَعْنِى الْحَالَ وَالْاِسْتِقْبَالَ كَرَجُلٍ وَعِلْمٍ وَعَلَامَتُهُ صِحَّةُ الْاِخْبَارِ عَنْهُ نَحْوُ زَيْدٌ قَائِمٌ

অনুবাদ॥ اسم এর সংজ্ঞা ঃ اسم এমন কালেমা কে বলে যা নিজ অর্থ প্রকাশে স্বয়ং সম্পূর্ণ হয়। তিন কাল তথা অতীত, বর্তমান ও ভবিষ্যতকালের কোন একটির সাথে সম্পর্ক না রেখে। যেমন رجل (পুরুষ) علم (জ্ঞান)। **اسم এর আলামত সমূহ ঃ** ১. কোন শব্দের সম্পর্কে সংবাদ দেয়া শুদ্ধ হওয়া। যথা- زيد قائم (যায়েদ দণ্ডায়মান)

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهُ فَحَدُّ الْاِسْمِ ঃ حد এর অর্থ বিরত রাখা, সীমানা, শরয়ী দন্ড, সংজ্ঞা।

قوله فَحَدُّ الْاِسْمِ الخ ঃ এর فا টি جُزَائِيه এখানে শর্ত উহ্য রয়েছে। মূলত বাক্যটি ছিল اِذَا بَيَّنَّا دَلِيْلَ الْحَصْرِ فَحَدُّ الْاِسْمِ অর্থাৎ যখন সীমাবদ্ধের প্রমাণ পেশ করা হল এখন اسم এর সংজ্ঞা বর্ণনা করা হচ্ছে। حد মুযাফ الاسم মুযাফ ইলায়হি মিলে মুবতাদা, আর كلمة খবর, مبتدا মাসদার হলে خبر এর সাথে تَطَابُقْ জরুরী নয়।

كَلِمَةٌ ঃ মওসূফ فِىْ نَفْسِهَا উহ্য كَائِنٌ এর সাথে مُتَعَلِّقْ হয়ে مَعْنًى এর প্রথম সিফত হল غَيْرُ مُقْتَرِنٍ متعلق এর দ্বিতীয় সিফত। অতঃপর مَعْنًى মওসূফ সিফত মিলে عَلٰى এর মাজরূর হয়ে تدل এর সাথে مَعْنًى অর্থাৎ اسم এমন কালেমাকে বলে যা নিজেই নিজ অর্থ প্রকাশ করে। অন্য কোন শব্দের মুখাপেক্ষী হয় না এবং গঠনগতভাবে তার মধ্যে কোন কাল পাওয়া যায় না।

★ ফায়েদা (ক) সংজ্ঞায় উল্লিখিত كلمة হল جنس-এর মধ্যে اسم - فعل ও حرف তিনোটা দাখিল রয়েছে। مَعْنًى فِىْ نَفْسِهَا - فصل দ্বারা حرف বেরিয়ে গেল, আর غَيْرُ مُقْتَرِنٍ - فصل দ্বারা فعل খারিজ হয়ে গেল।

(খ) কালের সাথে সম্পর্ক না রাখাটা মূল গঠনের সময় ধর্তব্য। বাক্যে ব্যবহারিক ক্ষেত্রে কাল পাওয়া গেলে তা اسم হওয়ার জন্য প্রতিবন্ধক নয়। যথা زَيْدٌ ضَارِبٌ عَمْرًوا غَدًا - زَيْدٌ مَضْرُوْبٌ غُلَامُهُ ইত্যাদি। কেননা ضَارِبٌ ও مَضْرُوْبٌ যদিও সময়ের সাথে মিলিত হচ্ছে কিন্তু তা غَدًا و اَمْسِ এর কারণে মাত্র। এভাবে غدا - امس ইত্যাদির মূল অর্থই হল নির্দিষ্ট সময় বা কাল। মূল অর্থ কালের সাথে সম্বন্ধিত হচ্ছে না। এ কারণে اسم এর সংজ্ঞায় দাখিল থাকবে। এভাবে اَسْمَاءُ اَفْعَال যেমন هَلُمَّ - حَيَّهَلْ ইত্যাদির অর্থ কালের সাথে মিলিত হচ্ছে তা মূল وضع তথা গঠনের দিক দিয়ে নয়। এ কারণে اسم এর মধ্যে দাখিল থাকবে।

(গ) প্রশ্ন জাগে যে, تَحْتَ (নীচে), فَوْقَ (উপর) এগুলোর অর্থ مضاف اليه ছাড়া বুঝা যায় না। সুতরাং اسم হল কিভাবে?

উত্তরঃ এসব اسم - وضع (গঠন) এর দিক দিয়ে পূর্ণ অর্থ জ্ঞাপক। যদিও ব্যবহারিক ক্ষেত্রে তা অস্পষ্ট থাকে। কিন্তু এটা দোষণীয় নয়।

قَوْلُهُ وَعَلَامَتُهُ ঃ মুবতাদা صِحَّتُ الْاِخْبَارِ عَنْهُ খবর। আলামত অনেকগুলো হওয়া সত্ত্বে علامت এক বচন আনার কারণ এই যে, এটা اسم جنس আর اسم جنس - قَلِيْلُ وَ كَثِيْر (কম-বেশী) সব কিছু বুঝায়। علامت অর্থ নিদর্শন, চিহ্ন, صِحَّةُ الْاِخْبَارِ عَنْه অর্থ তার সম্পর্কে খবর দেয়া শুদ্ধ হওয়া বা এর যোগ্যতা রাখা। সুতরাং - عمر زيد ইত্যাদি আপাতত (فِى الْحَال) مُخْبَرُ عَنْهُ নাহলে ও বাক্যে ব্যবহৃত হওয়ার ক্ষেত্রে مُخْبَرُ عَنْهُ হয়। সুতরাং এগুলো اسم -

وَالْإِضَافَةُ نَحْوُ غُلَامُ زَيْدٍ وَ دُخُولُ لَامِ التَّعْرِيفِ كَالرَّجُلِ وَالْجَرِّ وَالتَّنْوِينِ نَحْوُ بِزَيْدٍ وَالتَّثْنِيَةُ وَالْجَمْعُ وَالنَّعْتُ وَالتَّصْغِيرُ وَالنِّدَاءُ فَإِنَّ كُلَّ هٰذِهِ خَوَاصُّ الْإِسْمِ وَمَعْنَى الْإِخْبَارِ عَنْهُ اَنْ يَّكُوْنَ مَحْكُوْمًا عَلَيْهِ لِكَوْنِهِ فَاعِلًا اَوْمَفْعُوْلًا اَوْ مُبْتَدَأً وَيُسَمَّى اِسْمًا لِسُمُوِّهِ عَلٰى قَسِيْمَيْهِ لَالِكَوْنِهِ وِسْمًا عَلَى الْمَعْنٰى -

অনুবাদ ॥ ২. مضاف বা সম্বন্ধ পদ হওয়া, যথা- غُلَامُ زَيْدٍ (যায়েদেরে গোলাম) ৩. শব্দের শুরুতে لام تعريف তথা নির্দিষ্ট জ্ঞাপক লাম আসা, যথা- اَلرَّجُلُ (লোকটি)। ৪. কালেমার শেষে جر মিলিত হওয়া। ৫. تَنْوِيْن (তানভীন) হওয়া। যেমন بِزَيْدٍ ৬. দ্বিবচন হওয়া ৭. বহুবচন হওয়া ৮. সিফত হওয়া ৯. তাসগীর হওয়া ১০.শুরুতে حرفِ ندا আসা। এসব গুলোই হল ইসমের বৈশিষ্ট্য।

إِخْبَارُ عَنْهُ এর অর্থ হল مَحْكُوْمٌ عَلَيْهِ হওয়া (যার ব্যাপারে কোন হুকুম লাগান হয়) সেটা فاعل (কর্তা) বা مفعول (কর্ম) অথবা مُبْتَدَا (উদ্দেশ্য) হবার কারণে।

اسم এর নামকরণ ঃ আর اسم কে اسم নাম রাখা হয়েছে তার অপর দুই প্রকারের তুলনায় মর্যাদাবান হবার কারণে, অর্থের জন্য আলামত হবার কারণে নয়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهٗ وَالْإِضَافَةُ ঃ অর্থাৎ حرف جر উহ্য থেকে মুযাফ হওয়া। যেমন غُلَامُ زَيْدٍ মূলত غُلَامٌ لِزَيْدٍ ছিল। আর এটা এ জন্য যে, حرف جر لفظى এর ক্ষেত্রে فعل ও মুযাফ হয়। যেমন- مَرَرْتُ بِزَيْدٍ এর মধ্যে مَرَرْتُ ফে'লটি حرفِ جر এর মাধ্যমে মুযাফ। তবে সাধারণত اضافت বলতে مَعْنَوِى টিই বুঝায়। এ কারণে মুসান্নিফ র. এ কয়টি উল্লেখ করেননি।

★ ফায়েদা ঃ (ক) কোন কোন নাহবীদের মতে মুযাফ হওয়াটা اسم এর خَاصَّه বা আলামত, মুযাফ ইলায়হি হওয়া নয়। কেননা جملة فعل মুযাফ ইলায়হি হয়, যেমন يَوْمَ يَنْفَعُ الصّٰدِقِيْنَ صِدْقُهُمْ এখানে يَنْفَعُ ফে'ল যা فعليه টি মুযাফ ইলায়হি হয়েছে। তবে কারো কারো মতে মুযাফ ইলায়হি হওয়া ও اسم এর আলামত, তাদের মতে আয়াতে يَنْفَعُ টা نَفْعُ মাসদারের অর্থে। অর্থাৎ يَوْمُ نَفْعِ الصَّادِقِيْنَ

(খ) خَلِيل এর মতে لام ও হামযা উভয়টি মিলে حرفِ تعريف

(গ) مُبَرِّد এর মতে হামযাটিই حرفِ تعريف আর همزهٔ تعريف ও همزهٔ اِسْتِفْهَام এর মাঝে প্রভেদের জন্য লাম আনা হয়।

মুসান্নিফ র. এর কাছে প্রথম মতটি পসন্দনীয়।

قَوْلُهٗ دُخُوْلُ الْجَرِّ وَ التَّنْوِيْنِ ঃ এখানে دخول (প্রবেশ করা) দ্বারা لُحُوْقٌ (মিলিত হওয়া) উদ্দেশ্য। কারণ جر ও تنوين হয় শেষে, আর دخول বুঝায় শুরুতে আসা।

★ ফায়েদা ঃ (ক) جر ইসমের বৈশিষ্ট্য এ জন্য যে, جر টা حرف جر এর اثر বা প্রভাবে হয়, আর حرف جر শুধু ইসমের পূর্বেই আসে।

(খ) تنوين এ জন্য ইসমের বৈশিষ্ট্য যে, تَنْوِيْن মোট ৫ প্রকার, تنوينِ تَمَكُّنْ .২ تَنْوِيْنِ تَرَنُّمْ .৩ تنوينِ تَنْكِيْر .৪ تنوينِ عوض ও .৫ تنوينِ مُقَابَلَهْ এগুলোর মধ্যে কেবল تنوينِ تَرَنُّمْ টি فعل এর উপর ও আসে। যেমন- اَقِلِّى اللَّوْمَ عَاذِلَ وَ الْعِتَابَنْ + وَقُوْلِى اِنْ اَصَبْتُ لَقَدْ اَصَابَنْ এর اَصَابَنْ বাকীগুলো যে যে কারণে আসে তা শুধু ইস্‌মেই পাওয়া যায়।

قَوْلُهُ وَالتَّثْنِيَةُ وَالْجَمْعُ : এটা دُخُوْل এর উপর عَطْف দ্বিবচন ও বহুবচন হওয়া যেহেতু تَعَدُّدْ (বা একাধিক সংখ্যক) বুঝায় - আর এটা اسم এর মধ্যেই পাওয়া যায়।

★ **ফায়েদা :** فعل এর মধ্যে যে تثنية ও جمع এর ছীগা দেখা যায় তা মূলত فعل এর মধ্যে فاعل এর যমীর হিসেবেই। আর যমীর তো ইস্‌মই। যেমন– ضَرَبَا ও ضَرَبُوْا এর মধ্যে ضَرَبَ ফে'ল একটিই আর الف ও واو হল ফায়েলের যমীর, এ হিসেবেই تثنية ও جمع বলা হয়।

قوله وَالنَّعْتُ : نعت (সিফত) হওয়া অর্থাৎ সিফত হওয়া اسم এর আলামত, কিন্তু নাহুবিদদের মতে সিফত নয়। বরং মওসূফ হওয়া اسم এর আলামত। মুসান্নিফ র-এর বর্ণনা মতে প্রশ্ন জাগে যে, فعل ও সিফত হয়। যেমন– جَائَنِىْ رَجُلٌ يَضْرِبُ এর উত্তর এই যে, এটা মূলত جَائَنِىْ رَجُلٌ ضَارِبٌ এর অর্থে।

قوله وَالتَّصْغِيْرُ : تصغير হওয়া اسم এর আলামত, কারণ تصغير টা قِلَّتْ (স্বল্পতা) وَحِقَارَتْ (অবজ্ঞা) বুঝায়। আর فعل এর অর্থ قِلَّتْ ও حِقَارَتْ এর যোগ্য নয়।

تَصْغِيْر এর শাব্দিক অর্থ ছোট করা। পরিভাষায়-স্বল্পতা বা অবজ্ঞা বুঝানোর জন্য শব্দের মধ্যে পরিবর্তন করা হয়। যেমন– رَجُلٌ হতে رُجَيْلٌ (ভেটে পুরুষ)।

قَوْلُهُ وَالنِّدَاءُ : نداء অর্থ আহ্বান করা, ডাকা। পরিভাষায় কারো দৃষ্টি আকর্ষন কল্পে ডাকার স্থলাভিষিক্ত কোন হরফের মাধ্যমে আহবান করা। এটা اسم এর আলামত এ কারণে যে, نداء হল حرف ندا এর اثر বা প্রভাব। আর حرف نداء সব সময় اسم এর পূর্বে আসে, অতএব نداء টা اسم এর বৈশিষ্ট্য হওয়া বাঞ্ছনীয়।

قَوْلُهُ فَإِنَّ كُلَّ هٰذِهٖ خَوَاصُّ الْإِسْمِ : এটা একটা উহ্য প্রশ্ন (سوالِ مقدر) এর জওয়াব। প্রশ্ন এই যে, বস্তুর আলামত ঐটা যা বস্তু থেকে কখনো বিচ্ছিন্ন হয় না, অথচ এমন অনেক اسم আছে যার মধ্যে تنوين ، جر، لام تعريف ইত্যাদি আসেনা। যেমন যমীর, ইসমে ইশারা প্রভৃতি।

উত্তরঃ এখানে আলামত দ্বারা خَاصَّة উদ্দেশ্য। আর خَاصَّة বলে مَا يُوْجَدُ فِيْهِ وَلَا يُوْجَدُ فِىْ غَيْرِهٖ (কোন বস্তুর خَاصَّة ঐ জিনিস বা বস্তুকে বলে যা তার মধ্যে ছাড়া অন্য কোন জিনিসের মধ্যে পাওয়া যায় না।) তাই একই জাতীয় জিনিসের একাধিক خَاصَّة বৈশিষ্ট্য থাকতে পারে, তাই বলে সবগুলো একটির মধ্যে থাকা জরুরী নয়।

فَإِنَّ كُلَّ هٰذِهٖ الخ এর মধ্যে كُلَّ هٰذِهٖ মুযাফ মুযাফ ইলায়হি মিলে إِنَّ এর اسم– خَوَاصُّ الْإِسْمِ - হল إِنَّ এর خبر

قَوْلُهُ وَمَعْنَى الْإِخْبَارِ عَنْهُ الخ : অন্যান্য আলামতের অর্থ বা উদ্দেশ্য উল্লেখ না করে কেবল এটার অর্থ বলার কারণ হল–১. অন্যান্যগুলোর অর্থ স্পষ্ট কিন্তু এর অর্থ কিছুটা দুরূহ ২. অথবা এর দ্বারা এ সন্দেহ নিরসন উদ্দেশ্য যে, مُخْبَرٌ عَنْهُ (যার সম্পর্কে সংবাদ দেয়া হয়) দ্বারা কেউ ধারণা করতে পারে যে, এটা তাহলে কেবল جمله خبريه এর মধ্যে হবে إِنْشَائِيَه এর মধ্যে নয়, কারণ তার মধ্যে কারো সম্পর্কে সংবাদ দেয়া হয় না। অতএব মুসান্নিফ র. এ ধারণা দূর করে দিলেন যে, এর দ্বারা মাহকুম আলায়হি হওয়া উদ্দেশ্য অর্থাৎ যার উপর কোন বিষয়কে সম্বন্ধ করা হয়, চাই তা মুবতাদা, ফায়েল ইত্যাদি যাই হোক।

قَوْلُهُ أَوْ مَفْعُوْلًا : এর দ্বারা نائبِ فاعِل বা مَفْعُوْلِ مَا لَمْ يُسَمَّ فَاعِلُهٗ উদ্দেশ্য।

قَوْلُهُ يُسَمَّى إِسْمًا الخ : اسم এর মূলধাতুর ব্যাপারে মতানৈক্য রয়েছে– ১. বছরীগণের মতে إِسْمٌ - سُمُوٌّ (উঁচু হওয়া) শব্দ মূল থেকে গঠিত। إِسْمٌ যেহেতু কালেমার অপর দু প্রকার তথা فعل ও حرف এর তুলনায় স্বনির্ভরতার দিক দিয়ে উঁচু একারণেই এ নাম করণ করা হয়েছে। মূলত এটা سُمُوٌّ ছিল। এর تصغير আসে سُمَىٌّ - سُمُوٌّ এর واو বিলোপ করে তার পরিবর্তে হামযা আনা হয়েছে এবং تَخْفِيْف (সহজ) এর লক্ষ্যে সীনকে সাকিন করে হামযাকে বাদ দেয়া হয়েছে। এর বহুঃ أَسْمَاءٌ (মুসান্নিফ র. এ মতকেই গ্রহণ করেছেন) ২. কুফীগণের মতে وِسْمٌ ছিল (আলামত চিহ্ন) إِسْمٌ তার مُسَمّٰى এর অর্থের জন্য আলামত হয় বিধায় এ নাম হয়েছে।

وَحَدُّ الْفِعْلِ كَلِمَةٌ تَدُلُّ عَلٰى مَعْنًى فِىْ نَفْسِهَا دَلَالَةً مُقْتَرِنَةً بِزَمَانٍ ذَالِكَ الْمَعْنٰى كَضَرَبَ، يَضْرِبُ، اِضْرِبْ ـ وَعَلَامَتُهُ اَنْ يَّصِحَّ الْاِخْبَارُ بِهٖ لَاعَنْهُ وَدُخُوْلُ قَدْ وَالسِّيْنِ وَسَوْفَ وَالْجَزْمِ وَالتَّصْرِيْفُ اِلَى الْمَاضِىْ وَالْمُضَارِعِ وَكَوْنُهُ اَمْرًا اَوْ نَهْيًا وَاتِّصَالُ الضَّمَائِرِ الْبَارِزَةِ الْمَرْفُوْعَةِ نَحْوُ ضَرَبْتَ

অনুবাদ ॥ فعل এর সংজ্ঞা ঃ فعل এমন কালেমাকে বলে যা অর্থের কালের সাথে সম্পর্ক রেখে নিজ অর্থ প্রকাশ করে। যথা– ضَرَبَ (সে মারল) يَضْرِبُ সে মারে اِضْرِبْ (মার)।

فعل **- এর আলামত (নিদর্শন) ঃ** فعل এর আলামত হলো–(১) مَحْكُوْمٌ بِهٖ হওয়া তথা শুরুতে কারো সম্বন্ধে সংবাদ দেয়া শুদ্ধ হওয়া এবং محكوم عَلَيه না হওয়া তথা তার সম্বন্ধে সংবাদ দেয়া শুদ্ধ না হওয়া, ২. শুরুতে قَدْ - سِيْن বা سَوْف আসা ৩. শেষে جَزْم হওয়া ৪. ماضى ও مُضارع এর দিকে রূপান্তর (গরদান) হওয়া ৫. امر বা نهى হওয়া, ৬. ضمير بَارِز مرفوع (কর্তৃকারকের প্রকাশ্য সর্বনাম) যুক্ত হওয়া, যেমন– ضَرَبْتَ

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهٗ وَحَدُّ الْفِعْلِ الخ ঃ এ সংজ্ঞার মধ্যে كَلِمَة হল جِنْس আর تَدُلُّ عَلٰى مَعْنًى فِىْ نَفْسِهَا এক فَصْل এর দ্বারা حرف বেরিয়ে গেল এবং دَلَالَةً مُقْتَرِنَةً আরেক فصل এর দ্বারা اسم বেরিয়ে গেল। অতএব تَعْرِيْف (সংজ্ঞা)টি جَامِعْ مَانِعْ হয়ে গেল।

قَوْلُهٗ دَلَالَةً مُقْتَرِنَةً ঃ উল্লেখ্য যে, অর্থটা কালের সাথে সম্পৃক্ত হবার উদ্দেশ্য হল وَضْع তথা গঠনের দিক দিয়ে কোন এক কালের সাথে সম্পৃক্ত থাকা। অতএব اَفْعَالِ مُقَارَبَهْ যেমন عَسٰى - كَادَ প্রভৃতি এগুলোতে ব্যবহারিক ক্ষেত্রে কাল পাওয়া না গেলে মূল গঠনের মধ্যে কাল থাকায় তা فعل এর মধ্যে শামিল।

قَوْلُهٗ وَعَلَامَتُهٗ صِحَّةُ الخ ঃ অর্থাৎ مُخْبَرْ بِهٖ এর আলামত হল কোন কালেমা مُسْنَد তথা مَحْكُوْم بِهٖ হওয়া শুদ্ধ হওয়া। কারণ فعل হল حدث ও عرض (অস্থায়ী ও নিত্যকার বিষয়)) হয়ে থাকে। আর তা সব সময় মুসনাদ হয়।

★ **ফায়েদা ঃ** مَحْكُوْمُ بِهٖ বা اِخْبَارْ بِهٖ দুধরনের হতে পারে।

১. مُخْبَرُ بِهٖ (مسند) হওয়ার সাথে সাথে مُخْبَرُ عَنْهُ (مسند اليه) হওয়ার ও সম্ভাবনা রাখে।

২. শুধু مُخْبَرْ بِهٖ হওয়ার সম্ভাবনা রাখে। প্রথমটি اسم এর আলামত, দ্বিতীয়টি فعل এর আলামত।

قَوْلُهٗ وَ دُخُوْلُ قَدْ الخ ঃ এর عطف হল ان يصح এর উপর, قد কয়েক অর্থের জন্য আসে। ১. قد মাযীকে মুযারের নিকটবর্তী করে দেয় ২.অথবা مضارع এর অর্থে تقليل (কর্ম) বুঝায়। যেমন– قَدْ ضَرَبَ ও قَدْ يَصْدُقُ ৩. অথবা تَحْقِيْق (নিশ্চয়তা) বুঝায় । যেমন– لَقَدْ جَاءَكُمْ رَسُوْلٌ ৪. تَكْثِيْر (আধিক্য) যেমন قَدْ نَرٰى تَقَلُّبَ وَجْهِكَ فِى السَّمَاءِ ৫. تَوَقُّعْ (আশা) যেমন قَدْ يَقْدُمُ الْغَائِبُ আর এ সবগুলো অর্থই فعل এর মধ্যে পাওয়া যায়। আর এ কারণে এগুলো فعل আলামত বিবেচিত হয়েছে।

قَوْلُهٗ وَالتَّصْرِيْفُ الخ ঃ আলিফ লামটি مضاف এর পরিবর্তে অর্থাৎ تصريف الفعل ছিল। অর্থাৎ কোন কালেমা ماضى ও مضارع এর প্রতি রূপান্তর হওয়া فعل এর আলামত।

قَوْلُهٗ وَ كَوْنُهٗ اَمْرًا اَوْنَهْيًا ঃ কারণ উভয়টি طلب فعل এর জন্য আসে, অতএব فعل এর আলামত হওয়াই বাঞ্ছনীয়।

قَوْلُهٗ وَ اِتِّصَالُ الضَّمَائِرِ ঃ অর্থাৎ فاعل বা কর্তা নির্দেশক যমীর মিলিত হওয়া। যেমন– ضَرَبْتُ - ضَرَبْتُمَا ইত্যাদি। এগুলো যেহেতু فاعل বুঝায়, আর فاعل হয় فعل এর মধ্যে। এ কারণে فعل এর আলামত হয়েছে।

وَتَاءُ التَّانِيْثِ السَّاكِنَةِ نَحْوُ ضَرَبَتْ وَنُوْنَي التَّاكِيْدِ فَإِنَّ كُلَّ هٰذِهٖ خَوَاصُّ الْفِعْلِ وَمَعْنَى الْاِخْبَارِ بِهٖ اَنْ يَّكُوْنَ مَحْكُوْمًا بِهٖ وَيُسَمّٰى فِعْلًا بِاسْمِ اَصْلِهٖ وَ هُوَ الْمَصْدَرُ لِاَنَّ الْمَصْدَرَ هُوَ فِعْلُ الْفَاعِلِ حَقِيْقَةً ـ

অনুবাদ ॥ ৭. শেষে تاءِ تانيث سَاكِنه যুক্ত হওয়া। যেমন– ضَرَبَتْ ৮. উভয় প্রকারের نونِ تاكيد যুক্ত হওয়া (যেমন– لَيَفْعَلَنْ - لَيَفْعَلَنَّ) এসবগুলো হল فعل আর আলামত। اِخْبَارِبِه এর অর্থ হল শব্দটি مَحْكُوْمُ بِهٖ হওয়া (অর্থাৎ তার দ্বারা হুকুম লাগানোর যোগ্য হওয়া) اَلْاِخْبَار بِه-এর অর্থ হল শব্দটি مَحْكُوْم بِهٖ হওয়া।

فعل -এর নামকরণ ঃ فعل -এর নামকরণ উহার মূল (উৎপত্তিস্থল) অর্থাৎ মাসদারের নামানুসারে করা হয়েছে, কেননা প্রকৃতপক্ষে মাসদারই فاعل (কর্তা) -এর فعل - (ক্রিয়া)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَتَاءُ التَّانِيْثِ الخ ঃ تاءِ تَانِيْث টা فاعل এর মুওয়ান্নাছ হওয়া বুঝায়। আর اسم এর মধ্যে যেহেতু تَاءِ تَانِيْثِ مُتَحَرِّكَهْ দাখিল হয়, এ কারণে তার জন্য تاءِ تانيثِ سَاكِنَه এর প্রয়োজন পড়ে না। বিধায় এটি فعل এর আলামত হয়েছে। فعل হয় فعل ও صِفات তথা اسم فاعل ইত্যাদির।

قوله وَ نُوْنَيُ التَّاكِيْدِ ঃ অর্থাৎ نونِ خفيفه ও نونِ ثقيله যুক্ত হওয়া فعل এর আলামত। উভয়টি যেহেতু فعل এর তাকীদ বুঝায়, অতএব فعل এর আলামত হওয়া বাঞ্ছনীয়।

قوله وَ يُسَمّٰى فِعْلًا الخ ঃ এ কথার দ্বারা মুসান্নিফ (র.) فعل এর নাম করণের কারণ বর্ণনা করেছেন, যে فعل এর اصل বা মূল হল মাসদার। আর মাসদারের নাম হল فعل-এ কারণে اصل বা মূলের নামে فرع (শাখা) এর নাম রাখা হয়েছে। আর মাসদারের নাম فعل এ কারণে যে, প্রকৃত পক্ষে মাসদার বা বের হওয়ার অর্থটাই فاعل এর فعل -

★ **ফায়েদা ঃ** মাসদার اَصل নাকি ফে'ল اصل এ ব্যাপারে নাহুবিদগণের মতবিরোধ রয়েছে।

১. বসরীগণের মতে মাসদার اصل আর ফে'ল فرع -এটিই মুসান্নিফ র. এর মত।

২. কুফীগণের মতে ফে'ল اصل আর মাসদার তার فرع

বসরীগণের দলিল মাসদার হল স্বনির্ভর কারো থেকে গঠিত হয় না। অথচ فعل মাসদার থেকে গঠিত হয়। অতএব যার থেকে গঠিত হয় সেটিই اصل বা মূল হওয়া স্পষ্ট।

কুফীগণের দলীল ঃ تَعْلِيْل এর দিক দিয়ে দেখা যায় যে, فعل এর মধ্যে تَعْلِيْل হলে মাসদারের মধ্যে تَعْلِيْل হয়, পক্ষান্তরে ফে'লের মধ্যে تَعْلِيْل না হলে মাসদারের মধ্যে (কায়েদা পাওয়া যাওয়া সত্ত্বে) تعليل হয় না, অতএব বুঝা গেল فعل ই اصل, মাসদার নয়।

সমাধান ঃ বসরীগণের দলিল সুস্পষ্ট ও সঠিক, কুফীগণের দাবী যে, فعل এর মধ্যে تعليل হলে মাসদারের মধ্যে تعليل হয় এটা কোন স্বীকৃত নীতি নয়। উপরন্তু গঠন বা জন্মের দিক দিয়ে যার থেকে জন্ম হয় সেটিই আসল হওয়া সর্ব সম্মতও বটে।

وَحَدُّ الْحَرْفِ كَلِمَةٌ لَاتَدُلُّ عَلٰى مَعْنًى فِىْ نَفْسِهَا بَلْ تَدُلُّ عَلٰى مَعْنًى فِىْ غَيْرِهَا نَحْوُ مِنْ، فَاِنَّ مَعْنَاهَا اَلْاِبْتِدَاءُ وَهِىَ لَاتَدُلُّ عَلَيْهِ اِلَّا بَعْدَ ذِكْرِ مَا مِنْهُ الْاِبْتِدَاءُ كَالْبَصْرَةِ وَالْكُوْفَةِ مَثَلًا تَقُوْلُ سِرْتُ مِنَ الْبَصْرَةِ اِلَى الْكُوْفَةِ وَعَلَامَتُهُ اَنْ لَّايَصِحَّ الْاِخْبَارُ عَنْهُ وَلَا بِهٖ وَاَنْ لَّايَقْبَلَ عَلَامَاتِ الْاَسْمَاءِ وَلَاعَلَامَاتِ الْاَفْعَالِ وَلِلْحَرْفِ فِى كَلَامِ الْعَرَبِ فَوَائِدُ كَالرَّبْطِ بَيْنَ الْاِسْمَيْنِ نَحْوُ زَيْدٌ فِى الدَّارِ اَوِ الْفِعْلَيْنِ نَحْوُ اُرِيْدُ اَنْ تَضْرِبَ اَوْ اِسْمٍ وَفِعْلٍ كَضَرَبْتُ بِالْخَشَبَةِ اَوِ الْجُمْلَتَيْنِ نَحْوُ اِنْ جَاءَنِىْ زَيْدٌ اَكْرَمْتُهُ وَغَيْرِ ذٰلِكَ مِنَ الْفَوَائِدِ الَّتِىْ تَعْرِفُهَا فِى الْقِسْمِ الثَّالِثِ اِنْ شَاءَ اللّٰهُ تَعَالٰى وَيُسَمّٰى حَرْفًا لِوُقُوْعِهٖ فِى الْكَلَامِ حَرْفًا اَىْ طَرَفًا اِذْ لَيْسَ مَقْصُوْدًا بِالذَّاتِ مِثْلَ الْمُسْنَدِ وَالْمُسْنَدِ اِلَيْهِ ـ

অনুবাদ॥ আর حرف এমন কালেমাকে বলে যা তার মধ্যে নিহিত অর্থ প্রকাশ করতে পারে না বরং অন্যের অর্থ প্রকাশ করে। যেমন– مِنْ এর অর্থ হল শুরু। এটা ঐ সময়ই পর্যন্ত বুঝা যায় না যতক্ষণ পর্যন্ত কিসের থেকে শুরু তা উল্লেখ করা না হয়। যেমন উদাহরণ স্বরূপ বসরা ও কুফা– তুমি বলবে سِرْتُ مِنَ الْبَصْرَةِ اِلَى الْكُوْفَةِ (আমি বসরা থেকে কূফা পর্যন্ত ভ্রমণ করলাম)

حرف এর আলামত ঃ ১. উক্ত কালেমা সম্পর্কে খবর দেয়া বা তার দ্বারা খবর প্রদান করা শুদ্ধ না হওয়া এবং ২. اسم ও فعل এর কোন আলামত তার মধ্যে না থাকা।

হরফের উপকারীতা ঃ আরবী ভাষায় হরফের অনেক উপকারিতা আছে। যেমন– ১. দু ইসমের মাঝে সম্বন্ধ স্থাপন করা। যথা– زَيْدٌ فِى الدَّارِ (যায়েদ ঘরে) ২. দু ফে'লের মাঝে সংযোগ স্থাপন করা । যথা اُرِيْدُ اَنْ تَضْرِبَ زَيْدًا (আমি চাই যে, তুমি যায়েদকে প্রহার কর) অথবা ৩. এক اسم ও এক فعل এর মাঝে সম্পর্ক স্থাপন করা। যথা ضَرَبْتُ بِالْخَشَبَةِ (আমি কাঠ দ্বারা মেরেছি) অথবা ৪. দুটি বাক্যের মাঝে সম্পর্ক স্থাপন করা। যথা اِنْ جَاءَنِىْ زَيْدٌ اَكْرَمْتُهُ (যদি যায়েদ আমার নিকট আসে তাহলে আমি তাকে সম্মান করব) এগুলো ছাড়াও حرف এর দ্বারা আরো বহু উপকারীতা আছে। ইনশা আল্লাহ তৃতীয় পর্বে তা জানতে পারবে। **حرف এর নাম করণ ঃ** حرف বাক্যের এক প্রান্তে পতিত হবার কারণে হরফ কে হরফ নামে নাম করণ করা হয়েছে। কারণ এটা বাক্যের মূল্য উদ্দেশ্য যেমন مسند ও مسند اليه হয় না।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهٗ وَحَدُّ الْحَرْفِ كَلِمَةٌ الخ ঃ حرف এর সংজ্ঞা দ্বারা বুঝা গেল যে, যে كلمه তার অর্থ প্রকাশে স্বনির্ভর নয় তাকে حرف বলে। এতে প্রশ্ন জাগে যে, اسم اشاره ، مُشَارٌ اِلَيه এর দিকে مُوْصول، صِلَه এরদিকে। যেমন– فَوْقَ - تَحْتَ مضاف اليه এর দিকে মুখাপেক্ষী। সুতরাং এগুলোকে حرف বলা উচিৎ? এর জবাব এই যে, গঠনগতভাবে এগুলো নিজ নিজ অর্থ প্রকাশে স্বণির্ভর। ব্যবহারিক ক্ষেত্রে যদিও অর্থটি আরো স্পষ্ট হবার জন্য অন্যের প্রতি মুখাপেক্ষী তবে তা اسم হবার প্রতিবন্ধক নয়।

قولهٗ وَلِلْحَرْفِ فِىْ كَلَامِ الخ ঃ অর্থাৎ حرف নিজ অর্থ প্রকাশে পরনির্ভর হলেও আরবী ভাষায় এর বহু গুরুত্ব ও উপকারীতা রয়েছে। যেমন– দুই ইসম বা দুটি فعل বা একটি اسم ও একটি فعل এর মাঝে সম্পর্ক স্থাপন। যেমন زَيْدٌفِى الدَّارِ (যাদেয় ঘরে) শুধু زَيْدٌ ও دَارٌ হলে বাক্যের অর্থ বুঝা যেত না। এভাবে ভিন্ন ভিন্ন দুটি বাক্যের মাঝে। যেমন– جَائَنِىْ ও اَكْرَمْتُهٗ এর শুরুতে اِنْ شرطيه এসে একটি বাক্যে পরিণত করল।

قوله وَ غَيْرِ ذٰلِكَ ঃ যেমন حرفِ تَحْضِيض দ্বারা উদ্দেশ্য উৎসাহিত করা, حرفِ نَوَاصِب দ্বারা فعل مضارع কে মাসদারের অর্থে পরিণত করা ইত্যাদি।

قوله وَ يُسَمّٰى الْحَرْفُ حَرْفًا ঃ হরফের নাম করণ, حرف এর শাব্দিক অর্থ হল প্রান্ত, কিনারা। حرف যেহেতু বাক্যের মুখ্য অংশ তথা مسند ও مسند اليه কোনটি হতে পারে না। সে হিসেবে যেন তা বাক্যের এক প্রান্তে পড়ে থাকে। শাব্দিক অর্থের সাথে তার অবস্থার এ মিল থাকার দরুন এ নাম রাখা হয়েছে।

فَصْلٌ - اَلْكَلَامُ لَفْظٌ تَضَمَّنَ كَلِمَتَيْنِ بِالْاِسْنَادِ ، وَالْاِسْنَادُ نِسْبَةُ اِحْدَى الْكَلِمَتَيْنِ اِلَى الْاُخْرٰى بِحَيْثُ تُفِيْدُ الْمُخَاطَبَ فَائِدَةً تَامَّةً يَصِحُّ السُّكُوْتُ عَلَيْهَا نَحْوُ زَيْدٌ قَائِمٌ وَ قَامَ زَيْدٌ وَيُسَمّٰى جُمْلَةً. فَعُلِمَ اَنَّ الْكَلَامَ لَايَحْصُلُ اِلَّا مِنْ اِسْمَيْنِ نَحْوُ زَيْدٌ قَائِمٌ وَيُسَمّٰى اِسْمِيَّةً اَوْ مِنْ فِعْلٍ وَاِسْمٍ نَحْوُ قَامَ زَيْدٌ وَ يُسَمّٰى جُمْلَةً فِعْلِيَّةً اِذْ لَايُوْجَدُ الْمُسْنَدُ وَالْمُسْنَدُ اِلَيْهِ مَعًا فِىْ غَيْرِهِمَا وَلَا بُدَّ لِلْكَلَامِ مِنْهُمَا **فَاِنْ قِيْلَ** قَدْ نُوْقِضَ بِالنِّدَاءِ قُلْنَا حَرْفُ النِّدَاءِ قَائِمٌ مَقَامَ اَدْعُوْ وَاَطْلُبُ وَهُوَ الْفِعْلُ فَلَا نَقْضَ عَلَيْهِ وَاِذَا فَرَغْنَا مِنَ الْمُقَدَّمَةِ فَلْنَشْرَعْ فِى الْاَقْسَامِ الثَّلٰثَةِ وَاللّٰهُ الْمُوَفِّقُ وَالْمُعِيْنُ ـ

অনুবাদ ॥ বাক্যগঠন পদ্ধতি ঃ সুতরাং (উল্লেখিত ইসনাদের সংজ্ঞা দ্বারা) বুঝা গেল যে, كلام বা বাক্য গঠিত হয় দু'টো اسم দ্বারা, যেমন– زَيْدٌ قَائِمٌ এটাকে جملهٔ اِسْمِيَة (নামবাচক বাক্য) নামকরণ করা হয়। অথবা একটি فعل ও একটি اسم দ্বারা, যেমন– قَامَ زَيْدٌ, এটাকে جملهٔ فعلية (ক্রিয়াবাচক বাক্য) বলা হয়। এ ছাড়া অন্য কোন পদ্ধতিতে বাক্য গঠিত হয় না। কেননা এ দু'টো পদ্ধতি ছাড়া অন্য কোথায়ও مسند اليه ও مسند একত্রে পাওয়া যায় না। অথচ বাক্য গঠনের জন্য এ দু'টো বিষয় অপরিহার্য।

একটি প্রশ্ন ও উত্তর ঃ যদি প্রশ্ন করা হয় যে, كلام-এর উল্লেখিত সংজ্ঞা نداء যথা– يَازَيْدُ দ্বারা খণ্ডিত হয়ে যায়, (কারণ এতে حرف + اسم দ্বারা বাক্য হয়েছে।) তবে উত্তরে আমরা বলব যে, حرفِ نداء টি اَدْعُوْ বা اَطْلُبُ এর স্থলাভিষিক্ত। আর তা فعل (সুতরাং ফে'ল ও ইসম দ্বারাই বাক্যটি গঠিত হয়েছে।) তাই উল্লেখিত সংজ্ঞা খণ্ডিত হয় না। ভূমিকাপর্ব শেষ করে আমরা এখন উল্লেখিত তিনটি পর্ব শুরু করব, আল্লাহই তাওফীকদাতা ও সাহায্যকারী।

প্রাসঙ্গিক আলোচনা ঃ اَلْكَلَامُ لَفْظٌ تَضَمَّنَ الخ ঃ মুসান্নিফ র. كلمة এর পরিচয় ও প্রকারভেদ বর্ণনার পর كلام বা বাক্যের আলোচনা শুরু করেছেন। কারণ كلام বা বাক্যের জন্য আগে كلمه এর পরিচয় জানা আবশ্যক।

كلام এর আভিধানিক অর্থ ঃ অভিধানে مَا يُتَكَلَّمُ بِهٖ سَوَاءٌ كَانَ فِيْهِ تَرْكِيْبٌ اَوْلَا কে كلام বলে অর্থাৎ যা ব্যক্ত করা হয় চাই পরস্পরে সংযুক্ত হৌক যেমন– زَيْدٌ قَائِمٌ বা না হোক যেমন زَيْدًا ও اِنَّ

كلام এর পারিভাষিক অর্থ ঃ اَلْكَلَامُ لَفْظٌ تَضَمَّنَ كَلِمَتَيْنِ بِالْاِسْنَادِ

সংজ্ঞাটা পূর্ণাঙ্গ (جَامِعٌ وَ مَانِعٌ) হল যেভাবে ঃ সংজ্ঞায় উল্লিখিত لفظ শব্দটি جنس বা عام এতে مركب مُفْرَدَاتُ ও كَلَامِيَه ও غير كَلَامِيَه সব শামিল রয়েছে। تَضَمَّنَ كَلِمَتَيْنِ হল প্রথম فصل এর দ্বারা مُفْرَد ، مُهْمَلُ ও مُهْمَلَات বেরিয়ে গেছে! অতপর بِالْاِسْنَادِ দ্বিতীয় فصل এর দ্বারা مُرَكَّبَاتِ غَيْرِ كَلَامِيَه বা غَيْرِ اِسْنَادِ যেমন– غُلَامُ زَيْدٍ প্রভৃতি বের হয়ে গেছে। এখন অত্র সংজ্ঞায় কেবল مُرَكَّبَاتِ كَلَامِيَه শামিল থাকল চাই তা خبريه হোক বা اِنْشَائِيَه। উল্লেখ্য যে, উভয় كلمه প্রকাশ্য হতে পারে। যেমন– زَيْدٌ قَائِمٌ বা একটি প্রকাশ্য ও অপরটি উহ্যও হতে পারে। যেমন اِضْرِبْ এর মধ্যে اَنْتَ যমীর উহ্য রয়েছে।

★ **ফায়েদা ঃ** تَضَمَّنَ كَلِمَتَيْنِ তথা দু'শব্দ হওয়া كلام এর জন্য আবশ্যিক নয়। বরং নিম্নতম সংখ্যা উদ্দেশ্য। অতএব تثنيه দ্বারা مَا فَوْقَ الْوَاحِدِ (একাধিক) উদ্দেশ্য নিতে হবে। অথবা كَلِمَتَيْنِ এর পরে فَصَاعِدًا উহ্য মানতে হবে, যাতে দুয়ের অধিক দ্বারা গঠিত বাক্যের ব্যাপারে প্রশ্ন না জাগে।

قَوْلُهٗ وَلْاِسْنَادِ ঃ اِسْنَاد বাবে اِفْعَال এর মাসদার। অর্থ এক বস্তুকে অপর বস্তুর সাথে সম্পৃক্ত করা, সংযুক্ত করা। পরিভাষায় এক শব্দকে অপর শব্দের সাথে এভাবে সম্বন্ধিত করা যাতে তা শোনার দ্বারা পূর্ণাঙ্গ অর্থ বুঝে

আসে। এবং উক্ত ব্যাপারে কোন জিজ্ঞাস্য না থাকে। যেমন- ضَرَبَ زَيْدٌ عَمْرًوا (যায়েদ আমর কে প্রহার করেছে) এর অর্থ বুঝার ব্যাপারে কোন কিছুর অপেক্ষায় থাকতে হয় না, বাকী কেন কোথায়? ইত্যাদি عارضى (সংশ্লিষ্ট) বিষয়, মূল উদ্দেশ্য এসবের উপর মওকূফ নয়।

★ ফায়েদা ঃ (ক) إِسْنَاد এর সংজ্ঞার মধ্যে نِسْبَتُ إِحْدَى الْكَلِمَتَيْنِ হল جنس -আর بِحَيْثُ يُفِيدُ الخ হল فصل (খ) نِسْبَتِ مُفِيْدَهْ তথা পূর্ণাঙ্গ অর্থ বোধক বাক্যে ৪টি বিষয় থাকা জরুরী। যথা ১. مَحْكُومٌ عَلَيْهِ ২. مَحْكُومٌ بِهِ ৩. نِسْبَتِ حُكْمِيَهْ ও ৪. حُكْم যেমন- زيد قائم একটি বাক্য। এর মধ্যে زيد হল محكوم عليه আর قائم হল محكوم به এবং যায়েদের প্রতি قيام (দাঁড়ানো)) এর সম্বন্ধ হল نِسبتِ حكميه আর رَبْط বা সম্বন্ধ হল حكم -এ চারটি বিষয় একত্রে কেবল تركيبِ إِسْنَادِى তথা جملة এর মধ্যে পাওয়া যায়।

قَوْلُهُ يَصِحُّ السُّكُوْتُ الخ ঃ এটা فَائِدَهْ تَامَّهْ (পূর্ণাঙ্গ উপকার) সংশ্লিষ্ট অর্থাৎ فائده تامّة এর পরিচয় উদ্দেশ্য।

قوله وَالْكَلَامُ لَا يَحْصُلُ ঃ এটা দ্বারা মুসান্নিফ (র.) একটা সম্ভাব্য ধারণা দূর করতে চেয়েছেন, তা এই যে, كلمه যেহেতু তিন প্রকার, এ কারণে ২টির সমন্বয়ে কমপক্ষে ৬টি রূপ হতে পারে, যেমন নিম্নের ছন্দে লক্ষ কর-

اسم و اسم ، فعل و فعل ، حرف و حرف + اسم و فعل، فعل و حرف ، اسم و حرف

মুসান্নিফ (র.) এ ৬ প্রকারের মধ্যে কেবল ২ প্রকারে বাক্য গঠন হওয়ার কথা বলেছেন। যথা- اسم ও اسم - এর সমন্বয় যেমন زَيْدٌ قَائِمٌ -এর নাম جملةٌ اسميه অথবা اسم و فعل এর নাম হল جملہ فعليه - বাকীগুলোর দ্বারা বাক্য না হওয়ার কারণ إِذْ لَا يُوْجَدُ الْمُسْنَدُ الخ উপরোক্ত দু'প্রকার ছাড়া একত্রে مسند اليه ও مسند পাওয়া যায় না। অথচ এ দুটি না পাওয়া গেলে বাক্য ও হয় না।

قوله فَإِنْ قِيلَ قَدْ نُوقِضَ الخ ঃ অর্থাৎ يَا زَيْدُ এর মধ্যে يا হল حرفِ نِدَا আর زيد একটি اسم মিলে جملہ বলা হয়, এখানে তো اسم ও حرف এর সমন্বয়ে جملہ হল? মুসান্নিফ র. এর জবাব দিয়েছেন যে, يَا টি যদিও ندائيه বাহ্যত حرف কিন্তু فعل এর অর্থে ব্যবহৃত হওয়ায় কেমন যেন এখানে أَدْعُوْ বা أَطْلُبُ ফে'ল আছে। আর فعل ও اسم মিলে বাক্য হচ্ছে।

★ কেউ প্রশ্ন করতে পারে যে, তাহলে তো শুধু "يا" টিকেও বাক্য বলা যায়। কারণ أَدْعُوْ এর মধ্যে فعل ও فاعل আছে? উত্তর ঃ হ্যা, অর্থের দিক দিয়ে এর দ্বারা বাক্য পূর্ণ হয়ে যায়। زيد বা منادى হল مفعول এর পর্যায় বা فضله অতিরিক্ত।

التمرين (অনুশীলনী)

১. نحو এর শাব্দিক ও পারিভাষিক অর্থ এবং এর উদ্দেশ্য ও আলোচ্য বিষয় কি লিখ। এবং সংজ্ঞাটি পূর্ণাঙ্গ হল কিরূপে তা বুঝিয়ে দাও।

২. كلمه কাকে বলে? কালেমা কত প্রকার ও কি কি? وَجْهِ حَصْر সহ লিখ।

৩. اسم এর সংজ্ঞা দাও ও উহার আলামতসমূহ উদাহরণসহ লিখ।

৪. فعل এর সংজ্ঞা ও নাম করণের কারণ এবং আলামতসমূহ লিখ।

৫. حرف এর পরিচয় দাও, উহার উপকারীতা কি বিস্তারিত লিখ।

৬. كلام কাকে বলে? এর অপর নাম কি? كلام হওয়ার জন্য অপরিহার্য বিষয় কি বিস্তারিত লিখ।

اَلْقِسْمُ الْاَوَّلُ فِى الْاِسْمِ

وَقَدْ مَرَّ تَعْرِيْفُهٗ وَهُوَ يَنْقَسِمُ اِلَى الْمُعْرَبِ وَالْمَبْنِيِّ فَلْنَذْكُرْ اَحْكَامَهٗ فِىْ بَابَيْنِ وَخَاتِمَةٍ، اَلْبَابُ الْاَوَّلُ فِى الْاِسْمِ الْمُعْرَبِ وَفِيْهِ مُقَدَّمَةٌ وَثَلٰثَةُ مَقَاصِدَ وَخَاتِمَةٌ، اَمَّا الْمُقَدَّمَةُ فَفِيْهَا فُصُوْلٌ ـ

فَصْلٌ ـ فِىْ تَعْرِيْفِ الْاِسْمِ الْمُعْرَبِ وَهُوَ كُلُّ اِسْمٍ رُكِّبَ مَعَ غَيْرِهٖ وَلَا يُشْبِهُ مَبْنِيَّ الْاَصْلِ اَعْنِى الْحَرْفَ وَالْمَاضِىَ نَحْوُ زَيْدٌ فِىْ قَامَ زَيْدٌ، لَا زَيْدٌ وَحْدَهٗ لِعَدَمِ التَّرْكِيْبِ وَلَا هٰؤُلَاءِ فِىْ قَامَ هٰؤُلَاءِ لِوُجُوْدِ الشِّبْهِ وَ يُسَمّٰى مُتَمَكِّنًا ـ

প্রথম অধ্যায় ঃ ইসম প্রসঙ্গ

অনুবাদ॥ ইসমের সংজ্ঞা পূর্বে বর্ণিত হয়েছে। ইসমটি معرب ও مبنى এ দু'শ্রেণীতে বিভক্ত। আমরা দু'টি অধ্যায় ও একটি পরিশিষ্টে এর বিধানসমূহ আলোচনা করব।

প্রথম অধ্যায় اسم معرب প্রসঙ্গে ঃ এতে একটি ভূমিকা, তিনটি মাকসাদ (উদ্দেশ্য) ও একটি উপসংহার রয়েছে। ভূমিকায় কয়েকটি (৪টি) পরিচ্ছেদ রয়েছে।

পরিচ্ছেদ-১ ঃ اسم معرب এর সংজ্ঞা

اسم معرب এর সংজ্ঞা ঃ اسم معرب এমন সব ইসম যা অন্য শব্দের সাথে যুক্ত হয় এবং مبنى اصل তথা– حرف ,امرحاضر ও ماضى -এর কোনটির সাথে সাদৃশ্য রাখে না। যেমন– قام زيد -এর মধ্যে زيد শব্দটি মু'রাব তবে শুধু زيد শব্দটি অন্যের সাথে মুয়াক্কাব (যুক্ত) না হওয়ার কারণে মু'রাব নয়। এবং قَامَ هٰؤُلَاءِ -এর মধ্যে هٰؤُلَاءِ শব্দটিও মু'রাব নয়। কারণ তাতে مبنى اصل -এর সাদৃশ্য বিদ্যমান রয়েছে। ইসমে মু'রাবকে اسم مُتَمَكِّنْ ও বলা হয়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ ভূমিকার মধ্যে মুসান্নিফ (র.) বলেছিলেন যে, অত্র কিতাবকে তিনি ৩ টি অধ্যায় বা পর্ব ও একটি পরিশিষ্টে বিন্যস্ত করেছেন, আলোচ্য বিষয়ের বিস্তারিত পরিচয়ের পর তিনি এখান থেকে মূল প্রতিপাদ্য বিষয়ের আলোচনা শুরু করেছেন।

মুসান্নিফ (র.) সর্বাগ্রে اسم এর আলোচনা এনেছেন এজন্য যে, فعل ও حرف এর তুলনায় اسم উচ্চ মর্যাদা সম্পন্ন। এবং এর আলোচ্য বিষয়ই বেশী।

قَوْلُهٗ وَ هُوَ يَنْقَسِمُ ঃ اسم হয় معرب হবে না হয় مبنى – কারণ ঃ اسم দু প্রকার – হয় مفرد হবে না হয় مركب - مفْرد হলে সেটা مبنى - আর مركب হয়তো مبنى اصل এর সাথে সামঞ্জস্য রাখবে বা রাখবে না সামঞ্জস্য রাখলে সেটা مبنى যেমন اَسْمَاءِ غَيْرِ مُتَمَكِّنَهْ আর সামঞ্জস্য না রাখলে সেটা معرب যেমন غُلَامُ زَيْدٍ প্রভৃতি। উল্লেখ্য যে, সকল ইসম مفرد যেমন زيد,عمر প্রভৃতি এগুলো বাক্যে ব্যবহৃত হওয়ার আগ পর্যন্ত জযমের ওপর মবনী।

قَوْلُهٗ اَلْاِسْمُ الْمُعْرَبُ ঃ এখানে اسم শব্দের উল্লেখটা اِتِّفَاقِىْ (ঘটনাক্রমে)। এটা উল্লেখ না করলে ও কো অসুবিধা ছিল না, কারণ এ অধ্যায়ে কেবল اسم এরই আলোচনা হবে যেমনটি মুসন্নিফ র. উল্লেখ করেছেন।

ফায়েদা ঃ (ক) مُعْرَبٌ বাবে إفعال হতে اسم ظرف এর ছীগা। إعْرَابٌ অর্থ হল اِظْهَارٌ - সুতরাং مُعْرَبٌ অর্থ হবে প্রকাশ স্থল। আমিলের আমল প্রকাশ হওয়ায় বা إعراب এর দ্বারা অর্থ স্পষ্ট হওয়ায় এনাম রাখা হয়েছে। কারণ إعْرَاب এর দ্বারা فَاعِل হওয়া, مَفْعُوْل হওয়া ইত্যাদি জানা যায়। আর তখন অর্থ বুঝা সহজ হয়ে যায়।

অথবা إعراب টি إِزَالَةُ الْفَسَادِ অর্থ হতে গৃহীত, যেহেতু إعراب দ্বারা এক অর্থ অন্য অর্থের সাথে মিলে যাওয়ার আশংকা দূর করে। এজন্য এ নাম রাখা হয়েছে। (খ) مبنى বাবে ضَرَبَ হতে اسم مفعول - মাসদার بِنَاءٌ অর্থ স্থিতি, পরিবর্তনহীন। আমিলের প্রভেদে যার শেষ অবস্থা পরিবর্তিত হয় না তাকে مَبْنِى বলে। এটা মূলত مَبْنُوْىٌ ছিল। مَرْمِىٌّ এর কায়দার تَعْلِيل হয়েছে। কবির ভাষায়-

مَبْنی وہ ہے رہتا ہے جو برقرار + مُعْرَبْ وہ ہے پھرتا ہے جو بار بار

قَوْلُهُ رُكِّبَ مَعَ غَيْرِهِ ঃ এটা فصل, আর جنس হল كل اسم -এর দ্বারা যেসব اسم মুরাক্কাব হয় না তা খারিজ হয়ে গেল। যেমন- أَسْمَائے مَعْدُوْدَةْ. الف، با، تا প্রভৃতি।

قَوْلُهُ وَلاَ يُشْبِهُ مَبْنِيُّ الْاَصْلِ ঃ এটা ২য় فصل -এর দ্বারা যেসব ইসম مَبْنِى اَصْل এর সাথে মিল রাখে যেমন أَسْمَائے غيرِ مُتَمَكِّنَه এ সংজ্ঞা হতে বের হয়ে সংজ্ঞাটি جَامِع مَانِع তথা পূর্ণাঙ্গ হয়ে গেল।

★ مبنى اصل তিনটি. ১. সমস্ত حرف ২. امر حاضر (এর দ্বারা معروف এর ছীগা উদ্দেশ্য। কারণ غائب - ও متكلم এর ছীগাগুলো মু'রাব ও ৩. فعل ماضى مجهول (اِسْتِمْرَارِى) ছাড়া)

قَوْلُهُ نَحْوُ زَيْدٌ الخ ঃ এখানে نَحْوُ زَيْدٌ এর পূর্বে هُوَ মুবতাদা উহ্য আছে। আর نحو মুযাফ ও পরবর্তী বাক্য جملة হয়ে মুযাফ ইলায়হি হয়ে যবর হবে।

قوله لاَ زَيْدٌ وَحْدَهُ ঃ অর্থাৎ শুধু زيد (মুরাক্কাব না হলে) মবনী। وحده এর دال এর ওপর যবর হবে। কারণ এটি مُتَوَحِّدًا এর অর্থে হয়ে তারকীবে حال হবে। মূলত এমন ছিল (اَىْ حَالَ كَوْنِهِ وَحْدَهُ) لاَ يُعْرَبُ زَيْدٌ مُتَوَحِّدًا

★ ফায়েদা ঃ اسماءِ مُتَمَكِّنَه যথা زيد ، عمر প্রভৃতি তারকীব না হওয়াকালে معرب নাকি مبنى এ ব্যাপারে মত বিরোধ রয়েছে।

ক. কাফিয়া ও হেদায়াতুন্নাহু এর মুসন্নিফ র. সহ অনেকের মতে মুরাক্কাব হওয়ার আগ পর্যন্ত مبنى ও মুরাক্কাব হলে معرب অর্থাৎ مَبْنِىْ بِالْفِعْل ও مُعْرَبْ بِالْقُوَّةْ

খ. আল্লামা যখমশরী এর মতে معرب - তাঁর মতে মুরাক্কাব হওয়ার যোগ্যতা রাখাই معرب হওয়ার জন্য যথেষ্ট।

قَوْلُهُ وَلاَ هٰؤُلاَءِ ঃ قَامَ هٰؤُلاَءِ এর মধ্যে هٰؤُلاَءِ শব্দটি اسم এবং তা قَامَ ফে'লের সাথে মুরাক্কাব হওয়া সত্ত্বে মবনী। কারণ এটি مبنى اصل حرف এর সাথে মিল (مشابه) রাখে। কেননা হরফ যেমন অর্থ প্রকাশে অন্য শব্দের মুখাপেক্ষী এটিও তদরূপ مُشَارٌ اِلَيه এর প্রতি মুখাপেক্ষী।

قَوْلُهُ وَ يُسَمّٰى مُتَمَكِّنًا ঃ مُتَمَكِّنْ বাবে تفعيل হতে اسم فاعل এটা لازم ও متعدى তথা জায়গা গ্রহণকারী ও জায়গাদানকারী উভয় অর্থে আসে, এখানে জায়গা দানকারী অর্থে। কেননা اسم معرب তার শেষাক্ষরে আমল করার জন্য আমিলকে সুযোগদান করে। এ কারণে اسم معرب কে اسم مُتَمَكِّنْ বলে।

আল্লামা সায়্যেদ শরীফ (র.) এর মতে مُتَمَكِّنْ (বাবে تفعل হতে) عام - غيرِ منصرف ও منصرف উভয়কে শামিল করে। আর مُتَمَكِّنْ (বাবে تَفْعِيْل হতে) خاص এটা শুধু مُعْرَبْ مُنْصَرِف বুঝায়।

فَصْلٌ ـ وَحُكْمُهُ اَنْ يَّخْتَلِفَ اٰخِرُهٗ بِاخْتِلَافِ الْعَوَامِلِ اخْتِلَافًا لَفْظِيًّا نَحْوُ جَائَنِىْ زَيْدٌ وَ رَاَيْتُ زَيْدًا وَمَرَرْتُ بِزَيْدٍ اَوْ تَقْدِيْرِيًّا نَحْوُ جَائَنِىْ مُوْسٰى وَرَاَيْتُ مُوْسٰى وَ مَرَرْتُ بِمُوْسٰى وَالْاِعْرَابُ مَا بِهٖ يَخْتَلِفُ اٰخِرُ الْمُعْرَبِ كَالضَّمَّةِ وَالْفَتْحَةِ وَالْكَسْرَةِ وَالْوَاوِ وَالْاَلِفِ وَالْيَاءِ ـ وَاِعْرَابُ الْاِسْمِ عَلٰى ثَلٰثَةِ اَنْوَاعٍ رَفْعٌ وَنَصْبٌ وَجَرٌّ وَالْعَامِلُ مَا بِهٖ رَفْعٌ اَوْ نَصْبٌ اَوْجَرٌّ وَمَحَلُّ الْاِعْرَابِ مِنَ الْاِسْمِ وَهُوَ الْحَرْفُ الْاَخِيْرُ مِثَالُ الْكُلِّ نَحْوُ قَامَ زَيْدٌ، فَقَامَ عَامِلٌ وَزَيْدٌ مُعْرَبٌ وَالدَّالُ مَحَلُّ الْاِعْرَابِ ـ وَاعْلَمْ اَنَّهٗ لَايُعْرَبُ فِىْ كَلَامِ الْعَرَبِ اِلَّا الْاِسْمُ الْمُتَمَكِّنُ وَالْفِعْلُ الْمُضَارِعُ وَسَيَجِيْئُ حُكْمُهٗ فِى الْقِسْمِ الثَّانِىْ اِنْ شَاءَ اللّٰهُ تَعَالٰى ـ

পরিচ্ছেদ-২ ঃ اسم معرب এর হুকুম বা বিধান

অনুবাদ॥ اسم معرب- এর হুকুম বা বিধান ঃ اسم معرب -এর হুকুম এই যে, আমলের পরিবর্তনে তার শেষ বর্ণে স্বরচিহ্নের পরিবর্তন হয়। এ পরিবর্তন হয়ত শব্দগতভাবে (প্রকাশ্যভাবে) হবে যথা– جَاءَنِىْ زَيْدٌ (যায়েদ আমার নিকট এসেছে), رَاَيْتُ زَيْدًا (আমি যায়েদকে দেখেছি) مَرَرْتُ بِزَيْدٍ (আমি যায়েদের নিকট দিয়ে গিয়েছি)। অথবা উহ্যভাবে হবে। যথা– جَاءَنِىْ مُوْسٰى (মূসা আমার নিকট এসেছে), رَاَيْتُ مُوْسٰى (আমি মূসাকে দেখেছি), مَرَرْتُ بِمُوْسٰى (আমি মুসার নিকট দিয়ে গিয়েছি)।

যে চিহ্ন দ্বারা اسم معرب এর শেষ বর্ণ বিভিন্নরূপ ধারণ করে, তাকে اعراب বা স্বরচিহ্ন বলে। যেমন– পেশ, যবর, যের, واو - الف - ياء-

اِعْرَاب-এর প্রকারভেদ ঃ ইসমের اعراب বা স্বরচিহ্ন তিন প্রকার। যথা– رفع، نصب، جر-

عَامِل -এর সংজ্ঞা ঃ যার কারণে رفع - نصب ও جر হয় তাকে عامل বলা হয়।

اِعْرَاب -এর স্থান ঃ اسم -এর শেষ বর্ণ হল– اعراب -এর স্থান।

مِثَال বা উদাহরণ ঃ সবগুলোর উদাহরণ যথা– قَامَ زَيْدٌ এখানে قَامَ শব্দটি عَامِلٌ، زَيْدٌ মু'রাব, পেশটি إعراب এবং دال টি إِعْرَابٌ مَحَلِّ-

জ্ঞাতব্য ঃ আরবী ভাষায় اسم مُتَمَكِّنْ ও فعل مضارع ব্যতীত অন্য কোন শব্দ معرب হয় না। فعل -এর হুকুম ইনশাআল্লাহ দ্বিতীয় ভাগে বর্ণিত হবে।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله حُكْمُهٗ ঃ حُكْمٌ অর্থ আছর, প্রভাব, প্রতিক্রিয়া। পরিভাষায় اَلْاَثَرُ الْمُتَرَتِّبُ অর্থাৎ বস্তুর উপর আপতিত প্রভাব বা প্রতিক্রিয়া কে حكم বলে। যেমন– حُكْمُ الصَّلٰوةِ فَرْضٌ নামাযের হুকুম হল ফরয, সুতরাং معرب এর হুকুম অর্থ হলে معرب হওয়ার দিক দিয়ে اسم এর উপর যে প্রভাব বিস্তার করে তা এই যে, তার শেষে (জাতিগত বা গুণগতভাবে) আমিলের বিভিন্নতায় পরিবর্তন হতে থাকে। চাই পরিবর্তনটি প্রকাশ্যভাবে হোক বা উহ্যভাবে।

★ ব্যবহারিক ক্ষেত্রে حكم আরো কয়েকটি অর্থে আসে, যেমন اِعْتِقَادِيه - نِسبتِ حُكْمِيَه - مَحكوم بِه - نِسْبَتِ خَبْرِيَهْ تَامَّه -

قَوْلُهٗ اِخْتِلَافًا لَفْظِيًّا ঃ অর্থাৎ শেষের পরিবর্তনটা প্রকাশ্য ভাবে হবে। যেমন جَائَنِىْ زَيْدٌ ، رَاَيْتُ زَيْدًا ، مَرَرْتُ بِزَيْدٍ লক্ষণীয় যে, زَيْدٌ শব্দটি جَاءَ ফে'লের فاعل হওয়ায় পেশ, رَاَيْتُ এর مفعول হওয়ায় যবর ও হরফে ب

জারের কারণে যের হয়েছে। পক্ষান্তরে اِعْرَابِ تَقْدِيْرِىْ অর্থ হল যা বাহ্যত দেখা যায় না। যেমন مُوْسٰى শব্দের মধ্যে তিনো হালাতে লক্ষণীয়।

★ ফায়েদা ঃ মুসান্নিফ (র.) مُعْرَبْ এর যে সংজ্ঞা উল্লেখ করেছেন এটাই جُمْهُوْر তথা অধিকাংশ নাহবীগণের পসন্দনীয় মত। পক্ষান্তরে শায়েখ ইবনে হাজেব র. কাফিয়া কিতাবে معرب এর সংজ্ঞা এভাবে দিয়েছেন। اَلْمُعْرَبُ اَلْمُرَكَّبُ الَّذِىْ لَمْ يُشْبِهْ مَبْنِىَّ الْاَصْلِ অর্থাৎ معرب ঐ اسم কে বলে যা مبنى اصل এর সাথে সামঞ্জস্য রাখে না। তিনি مَااخْتَلَفَ اٰخِرُهُ الخ কে معرب এর হুকুম রূপে উল্লেখ করেছেন।

قوله اَلْاِعْرَابُ مَابِهِ الخ অর্থাৎ যে চিহ্নের মাধ্যমে معرب এর শেষ অবস্থা পরিবর্তিত হয়। এখানে ما টা আ'ম অর্থাৎ চাই তা হরকত হোক বা হরফ। আর بِهِ এর ب টি سَبَبِيَّة বা কারণ নির্দেশক, যমীর এর مرجع হল اعراب -

قَوْلُهُ كَالضَّمَّةِ الخ ঃ উল্লেখ্য যে, ضَمَّة ـ فَتْحَة ـ كَسْرَة, এগুলো ة সহ হলে معرب ও مبنى উভয়ের হরকত বুঝায়। আর ة বিহীন হলে শুধু মবনীর এর হরকত বুঝায়। আর رفع ، نصب ও جر মু'রার এর হরকত বুঝায়।

قَوْلُهُ وَاِعْرَابُ الْاِسْمِ الخ ঃ اسم معرب এর اعراب তিন প্রকার। যথা رفع ، نصب ও جر - কারণ বাক্যের অর্থ ও প্রকৃতভাবে তিন প্রকার– فَاعِلِيَّتْ ـ مَفْعُوْلِيَّتْ ও اِضَافَتْ এর মধ্যে فاعليّت এর স্থান উপরে হওয়ায় তাকে উত্তম اعراب তথা رفع দেয়া হয়েছে। অতঃপর نصب টি فضله হওয়ায় তথা مفعول কে সেটি দেয়া হয়েছে। অবশিষ্ট থাকে جر এটা مضاف اليه কে দেয়া হয়েছে।

★ ফায়েদা ঃ ক. معرب এর اَنْوَاعِ اِعْرَاب কে مبنى ও এর হরকত কে اَلْقَابْ বলে। কারণ رفع - نصب ও جر এর প্রত্যেকটি اَنْوَاعِ مَعَانِىْ তথা বিভিন্ন প্রকার অর্থের কোন একটি বুঝায়। অপরদিকে مبنى এর হরকত এরূপ বুঝায় না বরং নির্দিষ্ট কোন বিষয় বুঝায়। যেমন মাযী আমর ইত্যাদি। এজন্য معرب এর ক্ষেত্রে اَنْوَاع ও مبنى এর ক্ষেত্রে اَلْقَابْ বলে।

قَوْلُهُ عَلٰى ثَلٰثَةِ اَنْوَاعٍ ঃ اَقْسَام বা اَصْنَافْ না বলে اَنْوَاعْ বলার কারণ এই যে, نوع এমন افراد বা একক বস্তুসমূহকে বলে যা مُتَّفِقُ الْحَقَائِقْ (একই حَقِيْقَتْ বা স্বভাব প্রকৃতি গত) আর رفع ـ نصب ও جر এর প্রত্যেকটির অধীনে একই জাতীয় اَفْرَاد আছে। যেমন– رفع এর অধীনে الف - واو ও পেশ نصب এর অধীনে الف, ياء ও যের এর جر এর অধীনে ياء ، যের। পক্ষান্তরে اَصْنَافْ বা اَقْسَامْ শব্দ আনলে এমনটি বুঝা যেত না।

★ ফায়েদা ঃ হরকতসমূহের নাম করণের কারণ ঃ

১. رفع অর্থ উঁচু হওয়া। পেশ উচ্চারণের সময় ঠোঁট উঁচু হওয়ায় এ নাম রাখা হয়েছে।

২. نصب অর্থ দাঁড়ান, যবর উচ্চারণ কালে ঠোঁট স্বস্থানে দাঁড়িয়ে থাকায় এ নাম রাখা হয়েছে।

৩. جر অর্থ টানা। যের উচ্চারণকালে নীচের ঠোঁটে টান পড়ে বিধায় এ নাম রাখা হয়েছে।

এভাবে اَلضَّمُّ মিলিত হওয়া। পেশ উচ্চারণের সময় দু পাশের ঠোঁট মিলে যায় এবং اَلْفَتْحُ অর্থ খোলা, যবরের উচ্চারণের সময় মুখ খুলে যায় এবং اَلْكَسْرُ অর্থ ভেঙ্গে যাওয়া, যের উচ্চারণের সময় নিচের ঠোঁট ভেঙ্গে নীচের দিকে নেমে যায় এ কারণে হরকতগুলোকে ঐ সব নামে নাম রাখা হয়েছে।

قوله وَ اعْلَمْ اَنَّهُ لَا يُعْرَبُ ঃ কথার শুরুতে اِعْلَمْ (মনে রাখ) আনার দ্বারা শ্রোতার দৃষ্টি আকর্ষণ করা ও কথার প্রতি মনোযোগ আকৃষ্ট করা উদ্দেশ্য হয়ে থাকে। اِعْرِفْ ـ اِفْهَمْ ইত্যাদি اُمُوْر جُزْئِيَّة তথা শাখাগত বিষয় সম্পর্কে হয়। আর اِعْلَمْ সাধারণত اُمور كُلِّيَّة মৌলিক বিষয় সম্পর্কিত হয়। এখানে اَنَّهُ لَا يُعْرَبُ দ্বারা كُلِّىْ বিষয়ক আলে-াচনা করা হয়েছে।

قوله اَنَّهُ لَا يُعْرَبُ الخ ঃ এর দ্বারা বুঝায় গেল যে, اسمِ مُتَمَكِّنْ ও مضارع এ দু'প্রকারই কেবল মু'রার - مبنى যুক্ত ছীগা গুলো نونِ تَاكِيْد ও جمع مُؤَنَّث এর মধ্যে مُضَارِع

فَصْلٌ فِي إِعْرَابِ الْإِسْمِ وَهِيَ تِسْعَةُ أَصْنَافٍ اَلْأَوَّلُ أَنْ يَكُوْنَ الرَّفْعُ بِالضَّمَّةِ وَالنَّصْبُ بِالْفَتْحَةِ وَالْجَرِّ بِالْكَسْرَةِ وَ يَخْتَصُّ بِالْمُفْرَدِ الْمُنْصَرِفِ الصَّحِيْحِ وَهُوَ عِنْدَ النُّحَاةِ مَا لَا يَكُوْنُ فِيْ اٰخِرِهٖ حَرْفُ عِلَّةٍ كَزَيْدٍ

পরিচ্ছেদ-৩ ঃ اسم مُعْرَبْ এর اعراب -এর প্রকারভেদ

অনুবাদ॥ اِسْم مُعْرَبْ-এর اعراب -এর প্রকারভেদ ঃ এ পরিচ্ছেদটি اسم معرب -এর اعراب -এর প্রকারভেদ প্রসঙ্গে। আর তা নয় প্রকার। **প্রথম প্রকার ঃ** رفع (রফা') হবে পেশের মাধ্যমে, نصب (নসব) হবে যবরের মাধ্যমে এবং جر (জর) হবে যেরের মাধ্যমে। এ اعراب তিন প্রকার ইসমের সাথে নির্দিষ্ট। যথা- (ক) مُفْرَدْ مُنْصَرِفْ صَحِيْح - নাহুবিদদের পরিভাষায় সহীহ এমন শব্দকে বলে, যার শেষে হরফে ইল্লাত না থাকে। যেমন- زَيْدٌ-

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهٗ أَصْنَافٌ الخ ঃ أَصْنَاف - صِنْفٌ এর বহুঃ অর্থ প্রকার। উল্লেখ্য যে, صِنْف - نَوْع ও قسم মূলগত বিষয়ে ভিন্ন কিন্তু ব্যবহারিক ক্ষেত্রে একই অর্থবোধক। (ক) صِنْف সাধারণত বহিরগত বিষয়কে কেন্দ্র করে হয়, যেমন বাঙালী, পাকিস্তানী প্রভৃতি। সুতরাং نوع এর তুলনায় এটা খাছ (খ) আর نَوْع সৃষ্টিগত শ্রেণীভেদ বুঝায়। যেমন মানুষ, গরু, ছাগল প্রভৃতি, আর (গ) قسم উভয়টির তুলনায় عام যেমন حَيْوَانٌ -

قَوْلُهٗ تِسْعَةُ أَصْنَافٍ الخ ঃ اعراب মোট ৯ প্রকার। আর اعراب হওয়ার এর দিক দিয়ে اسم مُتَمَكِّن মোট ১৩ প্রকার। যথা-

قَوْلُهٗ اَلْأَوَّلُ الخ ঃ উল্লেখ্য যে, اعراب প্রথমত দু' প্রকার ক. لَفْظِي (প্রকাশ্য) ও খ. تَقْدِيْرِي (উহ্য)

★ اعراب لَفْظِي আবার দু প্রকার- ক. إِعْرَابْ بِالْحَرَكَتْ ও খ. إِعْرَابْ بِالْحَرْف এগুলোর মধ্যে إِعْرَابْ لَفْظِي এবং إِعْرَابْ بِالْحَرَكَة হল আসল। এভাবে যে শব্দে তিনো অবস্থায় তিনো প্রকার اعراب হয় সেটা আসল। এ কারণে মুসান্নিফ (র.) সর্ব প্রথম এ প্রকারকে উল্লেখ করেছেন।

★ **ফায়েদা ঃ** إِعْرَاب এর দিক দিয়ে اسم مُتَمَكِّنْ এর অবস্থা বা হালত ৩টি ১. رَفْعِي বা فَاعِلِيَّتْ ২. نَصْبِي বা مَفْعُوْلِيَّتْ ৩. جَرِّي বা إضافت -

★ رَفْعِي তথা فَاعِلِيَّتْ দ্বারা উদ্দেশ্য হল فاعل হওয়া, চাই حَقِيْقَةٌ (প্রকৃত) হৌক বা حُكْمًا (বিধানগত) حقيقة ফায়েল যেমন ضرب زيد এর মধ্যে যায়েদ ফায়েল। আর حُكْمًا ফায়েল হল-

مَفْعُوْلِ مَا لَمْ يُسَمَّ فَاعِلُهٗ (نائب فاعل) مُبْتَدَا ، خَبَر، اِسْمِ مَا وَ لَا الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ، خَبَرِ لَائِ نَفِي جِنْس ،اِسْمِ كَانَ وَ اَخَوَاتِهَا -

★ نصب তথা مَفْعُوْلِيَّت অর্থ হল مفعول হওয়া। চাই حَقِيْقَةً - حُكْمًا হোক বা মাফউল যেমন ضَرَبَ زَيْدٌ عَمْرًوا এর মধ্যে - عَمْرًوا আর حُكْمًا مفعول হল- خَبَرِ كَانَ وَاَخَوَاتِهَا، اِسْمِ اِنَّ وَ اَخَوَاتِهَا، مُسْتَثْنٰى، حَالٌ، مَنْصُوْبُ بلائِ نَفِي جِنْس ، خَبَرِ مَا وَلَا الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ -

★ এভাবে جَرِّيْ অর্থ হল হরফে জার এর আছর চাই তা لَفْظِي হৌক যেমন اَلْمَالُ لِزَيْدٍ বা تَقْدِيْرِيْ যেমন- غُلَامُ لِزَيْدٍ

قَوْلُهٗ وَ يَخْتَصُّ بِالْمُفْرَدِ الْمُنْصَرِفِ الخ ঃ উপরোক্ত তিন হালাতের তিন إِعْرَاب (হরকতের মাধ্যমে) তিন প্রকার اسم এর জন্য খাছ। প্রথম প্রকার হল- مُفْرَدْ مُنْصَرِف صَحِيْح - مفرد দ্বারা উদ্দেশ্য واحد বা একবচন হওয়া, منصرف দ্বারা উদ্দেশ্য غير منصرف না হওয়া, صحيح দ্বারা উদ্দেশ্য হল শেষে حرفِ عِلَّتْ না থাকা।

★ ফায়েদা ঃ مفرد সাধারণত ৭টি জিনিসের বিপরীতে আসে। যথা - ১. تَثْنِيَه ২. جَمْع ৩. مُضَاف ৪. شِبْهِ مُضَاف ৫. جُمْله ৬. شِبْهِ جُمْله ও ৭. مُطْلَقْ مُرَكَّب

وَبِالْجَارِىْ مَجْرَى الصَّحِيْحِ وَهُوَ مَا يَكُوْنُ فِى اٰخِرِهٖ وَاوٌ اَوْ يَاءٌ مَا قَبْلَهُمَا سَاكِنٌ كَدَلْوٍ وَ ظَبْيٍ وَبِالْجَمْعِ الْمُكَسَّرِ الْمُنْصَرِفِ كَرِجَالٍ تَقُوْلُ جَائَنِىْ زَيْدٌ وَدَلْوٌ وَظَبْىٌ وَرِجَالٌ وَ رَاَيْتُ زَيْدًا وَ دَلْوًا وَ ظَبْيًا وَرِجَالًا وَمَرَرْتُ بِزَيْدٍ وَدَلْوٍ وَظَبْيٍ وَرِجَالٍ،/اَلثَّانِىْ اَنْ يَكُوْنَ الرَّفْعُ بِالضَّمَّةِ وَالنَّصْبُ وَالْجَرُّ بِالْكَسْرَةِ وَيَخْتَصُّ بِجَمْعِ الْمُؤَنَّثِ السَّالِمِ تَقُوْلُ هُنَّ مُسْلِمَاتٌ وَرَاَيْتُ مُسْلِمَاتٍ وَمَرَرْتُ بِمُسْلِمَاتٍ،

অনুবাদ ॥ দ্বিতীয় প্রকার ঃ (খ) جارى مُجْرَى صَحِيح আর তা এমন ইসমকে বলে, যার শেষে و অথবা ى হয়ে তার পূর্বাক্ষর সাকিন থাকে। যেমন- دَلْوٌ - ظَبْىٌ এবং (গ) جمع مُكَسَّر مُنْصَرِف - যেমন- رِجَالٌ তুমি বলবে (রফার অবস্থায়) جَائَنِىْ زَيْدٌ وَ دَلْوٌ وَظَبْىٌ وَرِجَالٌ (নসবের অবস্থায়) رَاَيْتُ زَيْدًا وَ دَلْوًا وَظَبْيًا وَ رِجَالًا (জরের অবস্থায়) مَرَرْتُ بِزَيْدٍ وَدَلْوٍ وَظَبْيٍ وَرِجَالٍ - رفع হবে পেশ দ্বারা এবং نصب ও جر হবে যের দ্বারা। এটা جمع مؤنث سالم -এর জন্য নির্দিষ্ট। যেমন- তুমি বলবে (রফার অবস্থায়) هُنَّ مُسْلِمَاتٌ - (নসবের অবস্থায়) رَاَيْتُ مُسْلِمَاتٍ - (জরের অবস্থায়) مَرَرْتُ بِمُسْلِمَاتٍ -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهُ اَلْجَارِىْ مَجْرَى الصَّحِيْحِ ঃ এর عطف হল بِالْمُفْرَدِ এর উপর। অর্থ قَائِمٌ مُقَامِ صَحِيح বা সহীহ এর স্থলাভিষিক্ত। শেষে হরফে ঈল্লত ও পূর্বাক্ষর সাকিন হলে তা পড়তে সহজ হওয়ায় তাকে সহীহ এর স্থলাভিষিক্ত বলা হয়। সম্পূর্ণ صحيح এর ন্যায় নয়। বিধায় তাকে صحيح বলা হয় না। যেমন دلو বালতি (ظبى) হরিণ।

قَوْلُهُ اَلْجَمْعُ الْمُكَسَّرُ الْمُنْصَرِفُ ঃ جمع مُكَسَّر বলে যে جمع এর মধ্যে واحد এর ওযন ঠিক থাকে না। যেমন رَجُلٌ এর جمع হল رِجَال -

جمع مُكَسَّرٌ বলার দ্বারা جمع سالم বের হয়ে গেল। কারণ এর জন্য ভিন্ন إعراب রয়েছে এবং منصرف বলার দ্বারা جمع مُكَسَّر غير منصرف বের হয়ে গেল। যেমন- ضَوَارِبُ ، صَوَاحِبُ প্রভৃতি। এগুলোর إعراب ভিন্নভাবে উল্লিখিত হয়েছে।

قَوْلُهُ اَنْ يَكُوْنَ الرَّفْعُ الخ ঃ কারণ جمع مؤنث سالم টা جمع مذكر - فرع এর جمع مذكر আর سالم এর মধ্যে نصب টা جر এর تابع এ কারণে فرع এর মধ্যেও এমন হওয়া বাঞ্ছনীয়। যাতে اصل এর উপরে উঠে না যায়।

قَوْلُهُ اَلسَّالِم ঃ প্রসিদ্ধ নাহভী سيبويه رح এর মতে سالِم শব্দটি جمع এর সিফত, المؤنث এর সিফত নয়, কারণ তাঁর মতে مضاف এর معرفه হওয়াটা مضاف اليه এর معرفه এর চেয়ে কমস্তরের নয়, বরং نكره শব্দ কোন معرفه এর দিকে মুযাফ হলে তা মুযাফ ইলায়হি এর স্তরে হয়ে যায়। সুতরাং جمع এর সিফত হওয়ায় কোন অসুবিধে নেই।

অপরদিকে مبرد رح এর মতে السَّالِم শব্দটি جمع এর শব্দের بدل - কারণ তার মতে মুযাফ ইলায়হির তুলনায় মুযাফ এর معرفه হওয়ার স্তর কম মানের হয়। কেননা মুযাফ টা মুযাফ ইলায়হির দ্বারা معرفه হয়। সুতরাং - جمع السالم এর সিফাত হতে পারে না।

উল্লেখ্য যে, سالم বলার দ্বারা جمع مونث مُكَسَّر যেমন حُمْرٌ - حَمْرَاءُ ইত্যাদি খারিজ করা উদ্দেশ্য।

اَلثَّالِثُ اَنْ يَكُوْنَ الرَّفْعُ بِالضَّمَّةِ وَالنَّصْبُ وَالْجَرُّ بِالْفَتْحَةِ وَيَخْتَصُّ بِغَيْرِ الْمُنْصَرِفِ كَعُمَرَ تَقُوْلُ جَائَنِىْ عُمَرُ وَرَاَيْتُ عُمَرَ وَمَرَرْتُ بِعُمَرَ اَلرَّابِعُ اَنْ يَّكُوْنَ الرَّفْعُ بِالْوَاوِ وَالنَّصْبُ بِالْاَلِفِ وَالْجَرِّ بِالْيَاءِ وَيَخْتَصُّ بِالْاَسْمَاءِ السِّتَّةِ مُكَبَّرَةً مُوَحَّدَةً مُضَافَةً اِلٰى غَيْرِ يَاءِ الْمُتَكَلِّمِ وَ هِىَ اَبُوْكَ وَاَخُوْكَ وَ هَنُوْكَ وَحَمُوْكَ وَفُوْكَ وَ ذُوْمَالٍ تَقُوْلُ جَائَنِىْ اَخُوْكَ وَرَاَيْتُ اَخَاكَ وَمَرَرْتُ بِاَخِيْكَ وَكَذَالِكَ الْبَاقِىْ ، اَلْخَامِسُ اَنْ يَكُوْنَ الرَّفْعُ بِالْاَلِفِ وَالنَّصْبُ وَالْجَرُّ بِالْيَاءِ الْمَفْتُوْحِ مَا قَبْلَهَاوَيَخْتَصُّ بِالْمُثَنّٰى وَكِلَا مُضَافًا اِلٰى مُضْمَرٍ وَاثْنَانِ وَاثْنَتَانِ تَقُوْلُ جَائَنِىْ الرَّجُلَانِ وَكِلَاهُمَا وَاثْنَانِ وَاثْنَتَانِ وَرَاَيْتُ الرَّجُلَيْنِ وَكِلَيْهِمَا وَاثْنَيْنِ وَاثْنَتَيْنِ وَمَرَرْتُ بِالرَّجُلَيْنِ وَكِلَيْهِمَاوَاثْنَيْنِ وَاثْنَتَيْنِ،

অনুবাদ॥ তৃতীয় প্রকার ঃ رفع হবে পেশ দ্বারা এবং نصب ও جر হবে যবর দ্বারা। এটা غير منصرف যথা- عمر -এর সাথে নির্দিষ্ট। যেমন- তুমি বলবে (রফার অবস্থায়) جَاءَنِىْ عُمَرُ - (নসবের অবস্থায়) رَاَيْتُ عُمَرَ - (জরের অবস্থায়) مَرَرْتُ بِعُمَرَ -

চতুর্থ প্রকার ঃ رفع হবে واو দ্বারা, نصب হবে الف দ্বারা এবং جر হবে يا দ্বারা। এটা اَسْمَاءِ سِتَّةْ مُكَبَّرَةْ -এর সাথে নির্দিষ্ট, যখন তা একবচন হবে এবং ইয়া মুতাকাল্লিম ছাড়া অন্য কোন শব্দের দিকে মুযাফ হবে। ইসম ৬ টি হল- ১. اَخُوْكَ ২. اَبُوْكَ ৩. هَنُوْكَ ৪. حَمُوْكَ ৫. فُوْكَ ৬. ذُوْ مَالٍ (যেমন) তুমি বলবে (রফার অবস্থায়) جَاءَنِىْ اَخُوْكَ - (নসবের অবস্থায়) رَاَيْتُ اَخَاكَ - এবং (জরের অবস্থায়) مَرَرْتُ بِاَخِيْكَ - অবশিষ্টগুলো এরূপই হবে।

পঞ্চম প্রকার ঃ رفع হবে الف দ্বারা এবং نصب ও جر হবে ياء দ্বারা, যার (ى) পূর্বাক্ষর যবর হবে। এটা مثنى (দ্বিবচন), যমীরের প্রতি সম্বন্ধকৃত كِلَا এবং اِثْنَانِ ও اِثْنَتَانِ -এর জন্য নির্দিষ্ট। তুমি বলবে- (রফার অবস্থায়) جَاءَنِى الرَّجُلَانِ كِلَاهُمَا وَاثْنَانِ وَاثْنَتَانِ (নসবের অবস্থায়) رَاَيْتُ الرَّجُلَيْنِ كِلَيْهِمَا وَاثْنَيْنِ وَاثْنَتَيْنِ (জরের অবস্থায়) مَرَرْتُ بِالرَّجُلَيْنِ كِلَيْهِمَا وَاثْنَيْنِ وَاثْنَتَيْنِ -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَ يَخْتَصُّ بِغَيْرِ الْمُنْصَرِفِ ঃ অর্থাৎ حالتِ رَفْعِى তে ضَمّه ও حالتِ نَصْبِى ও جَرِّى তে فتح এ- اعراب টি غير منصرف এর সাথে خاصّ - غير منصرف বলে যার মধ্যে اسباب منع صرف এর কোন দু'সবাব বা দু'সবাবের قائم مقام এক সবাব পাওয়া যায়।

★ এখানে غير منصرف দ্বারা ঐ সকল اسم উদ্দেশ্য যার মধ্যে منصرف হওয়ার حكم পাওয়া না যায়। কেননা غير منصرف শব্দ যদি মুযাফ বা مُعَرَّفْ بِاللَّامِ হয় তাহলে তাতে যেরের মাধ্যমে মাজরূর ও হয়। যেমন- مررت بِالْاَحْمَدِ ও مَرَرْتُ بِاَحْمَدِكُمْ অথচ মুসান্নিফ (র.) এর মতে সেটি غير منصرف

★ **ফায়েদা ঃ কতিপয় প্রশ্নোত্তর** غير منصرف হল منصرف এর فرع - অতএব একে فَرْعِى اِعْرابْ তথা اعراب بالحروف দেয়া হল না কেন?

উত্তরঃ তিন হালাতে তিন اعراب না দিয়ে দুই اعراب দেয়া ও فرع এর নামান্তর।

২. غير منصرف টা منصرف এর فرع হওয়া সত্ত্বে اِعرابُ بِالْحُرُوفْ দেয়া হল না কেন?

উত্তরঃ শেষে حرفِ علت না থাকায় اعرابُ بِالْحَرَكَةْ দেয়া হয়েছে।

৩. غير منصرف এর মধ্যে كسره কে فتحه এর تابع না করে বিপরীত করা হল না কেন।

উত্তরঃ غيرِ مُنصرف যেহেতু ফে'লের সাথে কিছুটা সামঞ্জস্য রাখে। যেমন ফে'লের মধ্যে ال - تنوين ইত্যাদি হয় না। আর غير منصرف এর মধ্যে এগুলো আসে না। এ কারণে এর اعراب কাছরা দ্বারা দেয়া হয়নি।

قَوْلُهُ اَنْ يَكُوْنَ الرَّفْعُ الخ ঃ মুসান্নিফ র. اِعْرَابُ بِالْحَرَكَةِ থেকে ফারেগ হয়ে اِعْرَابُ بِالْحُرُوْفِ এর আলোচনা শুরু করেছেন। চতুর্থ প্রকারের اعراب ছয়টা اسم এর জন্য খাছ। যথা- اَبٌ ، اَخٌ ، فَمٌ ، حَمٌ ، هَنٌ ও ذُوْمَالٍ

প্রকাশ থাকে যে, অত্র ৬টি ইসমের জন্য উপরোক্ত اعراب হওয়ার জন্য ৪টি শর্ত রয়েছে। যথা ১. مُكَبَّرَةٌ হওয়া, অর্থাৎ تَصْغِير (ক্ষুদ্রবাচক) এর ওযনে না হওয়া। تَصْغِير এর ওযনগুলো এই فُعَيْلٌ - فُعَيْعِلٌ - فُعَيْعِيْلٌ ও فَعِيْلَلٌ - فَعِيْلَالٌ -

২. موحدة এক বচন হওয়া, কেননা تُثْنِيَه (تَصْغِير) হলে তখন ১নং অনুযায়ী اعراب হবে।) এবং جمع এর জন্য ভিন্ন اعراب রয়েছে।

৩. مضاف হওয়া। সুতরাং মুযাফ না হলে তাতে (১নং অনুযায়ী) اعراب بِالْحَرَكَةِ হবে।

৪. يائے متكلم এর দিকে মুযাফ না হওয়া, কারণ তখন (৭নং অনুযায়ী) তিনো হালাতে تَقْدِيرى اعراب হবে। যেমন- جَاءَ اَبِىْ ، رَاَيْتُ اَبِىْ - مَرَرْتُ بِاَبِىْ

উল্লেখ্য যে (ক) কোন اسم متمكن তিন অক্ষরের কমে হয় না। কোথাও তিন অক্ষরের কম দেখা গেলে বুঝতে হবে যে, কোন কারণে বাকী অক্ষর বিলুপ্ত হয়েছে।

★ مَقْصَد শব্দটি مَقْصُوْد অর্থে ব্যবহৃত। কারণ مَقْصَدُ শব্দটি اسمِ ظرف হলে তার অর্থ হবে উদ্দেশ্যস্থল, অথবা মীমটি মাসদারিয়া হলে অর্থ হবে উদ্দেশ্য করা। অথচ এখানে এর কোন অর্থই যথার্থ হয় না। এজন্য এটা مَقْصُوْد (اسم مفعول) অর্থে ব্যবহৃত। যেমন- مَشْرُبْ অর্থ مَشْرُوْبٌ এবং هٰذَا ضَرْبُ الْاَمِيْرِ টা هٰذَا مَضْرُوْبُ الْاَمِيْرِ অর্থে।

قوله اَلْاَسْمَاءُ الْمَرْفُوْعَةُ ঃ اَلْمَرْفُوْعَاتُ শব্দটি اَلْاَسْمَاءِ এর সিফত, নিয়ম আছে যে, সিফত ও মওসূফের মধ্যে تَطَابُقْ জরুরী, অথচ اَلْاَسْمَاءِ বহুঃ আর اَلْمَرْفُوْعَةُ একবচন - এর কারণ এই যে, মওসূফ غَيْرِ ذَوِى الْعُقُوْلِ (জمع) টি জمع হলে সিফত جمع مؤنث বা واحد مؤنث উভয় হতে পারে। কেননা اَلْجَمْعُ فِىْ حُكْمِ التَّانِيْثِ مونث এর হুকুমে গণ্য হয়।) যেমন - اَلْاَيَّامُ الْخَالِيَةُ ও اَلْاَيَّامُ الْخَالِيَات

★ পরিভাষায় مرفوع ঐ اسم কে বলে যা فاعل হওয়ার আলামত বিশিষ্ট হয় (هُوَ مَااشْتَمَلَ عَلٰى عَلَمِ الْفَاعِلِيَّةِ) - আর فاعل এর আলামত হল ضمه ـ واو ـ الف যেমন- جَائَنِىْ زَيْدٌ وَاَبُوْهُ وَرَجُلَانِ এর মধ্যে তিনোটি একত্রিত হয়েছে।

★ মুসান্নিফ র. সহজতার প্রতি লক্ষ রেখে مرفوع এর সংজ্ঞা বর্ণনা করে তার اقسام (প্রকারভেদ) উল্লেখ করেছেন।

قوله ثَمَانِيَةٌ ঃ مرفوع কে ৮ ভাগে সীমিত করা হয়েছে। কারণ- مرفوع হয় مسند اليه হবে, না হয় مسند হবে, خَبَرَانِ وَاَخَوَاتِها এবং خبر لائے نفى جنس হল مسند - বাকী ৬টি مسند اليه - এ ছাড়া কোন ইসম مرفوع হয় না।

فَصْلٌ - اَلْفَاعِلُ كُلُّ اِسْمٍ قَبْلَهُ فِعْلٌ اَوْصِفَةٌ اُسْنِدَ اِلَيْهِ عَلٰى مَعْنًى اَنَّهُ قَامَ بِهٖ لَاوَقَعَ عَلَيْهِ نَحْوُ قَامَ زَيْدٌ وَزَيْدٌ ضَارِبٌ اَبُوْهُ عَمْرًوا وَمَاضَرَبَ زَيْدٌ عَمْرًوا وَكُلُّ فِعْلٍ لَا بُدَّ لَهُ مِنْ فَاعِلٍ مَرْفُوْعٍ مُظْهَرٍ كَذَهَبَ زَيْدٌ اَوْمُضْمَرٍ بَارِزٍ كَضَرَبْتُ زَيْدًا اَوْمُسْتَتِرٍ كَزَيْدٌ ذَهَبَ وَاِنْ كَانَ الْفِعْلُ مُتَعَدِّيًا كَانَ لَهُ مَفْعُوْلٌ بِهٖ اَيْضًا نَحْوُ ضَرَبَ زَيْدٌ عَمْرًوا

পরিচ্ছেদ-১ : فَاعِل প্রসঙ্গ

অনুবাদ ॥ فَاعِل - এর সংজ্ঞা : فاعل এমন সব ইসমকে বলে যার পূর্বে فعل বা একটি (شِبْهِ فعل) صِفَة (গুণবাচক বিশেষ্য) থাকে এবং فعل বা صفة টি প্রতিষ্ঠিত বা সংঘটিত হওয়ার দিক দিয়ে উক্ত ইসমের সাথে সম্বন্ধযুক্ত থাকে। এ অর্থে নয় যে, উক্ত فعل বা صفة টি ঐ ইসমের উপর পতিত হয়েছে। যেমন- قَامَ زَيْدٌ (যায়েদ দণ্ডায়মান হয়েছে), زَيْدٌ ضَارِبٌ اَبُوْهُ عَمْرًوا (যায়েদের পিতা আমরের প্রহারকারী), مَا ضَرَبَ زَيْدٌ عَمْرًوا (যায়েদ আমরকে প্রহার করে নি)।

فاعل - এর প্রকারভেদ : প্রত্যেক فعل - এর জন্য রফা'বিশিষ্ট একটি فاعل অপরিহার্য। হয়ত তা (১) اسم مظهر বা প্রকাশ্য ইসম হবে। যেমন- ذَهَبَ زَيْدٌ অথবা, (২) مُضْمَرٍبَارِزٌ বা প্রকাশ্য সর্বনাম হবে। যেমন- ضَرَبْتُ زَيْدًا অথবা, (৩) مُضْمَرٍ مُسْتَتِرٌ বা উহ্য সর্বনাম হবে। যেমন- زَيْدٌ ذَهَبَ আর فعل টি যদি مُتَعَدِّى (সকর্মক) হয় তাহলে তার জন্য একটি مفعولِ بِهٖ ও থাকতে হবে, যেমন- - ضَرَبَ زَيْدٌ عَمْرًوا

প্রাসঙ্গিক আলোচনা : قوله اَلْفَاعِلُ كُلُّ اِسْمٍ الخ : অধিকাংশ নাহবীদের মতে مرفوع এর মধ্যে فاعل টি اصل হওয়ায় মুসান্নিফ (র.) فاعل কে আগে এনেছেন। কারণ فاعل হল جملهٔ فعليه এর অংশ, আর جمله فِعْلِيه হল অন্যান্য جمله এর মধ্যে اصل

★ فاعل এর সংজ্ঞার মধ্যে উল্লিখিত كُلُّ اِسْمٍ হল جِنْس এটা اسمِ حَقِيْقِى (যেমন যায়েদ) ও اسمِ حُكْمِى (যথা) اَعْجَبَنِى اَنْ تَضْرِبَ زَيْدًا বাক্যটি اَعْجَبَنِى ضَرْبُكَ زَيْدًا অর্থে) উভয়কে শামিল করে। قَبْلَهُ বা تَاوِيْلِى فِعْلٌ اَوْصِفَةٌ হল প্রথম فصل এর দ্বারা زَيْدٌ ضَرَبَ এর زَيْدٌ বের হয়ে গেছে)।

قوله اُسْنِدَ اِلَيْهِ এটা দ্বিতীয় فصل - এর দ্বারা যেসব اسم এর দিকে সরাসরি فعل এর সম্বন্ধ করা হয়নি সেগুলো বের হয়ে গেছে। যেমন- ضَرَبَ زَيْدٌ زَيْدٌ এর দ্বিতীয় زَيْد -

قوله عَلٰى مَعْنًى اَنَّهُ قَامَ بِهٖ الخ : এটা তৃতীয় فصل এর দ্বারা যে اسم এর উপর فعل বা صفت পতিত হয় যথা- مفعول ইত্যাদি বের হয়ে গেল। অতএব সংজ্ঞাটি جامع ও مانع হয়ে পূর্ণাঙ্গ হয়ে গেল।

قوله وَكُلُّ فِعْلٍ لَابُدَّ الخ : অর্থাৎ প্রত্যেক فعل এর জন্য فاعل আবশ্যক। কেননা فعل হল مسند আর مسند اليه বা فاعل ছাড়া مسند এর অস্তিত্ব অসম্ভব। উক্ত فاعل টি ৩ ধরনের হতে পারে। ১. اسمِ مُظْهَرٍ যেমন- ضَرَبَ زَيْدٌ ২. مُضْمَرٍ بَارِزٍ (প্রকাশ্য যমীর) যেমন- ضَرَبْتُ زَيْدًا ৩. مُضْمَرٍ مُسْتَتِرٍ (উহ্য যমীর) যেমন زَيْدٌ ضَرَبَ

★ উল্লেখ্য যে, لَابُدَّ এর মধ্যে بُدَّ (উপায়) শব্দটি যবরের উপর মবনী। কেননা এটা لائے نفى جنس এর اسم - ইবারতটি মূলত لَامُخْلَصَ مَوْجُوْدٌ لِذَالِكَ الْفِعْلِ ছিল

قوله مِنْ فَاعِلٍ الخ : فاعل এর পরবর্তী তিনোটি শব্দ فاعل এর সিফত, এর মধ্যে مرفوع সিফতটি বস্তুত زِيَادَتِ تَقْرِيْر তথা فاعل এর অবস্থান দৃঢ় করার জন্য আনা হয়েছে। কেননা فاعل মাত্রই مرفوع হয়, অতএব এর প্রয়োজন পড়ে না।

وَاِنْ كَانَ الْفَاعِلُ مُظْهَرًا وُحِّدَ الْفِعْلُ اَبَدًا نَحْوُ ضَرَبَ زَيْدٌ وَضَرَبَ الزَّيْدَانِ وَضَرَبَ الزَّيْدُوْنَ وَاِنْ كَانَ مُضْمَرًا وُحِّدَ لِلْوَاحِدِ نَحْوُ زَيْدٌ ضَرَبَ وَثُنِّيَ لِلْمُثَنّٰى نَحْوُ اَلزَّيْدَانِ ضَرَبَا وَجُمِعَ لِلْجَمْعِ نَحْوُ اَلزَّيْدُوْنَ ضَرَبُوْا وَاِنْ كَانَ الْفَاعِلُ مُؤَنَّثًا حَقِيْقِيًّا وَهُوَ مَا بِاِزَائِهٖ ذَكَرٌ مِّنَ الْحَيَوَانِ اُنِّثَ الْفِعْلُ اَبَدًا اِنْ لَّمْ تُفْصَلْ بَيْنَ الْفِعْلِ وَالْفَاعِلِ نَحْوُ قَامَتْ هِنْدٌ ـ

অনুবাদ ॥ فَاعِلُ -এর সাথে فِعل এর ব্যবহার বিধি **ঃ** فاعل যদি প্রকাশ্য ইসম হয় তবে فعل সর্বদা واحد হবে। যেমন– ضَرَبَ زَيْدٌ - ضَرَبَ الزَّيْدَانِ এবং ضَرَبَ الزَّيْدُوْنَ - আর فاعل যদি যমীর বা সর্বনাম হয় তাহলে একবচন فاعل এর জন্য একবচন فعل নিতে হবে। যেমন– زَيْدٌ ضَرَبَ এবং দ্বিবচন فاعل - এর জন্য দ্বিবচন فعل নিতে হবে। যেমন– اَلزَّيْدَانِ ضَرَبَا এবং বহুবচন فاعل -এর জন্য বহুবচন فعل নিতে হবে। যেমন– اَلزَّيْدُوْنَ ضَرَبُوْا - فاعل যদি مؤنث حَقِيْقِى হয়, مؤنث حَقِيْقِى ঐ স্ত্রীলিঙ্গকে বলা হয় যার বিপরীতে কোন পুংলিঙ্গ প্রাণী থাকে– তবে فعل - সর্বদা স্ত্রীলিঙ্গ হবে, যদি فعل ও فاعل -এর মধ্যে অন্য কোন শব্দ দ্বারা বিচ্ছেদ না ঘটে। যেমন– قَامَتْ هِنْدٌ -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وُحِّدَ الْفِعْلُ اَبَدًا ঃ অর্থাৎ فاعل প্রকাশ্য اسم হলে فعل সর্বদা একবচন আনতে হবে চাই فاعل টি একবচন, দ্বিচন বা বহুবচন যাই হোক। এর কারণ ২টি– ১. فاعل এর অবস্থা বুঝানোর জন্য فعل কে تثنيه বা جمع আনা হয়। আর فاعل যেহেতু প্রকাশ্যে আছে, সুতরাং এর জন্য অন্য কোন আলামত উল্লেখ নিষ্প্রয়োজন।

২. فاعل প্রকাশ্য ইসম হওয়া সত্বে فعل টি দ্বিচন বা বহুবচন আনলে দু'টি অসুবিধা সৃষ্টি হয়। (ক) تعدد فاعل (فاعل একাধিক বার উল্লেখ করা।)

(খ) اِضْمَارُ قَبْلَ الذِّكْرِ (مرجع এর পূর্বে যমীর উল্লেখ করা) কারণ প্রকাশ্য ফায়েল তো পরে উল্লেখ রয়েছে।

قوله وَاِنْ كَانَ مُضْمَرًا الخ ঃ فاعل টি যমীর হলে সে অনুযায়ী فعل দ্বিবচন, বহুবচন আনা জরুরী। কারণ এটি মূল فاعل এর অবস্থা বুঝাবে।

قوله وَاِنْ كَانَ الْفَاعِلُ مُؤَنَّثًا ঃ فاعل যদি مؤنث حَقِيْقِى হয় এবং فاعل ও فعل এর মধ্যে অন্য শব্দের ব্যবধান না থাকে তাহলে فعل কে مؤنث আনা জরুরী, কেননা এই আলামতটি ফায়েলের লিঙ্গ বুঝাবে।

★ **ফায়েদা ঃ** (১) مؤنث দু'প্রকার (ক) مؤنث حقيقى যার বিপরীতে পুরুষ প্রাণী থাকে (খ) مؤنث غير حقيقى যার বিপরীতে পুরুষ প্রাণী থাকে না। যেমন– عين (চোখ) نخلة (খেজুর গাছ)

(২) ৩ শর্তে فاعل কে مؤنث আনা জরুরী, ১. فعل রূপান্তর যোগ্য হওয়া, অন্যথায় مذكر ও مؤنث উভয় জায়েয। যথা– نِعْمَتِ الْمَرْأَةُ هِنْدٌ ও وَنِعْمَ الْمَرْأَةُ هِنْدٌ ২. مؤنث টি প্রাণী জাতীয় হওয়া, ৩. فعل ও فاعل এর মাঝে فاصله বা ব্যবধান থাকা। فاعل এর مؤنث শক্তিশালী হওয়ায় فعل এর مؤنث হওয়ার মধ্যে আছর বা প্রভাব সৃষ্টি করে। আর فاعل যদি مونث غير حَقِيْقِى হয় তাহলে فعل টা مذكر আনা জায়েয, কারণ, এ فاعل এর تانيث টা ক্রটি পূর্ণ (কেননা حقيقى নয়) এ কারণে فعل এর মধ্যে فاعل এর আছর ক্রিয়াশীল হওয়া জরুরী নয়।

وَإِنْ فَصَلْتَ فَلَكَ الْخِيَارُ فِي التَّذْكِيرِ وَالتَّانِيثِ نَحْوُ ضَرَبَ الْيَوْمَ هِنْدٌ وَإِنْ شِئْتَ قُلْتَ ضَرَبَتِ الْيَوْمَ هِنْدٌ وَكَذٰلِكَ فِي الْمُؤَنَّثِ الْغَيْرِ الْحَقِيقِيِّ نَحْوُ طَلَعَتِ الشَّمْسُ وَإِنْ شِئْتَ قُلْتَ طَلَعَ الشَّمْسُ وَهٰذَا إِذَا كَانَ الْفِعْلُ مُسْنَدًا إِلَى الْمُظْهَرِ وَإِنْ كَانَ مُسْنَدًا إِلَى الْمُضْمَرِ أُنِّثَ أَبَدًا نَحْوُ اَلشَّمْسُ طَلَعَتْ وَجَمْعُ التَّكْسِيرِ كَالْمُؤَنَّثِ الْغَيْرِ الْحَقِيقِيِّ تَقُولُ قَامَ الرِّجَالُ وَإِنْ شِئْتَ قُلْتَ قَامَتِ الرِّجَالُ وَالرِّجَالُ قَامَتْ وَيَجُوزُ فِيهِ الرِّجَالُ قَامُوا وَيَجِبُ تَقْدِيمُ الْفَاعِلِ عَلَى الْمَفْعُولِ إِذَا كَانَا مَقْصُورَيْنِ وَخِفْتَ اللُّبْسَ نَحْوُ ضَرَبَ مُوسٰى عِيسٰى

অনুবাদ ॥ আর যদি বিচ্ছেদ ঘটে তবে فعل কে পুংলিঙ্গ বা স্ত্রীলিঙ্গ ব্যবহার করার ক্ষেত্রে এখতিয়ার থাকবে। যেমন– ضَرَبَ الْيَوْمَ هِنْدٌ - আর ইচ্ছা করলে ضَرَبَتِ الْيَوْمَ هِنْدٌ - ও বলা যায়। مُؤَنَّثِ غَيْرِ حَقِيقِي -এর মধ্যে অনুরূপ হুকুম। যেমন– طَلَعَتِ الشَّمْسُ - আবার ইচ্ছা করলে طَلَعَ الشَّمْسُ ও বলতে পার। উপরোক্ত হুকুম কেবল সেক্ষেত্রেই প্রযোজ্য যখন فعل কোন প্রকাশ্য ইসমের সাথে সম্পর্কিত হবে। আর যদি ضمير বা সর্বনামের সাথে সম্পর্কিত হয় তবে فعل টি সর্বদা স্ত্রীলিঙ্গ ব্যবহৃত হয়। যেমন– اَلشَّمْسُ طَلَعَتْ - جمع تكسير টা مؤنث غير حقيقى -এর ন্যায়। যেমন– তুমি বলবে قَامَ الرِّجَالُ -এবং ইচ্ছা করলে (فعل কে স্ত্রীলিঙ্গ ব্যবহার করে) বলবে قَامَتِ الرِّجَالُ - اَلرِّجَالُ قَامَتْ - তবে اَلرِّجَالُ قَامَتْ -এর ক্ষেত্রে اَلرِّجَالُ قَامُوا বলাও বৈধ। **فاعل কে مفعول -এর উপর مقدم করার ক্ষেত্র ঃ** فاعل ও مفعول উভয়ই اسم مقصور হলে এবং পরস্পর মিলে যাওয়ার আশংকা দেখা দিলে তখন فاعل -কে مفعول -এর উপর مقدم করা ওয়াজিব। যেমন– ضرب موسى عيسى -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَإِنْ فَصَلْتَ الخ ঃ فعل ও فاعل এর মাঝে فاصله (ব্যবধানকারী) আসলে فعل কে مذكر ও مؤنث উভয় আনা যায়, কারণ মাঝে فاصله আসায় فاعل এর مؤنث হওয়ার আছর (প্রভাব) فعل এর মধ্যে ক্রিয়াশীল হওয়া জরুরী থাকে না।

قوله كَذٰلِكَ فِي الْمُؤَنَّثِ الخ ঃ অর্থাৎ فاعل টি مؤنث غير حقيقى হলে فعل কে مذكر ও مؤنث উভয়ই আনা যায়। তবে فصل এর ক্ষেত্রে مذكر আনা উত্তম। কারণ فاصله আসলে مؤنث حقيقى এর ক্ষেত্রে যখন مذكر আনা জায়েয তাহলে غير حقيقى এর ক্ষেত্রে আরো উত্তমরূপে জায়েয। কেননা حقيقى এর তুলনায় غير حقيقى নিম্নমানের। অতএব উত্তম না হলে উভয়ের মাঝে মানের সমতা প্রমাণিত হয়। আর এটা উচিত নয়।

قوله جَمْعُ التَّكْسِيرِ الخ ঃ فاعل টা جمع تكسير হয়ে ذَوِى الْعُقُوْلِ হোক বা غَيْرِ ذَوِى الْعُقُوْل হোক উভয় ক্ষেত্রে فاعل কে مذكر ও مؤنث যে কোনটি আনা যায়।

★ ফায়েদা ঃ (ক) فاعل টা جمع مكسر হয়ে যদি مؤنثِ حقيقى হয় তথাপি ফে'লকে مذكر ও مؤنث উভয় আনা যায়। যেমন– وَقَالَ نِسْوَةٌ فِي الْمَدِيْنَةِ ও قَالَتْ نِسْوَةٌ আবার বলা যায়। (খ) ফায়েল جمع مؤنث سالم হওয়ার ক্ষেত্রেও فعل কে مذكر ও مؤنث আনা জায়েয। যেমন– إِذَا جَاءَكَ الْمُؤْمِنَاتُ ও اٰمَنَتْ بَنُوْ إِسْرَائِيْلَ (গ) اِثْنَانِ -আর- اَرْضُوْنَ ، سِنُوْنَ এর বহুবচন ون দ্বারা হলে তার فعل কে مذكر বা مؤنث আনা যায়। যেমন– مؤنث ও قُلْتَانِ এ হুকুমে শামিল।

قوله وَيَجِبُ تَقْدِيْمُ الْفِعْلِ الخ ঃ উল্লেখ্য যে, فاعل এর اصل হল مفعول এর উপর مقدم হওয়া। কারণ বাক্যের প্রধান অঙ্গগুলোর মধ্যে فاعل সবচেয়ে শক্তিশালী। তাই বলে সর্বক্ষেত্রে مقدم হওয়া ওয়াজিব নয়, কতিপয় ক্ষেত্রে ওয়াজিব। আর তাহল যে ক্ষেত্রে فاعل ও مفعول এর মাঝে প্রভেদ করার উপায় না থাকে। যেমন– فاعل ও مفعول উভয়টি اسم مقصور হলে এবং পরস্পর মিশে যাওয়ার ভয় থাকলে। যেমন– ضَرَبَ مُوْسٰى وعِيْسٰى এর মধ্যে উভয়টিতে اعراب জাহির না হওয়ার দরুন কোন্‌টা ফায়েল কোন্‌টা মাফউল বুঝা মুশকিল। অতএব এমন ক্ষেত্রে ফায়েলের مقدم ওয়াজিব হওয়ার দ্বারা বুঝা যাবে যে, প্রথমটা ফায়েল, আর দ্বিতীয়টা মাফউল।

وَيَجُوزُ تَقْدِيمُ الْمَفْعُولِ عَلَى الْفَاعِلِ إِنْ لَمْ تَخَفِ اللَّبْسَ نَحْوُ أَكَلَ الْكُمَّثْرَى يَحْيَى وَضَرَبَ عَمْرًوا زَيْدٌ وَيَجُوزُ حَذْفُ الْفِعْلِ حَيْثُ كَانَتْ قَرِيْنَةٌ نَحْوُ زَيْدٌ فِيْ جَوَابِ مَنْ قَالَ: أَ قَامَ زَيْدٌ؟ وَقَدْ يُحْذَفُ الْفَاعِلُ وَأُقِيْمَ الْمَفْعُولُ مَقَامَهُ إِذَا كَانَ الْفِعْلُ مَجْهُولًا نَحْوُ ضُرِبَ زَيْدٌ وَهُوَ الْقِسْمُ الثَّانِيْ مِنَ الْمَرْفُوْعَاتِ ـ

অনুবাদ ॥ আর যদি পরস্পর মিলে যাওয়ার আশংকা না থাকে তাহলে مفعول -কে পূর্বে আনা বৈধ। যেমন– أَكَلَ الْكُمَّثْرَى يَحْيَى এবং ضَرَبَ عَمْرًوا زَيْدٌ –

فعل ও فاعل – কে حذف (লুপ্ত) করার ক্ষেত্র ঃ قرينة বা ইংগিত পাওয়া গেলে فعل -কে হযফ করা বৈধ। যেমন– কোন ব্যক্তি বলল مَنْ ضَرَبَ (কে প্রহার করেছে?), উত্তরে বলা হল زَيْدٌ (অর্থাৎ ضَرَبَ زَيْدٌ), অনুরূপভাবে فعل ও فاعل উভয়কে একত্রে লুপ্ত করা বৈধ। যেমন– কেউ বলল– قَامَ زَيْدٌ (যায়েদ কি দাঁড়িয়েছে?) উত্তরে বলা হলো نَعَمْ (হ্যাঁ)। কোন কোন সময় فاعل -কে হযফ করে مفعول কে তার স্থলাভিষিক্ত করা হয়, তখন فعل টি মাজহুল বা অকর্মক হয়। যেমন– ضُرِبَ زَيْدٌ (যায়েদ প্রহৃত হয়েছে)। এটা مرفوعات -এর দ্বিতীয় প্রকার।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَيَجُوزُ تَقْدِيمُ الْفَاعِلِ الخ ঃ অপর দিকে উভয়টি اسم مقصور হওয়া সত্ত্বে যদি إِلْتِبَاسٌ (মিশে যাওয়া) এর ভয় না থাকে তাহলে ফায়েল কে مقدّم করা জরুরী নয় বরং জায়েয। যেমন– أَكَلَ الْكُمَّثْرَى يَحْيَى (ইয়াহয়া আপেল খেয়েছে) এখানে আপেলে যেহেতু ইয়াহয়াকে খেতেপারে না, সুতরাং বুঝা যাবে যে كُمَّثْرَى ই মাফউল যদিও তা আগে এসেছে। এভাবে ضَرَبَ عَمْرًوا زَيْدٌ এর মধ্যে عَمْرًوا এর نصب ও زَيْدٌ এর رفع হল ফায়েল ও মাফউলের পরিচায়ক বা قرينه। এ কারণে এখানেও ফায়েলকে مقدم করা ওয়াজিব নয়।

★ **ফায়েদা** ঃ উপরের উদাহরণ দুটি দ্বারা বুঝা গেল যে, ফায়েল ও মাফউলের পরিচায়ক বা قرينه দু ধরনের। ১. قَرِيْنَهٌ مَعْنَوِيَّةٌ (প্রথম উদাহরণে) ও ২. قَرِيْنَهٌ لَفْظِيَّةٌ (দ্বিতীয় উদাহরণে)।

قوله وَيَجُوزُ حَذْفُ الْفَاعِلِ الخ ঃ উল্লেখ্য যে, যেসব ক্ষেত্রে কোন শব্দ উল্লেখ না করা সত্বে তার অর্থ বুঝতে অসুবিধে সৃষ্টি না হয় সে সব ক্ষেত্রে শব্দ উহ্য রাখা জায়েয। বরং সহজ ও নিষ্প্রয়োজনীয়তার কারণে উত্তমও বটে। মুসান্নিফ (র.) এ কথাই বুঝাতে চেয়েছেন وَيَجُوزُ حَذْفُ الخ বলে। তিনি প্রথমে فعل উহ্য রাখার উদাহরণ দিয়েছেন যথা– مَنْ ضَرَبَ এর উত্তরে শুধু زَيْدٌ বলা জায়েয। এখানে উত্তরে ضَرَبَ বলার প্রয়োজন নেই। কারণ প্রশ্নটাই এখানে قرينه যে, زَيْد এর পূর্বে ضَرَبَ ফে'ল উহ্য আছে। এভাবে فعل ও فاعل উভয়কে বিলোপ করা জায়েয যেমন– اقام زيد এ জাতীয় প্রশ্নের উত্তরে কেবল– হা বা না বলা জায়েয অর্থাৎ এটা মূলত نَعَمْ قَامَ زَيْدٌ বা مَاقَامَ زَيْدٌ এর পর্যায়ে গণ্য।

★ قَوْلُهُ مَعًا ঃ এটা جَمْعًا এর অর্থে, অর্থাৎ فعل ও ফায়েল একত্রে حذف করা জায়েয।

★ ফায়েল কে ৫ জায়গা ছাড়া অন্য কোথাও حذف করা জায়েয নেই। যথা– ১. مَاقَامَ الَّازَيْدٌ এ জাতীয় বাক্যে। ২. مَصْدَرٌ এর মধ্যে যেমন إِطْعَامٌ فِيْ يَوْمٍ ذِيْ مَسْغَبَةٍ ৩. تَعَجُّبْ এর মধ্যে যেমন أَسْمِعْ بِهِمْ وَأَبْصِرْ ৪. فعل مَجْهُول এর মধ্যে যেমন ضُرِبَ زَيْدٌ ৫. تَنَازُعِ فِعْلَيْنِ এর মধ্যে।

فَصْلٌ ـ اِذَا تَنَازَعَ الْفِعْلَانِ فِيْ اِسْمٍ ظَاهِرٍ بَعْدَ هُمَا اَيْ اَرَادَ كُلٌّ وَاحِدٍ مِّنَ الْفِعْلَيْنِ اَنْ يَّعْمَلَ فِيْ ذٰلِكَ الْاِسْمِ فَهٰذَا اِنَّمَا يَكُوْنُ عَلٰى اَرْبَعَةِ اَقْسَامٍ ـ اَلْاَوَّلُ اَنْ يَّتَنَازَعَا فِي الْفَاعِلِيَّةِ فَقَطْ نَحْوُ ضَرَبَنِيْ وَاَكْرَمَنِيْ زَيْدٌ،

পরিচ্ছেদ- ২ : দু'ফেলের দ্বন্দ্ব প্রসঙ্গ

অনুবাদ ॥ দু'ফেলের দ্বন্দ্ব : যখন দুটি فعل তাদের পরবর্তী কোন একটি প্রকাশ্য ইসমকে কেন্দ্র করে দ্বন্দ্বে লিপ্ত হয় অর্থাৎ প্রত্যেকটি ফে'লই ঐ ইসমের মধ্যে আমল করতে চায় তখন এর চারটি অবস্থা হতে পারে। প্রথমঃ উভয় ফে'লই উক্ত ইসমকে فاعل বানাতে চায়। যথা- ضَرَبَنِيْ وَ اَكْرَمَنِيْ زَيْدٌ -

প্রাসঙ্গিক আলোচনা : قَوْلُه اِذَا تَنَازَعَ الْفِعْلَانِ الخ : মুসান্নিফ র. فاعل এর বিভিন্ন বিষয়াদি বর্ণনার পর এখান থেকে এক مَعْمُوْل নিয়ে দু'ফে'লের আমলের দ্বন্দ্ব ও তা নিরসনের উপায় বর্ণনা করেছেন। تَنَازُعٌ অর্থ পরস্পর টানা-হেচঁড়া করা, দ্বন্দ্বে লিপ্ত হওয়া, এ প্রসঙ্গটি بَحْثِ تَنَازُعٌ নামে খ্যাত।

★ উল্লেখ্য যে, تَنَازُعٌ শুধু فعل এর সাথে খাছ নয় বরং اسم فاعل، اسم مفعول ইত্যাদির মধ্যেও হতে পারে। اسم فاعل এর মধ্যে- যেমন زَيْدٌ مُعَلِّمٌ وَمُؤَدِّبٌ

★ اسم مفعول যেহেতু আমলের দিক দিয়ে اصل ফে'ল, এ কারণে মুসান্নিফ فعل এর تَنَازُعٌ উল্লেখ করেছেন।

★ تنازع দু'ফেলের মধ্যে সীমিত নয় এবং অনেক ফে'লের মধ্যেও হতে পারে। এখানে নিম্নতম সংখ্যা বর্ণনা করা হয়েছে। যেমন- كَمَا صَلَّيْتَ وَسَلَّمْتَ وَبَارَكْتَ وَتَبَارَكْتَ وَرَحِمْتَ وَتَرَحَّمْتَ

এর মধ্যে ছয়টি ফে'ল عَلٰى اِبْرَاهِيْمَ কে مَعْمُوْل বানাতে চায়।

★ মাসদার اسمِ مُشْتَقٌّ এর ন্যায় আমল করে তবে বসরী ও কূফী নাহবীগণের মতে মাসদারের مَعْمُوْل ফায়েলকে حذف করা জায়েয নেই। এ কারণে তার تنازع (দ্বন্দ্ব) মিটান সম্ভব নয়।

قوله فِيْ اِسْمٍ ظَاهِرٍ : اسمِ ظَاهِر বলার কারণ হল যমীর কে বাদ দেয়া, কেননা যমীর হয়তো متصل হবে, নয়তো مُنْفَصِل হবে। ضميرِ مُنْفَصِل এর মধ্যে تَنَازُعٌ হতে পারে না। কারণ ضميرِ مُتَّصِل যে ফে'লের সাথে মিলিত থাকে তারই معمول হয়। যেমন ضَرَبْتُ وَاَكْرَمْتُ এর মধ্যে تُ যমীর এবং ضَرَبَكَ وَاَكْرَمَكَ এর মধ্যে كَ যমীর। এগুলো মিলিত ফে'ল থেকে বিচ্ছিন্ন করা দূরস্ত নয় বরং নিজ নিজ আমিলের সাথে রাখা ওয়াজিব। তবে مَاضَرَبَ وَمَااَكْرَمَ اِلَّا اَنَا জাতীয় বাক্যের মধ্যে যদিও تنازع সম্ভব কিন্তু বসরী ও কূফীগণের মতে এ জাতীয় تَنَازُعٌ মিটান সম্ভব নয়; এ কারণে ضميرِ مُنفصل ও تنازع থেকে বেরিয়ে গেল।

قوله بَعْدَ هُمَا الخ : এটা وَاقِعٌ এর সাথে مُتَعَلِّق হয়ে اسم এর দ্বিতীয় সিফত। এর দ্বারা ফে'লের পূর্বে উল্লিখিত বা দু'ফেলের মাঝে উল্লিখিত اسم বের হয়ে গেল। যেমন- ضَرَبْتُ زَيْدًا وَاَكْرَمْتُ এবং زَيْدًا ضَرَبْتُ وَاَكْرَمْتُ ইত্যাদি। কেননা এ ধরনের اسم তার পূর্বের ফে'লের معمول হবে।

قوله وَاَرَادَ كُلٌّ وَاحِدٍ الخ : মুসান্নিফ (র.) এখান থেকে تَنَازُعِ الْفِعْلَانِ এর বিবরণ দিচ্ছেন যে, এখানে تَنَازُعٌ দ্বারা প্রকৃত দ্বন্দ্ব উদ্দেশ্য নয়। কারণ তা হল ذِيْ رُوْحٍ তথা প্রাণীর বৈশিষ্ট্য। ফে'লের মধ্যে তা কল্পনা করাই অসম্ভব। সুতরাং এখানে تَنَازُعٌ দ্বারা উদ্দেশ্য হল ফে'লের আমলের চাহিদা।

قوله فَهٰذَا اِنَّمَا يَكُوْنُ الخ : تنازع এর প্রকারভেদ : মুসান্নিফ (র.) বলেন- দু' ফে'লের দ্বন্দ্বের মোট ৪টি ছুরত (অবস্থা) হতে পারে। কেননা হয়তো উভয় ফে'ল فاعل নিয়ে দ্বন্দ্ব করবে, নতুবা ২. مفعول নিয়ে দ্বন্দ্ব করবে ৩. অথবা প্রথম ফে'ল فاعل চাইবে, আর দ্বিতীয় ফে'ল مفعول চাইবে ৪. অথবা প্রথম ফে'ল مفعول চাইবে, আর দ্বিতীয় ফে'ল فاعل চাইবে। সুতরাং এ ৪ ছুরতের মধ্যে تنازع সীমিত হল (প্রত্যেকটির উদাহরণ কিতাবে দ্রষ্টব্য)

اَلثَّانِىْ اَنْ يَّتَنَازَعَا فِى الْمَفْعُوْلِيَّةِ فَقَطْ نَحْوُ ضَرَبْتُ وَاَكْرَمْتُ زَيْدًا ، اَلثَّالِثُ اَنْ يَّتَنَازَعَا فِى الْفَاعِلِيَّةِ وَالْمَفْعُوْلِيَّةِ وَيَقْتَضِى الْاَوَّلُ الْفَاعِلَ وَالثَّانِى الْمَفْعُوْلَ نَحْوُ ضَرَبَنِىْ وَاَكْرَمْتُ زَيْدًا ، اَلرَّابِعُ عَكْسُهُ نَحْوُ ضَرَبْتُ وَاَكْرَمَنِىْ زَيْدٌ وَاعْلَمْ اَنَّ فِىْ جَمِيْعِ هٰذِهِ الْاَقْسَامِ يَجُوْزُ اِعْمَالُ الْفِعْلِ الْاَوَّلِ وَاِعْمَالُ الْفِعْلِ الثَّانِىْ خِلَافًا لِلْفَرَّاءِ فِى الصُّوْرَةِ الْاُوْلٰى وَالثَّالِثَةِ اَنْ يَّعْمَلَ الثَّانِىْ وَدَلِيْلُهُ لُزُوْمُ اَحَدِ الْاَمْرَيْنِ اِمَّا حَذْفُ الْفَاعِلِ اَوِ الْاِضْمَارُ قَبْلَ الذِّكْرِ وَكِلَاهُمَا مَحْظُوْرَانِ وَهٰذَا فِى الْجَوَازِ

অনুবাদ॥ দ্বিতীয়ঃ উভয় ফে'ল ইসমটিকে مفعول বানাতে চায়। যথা- ضَرَبْتُ وَاَكْرَمْتُ زَيْدًا **তৃতীয়ঃ** ফে'ল দু'টি উক্ত ইসমকে فاعل ও مفعول বানানোর ব্যাপারে দ্বন্দ্ব করে,প্রথমটি চায় فاعل আর দ্বিতীয়টি চায় مفعول। যথা- ضَرَبَنِىْ وَ اَكْرَمْتُ زَيْدًا - **চতুর্থ ঃ** হল তৃতীয় অবস্থার বিপরীত। যথা- ضَرَبْتُ وَاَكْرَمَنِىْ زَيْدٌ-

দ্বন্দ্বের সমাধান ঃ জেনে রেখো যে, অত্র চারো ছুরতে প্রথম ও দ্বিতীয় فعل এর যে কোন একটির আমল দেয়া বৈধ। তবে ইমাম ফাররা র. প্রথম ও তৃতীয় অবস্থায় দ্বিতীয় ফেলে'র আমল দেয়ার ক্ষেত্রে মতভেদ করেন। তাঁর দলীল হল, এতে (১) حذف فاعل (ফায়েল বিলুপ্ত হওয়া) ও (২) اِضْمَارُ قَبْلَ الذِّكْرِ (مرجع উল্লেখের পূর্বে যমীর উল্লেখ করা) এর যে কোন একটি অপরিহার্য হয়ে পড়ে। আর এ দু'টো বিষয়ই নিষিদ্ধ। এ মতভেদ হল জায়েয হওয়া (না হওয়া)-এর ব্যাপারে।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاعْلَمْ اَنَّ فِىْ جَمِيْعِ الخ ঃ فِعْل এর تَنَازُعْ এর ছুরত বর্ণনার পর মুসান্নিফ র. উভয় ফে'লের আমলের ছুরত বর্ণনা করছেন। এ ব্যাপারে সারকথা এই যে, উপরোক্ত চারো ছুরতে অনির্দিষ্টভাবে যে কোন فعل এর আমল দেয়া সবার মতে জায়েয (একমাত্র ইমাম ফাররা র -এর মতে প্রথম ও তৃতীয় প্রকারের মধ্যে দ্বিতীয় ফে'লের আমল দেয়া জায়য নেই) তবে মতভেদ হল আমল দেয়া উত্তম হওয়ার ব্যাপারে। বসরীগণ দ্বিতীয় ফে'লের আমল দেয়াকে প্রাধান্য দেন। আর কূফীগণ প্রথম ফে'লের আমল দেয়াকে প্রাধান্য দেন।

قوله خِلَافًا لِلْفَرَّاءِ الخ ঃ ইমাম ফাররা (র.) এর মতে ১ম ও ৩য় ছূরতে (তথা প্রথম فعل যদি فاعل চায় তাহলে উল্লিখিত اسم কে তারই معمول বানাতে হবে। এর কারণ এই যে, অন্যথায় দুটি অসুবিধা সৃষ্টি হয়।

(ক) اِضْمَارُ قَبْلَ الذِّكْرِ (مرجع উল্লেখ না করে যমীর ব্যবহার)

(খ) অথবা حَذْفُ الْفَاعِلِ (ফায়েল বিলোপ করা) আর নাহুর মূলনীতিতে উভয়ট নিষিদ্ধ। কেননা فاعل হল বাক্যের বিশেষ অংশ। সুতরাং তার স্থলাভিষিক্ত শব্দ ছাড়া তাকে حذف করার অর্থ হল বাক্য কে পঙ্গু বানান। যেমন- ضَرَبَنِىْ وَاَكْرَمَنِىْ زَيْدٌ এর زيد কে اَكْرَمَنِىْ ফায়েল বানালে ضَرَبَنِىْ এর ফায়েল হয় محذوف বলতে হয় নতুবা ضمير ফায়েল বলতে হয়। অথচ পূর্বে কোন مرجع নেই।

وَأَمَّا الْإِخْتِيَارُ فَفِيهِ خِلَافُ الْبَصْرِيِّينَ فَإِنَّهُمْ يَخْتَارُونَ إِعْمَالَ الْفِعْلِ الثَّانِي اعْتِبَارًا لِلْقُرْبِ وَالْجِوَارِ وَالْكُوفِيُّونَ يَخْتَارُونَ إِعْمَالَ الْفِعْلِ الْأَوَّلِ مُرَاعَاةً لِلتَّقْدِيمِ وَالْإِسْتِحْقَاقِ -

---

অনুবাদ ॥ তবে পসন্দনীয় হওয়ার ব্যাপারে বসরী নাহভীদের ভিন্নমত রয়েছে। তারা নিকটবর্তী ও প্রতিবেশী হওয়ার কারণে দ্বিতীয় فعل কে আমল দেয়া উত্তম মনে করেন। আর কুফী নাহভীগণ আগে আসা ও অগ্রাধিকারের বিবেচনায় আমল দেয়া উত্তম মনে করেন।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَأَمَّا فِي الْإِخْتِيَارِ الخ অর্থাৎ বসরী ও কূফীগণের মধ্যে মতভেদ কেবল পছন্দনীয় অপছন্দনীয় হওয়ার ব্যাপারে। বসরীগণ দ্বিতীয় فعل এর আমল দেয়াকে প্রাধান্য দেন। কয়েকটি কারণে। ১. দ্বিতীয় فعل টি প্রথম معمول এর তুলনায় فعل এর নিকটতম প্রতিবেশী। অতএব আগে তার চাহিদা পূরণ করাই যুক্তিযুক্ত।

২. প্রথম فعل কে عامل বানালে عامل ও معمول এর মধ্যে فاصله (ব্যবধান) হয়ে যায়, পক্ষান্তরে ২য় فعل এর ক্ষেত্রে এমনটি হয় না।

৩. কুরআন মজীদে এ ধরনের জায়গায় দ্বিতীয় فعل এর عمل দেয়া হয়েছে যেমন– فَيَقُولُ هَاؤُمُ اقْرَءُوا كِتَابِيَهْ এখানে كِتَاب কে اِقْرَءُوا ফে'লের معمول বানান হয়েছে। কেননা এটি পূর্বের فعل এর معمول হলে اِقْرَءُوهُ হত।

৪. فصيح সাহিত্যিকগণের বাক্যে দ্বিতীয় فعل এর আমল দেয়া হয়েছে। যথা–

قَضَى كُلُّ ذِي دَيْنٍ فَوَفَّى غَرِيْمَهُ * وَعَزَّةُ مَمْطُوْلٌ مُعَنًّى غَرِيْمُهَا

এখানে شعر এর উভয় পংক্তিতে দ্বিতীয় فعل এর আমল দেয়া হয়েছে। অন্যথায় فوفاه ও غريمها হত

قوله وَالْكُوفِيُّونَ يَخْتَارُونَ الخ ঃ কুফীগণের মতে প্রথম فعل এর আমল দেয়া উত্তম হওয়ার কারণ এই যে,

১. যে আগে আসে তার অধিকার বেশী থাকে।

২. দ্বিতীয় فعل এর আমল দিলে إِضْمَارٌ قَبْلَ الذِّكْرِ জরুরী হয়ে পড়ে। আর এটা দোষণীয়।

أَفْصَحُ الشُّعَرَاءِ উপাধীতে ভূষিত কবি ইমরাউল কায়েসের কবিতায় প্রথম فعل এর আমল দেয়া হয়েছে। যথা– وَلَوْ أَنَّمَا أَسْعَى لِأَدْنَى مَعِيشَةٍ * كَفَانِي وَلَمْ أَطْلُبْ قَلِيلٌ مِّنَ الْمَالِ এর মধ্যে قليل কে كَفَانِي এর فاعل ফায়েল বানান হয়েছে।

★ বসরীগণ এর জবাব দেন যে, এ শে'রটি بَابِ تَنَازُعْ এর অন্তর্ভুক্ত নয়। বরং قَلِيلٌ শব্দটি كَفَانِي এর ফায়েল, আর وَلَمْ أَطْلُبْ এর مفعول (الْعِزُّ وَالْمَجْدُ) উহ্য রয়েছে। এর পরবর্তী শে'র –

وَلٰكِنَّمَا أَسْعَى لِمَجْدٍ مُّؤَثَّلٍ * وَقَدْ يُدْرِكُ الْمَجْدَ الْمُؤَثَّلَ أَمْثَالِي এর قرينة দ্বারা বুঝা যায়। কেননা প্রথম শে'রে لو শর্ত রয়েছে। এটি شرط ও جزاء মিলে مثبت কে منفى ও منفى কে مثبت বানিয়ে দেয়। আর এর উপর কোন কিছুকে عطف করলে তার মধ্যেও এ অবস্থা হয়। সুতরাং اَنَّمَا اَسْعَى হল شرط আর كَفَانِي হল جزاء উভয়টি مثبت (হ্যাঁ বাচক) অর্থ হল– সাধারণ জীবন যাপনের জন্য যদি আমার প্রচেষ্টা হত, তাহলে সামান্য সম্পদ আমার জন্য যথেষ্ট হত। এখানে কায়েদা অনুযায়ী উভয় ফে'ল منفى হলে অর্থ হবে। আমি সাধারণ জীবন-যাপনের চেষ্টা করিনা, আর সামান্য সম্পদ আমার জন্য যথেষ্টও নয়। একইভাবে পরবর্তী অংশ لَمْ أَطْلُبْ এর অর্থ হবে وَأَطْلُبُ (আর আমি কামনা করি) এখন এটা যদি قَلِيلٌ مِّنَ الْمَالِ নিয়ে كَفَانِي এর সাথে تنازع করে তাহলে অর্থ হবে "আমি সামান্য সম্পদ কামনা করি" এতে পূর্বের ও পরের অর্থের মধ্যে تَنَاقُضْ তথা বৈপরিত্ব প্রমাণিত হয়। বস্তুত এর মাফউল হল اَلْمَجْدُ الْمُؤَثَّلُ (সম্মান প্রতিপত্তি) যা পরবর্তী শে'র দ্বারা বুঝা যায়। এতে অর্থ ও সঠিক হয়।

فَإِنْ أَعْمَلْتَ الثَّانِيَ فَانْظُرْ إِنْ كَانَ الْفِعْلُ الْأَوَّلُ يَقْتَضِي الْفَاعِلَ أَضْمَرْتَهُ فِي الْأَوَّلِ كَمَا تَقُولُ فِي الْمُتَوَافِقَيْنِ ضَرَبَنِي وَأَكْرَمَنِي زَيْدٌ وَضَرَبَانِي وَأَكْرَمَنِي الزَّيْدَانِ وَضَرَبُونِي وَأَكْرَمَنِي الزَّيْدُوْنَ وَفِي الْمُتَخَالِفَيْنِ ضَرَبَنِي وَأَكْرَمْتُ زَيْدًا وَضَرَبَانِي وَأَكْرَمْتُ الزَّيْدَيْنِ وَضَرَبُونِي وَأَكْرَمْتُ الزَّيْدِيْنَ وَإِنْ كَانَ الْفِعْلُ الْأَوَّلُ يَقْتَضِي الْمَفْعُوْلَ وَلَمْ يَكُنِ الْفِعْلَانِ مِنْ أَفْعَالِ الْقُلُوْبِ حُذِفَتِ الْمَفْعُوْلُ مِنَ الْفِعْلِ الْأَوَّلِ كَمَا تَقُوْلُ فِي الْمُتَوَافِقَيْنِ ضَرَبْتُ وَأَكْرَمْتُ زَيْدًا وَضَرَبْتُ وَأَكْرَمْتُ الزَّيْدَيْنِ وَضَرَبْتُ وَأَكْرَمْتُ الزَّيْدِيْنَ وَفِي الْمُتَخَالِفَيْنِ ضَرَبْتُ وَأَكْرَمَنِي زَيْدٌ ضَرَبْتُ وَأَكْرَمَنِي الزَّيْدَانِ وَضَرَبْتُ وَأَكْرَمَنِي الزَّيْدُوْنَ وَإِنْ كَانَ الْفِعْلَانِ مِنْ أَفْعَالِ الْقُلُوْبِ يَجِبُ إِظْهَارُ الْمَفْعُوْلِ لِلْفِعْلِ الْأَوَّلِ كَمَا تَقُوْلُ حَسِبَنِي مُنْطَلِقًا وَحَسِبْتُ زَيْدًا مُنْطَلِقًا إِذْ لَا يَجُوْزُ حَذْفُ الْمَفْعُوْلِ مِنْ أَفْعَالِ الْقُلُوْبِ وَإِضْمَارُ الْمَفْعُوْلِ قَبْلَ الذِّكْرِ هٰذَا هُوَ مَذْهَبُ الْبَصْرِيِّيْنَ ـ

অনুবাদ ॥ যদি তুমি (বসরীদের মতানুযায়ী) দ্বিতীয় ফে'লকে عَامِلْ বানাতে চাও তবে দেখতে হবে যে, প্রথম فعل টি যদি فاعل চায় তাহলে তার মধ্যে فاعل-এর একটি যমীর বা সর্বনাম আন। সুতরাং উভয় ফে'লের চাহিদা এক হওয়া অবস্থায় তুমি বলবে (এক বচনে) ضَرَبَنِي وَ أَكْرَمَنِي زَيْدٌ - (দ্বিবচনে) ضَرَبَانِي وَ أَكْرَمَنِي الزَّيْدَانِ - আর (বহুবচনে) ضَرَبُونِي وَأَكْرَمَنِي الزَّيْدُوْنَ - চাহিদার ক্ষেত্রে উভয় ফে'ল ভিন্ন হওয়ার অবস্থায় তুমি বলবে (একবচনে) ضَرَبَنِي وَ أَكْرَمْتُ زَيْدًا - (দ্বিবচনে) ضَرَبَانِي وَ أَكْرَمْتُ الزَّيْدَيْنِ - (বহুবচনে) ضَرَبُونِي وَ أَكْرَمْتُ الزَّيْدِيْنَ-

আর যদি প্রথম ফে'লে মাফউল চায় এবং فعل দু'টি أَفْعَالِ قُلُوبْ এর অন্তর্ভুক্ত না হয়, তাহলে প্রথম فعل এর মাফউলকে বিলুপ্ত করা হবে। যেমন চাহিদার ক্ষেত্রে উভয় فعل এক হওয়া অবস্থায় তুমি বলবে- (একবচনে) ضَرَبْتُ وَ أَكْرَمْتُ زَيْدًا - (দ্বিবচনে) ضَرَبْتُ وَ أَكْرَمْتُ الزَّيْدَيْنِ - (বহুবচনে) ضَرَبْتُ وَ أَكْرَمْتُ الزَّيْدِيْنَ - এবং চাহিদার ক্ষেত্রে উভয় ফে'ল ভিন্ন হওয়ার অবস্থায় বলবে- (একবচনে)- ضَرَبْتُ وَ أَكْرَمَنِي زَيْدٌ - (দ্বিবচন) ,ضَرَبْتُ وَ أَكْرَمَنِي الزَّيْدَانِ (বহুবচনে) ضَرَبْتُ وَ أَكْرَمَنِي الزَّيْدُوْنَ - কিন্তু যদি উভয় ফে'ল افعالِ قُلوبْ -এর অন্তর্ভুক্ত হয় তবে প্রথম ফে'লের মাফউলকে প্রকাশ করা ওয়াজিব। যেমন তুমি বলবে- حَسِبَنِي مُنْطَلِقًا وَحَسِبْتُ زَيْدًا مُنْطَلِقًا, কেননা أَفْعَالِ قلوب -এর মাফউলকে বিলুপ্ত করা এবং مرجع উল্লেখের পূর্বে যমীর উল্লেখ করা বৈধ নয়। এটা বসরী নাহভীদের অভিমত।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله فَإِنْ أَعْمَلْتَ ঃ এর দ্বারা মুসান্নিফ (র.) তার পসন্দনীয় বিসরিয়ীনের মাযহাবের বর্ণনা দিচ্ছেন, কেননা পূর্বে তাদের অভিমতকেই আগে উল্লেখ করেছেন, সুতরাং ব্যাখ্যার ক্ষেত্রে ও তাদেরটা আগে আসা সমীচীন। (পরিভাষায় একে لَفٌّ نَشْرٌ مُرَتَّبٌ বলে) তিনি বলেন– দ্বিতীয় ফে'লের আমল দিতে চাইলে পূর্বোক্ত

৪ ছূরতের প্রথম ছূরত তথা উভয় ফে'ল যদি ফায়েল চায় তাহলে (১) প্রথম ফে'লের মধ্যে اسم ظاهر অনুযায়ী واحد، تثنيه، جمع ও مذكر، مؤنث এর যমীর আনতে হবে। যেমন–

১. ضَرَبَنِيْ وَاَكْرَمَنِيْ زَيْدٌ এর মধ্যে উহ্য هُوَ ফায়েল

২. ضَرَبَانِيْ ـ ضَرَبَانِيْ وَاَكْرَمَنِي الزَّيْدَانِ এর মধ্যে উহ্য الف যমীর ফায়েল।

৩. ضَرَبُوْا ـ ضَرَبُوْنِيْ وَاَكْرَمَنِي الزَّيْدُوْنَ এর মধ্যে উহ্য واو যমীর ফায়েল।

مؤنث এর ক্ষেত্রে যেমন–

ضَرَبَتْنِيْ وَاَكْرَمَتْنِي الْفَاطِمَةُ ـ ضَرَبَتَانِيْ وَاَكْرَمَتَانِي الْفَاطِمَتَانِ ـ ضَرَبْتَنِيْ وَاَكْرَمْتَنِي الْفَاطِمَاتُ

(২) যদি চাহিদার দিক দিয়ে প্রথম ফে'ল ফায়েল চায় আর দ্বিতীয়টি মাফউল চায় তাহলে বলা হবে–

১. ضَرَبَنِيْ وَاَكْرَمْتُ زَيْدًا – زَيْدًا হল اَكْرَمْتُ এর مفعول আর ضَرَبَنِيْ এর فَاعِل হল যমীর।

২. ضَرَبَانِيْ وَاَكْرَمْتُ الزَّيْدَيْنِ - اَلزَّيْدَيْنِ হল اَكْرَمْتُ এর مفعول – আর ضَرَبَانِيْ এর যমীর হল فاعِل।

৩. ضَرَبُوْنِيْ وَاَكْرَمْتُ الزَّيْدِيْنَ - اَلزَّيْدِيْنَ হল اكرمتُ এর مفعول, আর ضربونِيْ এর যমীর হল فاعِل

উপরোক্ত ছূরতে যদিও اِضْمَار قَبْلَ الذِكر হয় কিন্তু فاعل বাক্যের শক্তিশালী অঙ্গ হিসেবে জায়েয।

قوله وَاِنْ اَعْمَلْتَ الْفِعْلَ الْاَوَّلَ ঃ এ দ্বারা মুসান্নিফ র. বিসরিয়্যীনের মাযহাব মতে তৃতীয় ও চতুর্থ ছূরতের ব্যাখ্যা দিচ্ছেন যে, প্রথম فعل যদি مفعول চায় আর কোন فعل ـ افعال قلوب এর অন্তর্গত না হয় তাহলে مفعول কে فضله (অতিরিক্ত) হিসেবে বিলোপ করবে, আর اسم ظاهر কে দ্বিতীয় فعل এর معمول বানাবে। এক্ষেত্রে مفعول কে উল্লেখ করার বা যমীর নিয়ে আসার কোন উপায় নেই। مفعول কে উল্লেখ করলে تَكْرَارِ مَفْعُوْل (একাধিকবার উল্লেখ করা) আর যমীর আনলে فَضْلَة এর ক্ষেত্রে اِضْمَارُ قَبْلَ الذِّكْر আবশ্যিক হয়। আর উভয়টিই দোষণীয়, অতএব حذف করাই উত্তম। আর দ্বিতীয় فعل টি فاعل চাইলে যমীর فاعل হবে। যেমন নিম্নের চিত্রে লক্ষ কর–

উভয় ফে'ল مفعول চায়	ضَرَبْتُ وَاَكْرَمْتُ زَيْدًا	ضَرَبْتُ وَاَكْرَمْتُ الزَّيْدَيْنِ	ضَرَبْتُ وَاَكْرَمْتُ الزَّيْدِيْنَ
প্রথমটি مفعول ও ২য়টি فاعل চায়	ضَرَبْتُ وَاَكْرَمَنِيْ زَيْدٌ	ضَرَبْتُ وَاكرمنِي الزيدَانِ	ضَرَبْتُ واكرمَنِيْ الزيدُوْنَ

قوله وَاِنْ كَانَ الْفِعْلَانِ الخ ঃ আর উভয় فعل যদি اَفْعَالِ قُلُوْب থেকে হয় তাহলে বসরীগণের মতে দ্বিতীয় فعل এর আমল দিতে হলে প্রথম فعل এর مفعول কে উল্লেখ করা দু' কারণে জরুরী। (ক) افعالِ قُلوب এর দু' مفعول এর কোন একটিকে حذف করা জায়েয নেই। (খ) আর যমীর আনাও জায়েয নেই। কারণ ২য় فعل এর আমল দিলে প্রথম فعل এর مفعول এর যমীর পরবর্তী اسم এর দিকে ফিরবে। ফলে اِضْمَارُ قَبْلَ الذِّكر লাযেম আসবে, আর মাফউল فَضْلَه হওয়ার কারণে তার জন্য اِضْمَارُ قَبْلَ الذِّكْر আনা জায়েয নেই। সুতরাং মাফউল উল্লেখ করা জরুরী সাব্যস্ত হল। যেমন– ১. حَسِبَنِيْ مُنْطَلِقًا وَحَسِبْتُ زَيْدًا مُنْطَلِقًا যায়েদ আমাকে চলন্ত মনে করেছে, আর আমিও যায়েদ কে চলন্ত ভেবেছি। এখানে ও পরবর্তী উদাহরণদ্বয়ে حَسِبَنِيْ এর فاعل হল هُوَ যমীর টি পরে উল্লিখিত زيدا এর দিকে ফিরেছে। ى متكلم এক মাফউল, আর مُنْطَلِقٌ আরেক মাফউল। আর পরবর্তী حَسِبْتُ এর যমীর تُ ফায়েল এবং زَيْدًا ও مُنْطَلِقًا হল দুই মাফউল (অতএব এ উদাহরণে تَنَازُعْ ছিল زَيْدًا সম্পর্কে, তা মিটে গেল।)

وَأَمَّا إِنْ أَعْمَلْتَ الْفِعْلَ الْأَوَّلَ عَلٰى مَذْهَبِ الْكُوفِيِّيْنَ فَانْظُرْ إِنْ كَانَ الْفِعْلُ الثَّانِيْ يَقْتَضِي الْفَاعِلَ أَضْمَرْتَ الْفَاعِلَ فِي الْفِعْلِ كَمَا تَقُوْلُ فِي الْمُتَوَافِقَيْنِ ضَرَبَنِيْ وَأَكْرَمَنِيْ زَيْدٌ وَضَرَبَنِيْ وَأَكْرَمَانِي الزَّيْدَانِ وَضَرَبَنِيْ وَأَكْرَمُوْنِي الزَّيْدُوْنَ وَفِي الْمُتَخَالِفَيْنِ ضَرَبْتُ وَأَكْرَمَنِيْ زَيْدًا وَضَرَبْتُ وَأَكْرَمَانِي الزَّيْدَيْنِ وَضَرَبْتُ وَأَكْرَمُوْنِي الزَّيْدِيْنَ وَإِنْ كَانَ الْفِعْلُ الثَّانِيْ يَقْتَضِي الْمَفْعُوْلَ وَلَمْ يَكُنِ الْفِعْلَانِ مِنْ أَفْعَالِ الْقُلُوْبِ جَازَ فِيْهِ الْوَجْهَانِ حَذْفُ الْمَفْعُوْلِ وَالْإِضْمَارُ وَالثَّانِيْ هُوَ الْمُخْتَارُ لِيَكُوْنَ الْمَلْفُوْظُ مُطَابِقًا لِلْمُرَادِ

অনুবাদ ॥ আর কূফীদের মাযহাব অনুযায়ী প্রথম فعل এর আমল দিলে দ্বিতীয় فعل যদি فاعل চায় তাহলে দ্বিতীয় فعل এর মধ্যে فاعلএর যমীর আনবে। যেমন– উভয় ফে'লের চাহিদা এক হওয়ার ক্ষেত্রে তুমি বলবে– ضَرَبَنِيْ وَ أَكْرَمَنِيْ زَيْدٌ ، ضَرَبَنِيْ وَ أَكْرَمَانِي الزَّيْدَانِ ، ضَرَبَنِيْ وَ أَكْرَمُوْنِي الزَّيْدُوْنَ
এবং উভয় فعل এর চাহিদা ভিন্ন হওয়া অবস্থায় বলবে–

ضَرَبْتُ وَ أَكْرَمَنِيْ زَيْدًا - ضَرَبْتُ وَ أَكْرَمَانِي الزَّيْدَيْنِ - ضَرَبْتُ وَ أَكْرَمُوْنِي الزَّيْدِيْنَ -

আর যদি দ্বিতীয় فعل মাফউল চায় এবং দু'টি فعل أَفْعَالِ قُلُوْبُ -এর অন্তর্ভুক্ত না হয় তবে এ ক্ষেত্রে দু'টি অবস্থা জায়েয। যথা– (১) مفعول বিলুপ্ত করা। (২) مفعول এর যমীর আনা। তবে যমীর আনাই পসন্দনীয়। কেননা তা উদ্দেশ্যের অনুকূলে হয়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَأَمَّا إِنْ أَعْمَلْتَ الخ ঃ এখান থেকে কূফীগণের মতের বিবরণ শুরু করা হয়েছে। তাঁদের মতে প্রথম فعل এর আমল দেয়া পসন্দনীয়। সুতরাং প্রথম ও তৃতীয় ছূরত (অর্থাৎ প্রথম فعل যদি فاعل চায় তাহলে اسم ظاهر কে তার ফায়েল বানাতে হবে। আর দ্বিতীয় فعل টিও فاعل চায় তাহলে ضمير তার فاعل হবে এবং مفعول হযফ হবে। কেননা এক্ষেত্রে শব্দগতভাবে যদিও اضمار قبل الذكر হয় কিন্তু স্থান ও মর্যাদার দিক দিয়ে তা আগেই উল্লেখ হচ্ছে। কারণ অর্থগতভাবে তা প্রথম ফে'লেরই معمول হচ্ছে। আর শাস্ত্র মতে এটা দোষণীয় নয়। যেমন–

চাহিদা	اسم ظاهر একবচন হলে	اسم ظاهر দ্বিবচন হলে	اسم ظاهر বহুবচন হলে
১. উভয়টি فاعل চায়	ضَرَبَنِيْ وَأَكْرَمَنِيْ زَيْدًا	ضَرَبَنِيْ وَأَكْرَمَانِي الزَّيْدَانِ	ضَرَبَنِيْ وَاكرمُوْنِي الزَّيْدُوْنَ
২. ১মটি فاعل ২য়টি مفعول	ضَرَبَنِيْ وَأَكْرَمْتُ زيدٌ	ضَرَبَنِيْ واكرمْتُ الزَّيدَانِ	ضَرَبَنِي وَاكرمْتُ الزَّيدُوْنَ

প্রথম উদাহরণে زَيْدٌ হল ضَرَبَنِيْ এর ফায়েল, اكرَمَنِيْ এর ফায়েল হল যমীর, نونِ وِقَايَه يائے متكلم হল উভয়টির মাফউল। আর দ্বিতীয় উদাহরণে ضَرَبْتُ এর مفعول হল زَيْدًا আর أَكْرَمَنِيْ এর যমীর হল فاعل যা শাব্দিক দিক দিয়ে পরে কিন্তু ضَرَبْتُ এর মাফউল সে হিসেবে আগে।

قوله وَإِنْ كَانَ الْفِعْلُ الثَّانِيْ الخ ঃ দ্বিতীয় فعل যদি اسم ظاهر কে مفعولবানাতে চায় আর কোনটি فعل قلب না হয় এক্ষেত্রে কূফীগণের মতে প্রথম ফে'লের আমল দিতে চাইলে দ্বিতীয় ফে'লের মাফউলকে حذف করা বা মাফউলের যমীর আনা উভয়ই জায়েয, তবে যমীর আনাই উত্তম, যাতে اسم ظاهر টি তার مرجع হয়ে مفعول স্পষ্টাকরে বুঝায়। উপরন্তু যমীর আনাটাই تَنَازُعْ এর দলিল হবে যে, উক্ত اسم ظاهر নিয়েই تنازع -

اَمَّا اَلْحَذْفُ فَكَمَا تَقُوْلُ فِى الْمُتَوَافِقَيْنِ ضَرَبْتُ وَاَكْرَمْتُ زَيْدًا وَضَرَبْتُ وَاَكْرَمْتُ الزَّيْدَيْنِ وَضَرَبْتُ وَاَكْرَمْتُ الزَّيْدِيْنَ وَفِى الْمُتَخَالِفَيْنِ ضَرَبَنِىْ وَاَكْرَمْتُ زَيْدٌ وَضَرَبَنِىْ وَاَكْرَمْتُ الزَّيْدَانِ وَضَرَبَنِىْ وَاَكْرَمْتُ الزَّيْدُوْنَ ـ وَاَمَّا الْاِضْمَارُ فَكَمَا تَقُوْلُ فِى الْمُتَوَافِقَيْنِ ضَرَبْتُ وَاَكْرَمْتُهُ زَيْدًا وَضَرَبْتُ واكرمتهما الزَّيْدَيْنِ وَضَرَبْتُ وَاَكْرَمْتُهُمْ الزَّيْدِيْنَ وَفِى الْمُتَخَالِفَيْنِ ضَرَبَنِىْ وَاَكْرَمْتُهُ زَيْدٌ وَضَرَبَنِىْ وَاَكْرَمْتُهُمَا الزَّيْدَانِ وَضَرَبَنِىْ وَاَكْرَمْتُهُمْ الزَّيْدُوْنَ ـ

অনুবাদ ॥ বিলুপ্ত করার ক্ষেত্রে উভয় فعل-এর চাহিদা এক হওয়া অবস্থায় তুমি বলবে–
ضَرَبْتُ وَ اُكْرَمْتُ الزَّيْدِيْنَ - ضَرَبْتُ وَ اُكْرَمْتُ الزَّيْدَيْنِ - ضَرَبْتُ وَ اَكْرَمْتُ زَيْدًا এবং উভয় فعل এর চাহিদা পরস্পর বিরোধী হওয়া অবস্থায় তুমি বলবে–

ضَرَبَنِىْ وَ اَكْرَمْتُ الزَّيْدُوْنَ - ضَرَبَنِىْ وَ اَكْرَمْتُ الزَّيْدَانِ - ضَرَبَنِىْ وَ اُكْرَمْتُ زَيْدًا

যমীর আনার ক্ষেত্রে উভয় فعل-এর চাহিদা এক হলে তুমি বলবে–
ضَرَبْتُ وَ اَكْرَمْتُهُمْ الزَّيْدِيْنَ ـ ضَرَبْتُ وَ اَكْرَمْتُهُمَا الزَّيْدَيْنِ- ضَرَبْتُ وَ اَكْرَمْتُهُ زَيْدًا এবং উভয় فعل-এর চাহিদা পরস্পর বিরোধী হলে তুমি বলবে–

ضَرَبَنِىْ وَ اَكْرَمْتُهُمْ الزَّيْدُوْنَ - ضَرَبَنِىْ وَ اَكْرَمْتُهُمَا الزَّيْدَانِ - ضَرَبَنِىْ وَ اَكْرَمْتُهُ زَيْدٌ ـ

প্রাসঙ্গিক আলোচনা ঃ قَوْلُهُ اَمَّا الْحَذْفُ الخ দ্বিতীয় ফে'লের মাফউল حذف করার উদাহরণ নিম্নরূপ–

চাহিদা	اسم ظاهر একঃ হলে	اسم ظاهر দ্বিঃ হলে	اسم ظاهر বহুঃ হলে
১. উভয় فعل - مفعول চায়	ضَرَبْتُ وَاَكْرَمْتُ زَيْدًا	ضَرَبْتُ وَاَكْرَمْتُ الزَّيْدَيْنِ	ضَرَبْتُ وَاَكْرَمْتُ الزَّيْدِيْنَ
২. ১মটি فاعل ২য়টি مفعول চায়	ضَرَبَنِىْ وَاَكْرَمْتُ زَيْدٌ	ضَرَبَنِىْ وَاَكْرَمْتُ الزَّيْدَانِ	ضَرَبَنِىْ وَاَكْرَمْتُ الزَّيْدُوْنَ

উপরের উদাহরণগুলোতে زَيْدٌ - اسم ظاهر টি ضَرَبْتُ এর مفعول ও اَكْرَمْتُ এর مفعول বিলুপ্ত।
নিচের উদাহরণ গুলোতে زَيْدٌ - اسم ظاهر টি ضَرَبَنِىْ এর فاعل ও اكرمتُ এর مفعول বিলুপ্ত।
قَوْلُهُ وَاَمَّا الْاِضْمَارُ ঃ اسم ظاهر এ প্রথম فعل-এর আমল দিয়ে দ্বিতীয় فعل এর যমীর আনার উদাহরণ

চাহিদা	اسم ظاهر একঃ হলে	اسم ظاهر দ্বিঃ হলে	اسم ظاهر বহুঃ হলে
উভয় فعل ، مفعول চায়	ضَرَبْتُ وَاَكْرَمْتُهُ زَيْدًا ـ	ضَرَبْتُ وَاَكْرَمْتُهُمَا الزَّيْدَيْنِ	ضَرَبْتُ وَاَكْرَمْتُهُمْ الزَّيْدِيْنَ
১মটি فاعل ২য়টি مفعول চায়	ضَرَبَنِىْ وَاَكْرَمْتُهُ زَيْدٌ	ضَرَبَنِىْ وَاَكْرَمْتُهُمَا الزَّيْدَانِ	ضَرَبَنِىْ وَاَكْرَمْتُهُمْ الزَّيْدُوْنَ

উপরের প্রথম ছূরত সমূহে زيد হল ضَرَبْتُ এর মাফউল, আর اَكْرَمْتُهُ এর মাফউল হল যমীর। নিচের উদাহরণসমূহে زيد হল ضَرَبَنِى এর فاعل. আর اَكْرَمْتُهُ এর মাফউল হল যমীর।

وَاَمَّا اِذَا كَانَ الْفِعْلَانِ مِنْ اَفْعَالِ الْقُلُوبِ فَلَا بُدَّ مِنْ اِظْهَارِ الْمَفْعُولِ كَمَا تَقُولُ حَسِبَنِيْ وَحَسِبْتُهُمَا مُنْطَلِقَيْنِ الزَّيْدَانِ مُنْطَلِقًا وَذٰلِكَ لِاَنَّ حَسِبَنِيْ وَحَسِبْتُهُمَا تَنَازَعَا فِيْ مُنْطَلِقًا وَاَعْمَلْتَ الْاَوَّلَ هُوَ حَسِبَنِيْ وَاَظْهَرْتَ الْمَفْعُولَ فِي الثَّانِيْ فَاِنْ حَذَفْتَ مُنْطَلِقَيْنِ وَقُلْتَ حَسِبَنِيْ وَحَسِبْتُهُمَا الزَّيْدَانِ مُنْطَلِقًا يَلْزَمُ الْاِقْتِصَارُ عَلٰى اَحَدِ الْمَفْعُولَيْنِ فِيْ اَفْعَالِ الْقُلُوبِ وَهُوَ غَيْرُ جَائِزٍ وَاِنْ اَضْمَرْتَ فَلَا يَخْلُوْ مِنْ اَنْ تُضْمِرَ مُفْرَدًا وَتَقُولُ حَسِبَنِيْ وَحَسِبْتُهُمَا اِيَّاهُ الزَّيْدَانِ مُنْطَلِقًا وَحِيْنَئِذٍ لَا يَكُوْنُ الْمَفْعُولُ الثَّانِيْ مُطَابِقًا لِلْمَفْعُولِ الْاَوَّلِ وَهُوَ هُمَا فِيْ قَوْلِكَ حَسِبْتُهُمَا وَلَا يَجُوْزُ ذٰلِكَ اَوْ اَنْ تُضْمِرَ مُثَنًّى وَتَقُولُ حَسِبَنِيْ وَحَسِبْتُهُمَا اِيَّاهُمَا الزَّيْدَانِ مُنْطَلِقًا وَحِيْنَئِذٍ يَلْزَمُ عَوْدُ الضَّمِيْرِ الْمُثَنّٰى اِلَى اللَّفْظِ الْمُفْرَدِ وَهُوَ مُنْطَلِقًا الَّذِيْ وَقَعَ فِيْهِ التَّنَازُعُ وَهٰذَا اَيْضًا لَا يَجُوْزُ وَاِذَا لَمْ يَجُزِ الْحَذْفُ وَالْاِضْمَارُ كَمَا عَرَفْتَ وَجَبَ الْاِظْهَارُ ـ

অনুবাদ ॥ আর যদি উভয় ফে'লই اَفْعَالِ قُلُوْبُ -এর অন্তর্ভুক্ত হয়, তবে مفعول -কে প্রকাশকরা অপরিহার্য। যেমন তুমি বলবে– حَسِبَنِيْ وَ حَسِبْتُهُمَا مُنْطَلِقَيْنِ الزَّيدانِ مُنطلقًا – এখানে দ্বিতীয় মাফউল (مُنْطَلِقًا) কে প্রকাশ করার কারণ এই যে, حَسِبَنِيْ ও حَسِبْتُهُمَا - উভয় ফে'লে - مُنْطَلِقًا এর মধ্যে ঝগড়া করছে। আর তুমি প্রথম فعل অর্থাৎ حَسِبَنِيْ-কে আমল করার সুযোগ দিয়েছ এবং দ্বিতীয়টির মধ্যে مفعول প্রকাশ করেছ। (উক্ত উদাহরণে) যদি তুমি مُنْطَلِقَيْنِ-কে বিলুপ্ত করে حَسِبَنِيْ وَ حَسِبْتُهُمَا الزَّيْدَانِ مُنْطَلِقًا বল, তবে افعالِ قُلوب -এর মধ্যে দু' মাফউলের এক মাফউলের উপর সংক্ষেপ করা অপরিহার্য হয়ে পড়ে। অথচ তা না জায়েয।

আর যদি যমীর আন তাহলে (তা দু' অবস্থা হতে মুক্ত নয়) হয়ত একবচনের যমীর আনবে এবং এরূপ বলবে حَسِبَنِيْ وَ حَسِبْتُهُمَا اِيَّاهُ الزَّيْدَانِ مُنْطَلِقًا -এমতাবস্থায় দ্বিতীয় মাফউল প্রথম মাফউলের অনুযায়ী হয় না। আর তা হল حَسِبْتُهُمَا এর মধ্যকার هُمَا সর্বনামটি। অথচ এরূপ সিদ্ধ নয়। অথবা, দ্বিবচনের যমীর (নর্বনাম) আনবে এবং বলবে حَسِبَنِيْ وَحَسِبْتُهُمَا اِيَّاهُمَا الزَّيدانِ مُنطلقًا - এমতাবস্থায় দ্বিবচনের যমীর একবচনের দিকে প্রত্যাবর্তন অপরিহার্য হয়ে পড়ে। আর তাহল منطلقا-আর এর মধ্যেই দ্বন্দ্ব। এটাও সিদ্ধ নয়। সুতরাং যখন মাফউলকে হযফ করা বা তার যমীর আনা কোনটাই বৈধ নয়, যেমন তুমি জানতে পারলে, সুতরাং তা প্রকাশ করাই ওয়াজিব।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاَمَّا اِذَا كَانَ الْفِعْلَانِ الخ ঃ উভয় فعل যদি افعال قلوب এর অন্তর্গত হয় এবং যমীর আনার কোন প্রতিবন্ধক থাকে, আর দ্বিতীয় ফে'ল اسم ظاهر কে مفعول বানাতে চায় তাহলে কূফীগণের মতানুযায়ী প্রথম ফে'লের আমল দিলে দ্বিতীয় ফে'লের মাফউল উল্লেখ করা জরুরী। এক্ষেত্রে মাফউল حذف করা বা যমীর আনা কোনটিই দূরস্ত নয়। যেমন– حَسِبَنِيْ وَحَسِبْتُهُمَا الزَّيْدَانِ مُنْطَلِقًا উভয় فعل প্রথমত الزَّيْدَانِ তমত

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

فَصْلٌ - مَفْعُولُ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ وَهُوَ كُلُّ مَفْعُولٍ حُذِفَ فَاعِلُهُ وَأُقِيمَ هُوَ مَقَامَهُ نَحْوُ ضُرِبَ زَيْدٌ وَحُكْمُهُ فِى تَوْحِيدِ فِعْلِهِ وَتَثْنِيَتِهِ وَجَمْعِهِ وَتَذْكِيرِهِ وَتَانِيثِهِ عَلٰى قِيَاسِ مَاعَرَفْتَ فِى الْفَاعِلِ -

পরিচ্ছেদ ৩ : مَفْعُوْلِ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ প্রসঙ্গ

অনুবাদ ॥ مَفْعُوْلِ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ এর সংজ্ঞা : مَفْعُوْلِ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ (কর্তার স্থলাভিষিক্ত কর্ম পদ বা نائب فاعل) এমন সব مفعول কি বলে যার فاعل কে বিলুপ্ত করে مفعول -কে তার স্থলাভিষিক্ত করা হয়। যেমন- ضُرِبَ زَيْدٌ (যায়েদকে প্রহার করা হয়েছে।)

مفعولِ مَالَمْ يُسَمَّ فاعِلُهُ- এর হুকুম : ফে'লটি একবচন, দ্বি-বচন, পুংলিঙ্গ ও স্ত্রলিঙ্গ আনার ব্যাপারে ঐ বিধানই কার্যকর যা ফায়েলের আলোচনায় অবগত হয়েছে।

প্রাসঙ্গিক আলোচনা : মুসান্নিফ (র.) ফায়েলের আলোচনার পর তার قائم مقام (স্থলাভিষিক্ত) اسم مرفوع এর আলোচনা এনেছেন।

قَوْلُهُ مَالَمْ يُسَمَّ الخ : এখানে لَمْ يُسَمِّ টা لَمْ يُذْكَرْ অর্থে। অর্থাৎ এমন فعل এর مفعول যার فاعل উল্লেখ করা হয়নি।

قوله حُذِفَ فَاعِلُهُ الخ : দ্বারা প্রশ্ন জাগে যে, حذف দ্বারা আগে বিদ্যমান থাকা জরুরী হয়, সুতরাং فاعل কি আগে উল্লেখ ছিল? এর উত্তর এই যে, لم يسم দ্বারা لم يذكر উদ্দেশ্য।

قوله وَأُقِيمَ هُوَ : هُوَ এর مرجع হল مفعول অর্থাৎ فاعل কে উল্লেখ না করে তার স্থলে مفعول উল্লেখ করা হয়েছে।

قَوْلُهُ وَحُكْمُهُ الخ : অথাৎ ফে'ল একবচন, দ্বিবচন, বহুবচন ও মুযাক্কার, মুয়ান্নাছ আনার ব্যাপারে فاعل এর ক্ষেত্রে যে বিধান, নায়েবে ফায়েলের ক্ষেত্রে একই বিধান প্রযাজ্য। সুতরাং فاعل যদি اسم ظاهر হয় তাহলে فعل সর্বদা واحد আনতে হবে। ফায়েল যমীর হলে مرجع অনুযারী تثنيه এর জন্য تثنيه এবং جمع এর জন্য جمع আনতে হবে। যেমন- اَلزَّيْدَانِ ضُرِبَا ، اَلزَّيْدَانِ ضُرِبُوْا - فَاعِل - نائب যদি مؤنثِ حقيقى হয় তাহলে فعل ও مفعول এর মাঝে فاصله না আসলে فعل কে مؤنث আনতে হবে, আর فاصله আসলে উভয় রকমের اِخْتِيَار থাকবে। যেমন- ضُرِبَ الْيَوْم هِنْدٌ ، ضُرِبَتِ الْيَوْم هِنْدٌ ইত্যাদি।

(পূর্বের বাকী অংশ) কে নিয়ে تَنَازُعْ করছে। প্রথম ফে'ল একে ফায়েল বানাতে চায়, আর দ্বিতীয় ফে'লে মাফউল বানাতে চায়, এখন আমল দেয়া হল প্রথম ফে'লের আর দ্বিতীয় ফে'লে هُمَا যমীর মাফউল আনা হল। আর مُنْطَلِقًا কে حَسِبَنِيْ এর মাফউল বানান হল। এখন শুধু حَسِبْتُهُمَا এর দ্বিতীয় مفعول দরকার। যদি حذف করা হয় তা নাজায়েয হয়ে যায়। আর যমীর আনলে তাতেও অসুবিধা দেখা দেয়। কারণ واحد এর যমীর আনলে যমীর ও مُنْطَلِقًا) (مرجع) এর মধ্যে মিল থাকে; কিন্তু هُمَا যমীর এর সাথে মিল থাকে না। অর্থাৎ উভয় মাফউলের মধ্যে تَطَابُقْ হয় না। আবার تثنيه এর যমীর আনলে مرجع (منطلقا) এর সাথে تَوَافُقْ বা মিল থাকে না। অতএব مُنْطَلِقَيْنِ মাফউল উল্লেখ করাই জরুরী হল। সুতরাং বলতে হবে - حَسِبَنِيْ وَحَسِبْتُهُمَا مُنْطَلِقَيْنِ الزَّيْدَانِ مُنْطَلِقًا

★ কেউ প্রশ্ন করতে পারে যে, এতে তো تَنَازُعْ থাকল না, কারণ এর জন্য পর্যায়ক্রমে একই اسم এর মধ্যে উভয়ের আমল সহীহ হওয়া শর্ত, আর এক্ষেত্রে তা থাকছে না? এর জবাব এই যে, اسم দ্বারা শুধু منطلقا উদ্দেশ্য নয় বরং (চলার গুণ) এর সাথে গুণান্বিত হওয়া উদ্দেশ্য চাই তা (وصف اِنْطِلَاقْ) চাই তা واحد হোক বা - تثنيه

فَصْلٌ - اَلْمُبْتَدَأُ وَالْخَبَرُ هُمَا اِسْمَانِ مُجَرَّدَانِ عَنِ الْعَوَامِلِ اللَّفْظِيَّةِ اَحَدُهُمَا مُسْنَدٌ اِلَيْهِ وَيُسَمَّى الْمُبْتَدَأَ وَالثَّانِي مُسْنَدٌ بِهِ وَيُسَمَّى الْخَبَرَ نَحْوُ زَيْدٌ قَائِمٌ

পরিচ্ছেদ-৪ঃ مُبْتَدَا ও خبر (উদ্দেশ্য ও বিধেয়) প্রসঙ্গ

অনুবাদ॥ مبتدا ও خبر- এর সংজ্ঞা ঃ مبتدا ও خبر এমন দু'টি ইসম কে বলে যা প্রকাশ্য عامل হতে মুক্ত হয় এবং তন্মধ্যে একটি হল مسند اليه যাকে মুবতাদা বলা হয় এবং দ্বিতীয়টি مُسْنَدٌ بِهٖ একে خبر বলা হয়। যেমন- زَيْدٌ قَائِمٌ -

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله فَصْلٌ اَلْمُبْتَدَأُ وَالْخَبَرُ ঃ এটা প্রকৃতপক্ষে দুটি فصل - দু'কারণে একত্রে উল্লেখ করা হয়েছে। ১. উভয়টি পরস্পরে مُتَلَازِمٌ তথা অঙ্গাঙ্গিভাবে জড়িত। একটা আরেকটা থেকে কখনো বিচ্ছিন্ন হয় না। ২. عامل এর দিক দিয়েও উভয়ে একই আমিলের অধীনে। অর্থাৎ عَامِلٌ مَعْنَوِيٌّ এর মধ্যে শরীক।

উল্লেখ্য যে, মুবতাদা দু'ধরনের ১. مبتدا টা مسنداليه হবে এখানে এটার আলোচনা করেছেন ২. মুবতাদাটা مسند اليه নয় বরং مسند তথা সিফতের ছীগা। সামনে وَاعْلَمْ اَنَّ لَهُمْ এর পরে তার আলোচনা আসছে।

قوله هُمَا اِسْمَانِ مُجَرَّدَانِ الخ ঃ অর্থাৎ مبتدا ও خبر এমন দুটি اسم যা عامل لفظي হতে খালি।

★ ফায়েদা ঃ (ক) এখানে দু'টি اسم কথাটি عام (ব্যাপকতা সম্পন্ন)। অর্থাৎ حقيقى হোক বা حكمى নতুবা আল্লাহ তাআলার বাণী- وَاَنْ تَصَدَّقُوْا فَهُوَ خَيْرٌ لَّكُمْ দ্বারা প্রশ্ন জাগে, কেননা এতে تَصَدَّقُوْا ফে'লটি تَصَدُّقُكُمْ এর অর্থে হয়ে مبتدا, আর خَيْرٌ لَّكُمْ হল خبر - এভাবে اَنْ تَسْمَعُوْا بِالْمُعَيْدِيْ خَيْرٌ مِّنْ اَنْ تَرَاهُ (মুআয়দীকে দেখার চেয়ে তোমাদের জন্য তার কথা শোনাই উত্তম - কারণ সে অতি কদাকার) এটা سَمْعُكُمْ بِالْمُعَيْدِيْ এর অর্থ হয়ে مبتدا - আর خَيْرٌ مِّنْ اَنْ تَرَاهُ হল তার خبر - একইভাবে زَيْدٌ يَضْرِبُ এ জাতীয় বাক্যে زيد হল مبتدا - আর يَضْرِبُ - ضَارِبٌ-এর অর্থে হয়ে خبر অতএব تاويلى বা اسم حكمى হিসেবে সংজ্ঞা সঠিক।

★ مُحَقِّقِيْنِ نُحَاةْ এর মতে جمله টি تاويل ছাড়াই خبر হতে পারে, এ কারণে অনেকে خبرএর পরিচয়ের ক্ষেত্রে اسم কে বাদ দিয়েছেন।

★ شيخ ابن حاجب رح ও অন্যান্য নাহবীগণের মতে جمله টা تاويل হয়ে ইসম। সে হিসেবে খবরের পরিচয়ে اسم বলা দোষণীয় নয়। আমাদের মুসান্নিফ (র.) ও সম্ভবত এ মাযহাবের অনুসারী।

★ প্রশ্ন ঃ مجرد অর্থ খালিকৃত। আর খালি করতে হলে আগে বিদ্যমান থাকা জরুরী। সুতরাং مبتدا ও خبر এর আগে কি عَامِلٌ لَفْظِيٌّ ছিল?

উত্তর ঃ এখানে امكانِ وُجود ও اِحْتِمَالِ وُجُوْدٌ (তথা থাকার সম্ভাবনা)কে বিদ্যমান থাকার পর্যায়ে গণ্য করে مُجَرَّدَانِ বলা হয়েছে।

★ عَوَامِلُ শব্দটি বহুবচন হিসেবে যদিও তিনের অধিক বুঝায় তবে مَافَوْقَ الْوَاحِدِ এর ক্ষেত্রেও جمع ব্যবহার করা হয়। সুতরাং দুই অমলি থাকার সম্ভাবনা দূর হয়ে যায়, তবে এক আমিল থেকে খালি হওয়া বুঝায় না। এক্ষেত্রে প্রশ্ন নিরসন কল্পে বলা যায় যে, جمع শব্দের উপর الف ولام এলে اِسْتِغْرَاقٌ এর অর্থ দেয়। আর তখন সমস্ত সংখ্যাকে বেষ্টন করে নেয়। অতএব আর কোন প্রশ্নই উঠতে পারে না।

قوله اَحَدُ هُمَا الخ ঃ অর্থাৎ عامل থেকে খালি দু'ইসমের মধ্যে একটি مسند اليه হবে তাকে مبتدا বলে। আর আপরটি হবে مسند তাকে خبر বলে; মুসান্নিফ (র.) অত্র সংজ্ঞায় مبتدا ও خبر কে একত্রে এনেছেন; বস্তুত ভিন্ন ভিন্ন আনাই উচিত ছিল। কাফিয়া গ্রন্থকার প্রত্যেকটির ভিন্ন ভিন্ন সংজ্ঞা দিয়েছেন। মুসান্নিফ (র.) এর বক্তব্য দ্বারা প্রত্যেকটির ভিন্ন ভিন্ন সংজ্ঞা এই- (ক) اَلْمُبْتَدَأُ هُوَ الْاِسْمُ الْمُجَرَّدُ عَنِ الْعَوَامِلِ اللَّفْظِيَّةِ مُسْنَدًا اِلَيْهِ আর خبر এর সংজ্ঞা হল اَلْخَبَرُ هُوَ الْاِسْمُ الْمُجَرَّدُ عَنِ الْعَوَامِلِ اللَّفْظِيَّةِ مُسْنَدًا بِهٖ অত্র সংজ্ঞায় উল্লিখিত- اَلْاِسْمَانِ এর মধ্যে সব দাখিল রয়েছে اَلْمُجَرَّدَانِ দ্বারা ঐসব اسم বের হয়ে গেল যার মধ্যে عامل পাওয়া যায়, যেমন- اِنَّ، كَانَ প্রভৃতি مسند اليه এর দ্বারা قيد ও خبر এর দ্বিতীয় প্রকার খারিজ হয়ে সংজ্ঞাটি جَامِعٌ مَانِعٌ হয়ে গেল।

وَالْعَامِلُ فِيْهِمَا مَعْنَوِيٌّ وَهُوَالْإِبْتِدَاءُ وَأَصْلُ الْمُبْتَدَاءِ اَنْ يَّكُوْنَ مَعْرِفَةً وَاَصْلُ الْخَبَرِ اَنْ يَّكُوْنَ نَكِرَةً ، وَ النَّكِرَةُ اِذَا وُصِفَتْ جَازَ اَنْ تَقَعَ مُبْتَدًأً نَحْوُ قَوْلُهُ تَعَالٰى وَلَعَبْدٌ مُّؤْمِنٌ خَيْرٌمِّنْ مُّشْرِكٍ وَكَذَا اِذَاتُخُصِّصَتْ بِوَجْهٍ اٰخَرَ نَحْوُ اَرَجُلٌ فِى الدَّارِ اَمْ اِمْرَأَةٌ وَمَا اَحَدٌ خَيْرٌ مِّنْكَ وَشَرٌّ اَهَرَّ ذَانَابٍ وَفِى الدَّارِ رَجُلٌ وَسَلَامٌ عَلَيْكَ ـ

অনুবাদ ॥ মুবতাদা ও খবর উভয়েরই عامل উহ্য, আর তা হল اِبْتِدَاء (অর্থাৎ প্রকাশ্য আমেল মুক্ত হওয়া।) **মبتدا ও خبر-এর اصل বা মূল ঃ** مبتدا-এর اصل হলো মা'রেফা হওয়া এবং خبر-এর اصل হলো নাকেরা হওয়া। তবে যখন نكرة এর صفت আনা হয় তখন তা مبتدا হতে পারে। যেমন– আল্লাহর বাণী وَلَعَبْدٌ مُّؤْمِنٌ خَيْرٌ مِّنْ مُّشْرِكٍ (অবশ্যই মুমিন বান্দা মুশরিক হতে উত্তম) অনুরূপভাবে نكرة কে যখন অন্য কোন উপায়ে খাস বা নির্দিষ্ট করা হয় তখনও তা মুবতাদা হতে পারে। যেমন– اَرَجُلٌ فِى الدَّارِ اَمْ اِمْرَأَةٌ (ঘরে কি পুরুষ রয়েছে না মহিলা?), وَمَا اَحَدٌ خَيْرٌ مِّنْكَ (তোমার চেয়ে উত্তম কেউ নেই), شَرٌّ اَهَرَّ ذَا نَابٍ (অতি অনিষ্ট কর কিছুই কুকুরটিকে খেপিয়ে তুলেছে), فِى الدَّارِ رَجُلٌ (ঘরে এক ব্যক্তি আছে), سَلَامٌ عَلَيْكَ (তোমার উপর শান্তি বর্ষিত হৌক)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَالْعَامِلُ فِيْهِمَا الخ ঃ مبتدا ও خبر এর عامل এর ব্যাপারে মতভেদ রয়েছে।

১. বসরীগণের মতে উভয়ের মধ্যে عامل مَعْنَوِىٌّ আর তা হল اِبْتِدَا

২. কোন কোন নাহবীর মতে مبتدا এর عامل হল اِبْتِدَا আর خبر এর عامل হল مُبْتَدَا

৩. কারো কারো মতে مُبْتَدَا ও خبر এর প্রত্যেকটি অন্যটির عامل (সুতরাং উভয়টির عامل হল لفظى

قوله وَاَصْلُ الْمُبْتَدَاءِ الخ ঃ مبتدا এর জন্য দু'টি মূলনীতি রয়েছে, মুসান্নিফ (র.) সামনে তার আলোচনা করছেন। اصل অর্থ মূল, গোড়া, পরিভাষায় اصل বলে– مَا يُبْتَنٰى عَلَيْهِ غَيْرُهٗ কে। এখানে حَالَتِ مُنَاسَبَة (উত্তম অবস্থা) উদ্দেশ্য। مبتدا এর اصل হল (ক) مبتدا টি معرفه হওয়া। কেননা যার বিষয়ে কোন সংবাদ দেয়া হয় সেটি নির্দিষ্ট হলে তা দ্বারা উপকার পূর্ণাঙ্গ হয়।

قَوْلُهٗ وَاَصْلُ الخ ঃ خبر এর اصل হল نكره হওয়া, কারণ খবর محكوم به হয়। আর اصل এর হল نره হওয়া।

قوله وَالنَّكِرَةُ اِذَا الخ ঃ اسم نَكِرَه এর মধ্যে কোন উপায়ে تخصيص সৃষ্টি হলে তাকে مبتدا বানান জায়েয। কারণ এতে اسم টি مَعْرِفَه এর নিকটবর্তী হয়ে যায়। বিভিন্ন উপায়ে اسم এর মধ্যে تخصيص সৃষ্টি হয়।

১. نكره - موصوف এর صفت উল্লেখ করলে, যথা وَلَعَبْدٌ مُّؤْمِنٌ خَيْرٌ مِّنْ مُّشْرِكٍ এর মধ্যে عبد হল نكره আর مؤمن হল সিফত। এর দ্বারা عبد مشرك থেকে খাছ হয়ে গেল। সে হিসেবে موصوف ، صفت মিলে مبتدا হয়েছে।

قوله وَكَذَا اِذَا تُخُصِّصَتْ الخ ঃ অর্থাৎ সিফতের দ্বারা যেভাবে موصوف খাছ হয়ে مبتدا হতে পারে। তদরূপ অন্যান্য যে কোন উপায়ে খাছ হলে তা مبتدا হতে পারে। (মুসান্নিফ র. এ প্রসঙ্গে صفت সহ মোট ৬টি উপায় বর্ণনা করেছেন। এগুলো ছাড়া আরো বিভিন্ন উপায়ে খাছ হয়। এ অংশের শেষে তা উল্লেখ করা হবে اِنْشَاءَ اللّٰهُ

★ উল্লেখ্য যে, تخصيص বা খাছ হওয়াটা حقيقى বা حكمى উভয় রকম হতে পারে।

قوله رَجُلٌ فِى الدَّارِ ঃ এখানে رَجُلٌ - نكره টি حرفِ اِسْتِفْهَامْ এর পরে আসায় খাছ হয়ে গেছে। কারণ متكلم জানে যে, ঘরে মানুষ আছে, অন্য কোন প্রাণী নয়, তবে পুরুষ নাকি মহিলা এ ব্যাপারে সে অনবহিত। এ কারণে প্রশ্ন করেছে।

قوله وَمَا اَحَدٌ خَيْرٌ مِّنْكَ ঃ (তোমার চেয়ে ভাল কেউ নেই) এখানে اَحَدٌ শব্দটি مَاحرف نفى এর পরে আসায় এর মধ্যে تخصيص হয়েছে। কেননা কায়েদা আছে যে, نفى এর পরে نكره আসলে তা সমস্ত افراد কে শামিল করে নেয়। আর محكوم টা عام হিসেবে নির্দিষ্ট হয়ে গেল যে, কেউ এর বাইরে নয়। সুতরাং সমস্ত افراد মিলে তা شَيْئٌ وَاحِدٌ (একই বস্তু) এর পর্যায়ে গণ্য হয়।

قوله وَشَرٌّ اَهَرَّ ذَانَابٍ ঃ (বিশেষ কোন অনিষ্টে কুকুরকে ঘেউ ঘেউ করিয়েছে) এখানে شر শব্দটি تنوين تَعْظِيْمِىْ দ্বারা تخصيص হয়েছে। অর্থাৎ شَرٌّ এর تنوين টি عَظِيْمٌ এর পরিবর্তে এসেছে। সে হিসেবে تخصيص হয়ে مبتدا হয়েছে। অথবা نكره এর পরে فعل আসায় ফায়েল যেরূপ خاص হয়ে যায় তদরূপ এখানেও পরে فعل আসায় এটি খাছ হয়ে গেছে। অতএব তা مبتدا হতে পারে। যেমন ضرب বললে বুঝা যায় যে, এরপরে যে اسم আসবে সেটি এর ফায়েল হবে। তদরূপ এখানেও شَرٌّ টা ফায়েলের সাথে مُشَابَهْ রাখে। কেননা شَرٌّاَهَرَّذَانَابٍ বাক্যটি مَااَهَرَّ ذَانَابٍ اِلَّا شَرٌّ বাক্যের স্থলে ব্যবহৃত হয়। এর মধ্যে شر টা فاعل এর بدل - আর বদল টা فاعلِ حُكْمِى গণ্য হয়। সে হিসেবে فعل এর পরে তার স্থান, কিন্তু فعل এর আগে আসায় তার মধ্যে تخصيص এর ফায়েদা পাওয় গেছে। কেননা تَقْدِيْمُ مَاحَقُّهُ التَّاخِيْرُ يُفِيْدُ الْحَصْرَ (যার স্থান আগে তাকে পরে আনার দ্বারা حصر এর ফায়েদা দেয়) অতএব مبتدا বানাতে কোন অসুবিধে নেই।

قوله وَفِى الدَّارِ رَجُلٌ ঃ এখানে فِى الدَّارِ উহ্য موجود এর সাথে متعلق হয়ে مُقَدَّمْ خبر - আর رَجُلٌ হল مبتدائے مؤخر, مبتدا টা مؤخر হওয়ায় তার মধ্যে تخصيص সৃষ্টি হয়েছে। কেননা فى الدار বলা মাত্র শ্রোতা বুঝে যে, এর পরের শব্দটি صفت استقرار (ঘরে অবস্থান) এর সাথে গুণান্বিত। সুতরাং تقديم টা تخصيص بالصفت এর পর্যায় হল, অতএব مبتدا হওয়া দোষণীয় নয়।

قوله وَسَلَامٌ عَلَيْكَ الخ ঃ এখানে نِسْبَتْ بِسُوْئِے متكلم) متكلم এর প্রতি সম্বন্ধ হওয়ার) দ্বারা تخصيص হয়েছে। কেননা এটা মূলত سَلَامٌ مِنْ قِبَلِىْ عَلَيْكَ এর অর্থে جملهٔ دُعَائيه - سَلَامٌ শব্দটিকে مِنْ قِبَلِىْ এর সাথে সম্বন্ধ করার দ্বারা تخصيص হয়েছে। অথবা এটা سَلَّمْتُ سَلَامًا عَلَيْكَ ছিল। فعل কে حذف করে دَوَامْ وَاِسْتِمْرَارْ এর জন্য سَلَامًا এর نصب কে رفع দ্বারা পরিবর্তন করা হয়েছে। সুতরাং মূলে سَلَّمْتُ ফে'ল থাকায় متكلم এর প্রতি সম্বন্ধিত হয়ে تخصيص হয়েছে।

★ **ফায়েদা** ঃ মুসান্নিফ (র.) উদাহরণের মাধ্যমে تخصيص এর মোট ৬টি পদ্ধতির প্রতি ইশারা করেছেন। تخصيص এর আরো অনেক পদ্ধতি আছে। নিম্নে আরো কতিপয় পদ্ধতি উল্লেখ করা হল--

৭. نكره টি مضاف হলে। যথা خَمْسُ صَلَوٰاتٍ اِفْتَرَضَهُنَّ

৮. نكره টি دعا এর জন্য এলে যথা- وَيْلٌ لِّلْمُطَفِّفِيْنَ

৯. نكره দ্বারা বিভাজন (تقسيم) বুঝালে যথা- يَوْمٌ لَّكَ وَيَوْمٌ لِّىْ

১০. نكره দ্বারা عموم বুঝালে যথা- كُلٌّ لَهُ قَانِتُوْنَ

১১. نكره দ্বারা প্রশংসা উদ্দেশ্য হলে। যথা- خَطِيْبٌ عَلَى الْمِنْبَرِ

১২. لامِ ابتداء এর পরে এলে, যথা- لَرَجُلٌ نَافِعٌ

১৩. فائے جزائيه এর পরে এলে। যথা- اِنْ تَيَسَّرَ بَعْضٌ فَبَعْضٌ لَايَتَيَسَّرُ

১৪. نكره টি لولا-এর পর হলে। যথা- لَوْلَا صَبْرٌ وَ اِيْمَانٌ لَقَتَلَ الْحَزِيْنُ نَفْسَهُ

১৫. معرفه এর পরে عطف হলে যথা- خَالِدٌ وَخَادِمٌ ذَاهِبَانِ

১৬. كم خبريه এর পরে এলে। যথা- كَمْ صَدِيْقٍ زُرْتُهُ

১৭. নিন্দাসূচক অর্থে ব্যবহৃত হলে جَبَانٌ مُّدْبِرٌ : جَاسُوْسٌ مُقْبِلٌ ইত্যাদি।

وَإِنْ كَانَ اَحَدُ الْإِسْمَيْنِ مَعْرِفَةً وَالْاٰخَرُ نَكِرَةً فَاجْعَلِ الْمَعْرِفَةَ مُبْتَدَأً وَالنَّكِرَةَ خَبَرًا اَلْبَتَّةَ كَمَا مَرَّ وَإِنْ كَانَا مَعْرِفَتَيْنِ فَاجْعَلْ اَيَّهُمَا شِئْتَ مُبْتَدَأً وَالْاٰخَرَ خَبَرًا نَحْوُ اَللّٰهُ اِلٰهُنَا وَمُحَمَّدٌ نَبِيُّنَا وَاٰدَمُ اَبُوْنَا وَقَدْ يَكُوْنُ الْخَبَرُ جُمْلَةً اِسْمِيَّةً نَحْوُ زَيْدٌ اَبُوْهُ قَائِمٌ اَوْ فِعْلِيَّةً نَحْوُ زَيْدٌ قَامَ اَبُوْهُ اَوْ شَرْطِيَّةً نحوُ زيدٌ اِنْ جَاءَنِىْ فَاَكْرَمْتُهُ اَوْظَرْفِيَّةً نَحْوُ زَيْدٌ خَلْفَكَ وَعَمْرٌو فِى الدَّارِ ـ

অনুবাদ॥ مبتدا ও خبر -এর বিধান ঃ যদি ইসম দু'টোর একটি معرفة এবং অপরটি نكرة হয় তবে معرفة কে مبتدا এবং نكرة কে خبر বানাবে, যেমন উপরে বর্ণিত হয়েছে, আর যদি উভয় ইসমই معرفة হয় তবে তোমার ইচ্ছা অনুযায়ী যে কোন একটিকে مبتدا এবং অপরটিকে خبر বানাবে। যেমন- اَللّٰهُ اِلٰهُنَا - مُحَمَّدٌ نَبِيُّنَا - اٰدَمُ اَبُوْنَا

কোন কোন সময় খবর جملهُ اسمية হয়। যেমন- زَيْدٌ اَبُوْهُ قَائِمٌ - অথবা جملهُ فعلية যেমন- زَيْدٌ قَامَ اَبُوْهُ - অথবা جملهُ شرطية যেমন- زَيْدٌ اِنْ جَاءَنِىْ فَاَكْرَمْتُهُ অথবা جملهُ ظرفية যেমন- زَيْدٌ خَلْفَكَ ও عَمْرٌو فِى الدَّارِ -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَإِنْ كَانَ اَحَدُ الْإِسْمَيْنِ الخ ঃ কেননা مبتدا এর اصل হল - معرفه আর خبر এর اصل হল نكره যেমন- زَيْدٌ قَائِمٌ এর মধ্যে, আর উভয়টি معرفه হলে যে কোনটি مبتدا বা خبر হতে পারে

قوله قَدْ يَكُوْنُ الْخَبَرُ الخ ঃ এর দ্বারা মুসান্নিফ (র.) خبر এর প্রকারভেদের প্রতি ইশারা করেছেন।

★ قد (কখনো) বলার দ্বারা বুঝা গেল যে, خبر এর اصل হল مفرد হওয়া, কারণ مفرد হলে অপর শব্দ তথা مبتدا এর সাথে সম্পর্কটা অনায়াসে বুঝা যায়। কেননা جمله তো تام (পরিপূর্ণ) হয়ে থাকে। এ কারণে তার সংশ্লিষ্টতা অতটা স্পষ্ট নয়।

★ **خبر এর প্রকারভেদ** ঃ خبر তিন ধরনের হতে পারে। ১. مفرد ২. جمله ও ৩. شبه جمله : جمله হলে তা আবার ৪ ধরনের হতে পারে যথা; ১. اسميه যথা- زيدٌ اَبُوْهُ قَائِمٌ ২. فعليه যথা- زَيْدٌ قَامَ اَبُوْهُ ও ৩. شرطيه যথা- زَيْدٌ اِنْ جَائَنِىْ فَاَكْرَمْتُهُ ৪. ظرفيه যথা- زَيْدٌ خَلْفَكَ

★ উল্লেখ্য যে, জমহুরের মতে, جملهُ اِنْشَائِيه খবর হতে পারে না। এ কারণে মুসান্নিফ (র.) এর কথা বলেননি।

قوله شَرْطِيَّةٌ ঃ এ ব্যাপারে নাহ্বীগণের মধ্যে মতভেদ রয়েছে, ১. মুসান্নিফ (র.) সহ এক জামাআতের মতে شرط ও جزاء উভয়টি মিলে খবর হয়। ২. কারো কারো মতে , شرط বা جزاء যে কোনটি হতে পারে ।

৩. কারো কারো মতে, جملهُ ظرفيه কে খবর বানান জায়েয নয়, তাদের মতে এটা انشائيه এর অন্তর্ভূক্ত।

قوله ظرفيه ঃ অর্থাৎ খবরটা ظرفيه হতে পারে, চাই مكان হোক বা زمان

★উল্লেখ্য যে, যে ظرف زمان বস্তুটি مُتَجَدِّدٌ (নিত্য নতুন ঘটতব্য) নয় তা خبر হতে পারে না। যেমন- زيد يَوْمَ الْجُمُعَةِ পক্ষান্তরে اَلْهِلَالُ يَوْمَ الْجُمُعَةِ বলা দুরস্ত আছে।

★ কেবল নিম্নের حرف جر গুলি مبتدا এর خبر এর হতে পারে। যথা; مِنْ، اِلٰى، فِىْ ، لَام ، بَاء ، كَافْ ، عَلٰى ، عَنْ، دُوْنَ

وَالظَّرْفُ مُتَعَلِّقٌ بِجُمْلَةٍ عِنْدَ الْاَكْثَرِ وَهِيَ اِسْتَقَرَّ مَثَلًا تَقُوْلُ زَيْدٌ فِى الدَّارِ تَقْدِيْرُهُ زَيْدٌ اِسْتَقَرَّ فِي الدَّارِ وَلَابُدَّ فِى الْجُمْلَةِ مِنْ ضَمِيْرٍ يَعُوْدُ اِلَى الْمُبْتَدَا كَالْهَاءِ فِىْ مَا مَرَّ وَيَجُوْزُ حَذْفُهُ عِنْدَ وُجُوْدِ قَرِيْنَةٍ نَحْوُ اَلسَّمَنُ مَنَوَانِ بِدِرْهَمٍ وَالْبُرُّ اَلْكُرُّ بِسِتِّيْنَ دِرْهَمًا وَقَدْيَتَقَدَّمُ الْخَبَرُ عَلَى الْمُبْتَدَاِ نَحْوُفِى الدَّارِ زَيْدٌ وَيَجُوْزُ لِلْمُبْتَدَاِ الْوَاحِدِ اَخْبَارٌكَثِيْرَةٌ نَحْوُ زَيْدٌ عَالِمٌ فَاضِلٌ عَاقِلٌ ـ وَاعْلَمْ اَنَّ لَهُمْ قِسْمًا اٰخَرَ مِنَ الْمُبْتَدَاِ لَيْسَ مُسْنَدًا اِلَيْهِ وَهُوَ صِفَةٌ وَقَعَتْ بَعْدَ حَرْفِ النَّفْيِ نَحْوُ مَا قَائِمٌ زَيْدٌ اَوْ بَعْدَ حَرْفِ الْاِسْتِفْهَامِ نَحْوُ اَقَائِمٌ زَيْدٌ بِشَرْطِ اَنْ تَرْفَعَ تِلْكَ الصِّفَةُ اِسْمًا ظَاهِرًا نحوُ مَا قَائِمٌ نِ الزَّيْدَانِ وَاَقَائِمٌ نِالزَّيْدَانِ بِخِلَافِ مَا قَائِمَانِ الزَّيدانِ ـ

অনুবাদ॥ অধিকাংশ নাহুশাস্ত্রবিদের মতে ظرف কোন একটি (উহ্য) বাক্যের সাথে সংযুক্ত হয়। আর সে বাক্যটি হচ্ছে اِسْتَقَرَّ বা অনুরূপ কিছু। যেমন তুমি বলবে زَيْدٌ فِى الدَّارِ -এর উহ্য রূপ হলো- زيد اِسْتَقَرَّ فِى الدَّارِ আর (খবর যদি বাক্য হয় তবে) বাক্যের মধ্যে এমন একটি যমীর থাকা জরুরী যা মুবতাদার দিকে ফিরবে। যেমন- পুর্বোল্লিখিত দৃষ্টান্তসমূহে هاء- قرينة (ইঙ্গিত) পাওয়া গেলে যমীরটি বিলুপ্ত করাও বৈধ। যেমন- اَلسَّمَنُ مَنَوَانِ بِدِرْهَمٍ (দু'সের ঘি একদিরহামে), اَلْبُرُّ اَلْكُرُّ بِسِتِّيْنَ دِرْهَمًا (এক কুর গম ষাট দিরহামে) কোন কোন সময় খবর মুবতাদার পূর্বে বসে। যেমন- فِى الدَّارِ زَيْدٌ একটি মুবতাদার জন্য অনেকগুলো খবর হওয়া বৈধ। যেমন- زَيْدٌ عَالِمٌ فَاضِلٌ عَاقِلٌ -

মُبْتَدا -এর দ্বিতীয় প্রকার ঃ জেনে রেখ যে, নাহভীগণের মতে (উল্লেখিত মুবতাদা ছাড়া) অপর এক প্রকার মুবতাদা রয়েছে,যা مسند اليه নয়; বরং তা এমন একটি صفة (গুণবাচক বিশেষ্য) যা (ক) حرف نفى -এর পরে আসে। যেমন- مَاقَائِمٌ زَيْدٌ - অথবা, (খ) حرفِ استفهام এ- পরে আসে। যেমন- اَقَائِمٌ زَيْدٌ - এটা এ শর্তে যে, ঐ صفت টি পরে উল্লেখিত প্রকাশ্য ইসম কে রফা' দিবে। যেমন- ماقائم الزَّيدانِ ও اَقَائِمُ الزَّيدانِ - (উভয় উদাহরণে قائم সিফাতটি মুবতাদা হয়েছে এবং তার পরবর্তী ইসম زيدانِ -কে রফা' দিয়েছে) কিন্তু مَاقَائِمُ الزَّيدَانِ -এর বিপরীত।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَالظَّرْفُ مُتَعَلِّقٌ الخ ঃ ظرف সরাসরি خبر হয়, নাকি فعل এর মাধ্যমে এ ব্যাপারে মতভেদ রয়েছে। যথা- ক. অধিকাংশের মতে فعل مقدر এর সাথে متعلق হয় خبر হয়ে। খ. কারো মতে ظرف টি فعل এর قائم مقام হয়ে خبر হয়, গ. কারো মতে خبر টা ظرف ও فعل উভয় মিলে খবর হয়।

قَوْلُهُ عِنْدَ الْاَكْثَرِ الخ ঃ বলার উদ্দেশ্য এই যে, কারো কারো মতে ظرف এর متعلق টা مفرد হয়, অর্থাৎ اسم فاعل হয়। কেননা خبر এর اصل হল مفرد হওয়া। অতএব فى الدار টা مستقر এর সাথে متعلق -

قَوْلُهُ وَلَا بُدَّ فِى الْجُمْلَةِ الخ ঃ خبر যদি جمله হয় তখন তার মধ্যে একটা যমীর (رابطه) থাকা আবশ্যক; যাতে مبتدا এর সাথে সম্পর্ক সৃষ্টি হয়। কারণ جمله হয় تام (পূর্ণাঙ্গ) অতএব مبتدا এর সাথে সংশ্লিষ্টতার জন্য যমীর থাকা জরুরী।

★ উক্ত رَابِطَة টা (ক) যমীর হতে পারে , যেমন زَيْدٌ اَبُوْهُ قَائِمٌ (খ) لام হতে পারে যথা; نِعْمَ الرَّجُلُ زَيْدٌ (গ) اسم ظاهر এর জায়গায় যমীর এর ব্যবহারের মাধ্যমেও হতে পারে যথা; اَلْحَاقَّةُ مَاالْحَاقَّةُ (مَاهِىَ) এর স্থলে।

(ঘ) خبر টা مبتدا এর تفسير হওয়ার দ্বারা, যথা قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ এর মধ্যে هُوَ প্রথম مبتدا আর اللّٰهُ দ্বিতীয় مبتدا - احد খবর মিলে هو মুবতাদার খবর, যা هو এর تفسير বুঝাচ্ছে।

★ رَابِطَةٌ বিভিন্ন রূপ থাকা সত্বে কেবল ضمير উল্লেখ করেছেন এ জন্য যে, ضمير হলো সব চেয়ে উত্তম, এবং অন্যান্যের তুলনায় অধিক ব্যবহৃত।

قوله يَجُوْزُ حَذْفُهُ الخ ঃ অর্থাৎ مرجع বুঝানোর জন্য কোন আলামত (قرينه) থাকলে ضمير কে حذف করা জায়েয, তবে অন্য কোন رابطة হলে তাকে حذف করা জায়েয নয়। যেমন– السمن منوان بدرهم ইত্যাদির মধ্যে سَمْنٌ অর্থ ঘি, مَنَوَانِ - مَنٌّ এর দ্বিবচন অর্থ সের,এখানে اَلسَّمْنُ হল প্রথম মুবতাদা منوان দ্বিতীয় মুবতাদা بِدِرْهَمٍ দ্বিতীয় মুবতাদার খবর। অতঃপর উভয়টি মিলে السمنُ এর খবর, মূলত مَنَوَانِ مِنْهُ بِدِرْهَمٍ ছিল। ঘি এর পর দাম উল্লেখ করায় বুঝা যায় যে, বিক্রেতা কেবল ঘি-এর মূল্য বলছে, এ আলামতের দরুন منه বলার প্রয়োজন পড়ে না।

قوله اَلْبُرُّ اَلْكُرُّ الخ ঃ (এক কুর গম ৬০ দিরহামে) এখানেও উপরের ন্যায় اَلْبُرُّ اَلْكُرُّ مِنْهُ ছিল। প্রথম মুবতাদা اَلْبُرُّ দ্বিতীয় মুবতাদা اَلْكُرُّ, বিক্রেতা গম এর পরে দাম বলাতে বুঝা যায় যে, সে কেবল গমেরই দাম বলছে অন্য কিছুর নয়। এ قرينه এর ভিত্তিতে منه কে বিলোপ করা হয়েছে।

★ প্রথম উদাহরণে (اَلسَّمْنُ مَنَوَانِ الخ) منه টা مَحَلًّا مرفوع ও مَنَوَانِ মুবতাদার সিফত। বাক্যটি ছিল– مَنَوَانِ كَائِنَانِ مِنْهُ - আর এ কারণে مَنَوَانِ - نكره হওয়া সত্বে মুবতাদা হয়েছে।

★ দ্বিতীয় উদাহরণে (البر الكر...) منه টা بِسِتِّيْنَ دِرْهَمًا এর متعلق এর যমীর থেকে حال হিসেবে منصوب আর حال যদিও আমিলের উপর مقدم হয় না তবে ظرف এর মধ্যে জায়েয। (لِمَجَالِ التَّوَسُّعِ فِيْهِ)

قوله وَلَا يَتَقَدَّمُ الْخَبَرُ ঃ এখানে قد (কম) বুঝানোর জন্য অর্থাৎ কখনো কখনো ... এর দ্বারা খবরের اصل মুবতাদার পরে হওয়ার প্রতি ইশারা করা হয়েছে।

قوله وَاعْلَمْ اَنَّ لَهُمْ الخ : مبتدا এর প্রথম প্রকারের আলোচনা শেষে ভিন্ন এক প্রকার মুবতাদার আলোচনা শুরু করেছেন। اُخَرُ শব্দটি قِسْمًا এর প্রথম সিফত, قِسْمًا اٰخَرَ مِنَ الْمُبْتَدَا এর بيان - لَيْسَ مُسْنَدًا اِلَيْهِ দ্বিতীয় সিফত।

قوله وَهُوَ صِفَةٌ ঃ অর্থাৎ মুবতাদার এই দ্বিতীয় প্রকারটি صيغه صفت হয় এবং حرف نفى বা حرف استفهام এর পরে আসে, পরে উল্লেখিত اسم কে فاعل হিসেবে رفع দেয়। এ কারণে সিফতটি مفرد (একবচন) হয়। কেননা اسم ظاهر فاعل হলে فعل বা شبه فعل কে مفرد আনতে হয়। যেমন– مَاقَائِمٌ زَيْدٌ এখানে قائم হল মুবতাদা। আর زيد তার ফায়েল খবরের قائم مقام - অবশ্য এক্ষেত্রে صيغه صفت কে খবর ও পরবর্তী اسم কে مبتدا বলাও জায়েয।

قوله اِسْمًا ظَاهِرًا الخ ঃ এর দ্বারা ضمير কে رفع দানকারী اسم বের হয়ে গেল। যেমন– مَاقَائِمَانِ زَيْدَانِ ইত্যাদি। এখানে قائمان শব্দটি هُمَا যমীরে আমল করেছে।

★ ফায়েদা ঃ صفت যদি مفرد হয় এবং اسم ظاهر ও مفرد হয় যেমন قائم زيد তখন এর প্রত্যেকটি মুবতাদা বা খবর হতে পারে। কিন্তু صفت যদি مفرد হয়। আর اسم ظاهر দ্বিচন বা বহুবচন হয় যেমন قائم الزيدان তখন সিফতের ছীগাটি মুবতাদা হওয়াই নির্দিষ্ট। আর اسم ظاهر তার খবর হবে।

فَصْلٌ ـ خَبَرُ اِنَّ وَاَخَوَاتِهَا وَهِيَ اِنَّ وَكَاَنَّ وَلٰكِنَّ وَلَيْتَ وَلَعَلَّ فَهٰذِهِ الْحُرُوفُ تَدْخُلُ عَلَى الْمُبْتَدَأِ وَالْخَبَرِ فَتَنْصِبُ الْمُبْتَدَأَ وَيُسَمّٰى اسْمَ اِنَّ وَتَرْفَعُ الْخَبَرَ وَيُسَمّٰى خَبَرَ اِنَّ فَخَبَرُ اِنَّ هُوَ الْمُسْنَدُ بَعْدَ دُخُولِهَا نَحْوُ اِنَّ زَيْدًا قَائِمٌ وَحُكْمُهُ فِيْ كَوْنِهِ مُفْرَدًا اَوْ جُمْلَةً اَوْ مَعْرِفَةً اَوْ نَكِرَةً كَحُكْمِ خَبَرِ الْمُبْتَدَأِ وَلَا يَجُوْزُ تَقْدِيْمُ اَخْبَارِهَا عَلَى اَسْمَائِهَا

পরিচ্ছেদ–৫ ঃ خبر اِنَّ وَاَخَوَاتِهَا প্রসঙ্গ

অনুবাদ॥ اِنَّ ও তার সমগোত্রীয়ের খবর (এর বর্ণনা) ঃ ان -এর সমগোত্রীয় শব্দ হল– (১) ان, (২) كَاَنَّ, (৩) لٰكِنَّ, (৪) لَيْتَ ও (৫) لَعَلَّ - (এ ছয়টিকে حروفِ مُشَبَّهَة بِالفعل বলা হয়।)

আমল ঃ এ বর্ণগুলো মুবতাদা ও খবরের পূর্বে এসে মুবতাদাকে নসব দেয় তখন তাকে اسمِ اِنَّ বলা হয়, আর খবরকে রফা' দেয় তখন তাকে خبرِ اِنَّ বলা হয়।

خبرِ اِنَّ -এর সংজ্ঞা ঃ সুতরাং خبرِ اِنَّ ঐ ইসম যা اِنَّ আসার পর مُسْنَد হয়। যেমন– اِنَّ زَيْدًا قَائِمٌ

حكم বা বিধান ঃ (اِنَّ ইত্যাদির খবর) مفرد، جملة، معرفة ও نكرة হওয়ার ক্ষেত্রে মুবতাদার খবরের অনুরূপ বিধান প্রযোজ্য। اِنَّ ও তার সমগোত্রীয় শব্দসমূহের খবরকে তার ইসমের পূর্বে বসান সিদ্ধ নয়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَخَوَاتِهَا ঃ দ্বারা اَشْبَاهِهَا (সমজাতীয়) উদ্দেশ্য। এগুলোকে اَلْحُرُوفُ الْمُشَبَّهَةُ بالفعل বা ক্রিয়া এর সাথে সামঞ্জস্যশীল অব্যয় বলে। এগুলো তিনদিক দিয়ে فعل এর مشابه (সামঞ্জস্যশীল)।

১. بِاعْتِبَارِ تَعْدَادِ حُرُوفٍ (বর্ণের সংখ্যার দিক দিয়ে) فعل এর মত এগুলোতে ও ৩, ৪ ও ৫ টি বর্ণ আছে।

২. بِاعْتِبَارِ مَعْنٰى (অর্থের দিক দিয়ে) কেননা এ সবের প্রত্যেকটি فعل এর অর্থ দেয়, যেমন– اِنَّ، حَقَّقْتُ অর্থে, كَاَنَّ، شَبَّهْتُ অর্থে, لَيْتَ، تَمَنَّيْتُ অর্থে, لَعَلَّ، تَرَجَّيْتُ অর্থে ও لٰكِنَّ، اِسْتَدْرَكْتُ অর্থে আসে।

৩. باعتبارِ عمل (আমলের দিক দিয়ে) কেননা فعل متعدى যেমন দু'টি اسم এর আগে এসে فاعل কে رفع ও مفعول কে نصب দেয় এগুলোও তদরূপ আমল করে। তবে পার্থক্য এই যে, এগুলো اسم কে نصب ও خبر কে رفع দেয়।

قوله فَخَبَرُ اِنَّ الخ ঃ অর্থাৎ ان ও তার স্বজাতীয় حرف গুলোর خبر ঐ শব্দটি যা এগুলো আসার পর مسند হয়, এগুলো আসার পূর্বে যদিও مسند ছিল কিন্তু এগুলো আসার পর পূর্বে কি ছিল তার ধর্তব্য নয়, বরং বর্তমান কি হচ্ছে তা লক্ষণীয়।

قوله وَحُكْمُهُ فِيْ كَوْنِهِ لخ ঃ অর্থাৎ মুবতাদার খবর যেমন مفرد বা جمله হয় এগুলোর খবর ও তদরূপ مفرد বা جمله হয় এবং جملهٔ اسميه، فعليه، ظرفيه ও شرطيه সব রকম হতে পারে। খবরের মধ্যে যমীর থাকতে হবে যাতে اسم এর সাথে তার সম্পর্ক সৃষ্টি হয়। এগুলোর খবরও معرفه ও نكره হতে পারে।

قوله وَلَا يَجُوْزُ تَقْدِيْمُ اَخْبَارِهَا الخ ঃ এ দ্বারা মুসান্নিফ র. একটি প্রশ্নের জবাব দিচ্ছেন যে, اِنَّ ও তার اَخَوَاتُ এর খবর যখন মুবতাদার খবরের ন্যায় সুতরাং মুবতাদার খবরের ন্যায় اِنَّ তার اَخَوَاتُ এর খবর ও اسم এর উপর مقدم হতে পারবে? জবাব এই যে, ان ও তার اخوات এর খবরকে اسم এর উপর مقدم করা জায়েয নেই। কারণ এ হরফগুলো عمل এর দিক দিকে ضعيف (দুর্বল) আর عامل ضعيف মূলনীতি অনুযায়ী আমল করতে পারে, ধারা (ترتيب বা নীতির) পরিবর্তন হয়ে গেলে দুর্বলতার কারণে আমল করতে পারে না। অতএব اِنَّ قَائمًا زيدٌ বলা ঠিক হবে না।

اِلَّا إِذَا كَانَ ظَرْفًا نَحْوُ اِنَّ فِى الدَّارِ زَيْدًا لِمَجَالِ التَّوَسُّعِ فِى الظُّرُوْفِ ـ

فَصْلٌ ـ اِسْمُ كَانَ وَاَخَوَاتِهَا وَهِىَ صَارَ وَاَصْبَحَ وَاَمْسٰى وَاَضْحٰى وَظَلَّ وَبَاتَ وَرَاحَ وَاٰضَ وَعَادَ وَغَدَا وَمَازَالَ وَمَابَرِحَ وَمَافَتِىَ وَمَا انْفَكَّ وَمَادَامَ وَلَيْسَ، فَهٰذِهِ الْاَفْعَالُ تَدْخُلُ اَيْضًا عَلَى الْمُبْتَدَاءِ وَالْخَبَرِ فَتَرْفَعُ الْمُبْتَدَاءَ وَيُسَمّٰى اِسْمَ كَانَ وَتَنْصِبُ الْخَبَرَ وَيُسَمّٰى خَبَرَ كَانَ، فَاِسْمُ كَانَ هُوَ الْمُسْنَدُ اِلَيْهِ بَعْدَ دُخُوْلِهَا نَحْوُ كَانَ زَيْدٌ قَائِمًا

অনুবাদ ॥ তবে হ্যাঁ, যদি ইসমটি ظرف হয় (তবে জায়েয)। যেমন– اِنَّ فِى الدَّارِ زَيْدًا - কেননা ظرف-এর মধ্যে প্রশস্ততা রয়েছে।

পরিচ্ছেদ ৬ ঃ اسمِ كَانَ و اَخَوَاتِهَا প্রসঙ্গ

كَانَ ও তার সমগোত্রীয় শব্দসমূহের ইস্‌ম (এর বর্ণনা) ঃ كان -এর সমগোত্রীয় শব্দসমূহ হচ্ছে– (১) صَارَ، (٢) اَصْبَحَ، (٣) اَمْسٰى، (٤) اَضْحٰى، (٥) ظَلَّ، (٦) بَاتَ، (٧) رَاحَ، (٨) اٰضَ، (٩) عَادَ، (١٠) غَدَا، (١١) مَازَالَ، (١٢) مَابَرِحَ، (١٣) مَافَتِئَ، (١٤) مَا انْفَكَّ، (١٥) مَادَامَ، (١٦) لَيْسَ এগুলোকে افعال ناقصة বলে।

আমল ঃ এ ফে'লগুলোও মুবতাদা ও খবরের পূর্বে এসে মুবতাদাকে (رفع) দেয় এবং তখন তাকে اسم كَانَ বলে। আর খবরকে نصب দেয় তখন তাকে خَبرِ كَانَ বলে।

اسمِ كَانَ–এর সংজ্ঞা ঃ اسم كَانَ ঐ ইস্‌মকে বলা হয় যা ان প্রবিষ্ট হওয়ার পর مسند اليه হয়। যেমন– كَانَ زَيْدٌ قَائِمًا -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اِلَّا اِذَا كَانَ ظَرْفًا : এটা استثناء مُفَرَّغْ অর্থাৎ ইবারতটি ছিল– وَلَا يَجُوْزُ تَقْدِيْمُ خَبَرِهَا عَلٰى اِسْمِهَا فِىْ كُلِّ وَقْتٍ مِّنَ الْاَوْقَاتِ اِلَّا وَقْتَ كَوْنِهِ ظَرْفًا অর্থাৎ কেবল خبر টা ظرف হলে সে সময় তাকে اسم এর উপর مقدم করা জায়েয। অতএব اِنَّ فِى الدَّارِ زَيْدٌ বলা জায়েয।

قوله لِمَجَالِ التَّوَسُّعِ الخ : ظرف এর মধ্যে প্রশস্ততার কারণে। অর্থাৎ ظرف এর ব্যবহার খুব বেশী হওয়ার কারণে এর মধ্যে কিছুটা ব্যতিক্রম জায়েয। এ কারণে এগুলোর ইসম معرفه হলে খবরের উপর مقدم করা জায়েয। যেমন– اِنَّ مِنَ الْبَيَانِ لَسِحْرًا ও اِنَّ فِى الدَّارِ زَيْدٌ - আর نكره হলে তখন مقدم করা ওয়াজিব। যেমন– وَاِنَّ مِنَ الشِّعْرِ لَحِكْمَةٌ

★ **ফায়েদা ঃ** (ক) جار مجرور ও ظرف এর قائم مقام - কারণ উভয়ের মাঝে বিশেষ مناسبت বা মিল রয়েছে। কেননা প্রত্যেক ظرف অর্থের ক্ষেত্রে جار مجرور এর অর্থ বিশিষ্ট হয়, অপর কথায় حرف جار উহ্য থেকে হয়। যেমন– يَوْمُ الْجُمُعَةِ অর্থাৎ فِىْ يومِ الجمعة ছিল, এভাবে جارمجرور যেমন فعل বা شبه فعل منصوب এর প্রতি محتاج ، ظرف ও তদরূপ فعل বা شبه এর প্রতি محتاج

(খ) এগুলোর সাথে مائے كَافَّهْ যুক্ত হলে আমল রহিত হয়ে যায়। যেমন– اِنَّمَا زَيْدٌ قَائِمٌ প্রভৃতি।

قوله فَصْلٌ اِسْمُ كَانَ الخ ঃ মুসান্নিফ (র.) كَانَ ও তার اَخَوَاتٌ এর اسم কে ভিন্ন اسم مرفوع রূপে উল্লেখ করেছেন। অপর দিকে আল্লামা ইবনে হাজিব (র.) কাফিয়াতে এটাকে فاعل এর অধীনে উল্লেখ করেছেন। এসব فعل কে اَفْعَالِ نَاقِصَهْ বলে। কারণ শুধু اسم দ্বারা এগুলোর অর্থ পূর্ণ হয় না বরং خبر এর প্রতি মুখাপেক্ষী থাকে।

وَيَجُوْزُ فِى الْكُلِّ تَقْدِيْمُ اَخْبَارِهَا عَلٰى اَسْمَائِهَا نَحْوُ كَانَ قَائِمًا زَيْدٌ وَعَلٰى نَفْسِ الْاَفْعَالِ اَيْضًا فِى التِّسْعَةِ الْاُوَلِ نَحْوُ قَائِمًا كَانَ زَيْدٌ وَلَايَجُوْزُ ذٰلِكَ فِيْمَا فِىْ اَوَّلِهٖ مَا فَلَايُقَالُ قَائِمًا مَازَالَ زَيْدٌ وَفِىْ لَيْسَ خِلَافٌ وَبَاقِى الْكَلَامِ فِىْ هٰذِهِ الْاَفْعَالِ يَجِئُ فِى الْقِسْمِ الثَّانِىْ اِنْ شَاءَ اللّٰهُ تَعَالٰى ـ

অনুবাদ॥ حكم বা বিধান ঃ উল্লেখিত ফে'লসমূহের খবরকে ইসমের পূর্বে আনা বৈধ। যেমন– كَانَ قَائِمًا زَيْدٌ আর প্রথমোক্ত নয়টি ফে'লের মধ্যে খবরকে মূল ফে'লের পূর্বে আনাও বৈধ। যেমন– قَائِمًا كَانَ زَيْدٌ - তবে যেসব ফে'লের শুরুতে ما রয়েছে সেগুলোর খবরকে ইসমের পূর্বে আনা বৈধ নয়। অতএব قَائِمًا مَازَالَ زَيْدٌ বলা যাবে না। আর لَيْسَ -এর (খবরকে لَيْسَ -এর পূর্বে আনা যাবে কিনা এ) ব্যাপারে নাহবীগণের মতভেদ রয়েছে। এ সব ফে'লের সম্বন্ধে অবশিষ্ট আলোচনা ইনশাআল্লাহ দ্বিতীয় অধ্যায়ে আসবে।

প্রাসঙ্গিগ আলোচনা ঃ قوله وَيَجُوْزُ فِى الْكُلِّ الخ ঃ অর্থাৎ এগুলোর اسم কে خبر এর উপর مقدم করা জায়েয। কারণ আমলের ক্ষেত্রে فعل শক্তিশালী। সুতরাং ধারাবাহিকতা ঠিক রাখা জরুরী নয়।

قوله فِى التِّسْعَةِ الْاُوَلِ ঃ এমনকি প্রথম নয়টি ক্ষেত্রে স্বয়ং فعل এর উপর مقدم করাও জায়েয।

★ উল্লেখ্য যে, اسم কে مقدم করা জায়েয হওয়ার দিক দিয়ে افعال ناقصه তিন ভাগে বিভক্ত। যথা– ১. স্বয়ং فعل এর উপর مقدّم করা জায়েয। এটা কিতাবে উল্লিখিত মোট ১১টি فعل এর ক্ষেত্রে। فِى التِّسْعَةِ الْاُوَلِ এর মধ্যে تسعة শব্দটি সম্ভবত كَاتِبْ এর ভুল, কারণ অন্যান্য কিতাবে ১১টির কথা উল্লেখ আছে।

قوله وَلَا يَجُوْزُ الخ ঃ এটা ২য় প্রকার فعل যার اسم এর উপর خبر কে مقدم করা নাজায়েয। আর তা হল শুরুতে ما বিশিষ্ট فعل গুলো চাই ما টি مصدريه হোক বা نافيه - নাজায়েয হওয়ার কারণ এই যে, না বাচকের অধীনের শব্দকে না বাচকের উপর এবং মাসদারের معمول কে মাসদারের উপর مقدم করা না জায়েয।

قوله وَفِىْ لَيْسَ خِلَافٌ ঃ এটা ৩য় প্রকার। জমহুর তথা সংখ্যা গরিষ্ঠ নাহবীগণের মধ্যে لَيْسَ এর خبر কে مقدم জায়েয হওয়া না হওয়ার ব্যাপারে মতভেদ রয়েছে।

(ক) কারো মতে জায়েয। কারণ আমল যেহেতু فعل এর অর্থের কারণে। আর فعل এর منصوب কে فعل উপর مقدم করা জায়েয সুতরাং এক্ষেত্রেও জায়েয।

(খ) কারো মতে নাজায়েয , কারণ ليس আসে নফীর (না বাচকের) জন্য আর নফীর অধীনের শব্দ নফীর উপর مقدم হয় না।

قوله وَبَاقِى الْكَلَامِ ঃ যেমন– كَانَ টা زَائده হওয়া, تامّه হওয়া এবং একটা আরেকটার অর্থে আসা ইত্যাদি।

فَصْلٌ ـ اِسْمُ مَاوَلَا الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ وَهُوَ الْمُسْنَدُ اِلَيْهِ بَعْدَ دُخُولِهِمَا نَحْوُ مَا زَيْدٌ قَائِمًا وَلَارَجُلٌ اَفْضَلَ مِنْكَ وَيَخْتَصُّ "لَا" بِالنَّكِرَةِ وَيَعُمُّ "مَا" بِالْمَعْرِفَةِ وَالنَّكِرَةِ ـ

পরিচ্ছেদ - ৭ঃ اِسْمُ مَاوَلَا..... প্রসঙ্গ

অনুবাদ ॥ لَيْسَ -এর সাথে সামঞ্জস্যশীল ما ও لا এর ইসম। এটা مَا বা لَا আসার পর مسند اليه হয়। যেমন- مَا زَيْدٌ قَائِمًا - لَا رَجُلٌ اَفْضَلَ مِنْكَ (لا -এর উদাহরণ)। لَا টি نكرة -এর সাথে খাছ। আর مَا টি نكرة ও معرفة উভয়ের সাথেই ব্যবহৃত হয়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله مَا وَلَا الْمُشَبَّهَتَيْنِ الخ : اَلْمُشَبَّهَتَيْنِ হল مَاوَلَا এর সিফত অর্থাৎ مُشَابَهَتْ যে, مَا ও لَا কে لَيْسَ এর সাথে তুলনা করা হয়েছে। مَا ও لَا এর সাথে لَيْسَ এর দু'দিক দিয়ে রয়েছে। ১. لَيْسَ না বাচকের জন্য আসে। আর ما এবং لا ওনা বাচকের জন্য আসে, ২. ليس যেমন- اسم কে رفع ও خبر কে نصب দেয় এ দুটিও তদরূপ আমল করে।

قوله وَهُوَ الْمُسْنَد الخ : هُوَ এর مرجع হল اسم অর্থাৎ ما অথবা لا এর اسم ঐটি যা ما বা لا আসার পরে مسند হয় (আগে কি ছিল তা লক্ষণীয় নয়) সংজ্ঞায় المسند اليه হল جنس আর بَعْدَ دُخُولِهَا হল فصل -এর দ্বারা অন্যান্য সকল مسند اليه বের হয়ে গেল।

قوله لَارَجُلٌ اَفْضَلَ مِنْكَ ঃ (তোমার চেয়ে উত্তম কোন ব্যক্তি নেই) এর মধ্যে لا بمعنى ليس এর رجل হল مسند اليه ও مرفوع - اسم আর اَفْضَلَ مِنْكَ এর সাথে متعلق হয়ে - خبر এ কারণে افضل হয়েছে এবং এটি غير منصرف হওয়ার কারণে تنوين হয়নি।

قوله يَخْتَصُّ بِالنَّكِرَةِ ঃ মুসান্নিফ র. এর দ্বারা ما ও لا এর মধ্যকার একটি পার্থক্য বর্ণনা করেছেন বস্তুত উভয়ের মাঝে তিন দিক দিয়ে পার্থক্য রয়েছে। যথা (ক) لا টা কেবল اسم نكره এর পূর্বে আসে, আর ما টা نكره ও معرفه উভয়ের পূর্বে আসে। (খ) لاটা نفى مطلق এর জন্য আসে, আর ما কেবল نفى حال এর জন্য আসে, (গ) لا এর খবরের উপর ب আসা না জায়েয। কিন্তু ما এর খবরের উপর ب আসা জায়েয।

★ ফায়েদা ঃ (ক) ما হরফটি ৫ শর্তে ليس এর ন্যায় আমল করে। অন্যথায় তার عمل বাতিল হয়ে যায়। যথা-

১. ما এর خبر তার اسم এর পূর্বে না আসা। যেমন- مَا اِنَّ مُسَافِرٌ زَيدٌ

২. ما এর খবর ﺍﻻ এর সাথে না আসা। যেমন- وَمَا مُحَمَّدٌ اِلَّا رَسُولٌ

৩. ما এর পরে ان অতিরিক্ত না হওয়া। যেমন- مَا اِنَّ زَيْدٌ مُسَافِرٌ

৪. ما একত্রে দু'বার না আসা। যেমন- مَا مَاالْحُرُّ مُقِيْمٌ

৫. ما এর خبر এর معمول তার اسم এর পূর্বে না আসা। যেমন- مَاالْاَحْمَقُ الْعَاقِلُ مُصَاحِب

(খ) لا ৫ শর্তে আমল করে, অন্যথায় عمل করে না। শর্ত ৫টি হল-

১. لا এর খবর তার اسم এর পূর্বে না আসা। যেমন- لَاقَائِمٌ زَيْدٌ

২. خبر টা ﺍﻻ এর সাথে সংযুক্ত না হওয়া। যেমন- لَاسَعْىَ اِلَّامُثْمِر

৩. اسم ও خبر ـ نكره হওয়া যেমন- لَا رَجُلٌ حَاضِرٌ

৪. لا দু'বার না আসা। যেমন- لَا لَامُسْرِعٌ سَبَّاقٌ

৫. نفى جنس এর জন্য না হওয়া।

فَصْلٌ ـ خَبَرُ لَا لِنَفْيِ الْجِنْسِ وَهُوَ الْمُسْنَدُ بَعْدَ دُخُولِهَا نحوُ لَارجلَ قَائِمٌ ـ

পরিচ্ছেদ – ৮ ঃ لائے نفی এর খবর প্রসঙ্গ

অনুবাদ ॥ خَبَرُ لَا لِنَفْيِ الْجِنْسِ (জাতি নিষেধ জ্ঞাপক لَا -এর খবর) এটা لَا আসার পর مسند হয়। যেমন– لَا رَجُلَ قَائِمٌ -

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله لِنَفْيِ الْجِنْسِ الخ এটা لِنَفْيِ الْحُكْمِ عَنِ الْجِنْسِ أَوْ لِنَفْيِ صِفَتِ الْجِنْسِ এর অর্থে অর্থাৎ جنس (জাতি) থেকে হুকুম কে না জ্ঞাপক لا বা جنس থেকে কোন সিফত বা গুণকে না বোধক বুঝানোর জন্য ব্যবহৃত لَا -যেমন– لَارَجُلَ قَائِمٌ এর মধ্যে رجل থেকে صِفَتِ جِنْس (দাঁড়ানোর গুণ) কে نفى করা হচ্ছে।

★ **ফায়েদা ঃ (ক) لائے نفی جِنْس ও لائ بمَعْنٰى لَيْسَ এর পার্থক্য ঃ** উভয়ের মাঝে দু'ধরনের পার্থক্য রয়েছে। যথা–

১. لائے نفی جنس টা اسم কে نصب ও خبر কে رفع দেয়। আর لَا بِمَعْنٰى لَيْسَ এর বিপরীত আমল করে।

২. لائے نفی جِنس টি جِنْسِيَّتْ তথা জাতীর নফী বুঝায়, একক সত্তার নফী বুঝায় না। আর لَا بِمَعْنٰى لَيْسَ শুধু সিফতের নফী বুঝায়।

(খ) لائے نفی جنس এর আমলের জন্য ৩টি শর্ত। যথা–

১. لا এর اسم ও خبر উভয়টি نكره হওয়া। যেমন– لَا كَوْكَبٌ سَاطِعٌ

২. اسم এর পূর্বে خبر না আসা। যেমন– لَارَجُلَ افْضَلُ مِنْكَ

৩. اسم এর পূর্বে حرف جار না আসা। যেমন– لَامِصْبَاحٌ مَكْسُورٌ

التمرين (অনুশীলনী)

১. اسماء مرفوعات কাকে বলে? উহা কয়টি ও কি কি? প্রত্যেকটির ১টি করে উদাহরণ দাও।

২. فاعل এর সংজ্ঞা দাও? فاعل কত প্রকার ও কি কি বিস্তারিত লিখ।

৩. فاعل কে مذكر، مؤنث এবং এক বচন, দ্বিচন ও বহুবচন আনার মূলনীতি কি উদাহরণসহ লিখ।

৪. فاعل এর পরিচয় দাও এবং فاعل কে কখন مقدم করা ওয়াজিব লিখ।

৫. مبتدا ও خبر এর পরিচয় দাও, উভয়ের اصل কি? এবং مبتدا কে কোন সময় مقدم করা জরুরী উদাহরণ সহ লিখ।

৬. مبتدا ও خبر এর সংজ্ঞা লিখ এবং اسم نكره কে কখন مبتدا বানান যায় তা বিশদভাবে বর্ণনা কর।

৭. দ্বিতীয় প্রকার مبتدا বলতে কি বুঝ উহার বিস্তারিত বিবরণ দাও।

৮. حروف مشبه بفعل কাকে বলে? সেগুলো কয়টি ও কি কি এবং কি আমল করে?

৯. افعال ناقصه কয়টি ও কি কি? এগুলোকে ناقصه বলার কারণ কি? এবং উহা কি আমল করে?

১০. افعال ناقصه এর خبر কে مقدم করা জায়েয কিনা? বিস্তারিত বর্ণনা কর।

اَلْمَقْصَدُ الثَّانِى فِى الْمَنْصُوْبَاتِ

اَلْاَسْمَاءُ الْمَنْصُوْبَةُ اِثْنَا عَشَرَ قِسْمًا ، اَلْمَفْعُوْلُ الْمُطْلَقُ وَبِهِ وَفِيْهِ وَلَهُ وَمَعَهُ وَالْحَالُ وَالتَّمْيِيْزُ وَالْمُسْتَثْنٰى وَاِسْمُ اِنَّ وَاَخَوَاتِهَا وَخَبَرُ كَانَ وَاَخَوَاتِهَا وَالْمَنْصُوْبُ بِلَا اَلَّتِىْ لِنَفْىِ الْجِنْسِ وَخَبَرُ مَا وَلَا اَلْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ -

---

দ্বিতীয় মাকসাদ– মানসূবাত প্রসঙ্গ

অনুবাদ ॥ اَسْمَاء مَنْصُوْبَة -এর প্রকারভেদ ঃ اَسْمَاء مَنْصُوْبَة (নসব বিশিষ্ট ইসমসমূহ) ১২ ভাগে বিভক্ত। (১) مفعول مُطلق (সাধারণ কর্মপদ), (২) مفعول بِه (ব্যক্তি বা বস্তুবাচক কর্মপদ), (৩) مفعول فيه (সময় বা স্থানবাচক পর্মপদ), (৪) مفعول لَهٗ (কারণবোধক কর্মপদ), (৫) مفعول معَهٗ (সঙ্গবোধক কর্মপদ), (৬) حال (অবস্থাবোধক পদ), (৭) تمييز (সংশয় নিরসনকারী পদ), (৮) مُسْتَثْنٰى (পৃথককৃত পদ), (৯) اسم اِنَّ وَاَخَوَاتِهَا (اِنَّ ও তার সমগোত্রীয় পদের ইসম) (১০) خَبَر كَانَ وَاَخَوَاتِهَا (كان ও তার সমগোত্রীয় পদের খবর), (১১) اَلْمَنْصُوب بِلاَ اَلَّتِىْ لِنَفْىِ الْجِنْس (জাতি নিষেধাজ্ঞা জ্ঞাপক لا দ্বারা যবরপ্রাপ্ত পদ) ও (১২) خبر مَا وَلاَ المشبهتين بِلَيْس (ليس-এর সদৃশ ما ও لا-এর খবর)।

প্রসাঙ্গিক আলোচনা ঃ قوله اَلْمَقْصَدُ পূর্বেও উল্লেখ করা হয়েছে যে, اَلْمَقْصَد কে اسم ظرف বা মাসদারের অর্থে নিলে তা যথার্থ হয় না বিধায় এটা مفعول তথা مقصود অর্থে হবে। যেমন– مركب ، مركوب অর্থে।

قوله اَلْمَنْصُوْبَاتُ ঃ مَنْصُوْبَات শব্দটি منصوب এর বহুঃ, কেননা এটা اسم এর সিফত, আর اسم হল غير عاقل - এর বহুঃ যেরূপ ات দ্বারা আসে, তদরূপ غَيْرِ عَاقِل مذكر এর বহুঃ ও ات দ্বারা আসে।

★ منصوبات কে مرفوعات এর পরে ও مجرورات এর পূর্বে আনার কারণ এই যে, ক. مرفوعات ও منصوبات উভয়টি একই আমিলের দু معمول হিসেবে পরস্পর সম্বন্বিত। খ. অথবা مجرورات এর তুলনায় منصوبات এর সংখ্যা বেশী এ কারণে مجرورات এর আগে আনাই সমীচীন গ. অথবা مجرورات হরফে জারের আছর, আর حرف এর স্থানই হল পার্শ্বে, অতএব তার مجرور এর স্থান ও একপার্শে হওয়াই বাঞ্চণীয়।

★ **منصوبات এর সংজ্ঞা ঃ** منصوب ঐ اسم কে বলে যা مفعول এর আলামত বিশিষ্ট হয়। চাই তা حقيقى হোক বা حكمى -এর দ্বারা ৫ প্রকার مفعول ও حكمى বলার দ্বারা অন্যান্যগুলো সংজ্ঞার মধ্যে শামিল হয়ে গেল।

★ **مفعول এর আলামত ঃ** مفعول হওয়ার আলামত ৪টি। যথা– ১. فتحه ২. كسره ৩. الف ও ৪. يا

কেউ প্রশ্ন করতে পারে যে, مَرَرْتُ بِمُسْلِمَاتٍ এর মধ্যে مسلمات শব্দটি মাফউলের আলামত (كسره) বিশিষ্ট অথচ তা منصوبات এর অন্তর্ভুক্ত নয় বরং مجروات এর অন্তর্গত, অতএব সংজ্ঞা مَانِعٌ عَنْ دُخُوْلِ الْغَيْر হল না। এর উত্তর এই যে, সংজ্ঞায় حَيْثِيَّتْ এর قيد তথা পর্যায় বিশেষের قيد ধর্তব্য! অর্থাৎ منصوب ঐ اسم কে বলে যার মধ্যে مفعول হিসেবে তার আলামত বিশিষ্ট হয়।

قوله الاسماء المنصوبات : منصوبه মোট ১২টি। তন্মধ্য হতে প্রথম ৫টিকে اصول منصوبات বলে। জনৈক ফার্সী কবির ভাষায় এগুলো হল–

مَفَاعِيْل هَمَه پنج است بِشْنَوِى * لَهٗ وَمُطْلَقْ وَفِيْهِ وَمَعَهٗ وَبِهٖ

আরবী কবির ভাষায়–

حَمِدْتُ حَامِدًا حَمْدًا وَ حُمَيْدٍ * رِعَايَةً شُكْرِهٖ دَهْرًا مُدِيْدًا -

(به)(مطلق) (معه) (له) (فيه)

فَصْلٌ ـ اَلْمَفْعُوْلُ الْمُطْلَقُ وَهُوَمَصْدَرٌ بِمَعْنٰى فِعْلٍ مَذْكُوْرٍ قَبْلَهٗ وَيُذْكَرُ لِلتَّاكِيْدِ كَضَرَبْتُ ضَرْبًا اَوْلِبَيَانِ النَّوْعِ نَحْوُ جَلَسْتُ جِلْسَةَ الْقَارِئِ اَوْلِبَيَانِ الْعَدَدِ كَجَلَسْتُ جَلْسَةً اَوْجَلْسَتَيْنِ اَوْجَلَسَاتٍ وَقَدْيَكُوْنُ مِنْ غَيْرِ لَفْظِ الْفِعْلِ الْمَذْكُورِ نَحْوُ قَعَدْتُ جُلُوْسًا وَاَنْبَتَ نَبَاتًا وَقَدْ يُحْذَفُ فِعْلُهٗ لِقِيَامِ قَرِيْنَةٍ جَوَازًا كَقَوْلِكَ لِلْقَادِمِ خَيْرَ مَقْدَمٍ اَىْ قَدِمْتَ قُدُوْمًا خَيْرَ مَقْدَمٍ وَ وُجُوْبًا سَمَاعًا نَحْوُسَقْيًا وَشُكْرًا وَحَمْدًا وَرَعْيًا اَىْ سَقَاكَ اللّٰهُ سَقْيًا وَشَكَرْتُكَ شُكْرًا وَحَمِدْتُكَ حَمْدًا وَرَعَاكَ اللّٰهُ رَعْيًا ـ

পরিচ্ছেদ-১ : مَفْعولِ مُطْلَقٌ প্রসঙ্গ

অনুবাদ॥ সংজ্ঞা : مَفْعولِ مُطْلَقٌ এমন مصدر কে বলে যা তার পূর্বে উল্লেখিত فعل -এর অর্থে ব্যবহৃত হয়।

مفعول مطلق -এর ব্যবহার বিধি : মাফউলে মুতলাক (তিনটি উদ্দেশ্যে) ব্যবহৃত হয়ে থাকে। (ক) تاكيد বা নিশ্চয়তা বিধানের উদ্দেশ্যে। যেমন- ضَرِبتُ ضَرْبًا (আমি প্রহার করার মত প্রকার করেছি) (খ) অথবা, শ্রেণী বা প্রকার বুঝানোর জন্য। যেমন- جَلَسْتُ جِلْسَةَ الْقَارِئِ (আমি ক্বারীর বসার ন্যায় বসেছি।) (গ) অথবা সংখ্যা বর্ণনার জন্য। যেমন- جَلَسْتُ جَلْسَةً اَوْجَلْسَتَيْنِ اَوْجَلَسَاتٍ (আমি একবার, দু'বার বা বহুবার বসেছি)। কখনো مصدر টি উল্লেখিত فعل -এর শব্দ (মাসদার) ছাড়া অন্য শব্দ দ্বারাও হয়ে থাকে। যেমন- قَعَدْتُ جُلُوْسًا (আমি বসার মত বসেছি, অর্থাৎ খুব ভাল করে বসেছি) ও انبت نباتا (সে উৎপাদন করার মত উৎপাদন করেছে, অর্থাৎ খুব ভাল উৎপাদন করেছে)।

مفعول مطلق-এর فعل বিলুপ্ত করার ক্ষেত্রসমূহ : কখনো قرينة (আলামত) পাওয়া গেলে مفعول مطلق-এর فعل -কে জায়েয পর্যায়ে বিলুপ্ত করা হয়। যেমন সফর হতে প্রত্যাগত বক্তিকে তুমি বললে خَيْرَ مَقْدَمٍ (শুভাগমন) অর্থাৎ قَدِمْتَ قُدُوْمًا خَيْرَ مَقْدَمٍ - আবার কখনো (আরবী ভাষাভাষী লোকদের নিকট হতে) শ্রবণের ভিত্তিতে وُجُوْبًا তথা আবশ্যিকভাবে বিলুপ্ত করা হয়। যেমন- رَعْيًا - حَمْدًا - شَكَرْتُكَ شُكْرًا অর্থাৎ سَقَاكَ اللّٰهُ سَقْيًا (আল্লাহ তোমাকে পানিপানে পরিতৃপ্ত করুন), شُكْرًا - سَقْيًا (আমি তোমার উত্তম কৃতজ্ঞতা জ্ঞাপন করছি), حَمِدْتُكَ حَمْدًا (আমি তোমার উত্তম প্রশংসা করছি), رعاك الله رعيا (আল্লাহ তোমার পূর্ণাঙ্গ হেফাযত করুন)।

প্রাসঙ্গিক আলোচনা : قوله اَلْمَفْعُوْلُ الْمُطْلَقُ : مفعولِ مُطلق কে এ কারণে আগে আনা হয়েছে যে, অন্যান্য সকল مفعول বিশেষ একটি বিষয় (قيد) যথা- স্থান, কারণ প্রভৃতির সাথে সংশ্লিষ্ট কিন্তু এটি ভিন্ন কোন বিষয় সংশ্লিষ্ট নয়। অতএব قيد বিহীনটি আগে আসাই সমীচীন, আর قيد বিহীন হওয়ার কারণেই একে مطلق বলে।

قوله هُوَ مَصْدَرٌ الخ : অর্থাৎ যে মাসদার তার পূর্বোল্লিখিত فعل এর অর্থে ব্যবহৃত হয় তাকে مفعول مطلق বলে। সংজ্ঞায় উল্লিখিত مصدر হল جِنْس আর فصل হল بِمَعْنٰى فِعْلٍ مَذْكُوْرٍ এর দ্বারা ضَرَبْتُهٗ تَادِيْبًا এর মধ্যকার تاديبا মাসদার বের হয়ে গেল। কারণ এটি ضَرَبْتُ ফে'লের অর্থবোধক মাসদার নয়। এভাবে تَادِيْبًا قبله হল আরেকটি فصل এর দ্বারা اَلضَّرْبُ وَاقِعٌ عَلٰى زَيْدٍ মাসদার বের হয়ে গেল। কারণ এর পূর্বে কোন ফে'ল উল্যেখ নেই। উল্লেখ্য যে, পূর্বের فعل এর অর্থ দ্বারা কেবল معنى مصدرى বা معنى حدوث উদ্দেশ্য। نسبة ও اِلَى الْفَاعِلِ زمانه উদ্দেশ্য নয়।

★ ফায়েদা : ক. مفعول مطلق এর فعل টি প্রকাশ্য হতে পারে। যথা - ضَربتُ ضَرْبًا - আবার উহ্য ও হতে পারে। যথা- فضرب الرقاب এখানে পূর্বে فاضربوا ফে'ল উহ্য আছে।

খ. بِمَعْنىٰ فعلٍ مذكورٍ দ্বারা বুঝা গেল فعل ও مصدر একই অর্থবোধক হওয়া শর্ত, তবে মাদ্দা ভিন্ন হতে পারে। যথা- قَعدتُ جُلُوْسًا

গ. مصدر টি حقيقى হতে পারে– যথা– ضَرَبْتُ ضَرْبًا এবং حُكْمِىْ ও হতেপারে। যথা– اَهْلَكَهُ اللّٰهُ جَنْدَلًا এখানে جَنْدَل (ধ্বংস) শব্দটি যদিও اسم عين তথাপি دُعاء এর স্থলে হওয়ায় مصدر এর قائم مقام হয়ে مفعول مطلق হয়েছে।

قوله وَيُذْكَرُ لِلتَّاكِيْد ঃ এখান থেকে মুসান্নিফ (র.) مفعولِ مطلق এর ব্যবহার কি কি অর্থে আসে তার বর্ণনা দিচ্ছেন যে, مفعولِ مُطلق ৩টি অর্থে ব্যবহার হয়। যথা– ১. تاكيد তথা পূর্বের فعل এর অথকে গুরুত্ব বুঝানোর জন্য, এটা ঐ সময় যখন তা ফে'লের তুলনায় অতিরিক্ত অর্থবোধক না হবে। যেমন– ضَرَبْتُ ضَرْبًا উল্লেখ্য যে, এ সময় مصدر টা جمع বা تثنيه হয় না। কারণ এটা مَاهِيت তথা মূল মাসদারের অর্থ বুঝায়। আর এতে কোন تعدد বা সংখ্যা হয় না। ২. نوع তথা ধরন প্রকৃতি বুঝানোর জন্য। যথা– جَلَسْتُ جِلْسَةَ الْقَارِىْ (আমি পাঠকের বসার ন্যায় বসেছি)

৩. عدد তথা فعل টি সংঘটিত হওয়ার সংখ্যা বুঝায়। যথা– جَلَسْتُ جَلْسَةً وَ جَلْسَتَيْنِ (আমি একবার বা দুবার বসেছি)

قوله وَقَدْ يَكُوْنُ مِنْ غَيْرِ فِعْلِ الْمَذْكُوْر ঃ অর্থাৎ مفعول مطلق টি পূর্বের فعل এর ভিন্ন শব্দে ও হতে পারে। এ ভিন্নতা শব্দ বা বাব উভয় দিক দিয়ে হতে পারে। যেমন– قَعَدْتُ جُلُوْسًا ও فَاَوْجَسَ فِىْ نَفْسِهٖ خِيْفَةً مُّوْسٰى

قوله وَقَدْ يُحْذَفُ الخ ঃ অর্থাৎ কখনো قرينةُ حَالِيَه (পরিস্থিতি জ্ঞাপক আলামত) বা قرينة مقاليه (বাচনিক আলামত) এর কারণে مفعول مطلق এর ফে'লকে উহ্য রাখা হয়। অবশ্য তা আবশ্যিকভাবে নয়। যেমন– আগন্তুক কে অভ্যার্থনা কল্লে– خَيْرُ مَقْدَم (স্বাগতম) বলা, মূলত এটা قَدِمْتَ قُدُوْمًا خَيْرَ مَقْدَمٍ ছিল, قرينةُ حَالِيَه এর ভিত্তিতে قَدِمْتَ কে বিলোপ করে قُدُوْمًا কে حذف করে তার সিফত (مقدم) কে বহাল রাখা হয়েছে।

★ কেউ প্রশ্ন করতে পারে যে, خَيْر শব্দটি اسم تفضيل মূলতঃ اَخْيَرُ ছিল। অধিক ব্যবহারের দরুন خِلَافِ قِيَاس হামযা বিলুপ্ত হয়েছে। সুতরাং اسم تفضيل কিভাবে مفعولِ مطلق হল?

উত্তর এই যে اسم تفضيل কোন সিফত বা বিষয়ের প্রতি মুযাফ হলে তা তার মুযাফ ইলায়হের অনুসরণ করে। অর্থাৎ তার অর্থটি মওসূফ ও মুযাফ ইলায়হের অর্থে পরিবর্তন হয়ে যায়। সুতরাং উদাহরণে خير শব্দটি مقدم মাসদারের মুযাফ, সে হিসেবে মাসদারের অর্থে হয়ে مفعول مطلق হওয়া শুদ্ধ হয়েছে।

قَوْلُهٗ وُجُوْبًا الخ ঃ এর عطف হল جَوَازًا এর উপর অর্থাৎ কতিপয় مفعول مطلق এর فعل কে حذف করা ওয়াজিব। يُحْذَفُ حَذْفًا শব্দটি وجوبا واجبا এর অর্থে হয়ে উহ্য মাফউলে মুতলাকের সিফত। অর্থাৎ মূলতঃ وَاجِبًا ছিল। এভাবে سَمَاعًا ও سَمَاعِيًّا এর অর্থে হয়ে مفعول مطلق এর দ্বিতীয় সিফত।

★ উল্লেখ্য যে, مفعول مطلق এর فعل হযফ করা ওয়াজিব হওয়াটা দু'প্রকার ঃ سَمَاعِىْ (শ্রবণ নির্ভর, যে ব্যাপারে এমন কোন রীতি নেই যার ওপর অন্যকে কিয়াস করা যায়) খ. قِيَاسِىْ (নিয়মতান্ত্রিক)

قوله سُقْيًا الخ ঃ এসবগুলো سَمَاعِىْ এর উদাহরণ–

★ ফায়েদা ঃ সংক্ষিপ্তের প্রতি লক্ষ করে মুসান্নিফ (র.) قياسى তথা নিয়মের ভিত্তিতে مفعول مطلق এর فعل কে حذف করার আলোচনা আনেননি। নিম্নে এর কতিপয় কায়েদা উল্লেখ করা হল–

১. مفعول مطلق টি معنى نفى বা نفى এর পরে مثبت হলে এবং اسم টি এমন اسم এর পরে আসলে যা থেকে مفعول مطلق টি خبر হতে পারে না। যথা– مَا اَنْتَ اِلَّا سَيْرًا ، اِنَّمَا اَنْتَ سَيْرًا প্রভৃতি।

২. مفعولِ مطلق টি تكرار (একাধিকবার) আনলে এবং خبر হওয়ার যোগ্যতা না রাখলে। যথা– زَيْدًا سَيْرًا سيرا

৩. পূর্বোলিলখিত مَضْمُوْن جُمْله (বাক্যের বিষয়বস্তু) প্রকাশের জন্য না আসা। যথা– فَشُدُّوا الْوَثَاقَ فَاِمَّا مَنًّا بَعْدُ وَاِمَّا فِدَاءً মূলতঃ ছিল فَاِمَّا تَمُنُّوْنَ مَنًّا بَعْدَ شَدِّ الْوَثَاقِ وَاِمَّا تُفْدُوْنَ فِدَاءً

৪. مفعول مُطلق টি এমন বাক্যের বিষয়বস্তু সম্বলিত হওয়া যা ভিন্ন অর্থের সম্ভাবনা রাখে। যথা– زَيْدٌ قَائِمٌ حَقًّا

৫. مفعولِ مُطلق টি تكرار বা تكثير এর অর্থবোধক দ্বিবচন হওয়া। যথা– لَبَّيْكَ وَسَعْدَيْكَ

فَصْلٌ - اَلْمَفْعُوْلُ بِهٖ وَهُوَ اسْمُ مَا وَقَعَ عَلَيْهِ فِعْلُ الْفَاعِلِ كَضَرَبَ زَيْدٌ عَمْرًوا وَقَدْيَتَقَدَّمُ عَلَى الْفَاعِلِ كَضَرَبَ عَمْرًوا زَيْدٌ وَقَدْيُحْذَفُ فِعْلُهٗ لِقِيَامِ قَرِيْنَةٍ جَوَازً نَحْوُ زَيْدًا فِيْ جَوَابِ مَنْ قَالَ مَنْ اَضْرِبُ وَوُجُوبًا فِيْ اَرْبَعَةِ مَوَاضِعَ : اَلْاَوَّلُ سَمَاعِيٌّ نَحْوُ اِمْرَأً وَنَفْسَهٗ وَانْتَهُوا خَيْرًالَّكُمْ وَاَهْلًا وَسَهْلًا وَالْبَوَاقِيْ قِيَاسِيَّةٌ -

---

পরিচ্ছেদ- ২ঃ مفعول به প্রসঙ্গ

অনুবাদ॥ সংজ্ঞা ঃ مفعول به এমন ইসম কে বলে যার ওপর কর্তার ক্রিয়া পতিত হয়। যেমন- ضَرَبَ زَيْدٌ عَمْرًوا-(যায়েদ আমরকে প্রহার করেছে)। (এখানে عمرًوا হল মাফউলে বিহী)। কোন কোন সময় مفعول به টি فاعل -এর পূর্বে আসে। যেমন- ضَرَبَ عَمْرًوا زَيْدٌ (যায়েদ আমরকে প্রহার করেছে)।

مفعول به -এর فعل এর অবস্থান ঃ قرينة বা লক্ষণ পাওয়া গেলে কোন কোন সময় مفعول به - এর فعل কে বিলোপ করা জায়েয। যেমন- কেউ প্রশ্ন করল مَنْ اَضْرِبُ (আমি কাকে প্রকার করব?) তদুত্তরে বলা হল زيدا (অর্থাৎ اِضْرِبْ زَيْدًا-যায়েদকে প্রহার কর) চার স্থানে مفعول به -এর فعل কে বিলোপ করা ওয়াজিব। যথা- (১) প্রথম স্থানটি হচ্ছে سَمَاعِيْ (অর্থাৎ আরবদের থেকে শ্রুতি নির্ভর)। যেমন- اِمْرَأً وَنَفْسَهٗ وَانْتَهُوْا خَيْرًا لَّكُمْ، اَهْلًا وَ سَهْلًا - আর অবশিষ্টগুলো قياسي (নিয়ম ভিত্তিক।)

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَلْمَفْعُوْلُ به ঃ به হল نائب فاعل - ب টি سَبَبِيَّةٌ অর্থাৎ اَلَّذِيْ এর اَلْمَفْعُوْلُ হল মَعْنَهُ ، لَهُ যমীরটি اَلْمَفْعُوْلُ এর اَلف لام (যা اَلَّذِيْ অর্থে) এর দিকে ফিরেছে। এভাবে يُفْعَلُ بِسَبَبِهٖ فِعْلُ فِيْهِ এর মধ্যেও।

قوله وَهُوَ اِسْمُ مَاوَقَعَ الخ ঃ অর্থাৎ مفعول به এমন اسم কে বলে যার ওপর কর্তার ক্রিয়া পতিত হয়। যেমন- ضَرَبَ زَيْدٌ عَمْرًوا - উল্লেখ্য যে, পতিত হওয়ার দ্বারা উদ্দেশ্য হল- হরফে জারের মাধ্যম ছাড়াই ফায়েলের ফে'ল তার সাথে সংশ্লিষ্ট হওয়া। চাই এই সংশ্লিষ্টতা حسى (ইন্দ্রিয় ভিত্তিক বা প্রকাশ্য) হৌক যথা ضَرَبَ زَيْدٌ عَمْرًوا বা غَيْرِ حِسِّيْ (ইন্দ্রিয় ভিত্তিক ছাড়া) হৌক। যেমন- خَلَقَ اللّٰهُ الْعَالَمَ

★ ফায়েদা ঃ ক. প্রশ্ন ঃ উপরোক্ত সংজ্ঞার দ্বারা বাহ্যতঃ فعلِ مَنْفِى এর مفعول به এতে দাখিল না থাকা বুঝা যায়। যেমন- مَاضَرَبَ زَيْدٌ عَمْرًوا (যায়েদ আমরকে প্রহার করেনি) এর মধ্যে আমরের উপর ضرب ফে'ল পতিত হয়নি। এর উত্তর এই যে, সংজ্ঞার মধ্যে একটা قيد উহ্য আছে। যথা- اِيْجَابًا اَوْ سَلْبًا অথবা পতিত হওয়ার অর্থ উপরে বর্ণিত হয়েছে যে, حرفِ جر এর মাধ্যম ছাড়া فاعل এর فعل এর সাথে সংশ্লিষ্ট থাকা। আর এটা مثبت বা منفى উভয় ক্ষেত্রে হয়।

খ. প্রশ্ন ঃ উপরোক্ত সংজ্ঞায় مفعولِ مَالَمْ يُسَمَّ فَاعِلُهٗ তথা نائبِ فاعل ، مفعولِ به এর মধ্যে দাখিল হয়ে যায়। অথচ তা منصوب হয় না কেন?

উত্তরঃ فعل দ্বারা فاعل এর প্রতি সম্বন্ধিত فعل উদ্দেশ্য। আর فعلِ مجهول এর মধ্যে فعل টি فاعل এর প্রতি সম্বন্ধিত হয় না। এখানে فاعل দ্বারা حُكْمِى ও حُقِيْقِى উভয় উদ্দেশ্য, যাতে সংজ্ঞার মধ্যে اَعْطَيْتُ زَيْدًا دِرْهَمًا এর দাখিল থাকে। কেননা اَعْطٰى ফে'লটি فاعلِ حُكْمِى এর প্রতি مسند হয়েছে।

গ. فعل এর সম্পর্কটা حرف جار এর মাধ্যম ছাড়া এক مفعول এর সাথে হয় যেমন- ضَرَبْتُ زَيْدًا , কখনো একাধিক মাফউলের সাথেও হয়। যেমন- أَعْطَى زَيْدًا دِرْهَمًا

قوله وَقَدْ يَتَقَدَّمُ الخ : مفعول به কখনো فاعل এর উপর مقدم হয়। فعل যেহেতু عامل قوى সেহেতু এতে কোন অসুবিধে নেই।

উল্লেখ্য যে, مفعول به এর مقدم হওয়াটা দু'প্রকার। ১. جوازا ২. وجوبا - جَوَازًا (জায়েয হওয়াটা) আবার দু-প্রকার, ক. قرينة حاليه .খ. قرينة مقاليه এর ভিত্তিতে যথা فَهِمَ الْمَعْنَى مُوسَى এর ভিত্তিতে। যথা- ضَرَبَ أَخَاكَ الْأَمِيرُ (এখানে ضرب এর مفعول, أَخَاكَ হওয়াটা কথার দ্বারাই বুঝায়, কারণ স্বভাবত أَمِيرُ ই فاعل তা বলার অপেক্ষা রাখে না।

২. তিন স্থানে مفعول به কে فاعل এর উপর مقدم করা ওয়াজিব।

ক. فاعل টি إِنَّمَا বা إِلَّا দ্বারা مَحْصُورٌ (সীমাবদ্ধ) হলে যথা-

إِنَّمَا هَذَّبَ النَّاسَ الدِّيْنُ الْقَوِيمُ ও مَا هَذَّبَ النَّاسَ إِلَّا الدِّيْنُ الْقَوِيمُ

খ. مفعول টি فعل এর সাথে সংযুক্ত যমীর হলে যেমন أَفَادَنِي كَلَامُكَ

গ. فاعل এর সাথে مفعول به এর যমীর মিলিত হলে وَإِذَا ابْتَلَى إِبْرَاهِيمَ رَبُّهُ بِكَلِمَاتٍ

قوله قَدْ يُحْذَفُ فِعْلُهُ لِقِيَامِ قَرِينَةٍ : অর্থাৎ কখনো কখনো বাক্যে قرينه (অবস্থা বা বাচনভঙ্গি)) এর ভিত্তিতে مفعول به এর فعل কে حذف করা হয়। এটা দু ধরনের جوازا (জায়েযভাবে) ও ঘ. وُجُوبًا (আবশ্যিকভাবে) এটা আবার দুপ্রকার ক. قِيَاسِى ও খ. سَمَاعِى

ক. جَوَازًا যথা কেউ প্রশ্ন করল- مَنْ أَضْرِبُ (আমি কাকে মারব?) উত্তরে শুধু زَيْدًا বলা হল, এখানে প্রশ্নই বুঝাচ্ছে যে, زَيْدًا এর পূর্বে إِضْرِبْ ফে'ল উহ্য আছে।

وجوبا তথা مفعول به কে حذف করা ওয়াজিব ৪ স্থানে। ১. এর প্রথমটি হল سماعى (শ্রবণনির্ভর) যথা- اِمْرَءً وَنَفْسَهُ এটা মূলত اُتْرُكْ اِمْرَءًا وَنَفْسَهُ (লোকটিকে ও তার সত্বাকে ছেড়ে দাও) অর্থাৎ তুমি লোকটিকে মারার থেকে তোমার হাতকে এবং তার নসীহত করা থেকে তোমার যবানকে রক্ষা কর। এ উদাহরণে اِمْرَءًا হল مفعول به, এর عامل হল اترك, এটাকে وجوبا বিলোপ করা হয়েছে। অবশ্য এর জন্য কোন কায়েদা নেই। نَفْسَهُ হল معطوف অথবা واو টি عاطفه হয়ে مفعول معه -

قوله وَانْتَهُوا خَيْرًا لَّكُمْ : এটা মূলত ছিল- وَانْتَهُوا عَنِ التَّثْلِيثِ وَاقْصُدُوا خَيْرًا لَّكُمْ (হে খৃস্টানগণ! তোমরা তৃত্ববাদ থেকে বিরত থাক এবং তোমাদের কল্যাণকর বিষয়কে গ্রহণ কর) এর মধ্যে خيرا হল مفعول به -এর ফে'ল اِقْتَصِدُوا মাহযূফ রয়েছে।

قوله أَهْلًا وَسَهْلًا : এটা মূলত أَتَيْتَ أَهْلًا وَ وَطِئْتَ سَهْلًا ছিল (তুমি আপন পরিবারে এসেছ ও কোমল ভূমিতে পদার্পণ করেছ।) অবশিষ্ট তিনটি স্থান হল قِيَاسِى সামনে তা আলোচিত হচ্ছে।

اَلثَّانِىْ اَلتَّحْذِيْرُ وَهُوَمَعْمُوْلٌ بِتَقْدِيْرِ اِتَّقِ تَحْذِيْرًا مِمَّا بَعْدَهٗ نَحْوُ اِيَّاكَ وَالْاَسَدَ، اَصْلُهَا اِتَّقِكَ وَالْاَسَدَ اَوْ ذِكْرُالْمُحَذَّرِ مِنْهُ مُكَرَّرًا نَحْوُ اَلطَّرِيْقَ اَلطَّرِيْقَ اَلثَّالِثُ مَا اُضْمِرَعَامِلُهٗ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ وَهُوَكُلُّ اِسْمٍ بَعْدَهٗ فِعْلٌ اَوْ شِبْهُهٗ يَشْتَغِلُ ذٰلِكَ الْفِعْلُ عَنْ ذٰلِكَ الْاِسْمِ بِضَمِيْرِهٖ اَوْ مُتَعَلِّقِهٖ بِحَيْثُ لَوْ سُلِّطَ عَلَيْهِ هُوَ اَوْ مُنَاسِبُهٗ لَنَصَبَهٗ نَحْوُ زَيْدًا ضَرَبْتُهٗ فَاِنَّ زَيْدًا مَنْصُوْبٌ بِفِعْلٍ مَحْذُوْفٍ مُضْمَرٍ وَهُوَضَرَبْتُ يُفَسِّرُهُ الْفِعْلُ الْمَذْكُوْرُ بَعْدَهٗ وَهُوَ ضَرَبْتُهٗ وَلِهٰذَا الْبَابِ فُرُوْعٌ كَثِيْرَةٌ،

অনুবাদ ॥ দ্বিতীয় ঃ দ্বিতীয় স্থান হল تَحْذِيْر, আর তা হল উহ্য اِتَّقِ -এর معمول (আমলকৃত পদ) যাকে তৎপরবর্তী শব্দ দ্বারা ভয় দেখানো হয়। যেমন– اِيَّاكَ وَالْاَسَدَ -এর প্রকৃত রূপ হলো اِتَّقِكَ وَالْاَسَدَ অথবা مُحَذَّرٌ مِنْهُ (যা হতে ভয় দেখানো হয়) পুনঃ পুনঃ উল্লেখ করা হয়। যেমন– اَلطَّرِيْقَ اَلطَّرِيْقَ -

তৃতীয় ঃ شَرِيْطَةِ التَّفْسِيْرِ مَا اُضْمِرَ عَامِلُهٗ عَلٰى (যার আমেলকে ব্যাখ্যার শর্তে উহ্য রাখা হয়), আর তা এমন প্রত্যেক ইসম যার পরে একটি فعل অথবা شِبْهِ فعل থাকে, যে فعل (বা) شبهِ فعل টি উক্ত ইসমের ضمير বা তার متعلّق (সংশ্লিষ্ট বিষয়)। এর মধ্যে আমল করার কারণে ইসমটির মধ্যে আমল করা হতে বিরত থাকে। فعل বা شبهِ فِعل টি এমন পর্যায়ে হবে যে, যদি উক্ত فعل বা তার অনুরূপ কোন ফে'লকে ঐ ইসমের পূর্বে বসানো হয় তবে ইসমটিকে অবশ্যই যবর দেবে। যেমন– زَيْدًا ضَرَبْتُهٗ -এখানে زَيْدًا শব্দটি একটি উহ্য فعل দ্বারা যবরপ্রাপ্ত হয়েছে। সে فعل টি হচ্ছে ضَرَبْتُ যার ব্যাখ্যা দিচ্ছে যায়েদের পূর্বে উল্লিখিত فعل টি। আর তা হচ্ছে ضَرَبْتُهٗ, এ বিষয়টির (مَا اُضْمِرُ عَامِلُهٗ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ -এর) বহু শাখা-প্রশাখা রয়েছে।

প্রাসঙ্গিক আলোচনা ঃ ২. قوله اَلتَّحْذِيْرُ الخ ঃ مفعول به এর فعل কে حذف করার দ্বিতীয় স্থান تحذير- تحذير এর আভিধানিক অর্থ হল– ভয় দেখান, নাহুর পরিভাষায়– تَنْبِيْهُ الْمُخَاطَبِ عَلٰى اَمْرٍ مَكْرُوْهٍ اَوْ مُهِيْبٍ لِيَجْتَنِبَهٗ

অর্থাৎ- সম্বোধিত ব্যক্তিকে কোন অপছন্দনীয় বা ভয়ার্ত বিষয় থেকে সতর্ক করা, মুসান্নিফ র. এর ভাষায়– تحذير ঐ শব্দকে বলে যা উহ্য اِتَّقِ ফে'লের معمول হয় এবং সম্বোধিত ব্যক্তিকে তার পরবর্তী উল্লিখিত বস্তু থেকে সাবধান করা হয়।

★ উল্লেখ্য যে, এর মধ্যে ৪টি বস্তু রয়েছে। যথা– ১. تَحْذِيْر (সতর্ক করা) ২. مُحَذَّرٌ مِنْهُ (যা থেকে সতর্ক করা হয়) ৩. مُحَذِّرٌ (সতর্ককারী) ৪. مُحَذَّرٌ সতর্ককৃত ব্যক্তি।

تَحْذِيْر এর মধ্যে مفعول به এর فعل কে সময়ের সংকীর্ণতার দরুণ حذف করা হয়। কেননা আকস্মিক কোন বিপদাপদ আসলে সতর্ককারী চিন্তা করে যে, فعل উল্লেখ করে কথাকে দীর্ঘায়িত করলে লোকটি (محذر) বিপদে পতিত হয়ে যাবে। অতএব যথা সম্ভব সংক্ষেপ করাই যুক্তিযুক্ত। যেমন কারো সামনে সাপ থাকলে– সাপ! সাপ! বলেই আমরা সাবধান করে থাকি। এটাও তদরূপ।

قوله وَهُوَ مَعْمُوْلٌ الخ ঃ অর্থাৎ تحذير হল اِتَّقِ বা এ জাতীয় অর্থবোধক শব্দ যথা حَذِّرْ ، اِحْذَرْ ، جَانِبْ ইত্যাদির معمول

★ تحذير দু প্রকার– ১. تحذير مُحَذَّرٌ তথা اِتَّقِ বা সমার্থ বোধক শব্দের معمول -

২. تَحْذِيْر مُحَذَّرٌ مِنْهُ তথা مُكَرَّر বা একাধিকবার উচ্চারিত ভয়ার্ত বস্তু থেকে تحذير যেমন– اَلْاَسَدَ اَلْاَسَدَ ، اَلطَّرِيْقَ اَلطَّرِيْقَ অর্থাৎ اِتَّقِ الطَّرِيْقَ اِتَّقِ الطَّرِيْقَ

৩. مفعول به এর فعل কে حذف করা ওয়াজিব হওয়ার তৃতীয় স্থান হল–

اسم مَا اُضْمِرَ عَامِلُهُ عَلٰى شَرِيْطَةِ التَّفْسِيْرِ (ব্যাখ্যার ভিত্তিতে যার عامل কে উহ্য রাখা হয়েছে) এটা এমন কে বলে যার পরে কোন فعل বা شبه فعل থাকে। আর উক্ত فعل বা شبهِ فعل তার পূর্ববর্তী اسم এর দিকে প্রত্যাবর্তনকারী ضمير বা তার متعلق এর মধ্যে আমল করার কারণে উক্ত فعل বা شبه فعل এর মধ্যে আমল করা থেকে বিরত থাকে। আর তা এমনভাবে যে, উক্ত فعل বা شبهِ فعل কে বা তার মুনাসিব কোন فعل বা شبه فعل কে তার আগে আনলে অবশ্যই তাকে নসব দিবে।

★ উল্লেখ্য যে, এক্ষেত্রে فعل বা شبه فعل কে حذف করার কারণ হল যাতে مُفَسَّرْ ও مُفَسِّرْ একত্র না হয়ে যায়। কেননা যে فعل বা شبهِ فعل কে حذف করা হয়েছে সামনেই তার تفسير আছে।

নিম্নে এর বিস্তারিত আলোকপাত করা হল– فَافْهَمْ

★ ফায়েদা : ক. সংজ্ঞা দ্বারা কতিপয় জিনিষ বুঝা গেল যে, ১. উক্ত اسم তথা مفعول এর পরে فعل বা شبه فعل থাকতে হবে। (এখানে شبه فعل দ্বারা اسم فاعل ও اسم مفعول ও صِفت مُشَبَّه ،مصدر উদ্দেশ্য। اسم تفضيل উদ্দেশ্য নয়।)

এ قيد দ্বারা যে فعل এর পরে فعل বা شبه فعل নেই তা বেরিয়ে গেল। যথা– زَيْدٌ اَبُوْكَ يَشْتَغِلُ

২. فعل বা شبهِ فعل টি যমীর বা তার متعلق এর মধ্যে আমল করার কারণে مفعولِ مقدم হিসেবে পূর্বের اسم এর মধ্যে আমল করতে পারবে না।

৩. হুবহু ঐ فعل বা তার مُنَاسِب কোন فعل কে উক্ত اسم এর আগে আনলে অবশ্যই তাকে নসব দিতে পারবে। উপরোক্ত কথাগুলো বুঝার জন্য কয়েকটি উদাহরণ লক্ষ্যনীয়।

ক. হুবহু ফে'লের উদাহরণ : زَيْدًا ضَرَبْتُهُ এখানে زَيْدًا এরপরে ضَرَبْتُ একটি فعل উহ্য আছে। পরের ضَرَبْتُ এসে সেটি বুঝাচ্ছে। তবে ه যমীর যেহেতু ضَرَبْتُ এর মাফউল, এ কারণে زيد مفعولِ مقدم হিসেবে শব্দকে নসব দিতে পারছে না কিন্তু ه যমীর কে বাদ দিয়ে ضربت কে আগে আনলে অবশ্যই زيد কে নসব দিত।

খ. شبه فعل এর উদাহরণ : زَيْدًا اَنْتَ ضَارِبُهُ এর মধ্যে زَيْدًا হল مفعول به এর পূর্বে ضَارِبٌ একটি شبه فعل উহ্য আছে। পরের ضَارِبٌ তার তাফসীর কিন্তু ضارب টি ه যমীরের মধ্যে আমল করায় زَيْدًا এর মধ্যে مفعولِ مقدم হিসেবে আমল করতে পারছে না। তবে ه বাদ দিয়ে শুরুতে আনলে আমল করত।

গ. مُنَاسِب ফে'ল এবং فعل এর যমীর اسم এর متعلق হওয়ার উদাহরণ : زيدا مررت به এখানে হুবহু مررت ফে'লকে زيدا এর আগে আনা জায়েয নয়। কারণ এটা مُتَعَدِّىْ بِنَفْسِه (স্বয়ং মুতাআদ্দী) নয় বরং ب দ্বারা متعدى হয়েছে। সুতরাং به কে বাদ দিয়ে مَرَرْتُ কে আগে আনলে لازم হওয়ার কারণে زيد কে তার مفعول বানান যায় না। অতএব এর মুনাসিব শব্দ جاوزت (অতিক্রম করলাম) কে নিয়ে এলে তখন زيدا কে مفعول হিসেবে নসব দিত। তখন ইবারত হত جَاوَزْتُ زَيْدًا مَرَرْتُ بِهِ

ঘ. مُنَاسِب ফে'ল ও فعل এর متعلق ইসমের মধ্যে আমল করার উদাহরণ :

زَيْدًا ضَرَبْتُ غُلَامَهُ এর মধ্যে غلامه হল زيد এর متعلق (সংশ্লিষ্ট) এখানে ضَرَبْتُ এর মধ্যে আমল করায় غلامه এর মধ্যে আমল করতে পারছেনা। অথচ ضَرَبْتُ বা তার সমার্থবোধক কোন فعل কে আগে আনা যাচ্ছে না। কারণ তখন যায়েদ প্রহৃত হয়ে অর্থ পরিবর্তন হয়ে যায়। প্রহৃত তো তার গোলাম। অতএব ضَرَبْتُ দ্বারা যা আবশ্যিক (لازم) হয় অর্থাৎ মনিবের اهانت (লাঞ্ছনা) বুঝায় এমন فعل আনতে হবে। অর্থাৎ اَهَنْتُ যেমন– اَهَنْتُ زَيْدًا ضَرَبْتُ غُلَامَهُ

قوله وَلِهٰذَا الْبَابِ : অর্থাৎ এ প্রসঙ্গে আরো অনেক আলোচনা আছে। দীর্ঘায়িত হওয়ার আশংকায় মুসান্নিফ র. তা উল্লেখ করেননি। যেমন– مَا اُضْمِرَ عَامِلُهُ এর মধ্যে ৫ ধরনের اعراب হওয়া, যথা– ১. رفع উত্তম ২. نصب উত্তম, ৩. رفع ওয়াজিব ৪. نصب ওয়াজিব ৫. رفع ও نصب সমপর্যায়ের ইত্যাদি।

اَلرَّابِعُ اَلْمُنَادٰى وَهُوَ اسْمٌ مَدْعُوٌّ بِحَرْفِ النِّدَاءِ لَفْظًا نَحْوُ يَاعَبْدَ اللّٰهِ اَىْ اَدْعُوْ عَبْدَ اللّٰهِ وَحَرْفُ النِّدَاءِ قَائِمٌ مَقَامَ اَدْعُوْ وَحُرُوْفُ النِّدَاءِ خَمْسَةٌ يَا وَاَيَا وَهَيَا وَاَىْ وَالْهَمْزَةُ الْمَفْتُوْحَةُ وَقَدْ يُحْذَفُ حَرْفُ النِّدَاءِ لَفْظًا نَحْوُ يُوْسُفُ اَعْرِضْ عَنْ هٰذَا

অনুবাদ ॥ চতুর্থ ঃ اَلْمُنَادٰى (আহুত)। مُنَادٰى এমন একটি ইসম যাকে حرفِ نِدَاء দ্বারা আহ্বান করা হয়। হরফে নেদাটি প্রকাশ্য হতে পারে যথা- يَا عَبْدَ اللّٰهِ (হে অব্দুল্লাহ) অর্থাৎ اَدْعُوْ عَبْدَ اللّٰهِ (আমি আব্দুল্লাহকে ডাকছি)। এখানে يا হরফে নেদাটি اَدْعُوْ ফে'লের স্থলাভিষিক্ত। হরফে নেদা পাঁচটি- (১) يَا, (২) اَيَا, (৩) هَيَا, (৪) اَىْ, ও (৫) যবরযুক্ত هَمْزَةٌ। কোন কোন সময় حرفِ نِدَاء উহ্য থাকে। যেমন- يُوْسُفُ اَعْرِضْ عَنْ هٰذَا (এখানে يوسف মুনাদার পূর্বে হরফে নেদা يَا উহ্য রয়েছে)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَلْمُنَادٰى : حَذْفِ قِيَاسِى فعل কে حذف করা ওয়াজিব হওয়ার ৪র্থ স্থান এবং এর ৩য় স্থান হল مُنَادٰى. مُنَادٰى বাবে مُفَاعَلَة হতে اسم مفعول অর্থ আহুত, যাকে ডাকা হয়, আহ্বান করা হয়। পরিভাষায়- هُوَ اِسْمٌ هُوَ الْمَطْلُوْبُ اِقْبَالُهُ بِحَرْفِ نَائِبٍ مُنَابَ اَدْعُوا لَفْظًا اَوْ تَقْدِيْرًا মুসান্নিফ (র.) এর ভাষায়- اَلْمَدْعُوُّ بِحَرْفِ النِّدَاءِ لَفْظًا اَوْ تَقْدِيْرًا

مُنَادٰى এমন اسم কে বলে যাকে اَدْعُوْ এর স্থলাভিষিক্ত কোন প্রকাশ্য বা উহ্য অব্যয়ের মাধ্যমে আহ্বান বা দৃষ্টি আকর্ষণ করা হয়। সংজ্ঞায় هُوَ হল جِنْس যা مُنَادٰى ও غَيْرِ مُنَادٰى কে শামিল করে, بِحَرْفِ النِّدَاءِ হল فصل - এর দ্বারা فعل এর মাধ্যমে যাকে ডাকা হয় তা বেরিয়ে গেল।

قوله وَحَرْفُ النِّدَاءِ الخ : سِيْبَوَيْه رح এর মতে مُنَادٰى এর ناصِب হল فعلِ مُقَدَّرْ অর্থাৎ كَثْرَتِ اِسْتِعْمَال (অধিক ব্যবহার) ও حرف نداء টি فعل এর قائم مقام হওয়ায় وجوبا (আবশ্যিকভাবে) হয়েছে।

খ. مُبَرَّدْ رح এর মতে حرفِ ندا ই منادى এর عامِلِ ناصب - অতএব তাঁর মতে এটা عامِل কে حذف করার স্থানসমূহের অন্তর্গত নয়।

قوله وَقَدْ يُحْذَفُ حَرْفُ الخ ঃ অর্থাৎ حرفِ نداء বুঝার জন্য قرينه (আলামত) পাওয়া গেলে حرفِ نِدَا কে تخفيفا সহজার্থে হযফকে করা জায়েয। তবে ৪ ক্ষেত্রে জায়েয নেই। যথা- ১. মুনাদাটা اسمِ جنس হলে ২. اسمِ اِشَارَه হলে ৩. مُسْتَغَاثُ না হলে ৪. مَنْدُوْبُ না হলে।

قَوْلُهُ يُوْسُفُ اَعْرِضْ الخ ঃ এটা মূলত يَايُوْسُفُ الخ ছিল অর্থ : হে ইউসূফ! এ থেকে বিরত থাক। এখানে قرينه হল امر তথা আদেশ হওয়া, উপরন্তু ى কে محذوف না মেনে يُوْسُفُ কে যদি مُبْتَدَا মানা হয় তা সহীহ হয় না। কারণ সামনে হল- امر এটা اِنْشَائِيه আর اِنْشَاء কে খবর বানান সহীহ হয়।

وَاعْلَمْ اَنَّ الْمُنَادٰى عَلٰى اَقْسَامٍ فَاِنْ كَانَ مُفْرَدًا مَعْرِفَةً يُبْنٰى عَلٰى عَلَامَةِ الرَّفْعِ كَالضَّمَّةِ وَنَحْوِهَا نَحْوُ يَا زَيْدُ وَيَارَجُلُ وَيَا زَيْدَانِ وَيَازَيْدُوْنَ وَيُخْفَضُ بِلَامِ الْاِسْتِغَاثَةِ نَحْوُ يَالَزَيْدٍ وَيُفْتَحُ بِالْحَاقِ اَلِفِهَا نَحْوُ يَا زَيْدَاهْ وَيُنْصَبُ اِنْ كَانَ مُضَافًا نَحْوُ يَا عَبْدَ اللّٰهِ اَوْمُشَابِهًا لِلْمُضَافِ نَحْوُ يَاطَالِعًا جَبَلًا

অনুবাদ ॥ مُنَادٰى - এর প্রকারভেদ ঃ জ্ঞাতব্য– মুনাদা কয়েকভাগে বিভক্ত– ১. منادى যদি মুফরাদ এবং মা'রেফা হয় তবে রফার চিহ্ন তথা পেশ বা অনুরূপ কোন চিহ্নের উপর মবনী হবে। যেমন– يَا زَيْدُ - يَا رَجُلُ - يَازَيْدَانِ ও يَا زَيْدُوْن ..২ لَامِ اِسْتِغَاثَةٌ (ফরিয়াদসূচক لام) প্রবিষ্ট হলে যের বিশিষ্ট হবে। যেমন– يَا لَزَيْدٍ এবং ৩. اَلِفِ اِسْتِغَاثَة (ফরিয়াদসূচক الف) যুক্ত হলে যবরবিশিষ্ট হবে। যেমন– يَا زَيْدَاهْ .৪ (ক) মুনাদাটি مضاف হলে, যেমন– يَاعَبْدَ اللّٰهِ বা (খ) مشابهُ مضاف হলে, যেমন– يَاطَالِعًا جَبَلًا অথবা

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاعْلَمْ اَنَّ الْمُنَادٰى الخ ঃ এখান থেকে মুসান্নিফ (র.) مُنَادٰى এর اَحْكَامٌ বা বিধান বর্ণনা করছেন যে, منادى কয়েক প্রকার। যথা– ১. منادى যদি হয় مفرد ও معرفه হয়। এখানে مفرد দ্বারা উদ্দেশ্য হল مضاف বা شبه مضاف না হওয়া (যেমন يَاطَالِعًا جَبَلًا)। আর معرفه টা নিদা এর পূর্বে থাক বা ندا এর পরে হৌক) علامت رفع এর উপর مبنى হবে। رفع এর আলামত হল পেশ الف ও واو যেমন– يازيدون ও يازيدان، يازيد এর মধ্যে।

قوله يُخْفَضُ بِلَامِ الْاِسْتِغَاثَةِ ঃ اِسْتِغَاثَة - غَوْثٌ মাদ্দা হতে বাবে استفعال এর মাসদার। অর্থ বিপদ উদ্ধারের জন্য কাউকে আহ্বান করা, استغاثه টা منادى লামে استغاثه দ্বারা مجرور হয়। যেমন– يَالَزَيْدٍ (এর مستغاث) পূর্বে যে লাম আসে তাকে لَامِ اِسْتِغَاثَةٌ বলে।

★ উল্লেখ্য যে, اِسْتِغَاثَه এর মধ্যে দু'টি বিষয় থাকে। ক. مدعو (আহুত) খ مَدْعُوْ اِلَيْهِ যে কারণে আহবান করা হয়। مُسْتَغِيْثٌ হল مَدْعُوْ অর্থাৎ যার নিকট ফরিয়াদ জানান হয় যেমন হাকিম প্রভৃতি। আর مُسْتَغَاث হল মজলুম অর্থাৎ যার জন্য ফরিয়াদ করা হয়, مُسْتَغِيْثٌ ফরিয়াদী। مُسْتَغَاث এর উপর যে لَام আসে তা مكسور হয়, উভয়ের মাঝে পার্থক্যের জন্য এরূপ করা হয়। যেমন– يَالَزَيْدٍ এর ভাবার্থ হল يَالَزَيْدٍ اَغِثْ لِلْمَظْلُوْمِ (হে যায়েদ মাজলুমের সাহায্যের জন্য এসো) এর মধ্যে قَوْم হল مُسْتَغَاثٌ, আর মাজলুম হল مُسْتَغَاثٌ لَهُ ও يَالَقَوْمُ لِلْمَظْلُوْمِ (হে কওম! তুমি মাজলুমের সাহায্যের জন্য এসো) এর মধ্যে قوم হল مُسْتَغَاثٌ আর لِلْمَظْلُوْمِ হল مُسْتَغَاثٌ لَهُ।

قوله وَيُفْتَحُ بِالْحَاقِ اَلِفِهَا ঃ অর্থাৎ مُسْتَغَاث এর শেষে اَلِف যুক্ত হলে তা যবর যুক্ত হয়। যেমন– يَازَيْدَاهُ এর دال এর ডানে। কারণ الف সব সময় যবর চায়, শেষে هٰ টি وَقف এর জন্য বা مَدِّ صَوْت তথা স্বর উঁচু করার জন্য আসে। এ সময় শুরুতে لَام আসে না। কারণ লাম চায় শেষে যের, আর الف চায় যবর। সুতরাং উবয়ের মাঝে مُنَافَاتٌ (বৈপরিত্ত) রয়েছে।

قوله وَيُنْصَبُ اِنْ كَانَ الخ অর্থাৎ مُنَادٰى টা مُضَاف বা مُشَابهُ مضاف হলে مَفْعُوْلِيَّتْ এর ভিত্তিতে منصوب হয়। যেমন– يا عبد الله ও يَا طَالِعًا جَبَلًا

★ مُشَابَهُ مُضَاف দ্বারা উদ্দেশ্য হল যে مُنَادٰى টি مضاف নয় এবং অন্য কোন শব্দের সাথে মিলন ছাড়া তার অর্থ সম্পূর্ণ হয় না। কেননা مُضَاف যেরূপ مضاف اليه এর সাথে মিলিত না হওয়া পর্যন্ত তার অর্থ পূর্ণ হয় না তদরূপ এটাও। যেমন يَاطَالِعًا جَبَلًا (হে পর্বত আরোহী) শুধু طَالِعًا (আরোহী) বলার দ্বারা অর্থ বোধগম্য হয় না। এভাবে يَاخَيْرًا مِّنْ زَيْدٍ এটা ও مشابهُ مضاف কারণ শুধু خير বলার দ্বারা এর অর্থ বুঝা যায় না।

أَوْ نَكِرَةً غَيْرَ مُعَيَّنَةٍ كَقَوْلِ الْأَعْمٰى يَارَجُلًا خُذْ بِيَدِيْ وَإِنْ كَانَ مُعَرَّفًا بِاللَّامِ قِيلَ يَا أَيُّهَا الرَّجُلُ وَيَا أَيَّتُهَا الْمَرْأَةُ وَيَجُوزُ تَرْخِيمُ الْمُنَادٰى وَهُوَ حَذْفٌ فِيْ اٰخِرِهِ لِلتَّخْفِيفِ كَمَا تَقُولُ فِيْ مَالِكٍ يَامَالُ وَفِيْ مَنْصُورٍ يَا مَنْصُ وَفِيْ عُثْمَانَ يَا عُثْمُ وَيَجُوزُ فِيْ اٰخِرِ الْمُنَادٰى الْمُرَخَّمِ الضَّمُّ وَالْحَرَكَةُ الْأَصْلِيَّةُ كَمَا تَقُولُ فِيْ حَارِثٍ يَاحَارُ وَيَاحَارِ ـ وَاعْلَمْ أَنَّ "يَا" مِنْ حُرُوفِ النِّدَاءِ وَقَدْ تُسْتَعْمَلُ فِي الْمَنْدُوبِ أَيْضًا وَهُوَ الْمُتَفَجَّعُ عَلَيْهِ بِيَا أَوْ وَا كَمَا يُقَالُ يَا زَيْدَاهْ وَ وَا زَيْدَاهْ فَوَا مُخْتَصَّةٌ بِالْمَندوبِ وَيَا مُشْتَرَكَةٌ بَيْنَ النِّدَاءِ وَالْمَنْدُوبِ وحكمُهُ فِي الْإِعْرَابِ وَالْبِنَاءِ مِثْلُ حكمِ الْمُنَادٰى ـ

অনুবাদ ॥ গ) অনির্দিষ্ট নাকেরা হলে, যেমন– অন্ধ ব্যক্তির উক্তি يَارَجُلًا خُذْ بِيَدِيْ (যবরবিশিষ্ট হবে)।

৫. মুনাদাটি আলিফ-লাম যোগে معرفة হলে বলা হবে يَا اَيُّهَا الرَّجُلُ ও يَا اَيَّتُهَا الْمَرْأَةُ -

تَرْخِيمُ الْمُنَادٰى বা মুনাদাকে সংক্ষিপ্তকরণ ঃ مُنَادٰى কে ترخيم বা সংক্ষিপ্ত করা বৈধ। مُرَخَّمْ বা সংক্ষিপ্ত করণের অর্থ হলো (মুনাদার ব্যবহার কে) সহজ করণের উদ্দেশ্যে মুনাদা শব্দের শেষাংশকে বিলুপ্ত করা। যেমন– তুমি বলবে مَالِكْ এর স্থলে يَامَالُ এবং مَنْصُوْرُ এর স্থলে يَا مَنْصُ - عُثْمَانُ এর স্থলে يَاعُثْمُ - منادىٰ مُرَخَّم এর শেষবর্ণে পেশ দেয়া বা মূল হরকত রাখা উভয়ই বৈধ। যেমন– يَا حَارِثُ এর ক্ষেত্রে বলবে يَا حَارُ বা يَا حَارِ -

জ্ঞাতব্য مَنْدُوْبُ ঃ يَا বর্ণটি حروفِ نِدَا এর অন্তর্ভূক্ত। তবে কোন কোন সময় তা মানদূবের জন্যও ব্যবহৃত হয়। মানদূব ঐ ইসমকে বলা হয় যার ব্যাপারে يا বা واو এর মাধ্যমে বিলাপ বা দুঃখ প্রকাশ করা হয়। যেমন– বলা হয় يَا زَيْدَاهْ ও وَا زَيْدَاهْ (হায় যায়েদ!)। وا মানদূবের জন্য নির্দিষ্ট। আর يا মুনাদা ও মানদূব উভয় অর্থেই ব্যবহৃত হয়। মু'রাব ও মবনী হওয়ায় ক্ষেত্রে মানদূবের হুকুম মুনাদার হুকুমের ন্যায়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله أَوْ نَكِرَةً غَيْرَ مُعَيَّنَةٍ ঃ غير معينة হল نكرة এর সিফত। এ উদাহরণে رَجُلًا টা نِدَا এর আগে ও পরে সর্বাবস্থায় نكرة - কারণ অন্ধ ব্যক্তি কাউকে দেখে না। সুতরাং সে নির্দিষ্ট কাউকে ডাকে না। ندا এর দ্বারা نكرة শব্দটি معرفة হয়ে যায় কিন্তু অন্ধের ক্ষেত্রে তা হয় না। এজন্যই نكرة এর পরে غير معينه সিফত আনা হয়েছে।

قوله وَيَجُوزُ تَرْخِيمُ الْمُنَادٰى : ترخيم অর্থ নরম বা সহজ করন। পরিভাষায়– منادى এর শেষ থেকে এক বা একাধিক বর্ণ বিলোপ করে ডাকতে সহজ সাধ্য করা।

★ ফায়েদা ঃ ক. ترخيم এর জন্য কতিপয় শর্ত রয়েছে। যথা– ১. منادى টি مضاف না হওয়া। ২. جمله না হওয়া ৩. তিনের অতিরিক্ত অক্ষরবিশিষ্ট হওয়া। ৪. تائے تانيث যুক্ত হওয়া। ৫. مُسْتَغَاثُ না হওয়া। ৬. مَنْدُوْبُ না হওয়া। খ. مُرَكَّبِ اِسْنَادِى ও مركب اضافى ছাড়া অন্যান্য مركب এর মধ্যে ترخيم এর সময় শেষের اسم কে حذف করা হয়। গ. ترخيم গদ্যের মধ্যে সর্বক্ষেত্রে জায়েয, আর পদ্যের মধ্যে জরুরত বশত জায়েয।

قوله وَيَجُوزُ فِيْ اٰخِرِ الْمُنَادٰى الخ ঃ অর্থাৎ منادىٰ مُرَخَّمْ এর শেষে حركتِ اصلى কে ঠিক রাখা বা পূর্ণ منادى হিসেবে اعراب দেয়া উভয় জায়েয।

قوله وَاعْلَمْ اَنَّ يَامِنْ الخ ঃ مِنْ حُرُوفِ النِّدَاءِ এটা يا এর সিফত বা তার থেকে حال -

قوله وَهُوَ الْمُتَفَجَّعُ ঃ مُتَفَجَّع বাবে تفعّل হতে اسم مفعول অর্থ যার ওপর অস্থিরতা প্রকাশ করা হয়। এখানে على টি لام অর্থে, আর مَنْدُوْبُ. نَدْبٌ হতে অর্থ দুঃখ প্রকাশ করা, مَنْدُوْبُ ঐ মৃত ব্যক্তি যার গুণাবলী স্মরণ করে করে তার উপর কান্না-কাটি করা হয়। নাহুর পরিভাষায় مندوبُ ঐ اسم কে বলে يا বা وا এর মাধ্যমে যার উপর দুঃখ প্রকাশ করা হয়। যথা– يازيداه ، وا زيداه -এর মধ্যে ه টি مَدِّ صَوْت তথা স্বর উচুঁ করার জন্য।

قَوْلُهُ وَحُكْمُهُ الخ ঃ অর্থাৎ مندوب এর اعراب এর বিধান مُنَادٰى এর বিধানের ন্যায়। যেমন– وَازَيْدُ ، وَاعَبْدُ اللّٰهِ

فَصلٌ ـ اَلْمَفْعُوْلُ فِيْهِ هُوَ اسمُ مَا وقعَ فِعلُ الْفَاعِلِ فِيْهِ مِنَ الزَّمانِ وَالْمَكانِ وَيُسمَّى ظَرفًا وظروفُ الزَّمانِ عَلٰى قِسْمَيْنِ : مُبْهَمٌ وَهُوَ مَالاَ يكونُ لَهُ حَدٌّ مُعَيَّنٌ كَدَهْرٍ وَحِيْنٍ ومحدود وهو مايكون له حد معين كيوم وليلة وشهر وسنة وكلها منصوبٌ بِتَقدِيْرِ"فِيْ" تَقُوْلُ صُمْتُ دَهْرًا اَوْ سَافَرْتُ شَهْرًا اى فِيْ دَهْرٍ وَشَهْرٍ وظُرُوْفُ الْمَكَانِ كَذٰلِكَ مُبْهَمٌ وهو مَنْصُوبٌ ايضًا بِتَقْدِيْرِ"فِيْ" نحوُ جَلَسْتُ خَلْفَكَ وامامَكَ وَمَحْدُوْدٌ وَهُوَ مَا لايكونُ مَنْصُوبًا بِتَقديرِ"فِيْ" بَلْ لاَبُدَّ مِنْ ذِكْرِ"فِيْ" فِيْهِ نحوُ جَلَسْتُ فِى الدَّارِ وَفِى السُّوْقِ وَفِى الْمَسْجِدِ ـ

فصل ـ اَلْمَفعولُ لَهُ هوَ اسمُ مَا لِاَجْلِهِ يَقَعُ الْفعلُ الْمَذْكورُ قَبْلَهُ ويُنْصَبُ بِتَقْدِيرِ اللَّامِ نحوُ ضَربْتُهُ تَأْدِيْبًا اَىْ لِلتَّأْدِيْبِ وَقَعَدْتُ عنِ الْحَرْبِ جُبْنًا اَىْ لِلْجُبْنِ وعِنْدَ الزَّجَّاجِ هُوَ مصدَرٌ تَقْدِيْرُهُ اَدَّبْتُهُ تَأْدِيْبًا وجَبُنْتُ جُبْنًا ـ

পরিচ্ছেদ-৩ ঃ مفعول فِيْهِ (স্থান বা কালবাচক কর্মপদ)

অনুবাদ ॥ مفعول فِيْهِ -এর সংজ্ঞা ঃ مفعول فِيْهِ ঐ স্থান বা কালকে বলে যার মধ্যে কর্তার ক্রিয়া সংঘটিত হয়। একে ظرف (আধার) বলা হয়।

আর ইসমটি যদি ممدود (আলিফে মামদূদা বিশিষ্ট) হয় এবং তার হামযাটি মৌলিক হয় তবে হামযাটি বহাল থাকবে। যেমন- قُرَّاءٌ-এর দ্বি-বচন قُرَّاءَانِ – আর যদি হামযাটি স্ত্রীলিঙ্গের জন্য হয় তবে তা واو দ্বারা পরিবর্তিত হবে। যেমন- حَمْرَآءُ-এর দ্বি-বচন حَمْرَاوَانِ -তবে যদি তা يـاء বা واو -এর পরিবর্তে আসে তাহলে হামযা বহাল রাখা বা واو দ্বারা পরিবর্তন করা উভয় বৈধ। যেমন- كِسَاوَانِ ও كِسَاءَانِ-

اِضَافَة-এর সময় দ্বি-বচনের ن বিলুপ্ত করা ওয়াজিব। যেমন- তুমি বলবে جَاءَنِيْ غُلَامَا زَيْدٍ (যায়েদের দু'জন গোলাম আমার কাছে এসেছে) এবং جَاءَنِيْ مُسْلِمَا مِصْرٍ (শহরের দু'জন মুসলিম আমার কাছে এসেছে)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاِنْ كَانَتْ عَنْ يَاءٍ ঃ অর্থাৎ اِسْمِ مَقْصُوْرَة এর আলিফটি যদি واو বা يـاء দ্বারা পরিবর্তিত হয় এবং তিনের অধিক অক্ষর বিশিষ্ট হয় অথবা কোন হরফ থেকে পরিবর্তিত না হয় উভয় ক্ষেত্রে الف مقصورة টি تثنية এর মধ্যে يـاء দ্বারা পরিবর্তন হয়ে যায়। যথা- ক. رَحَيَانِ

رَحًى এর (পান চাক্কি) এর تثنيه এটা يـاء থেকে পরিবর্তিত الف ও তিনের অধিক হরফ বিশিষ্ট এর উদাহরণ খ. مُلْهَيَانِ এটা مُلْهًى এর تثنية - اِلْهَاءٌ মাসদার হতে اسم مفعول অর্থ অমনোযোগী, উদাসীন গ. حُبَارٰى ، حُبَارَيَانِ (পাখি বিশেষ) حُبْلَيَانِ ، حُبْلٰى এর تثنية (গর্ভবতী নারী) এ দুটো আলিফ কোন হরফ থেকে পরিবর্তিত না হওয়ার এবং তিনের অধিক হরফ বিশিষ্টের উদাহরণ।

উপরোক্ত তিনো ক্ষেত্রে تثنيه এর আলিফকে يـاء দ্বারা পরিবর্তন করা হয়েছে যাতে اجتماع ساكنين না হয়ে যায়। প্রথম ছুরতে পরিবর্তন করে আলিফকে মূল يـاء এর উপর রাখা হয়েছে। আর ২য় ও ৩য় ছুরতে এর দ্বারা تخفيف লাভ হয়েছে।

قوله كَكِسَاوَانِ الخ ঃ এটি كِسَاءٌ এর تثنيه মূলতঃ كِسَاوٌ ছিল, অর্থ কম্বল। এভাবে رِدَاءَانِ ও رِدَاوَانِ দুভাবে পড়া যায়। এটি رِدَاءٌ এর تثنيه মূলত ছিল رِدَايٌ ছিল (চাদর)।

قوله وَيَجِبُ حَذْفُ نُوْنِهِ الخ ঃ اِضَافَتٌ কালে تثنيه এর নূন বিলুপ্তির কারণ تنوين এর ন্যায় تثنيه এর নূনের দ্বারা ও اسم টি تام হয়, আর تام টি مضاف হওয়ার প্রতিবন্ধক, কারণ অন্যের দিকে সম্পর্কিত হওয়া نَقْص (ত্রুটি) এর আলামত। অতএব উভয়ের মাঝে বৈপরিত্ত রয়েছে। সুতরাং اضافت করলে نون বিলোপ করা আবশ্যক।

وَكَذٰلِكَ تُحْذَفُ تَاءُ التَّانِيْثِ فِىْ تَثْنِيَةِ الْخُصْيَةِ وَالْاِلْيَةِ خَاصَّةً تَقُوْلُ خُصْيَانِ وَاِلْيَانِ لِاَنَّهُمَا مُتَلَازِمَانِ فَكَاَنَّهُمَا شَئٌ وَاحِدٌ - وَاعْلَمْ اَنَّهٗ اِذَا اُرِيْدَ اِضَافَةُ مُثَنًّى اِلَى الْمُثَنّٰى يُعَبَّرُ عَنِ الْاَوَّلِ بِلَفْظِ الْجَمْعِ كَقَوْلِهٖ تَعَالٰى "فَقَدْ صَغَتْ قُلُوْبُكُمَا" وَ "فَاقْطَعُوْا اَيْدِيَهُمَا" وَذٰلِكَ لِكَرَاهَةِ اجْتِمَاعِ تَثْنِيَتَيْنِ فِيْمَا تَاَكَّدَ الْاِتِّصَالُ بَيْنَهُمَا لَفْظًا وَمَعْنًى -

فَصْلٌ - اَلْمَجْمُوْعُ اِسْمٌ دَلَّ عَلٰى اٰحَادٍ مَقْصُوْدَةٍ بِحُرُوْفٍ مُفْرَدَةٍ بِتَغْيِيْرٍ مَّا

অনুবাদ ॥ অনুরূপভাবে শুধু خُصْيَةٌ (অন্ডকোষ) ও اِلْيَةٌ (নিতম্ব) শব্দদ্বয়ের দ্বি-বচনের মধ্যে স্ত্রীলিঙ্গের ة কে বিলুপ্ত করা হয়। যেমন– তুমি বলবে اِلْيَانِ ও خُصْيَانِ - কেননা এ দু'টি জোড়া বিশিষ্ট হওয়ায় পরস্পরের জড়িত। যেন উভয়টি একই বস্তু।

জ্ঞাতব্য ঃ কোন দ্বি-বচন শব্দকে দ্বি-বচনের দিকে اضافة করা হলে তখন প্রথমটিকে جمع শব্দ দ্বারা ব্যক্ত করা হয়। যেমন– মহান আল্লাহর বাণী فَقَدْ صَغَتْ قُلُوْبُكُمَا (তোমাদের উভয়ের অন্তঃকরণ বক্র হয়ে গিয়েছে) এবং فَاقْطَعُوْا اَيْدِيَهُمَا (তাদের উভয়ের হস্ত কর্তন কর)। এটা এ কারণে যে, যে দু'টি শব্দের মধ্যে শব্দ ও অর্থগত মিল আছে, সে দু'টি শব্দের মধ্যে দু'টি দ্বি-বচন একত্রে আসা অপসন্দনীয়।

পরিচ্ছেদ – ৫ ঃ مَجْمُوْعٌ (বহুবচন)

مَجْمُوع-এর সংজ্ঞা ঃ مَجْمُوْع এমন ইসমকে বলে যার এক বচনের অক্ষরসমূহে কিঞ্চিৎ পরিবর্তনের মাধ্যমে উদ্দেশ্যপূর্ণ বহুসংখ্যক একক বুঝায়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَكَذٰلِكَ تُحْذَفُ الخ ঃ অর্থাৎ خُصْيَةٌ (অণ্ডকোষ) ও اِلْيَةٌ (পাছা, নিতম্ব) এর تاء টি اضافت এর সময় حذف করা জায়েয। কারণ شِدَّتِ اِتِّصَالْ (তথা শব্দ দুটি জোড়া বিশিষ্ট) এজন্য تثنيه হওয়া সত্ত্বে مفرد এর ন্যায় গণ্য হয়। আর علامتِ تانيث শব্দের মাঝে আসে না, এ কারণে বিলুপ্ত করা জায়েয। তবে تثنيه কে مفرد এর পর্যায় গণ্য না করলে তখন তার মধ্যে সর্বৈক্য মতে ; ঠিক রাখাও জায়েয।

قوله بِلَفْظِ الْجَمْعِ الخ ঃ এক্ষেত্রে جمع না এনে مفرد আনা ও জায়েয, কিন্তু تثنيه আনা ঠিক নয়। কারণ مضاف ও مضاف اليه এর মাঝে لفظ ও معنى উভয়দিক দিয়ে اِتِّصَال টা مُؤَكَّدْ (জোরদার) আর যে দুবস্তুর মাঝে اِتِّصَال مُؤَكَّد থাকে সে ক্ষেত্রে দু'টি সমপর্যায়ের مُثَنّٰى কে একত্রে আনা অপছন্দনীয়। যেমন– فَقَدْ صَغَتْ قُلُوْبُكُمَا এর মধ্যে لَفْظًا তথা শাব্দিক اِتِّصَال (মিল) তো اضافت এর কারণে। আর مَعْنًى (অর্থগত) اِتِّصَال এভাবে যে, অর্থের দিক দিয়ে مضاف اليه টা مضاف এর جُزْء (অংশ) হয়। এভাবে فَاقْطَعُوْا اَيْدِيَهُمَا এর মধ্যেও (يَدٌ মানুষের (جُزْء)। উল্লেখ্য যে, এক্ষেত্রে مُفْرَد এর তুলনায় جمع আনাই উত্তম। কারণ جمع ও تثنيه এর মধ্যে অর্থগত মিল আছে। কেননা جمع টা مَافَوْقَ الْوَاحِدِ গণ্য হয়।

قوله اَلْمَجْمُوْعُ اِسْمٌ الخ ঃ مجموع বাবে فتح হতে اسم مفعول অর্থ- একত্রিত, সন্নিবেশিত। পরিভাষায় مجموع এমন اسم কে বলে যার এক বচনের মধ্যে কোন পরিবর্তনের দ্বারা উদ্দেশ্যমূলকভাবে বহু একক সংখ্যক বুঝায়।

قوله اٰحَادٍ مَقْصُوْدَةٍ ঃ দ্বারা اسم جنس খারিজ হয়ে গেল, যথা– اِنْسَانٌ ، بَقَرٌ প্রভৃতি। কারণ এগুলো এক ও একাধিক সবই বুঝায়। আর حُرُوْفِ مُفْرَدَةٍ দ্বারা اَسْمَاءِ عَدَدْ এবং قَوْمٌ ، رَهْطٌ এ জাতীয় শব্দ বেরিয়ে গেল। কারণ এগুলোর মধ্যে কোন পরিবর্তন হয়নি। উল্লেখ্য যে, পরিবর্তনটা ২ ধরনের হতে পারে। ক. لَفْظِى যথা رَجُلٌ থেকে رِجَالٌ .খ. تَقْدِيْرِى যথা فُلْكٌ (নৌকাসমূহ)। এর وَاحِد ও فُلْكٌ আসে। সুতরাং واحد এর বেলায় এটা قُفْلٌ ওযনে এবং جمع এর বেলায় اُسُدٌ (اَسَدٌ সিংহ) এর ওযনে গণ্য হবে। প্রকাশ থাকে যে, عام টা حُرُوْفِ مُفْرَد ক. مُحَقَّق (নিশ্চিত) হতে পারে যেমন– رِجَالٌ বা فَرْضِى যথা نِسَاءٌ এর واحد نِسْوَةٌ মেনে নেয়া হয়েছে।

قوله بِحُرُوْفٍ مُفْرَدَةٍ ঃ এটা مَقْصُوْدَةٍ এর متعلق আর بِتَغْيِيْرٍ مَّا এটা مُتَلَبِّسَةٌ উহ্য شِبْهِ فعل অথবা دَلَّ এর সাথে متعلق হয়ে حروف থেকে حَال - مَا টি تنكير (অনির্দিষ্টতা) এর জন্য।

اَمَّا لَفْظِيٌّ كَرِجَالٍ فِىْ رَجُلٍ اَوْ تَقْدِيْرِيٌّ كَفُلْكٍ عَلٰى وَزْنِ اُسْدٍ فَاِنَّ مُفْرَدَهٗ اَيْضًا فُلْكٌ لٰكِنَّهٗ عَلٰى وَزْنِ قُفْلٍ فَقَوْمٌ وَرَهْطٌ وَنَحْوُهٗ وَاِنْ دَلَّ عَلٰى اٰحَادٍ لٰكِنَّهٗ لَيْسَ بِجَمْعٍ اِذْ لَامُفْرَدَ لَهٗ ثُمَّ الْجَمْعُ عَلٰى قِسْمَيْنِ مُصَحَّحٌ وَهُوَ مَالَمْ يَتَغَيَّرْ بِنَاءُ وَاحِدِهٖ وَمُكَسَّرٌ وَهُوَمَايَتَغَيَّرُ فِيْهِ بِنَاءُ وَاحِدِهٖ وَالْمُصَحَّحُ عَلٰى قِسْمَيْنِ مُذَكَّرٌ وَهُوَ مَا اُلْحِقَ بِاٰخِرِهٖ وَاوٌ مَضْمُوْمٌ مَاقَبْلَهَا وَنُوْنٌ مَفْتُوْحَةٌ كَمُسْلِمُوْنَ اَوْيَاءٌ مَكْسُوْرٌ مَاقَبْلَهَا وَنُوْنٌ كَذٰلِكَ لِيَدُلَّ عَلٰى اَنَّ مَعَهٗ اَكْثَرَ مِنْهُ نَحْوُ مُسْلِمِيْنَ وَهٰذَا فِى الصَّحِيْحِ -

---

অনুবাদ॥ এ পরিবর্তন শব্দগত হতে পারে, যেমন- رَجُلٌ-এর বহুবচন رِجَالٌ - অথবা উহ্য ভাবেও হতে পারে, যেমন- اُسْدٌ-এর ওযনে فُلْكٌ - কেননা তা একবচনেও فُلْكٌ আসে তবে তা قُفْلٌ-এর ওযনে। উপরোক্ত সংজ্ঞা অনুযায়ী قَوْمٌ ও رَهْطٌ অনুরূপ শব্দ যদিও বহুসংখ্যক একককে বুঝায় তা বহুবচনের শব্দ নয়। কেননা এগুলো একবচনীয় কোন শব্দ নেই।

جمع-এর প্রকারভেদ ও সংজ্ঞা ঃ جمع দু'প্রকার। যথা- (১) جَمْعِ مُصَحَّحٌ, (২) جَمْعِ مُكَسَّرٌ

جَمْع مُصَحَّحْ-এর সংজ্ঞা ঃ جَمْعِ مُصَحَّحْ ঐ جمع কে বলে যার একবচনের ওযন (ভিত্তি) পরিবর্তন হয় না। যেমন- مُسْلِمٌ হতে مُسْلِمُوْنَ -

جمع مُكَسَّرْ ঐ جمع কে বলে যার একবচনের ওজন পরিবর্তন হয়ে যায়। যেমন- رجل হ'তে - رِجَالٌ আর جمع مُصَحَّحْ দু'প্রকার। যথা (১) مذكر, (২) مؤنث

(১) جمع مذكر ঐ ইসম যার (একবচনের) শেষে একটি واو যুক্ত হয়ে তার পূর্বাক্ষর পেশবিশিষ্ট হয় এবং পরে একটি যবরযুক্ত ن হয়। যেমন- مُسْلِمُوْنَ অথবা শেষে ياء যোগ করা হয় যে ياء-এর পূর্বাক্ষর যেরবিশিষ্ট হয় এবং পরে একটি যবরযুক্ত ن হয়, যাতে বুঝায় যায় যে, তার (একবচনের) সাথে অনুরূপ আরো অনেক রয়েছে। যেমন- مُسْلِمِيْنَ- এ নিয়ম শুধু جَمْع صَحِيْحُ-এর ক্ষেত্রেই প্রযোজ্য।

ইসমটি مَنْقُوْص হলে বহুবচনের সময় তার ياء কে বিলুপ্ত করা হয়। যেমন- دَاعُوْنَ ও قَاضُوْنَ ইসমটি যদি مَقْصُوْر হয় তবে তার اَلِفْ কে বিলুপ্ত করে তার পূর্বাক্ষর যবর দিতে হবে, যাতে যবরটি লুপ্ত আলিফ বুঝায়। যেমন- مُصْطَفَوْنَ -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ ★ সংজ্ঞায় اِسْمٌ دَلَّ হল جِنْس এটা جمع ও اسم جنس কে শামিল করে। আর دَلَّ عَلٰى এর দ্বারা اسم جنس খারিজ হয়ে গেল। কারণ এটা اٰحَادِ غَيْرِ مَقْصُوْدَةٍ বুঝায়, কেননা اسمِ جِنْس মূল গঠন হিসেবে جنس বুঝায়, শুধু افراد বুঝায় না। بِحُرُوْفِ مُفْرَدَةٍ দ্বারা اسمِ جَمْع খারিজ হয়ে গেল। কারণ এর কোন واحد নেই।

قوله ثُمَّ الْجَمْعُ عَلٰى قِسْمَيْنِ الخ ঃ শাব্দিক বা গঠনের দিক দিয়ে جمع দু'প্রকার ১. صحيح, এর অপর নাম سَالِم - واحد এর ওযন جمع এর মধ্যে صحيح (ঠিক) سَالِمْ (নিরাপদ) থাকায় এ নাম রাখা হয়েছে। ২. দ্বিতীয় হল مُكَسَّرٌ - واحد এর ওযন যার মধ্যে ঠিক থাকে না। مُكَسَّرٌ বাবে تفعيل হতে اسم مفعول-মাদ্দা كَسْرٌ অর্থ ভাঙ্গা। واحد এর ওযন বা গঠন جمع এর মধ্যে ভেঙ্গে যাওয়ায় এ নাম রাখা হয়েছে।

قوله وَهُوَ مَا اُلْحِقَ بِاٰخِرِهٖ الخ ঃ মুসান্নিফ র. এখান থেকে صحيح মذكر বা سالم এর গঠনপরিচয় দিচ্ছেন। যথা- ১. শব্দটি صحيح হলে حالت رفعى তে শেষে وَاو مَاقَبل مَضْمُوْم ও نُوْنِ مفتوحة যুক্ত হবে। যথা مُسْلِمُوْنَ অথবা حالتِ نَصْبِى وَجَرِّى তে يَاء مَاقَبل مَكْسُوْر ও نون مَفْتُوْحَة যুক্ত হবে। যথা- مُسْلِمِيْنَ

أَمَّا الْمَنْقُوصُ فَحُذِفَ يَاؤُهُ مِثْلُ قَاضُوْنَ وَدَاعُوْنَ وَالْمَقْصُوْرُ يُحْذَفُ أَلِفُهُ وَيَبْقَى مَاقَبْلَهَا مَفْتُوحًا لِيَدُلَّ عَلَى أَلِفٍ مَحْذُوفَةٍ مِثْلُ مُصْطَفَوْنَ وَيَخْتَصُّ بِأُولِي الْعِلْمِ وَأَمَّا قَوْلُهُمْ سِنُوْنَ وَأَرَضُوْنَ وَثُبُوْنَ وَقُلُوْنَ فَشَاذٌّ وَيَجِبُ أَن لَّايَكُوْنَ أَفْعَلَ مُؤَنَّثُهُ فَعْلَاءُ كَأَحْمَرَ وَحَمْرَاءُ وَلَافَعْلَانَ مُؤَنَّثُهُ فَعْلَى كَسَكْرَانَ وَسَكْرَى وَلَافَعِيلًا بِمَعْنَى مَفْعُوْلٍ كَجَرِيحٍ بِمَعْنَى مَجْرُوحٍ وَلَافَعُوْلًا بِمَعْنَى فَاعِلٍ كَصَبُوْرٍ بِمَعْنَى صَابِرٍ وَيَجِبُ حَذْفُ نُوْنِهِ بِالْإِضَافَةِ نَحْوُ مُسْلِمُوْ مِصْرٍ ـ وَمُؤَنَّثٌ وَهُوَمَا أُلْحِقَ بِآخِرِهِ أَلِفٌ وَتَاءٌ نَحْوُ مُسْلِمَاتٌ وَشَرْطُهُ إِنْ كَانَ صِفَةً وَلَهُ مُذَكَّرٌ أَنْ يَّكُوْنَ مُذَكَّرُهُ قَدْ جُمِعَ بِالْوَاوِ وَالنُّوْنِ نَحْوُ مُسْلِمُوْنَ وَإِنْ لَّمْ يَكُنْ لَهُ مُذَكَّرٌ فَشَرْطُهُ أَنْ لَّايَكُوْنَ مُؤَنَّثًا مُجَرَّدًا عَنِ التَّاءِ كَالْحَائِضِ وَالْحَامِلِ وَإِنْ كَانَ إِسْمًا غَيْرَ صِفَةٍ جُمِعَ بِالْأَلِفِ وَالتَّاءِ بِلَا شَرْطٍ كَهِنْدَاتٍ

অনুবাদ ॥ ইসমটি مَنْقُوْص হলে বহুবচনের সময় তার يـاء কে বিলুপ্ত করা হয়। যেমন- قَاضُوْنَ ও دَاعُوْنَ ইসমটি যদি مَقْصُوْر হয় তবে তার اَلِفْ কে বিলুপ্ত করে তার পূর্বাক্ষর যবর দিতে হবে, যাতে যবরটি লুপ্ত আলিফ বুঝায়। যেমন- مُصْطَفَوْنَ - বহুবচন বানানোর এ নিয়মটি ذَوِى الْعُقُوْلِ তথা জ্ঞান সম্পন্ন প্রাণীর ক্ষেত্রে নির্দিষ্ট। তবে আরবরা قُلُوْنَ ও ثُبُوْنَ-أَرَضُوْنَ-سِنُوْنَ যা বলে থাকেন তা شاذ বিরল।

(ين বা ون) দ্বারা جمع বানানোর জন্য অপরিহার্য হল- ১. উক্ত ইসমটি افعل ওযনে না হওয়া যার স্ত্রীলিঙ্গ فَعْلَاءُ ওযনে আসে, যেমন- اَحْمَرُ-এর স্ত্রীলিঙ্গ حَمْرَاءُ এবং ২. فَعْلَانٌ এর ওযনে না হওয়া যার স্ত্রীলিঙ্গ فَعْلَى ওযনে আসে। যেমন- سَكْرَانٌ-এর স্ত্রীলিঙ্গ سَكْرَى ওযনে আসে ৩. فَعِيْلٌ এর ওযনে না হওয়া যা مَفْعُوْل-এর অর্থ দেয়, যেমন- جَرِيْحٌ শব্দটি مَجْرُوْحٌ অর্থে; ৪. فَعُوْلٌ এর ওযনে না হওয়া যা فاعل অর্থে ব্যবহৃত হয়, যেমন- صَبُوْرٌ শব্দটি صَابِرٌ-এর অর্থে ব্যবহৃত হয় اِضَافَة-এর সময় বহুবচনের ن কে বিলুপ্ত করা অপরিহার্য। যেমন- مُسْلِمُوْ مِصْرٍ (শহরের মুসলমানরা)। جمع ঐ جُمْعِ مُؤَنث مُصَحَّحْ বলে যার একবচনের শেষে تـاء ও الف যুক্ত হয়। যেমন- مُسْلِمَاتٌ-এর জন্য শর্ত হল, যদি ইসমটি صِفَة (গুণবাচক) হয় এবং তার পুংলিঙ্গ থাকে, তবে তার পুংলিঙ্গের বহুবচনে نون ও واو যুক্ত হয়। যেমন- مُسْلِمُوْنَ-আর যদি তার পুংলিঙ্গ না থাকে তবে শর্ত হল, শব্দটি تا বিহীন না হওয়া। যেমন- حائض ও حَامِل - আর যদি শব্দটি صفة না হয়ে ইসম হয় তবে তার বহুবচন শর্তহীনভাবে الف ও تـاء দ্বারা হবে। যেমন- هِنْدَاتٌ

প্রাসঙ্গিক আলোচনা ঃ ২. শব্দ اِسْمِ مَنْقُوص (শেষে يـاء مكسور) হলে তার جمع سالم হবে উপরোক্ত নিয়মেই; তবে يـاء বিলুপ্ত হবে। কারণ যেরের পরে يـاء এর নীচে যের পড়া কঠিন। এ জন্য تَخْفِيْفًا হযফ করা হয়। যথা- قَاضُوْنَ ، دَاعُوْنَ মূলত قَاضِيُوْنَ ও دَاعِيُوْنَ ছিল। ৩. শব্দটি اِسْمِ مَقْصُور (আলিফে মাকসূরা বিশিষ্ট) হলে الف টি বিলুপ্ত হয়ে তার ডানে যবর হবে। যেমন مُصْطَفَوْنَ মূলত ছিল مُصْطَفَاوْنَ (কারণ আলিফ বিলুপ্ত না হলে الف ও واو এর মাঝে اِجْتِمَاعِ سَاكِنَيْن হয়ে যায়।

★ উল্লেখ্য যে, اسم مقصور এর আলিফটি مَلْفُوْظ ও হতে পার যেমন- اَلْمُصْطَفٰى অথবা مُقَدَّرٌ ও হতে পারে যথা مُصْطَفٰى

قوله وَيَخْتَصُّ بِأُولِي الْعِلْمِ ঃ এখান থেকে جمع مذكر سالم হওয়ার শর্তাবলী বর্ণনা করছেন যথা- ১. শব্দের শেষে ين বা ون দ্বারা جمع হওয়াটা ذَوِى الْعُقُوْل (বিবেক সম্পন্ন প্রাণী) এর জন্য খাছ।

قوله وَأَمَّا قَوْلُهُمْ سِنُوْنَ الخ ঃ দ্বারা سُؤَالٍ مُقَدَّرٌ তথা উপরোক্ত কথার ভিত্তিতে সৃষ্ট উহ্য প্রশ্নের উত্তর দিে যে, ثُبُوْنَ ثُبَةٌ (দল) এর বহুবচন أَرْضُوْنَ أَرْضٌ (যমীন) এর বহুবচন , سِنُوْنَ سَنَةٌ (বছর) এর বহুবচন এবং (ডান্ডাগুলি) এর বহুবচন قُلُوْنَ এগুলোর কোনটা عَاقِلٍ নয় তথাপি ين বা ون দ্বারা جمع হল কেন? এর উ দিচ্ছেন যে, এগুলো شاذ আর اَلشَّاذُّ كَالْمَعْدُوْمِ فَلَايُقَاسُ عَلَيْهِ সুতরাং এ নিয়ে প্রশ্ন করা ঠিক হবে না।

★ **ফায়েদা** ঃ কিছু শব্দ প্রকৃতপক্ষে جمع নয় তথাপি শেষে ين বা ون থাকায় সেগুলোকে اعراب এর C جَمْعِ سَالِمٍ এর হুকুমে শামিল করা হয়। যথা- ১. عِشْرُوْنَ থেকে تِسْعُوْنَ পর্যন্ত দশমিক সংখ্যাগুলো। ২. কতি ون বিশিষ্ট مفرد শব্দ যথা- حَمْدُوْن ، عَبْدُوْن ، خَلْدُوْنَ প্রভৃতি ৩. শেষে ين বা ون বিশিষ্ট স্থানের নাম য فِلِسْطِيْنَ - صِفِّيْنَ - يَاسْمِيْنَ - زَيْتُوْنَ প্রভৃতি।

قوله وَيَجِبُ أَنْ لَّايَكُوْنَ ঃ এর জন্য ২য় শর্ত হল- যে اسم এর جمع سَالِمٍ বানানো উদ্দেশ্য হয় তার ও এমন اَفْعَلُ এর ওযনে না হওয়া যার مُؤَنَّثُ টি فَعْلَاءُ এর ওযনে আসে। যেমন- اَحْمَرُ এর مُؤَنَّثْ -رَاءُ আসে। অতএব اَحْمَرُ এর ين বা ون جمع দ্বারা হবে না। যাতে اسم مقصور এর সাথে এর পার্থক্য হয়ে যায়।

৩. শব্দটি এমন فَعْلَانُ এর ওযনে না হওয়া যার مؤنث আসে فَعْلٰى- সুতরাং سَكْرَانُ এর جمع ، ون ব দ্বারা হবে না। কারণ এর مؤنث আসে سَكْرٰى -যাতে এর মধ্যে এবং فَعْلَانُ ও فَعْلَانَةٌ এর যে বহুবচন ون দ্বারা হয় উভয়ের মাঝে পার্থক্য হয়ে যায়। যেমন- نَدْمَانُ এর বহুবচন نَدْمَانُوْنَ আসে।

৪. فَعِيْلٌ এর ওযনে না হওয়া যা مَفْعُوْلٌ এর অর্থে আসে। যেমন جَرِيْحٌ টা مَجْرُوْحٌ (আহত) অর্থে।

৫. فَعُوْلٌ এর ওযনে না হওয়া যা فَاعِلٌ এর অর্থে আসে। যেমন- صَبُوْرٌ، صَابِرٌ এর অর্থে। কেন فَعِيْلٌ এবং فَعُوْلٌ উভয়টিতে مذكر ও مؤنث একই রকম আসে। যথা رَجُلٌ جَرِيْحٌ، اِمْرَأَةٌ جَرِيْحٌ ও اِمْرَأَةٌ صَبُوْرٌ ও صَبُوْرٌ

★ **ফায়েদা** ঃ উপরোক্ত ৫ শর্ত ছাড়া আরো কতিপয় শর্ত নিম্নরূপ-

৬. শব্দটি مذكر হওয়া অর্থাৎ تائے تانيث না হওয়া চাই مُقَدَّرَةٌ হৌক বা مَلْفُوْظَةٌ যথা- طَلْحَةُ

৭. শব্দটি اِسْمِ مَحْض তথা صفت না হলে তা علم হওয়া, সুতরাং رجل এর বহুবচন رجلون হবে না। তবে এর বহু زَيْدُوْنَ হতে পারে

উপরোক্ত শর্তাবলীর কারণ এই যে, جمع سالم হল সবচেয়ে উন্নত جمع - আর مُذَكَّرُ عَاقِلٍ হল সর্বোৎ শব্দ। অতএব উত্তমের জন্য উত্তম পন্থায় جمع হওয়াও উত্তম।

قوله وَيَجِبُ حَذْفُ نُوْنِهٖ কারণ تثنيه এর ন্যায় جمع নূন ও تام বুঝায় اضافت যা এর পরিপন্থী এর সময়।

قوله وَمُؤَنَّثُ الخ ঃ এর عطف হল وَالْمُصَحَّحُ عَلٰى قِسْمَيْنِ এর পরে উল্লিখিত مذكر এর উপর।

★ উল্লেখ্য যে, جمع مُؤَنَّثْ سَالِمٌ এর জন্য ذوى الْعُقُوْلِ হওয়া শর্ত নয় এমনকি مذكر এর জন্যও শুদ্ধ হ পারে। যথা- اَلْكَوَاكِبُ الطَّالِعَاتُ

قوله وَشَرْطُهٗ الخ ঃ অর্থাৎ جمع مؤنث سالم হওয়ার জন্য শর্ত হল ১. তার مذكر টি ين বা ون দ্বারা হওয়া আর مذكر না থাকলে শব্দটি ; শুন্য مؤنث না হওয়া যথা حائض (ঋতুবতী মহিলা) حامل (গর্ভবতী মহিলা) এগু مؤنث এর জন্য খাছ বিধায় عَلَامَتِ تَانِيْث থাকা শর্ত নয়।

★ এ শর্তের কারণ এই যে, مذكر হল اصل আর مؤنث তার فرع সুতরাং فرع যদি ات দ্বারা তাহলে তার مذكر টি অবশ্যই ين বা ون দ্বারা আসা উচিত। দ্বিতীয় শর্তের কারণও একই। কেন حَائِضٌ ও حَامِلٌ এর কোন مذكر নেই। সুতরাং তার جمع ، ين বা ون দ্বারা হওয়ার প্রশ্নই উঠে না।

قوله وَاِنْ كَانَ اِسْمًاءِ الخ ঃ অর্থাৎ শব্দটি اسم مَحْض হলে (اسم صفت না হলে) বিনা শর্তে ات দ্বারা ত مؤنث আসতে পারে। যথা طَلْحَاتٌ ، هِنْدَاتٌ ইত্যাদি।

وَالْمُكَسَّرُ صِيغَتُهُ فِي الثُّلَاثِيِّ كَثِيرَةٌ تُعْرَفُ بِالسَّمَاعِ كَرِجَالٍ وَأَفْرَاسٍ وَفُلُوسٍ وَفِي غَيْرِ الثُّلَاثِيِّ عَلَى وَزْنِ فَعَالِلُ وَفَعَالِيلُ قِيَاسًا كَمَا عَرَفْتَ فِي التَّصْرِيفِ ثُمَّ الْجَمْعُ أَيْضًا عَلَى قِسْمَيْنِ جَمْعُ قِلَّةٍ وَهُوَ مَا يُطْلَقُ عَلَى الْعَشَرَةِ فَمَا دُونَهَا وَأَبْنِيَتُهُ أَفْعُلٌ وَأَفْعَالٌ وَأَفْعِلَةٌ وَفِعْلَةٌ وَجَمْعَا الصَّحِيحِ بِدُونِ اللَّامِ كَزَيْدُونَ وَمُسْلِمَاتٌ وَجَمْعُ كَثْرَةٍ وَهُوَ مَا يُطْلَقُ عَلَى فَوْقَ الْعَشَرَةِ وَأَبْنِيَتُهُ مَا عَدَا هٰذِهِ الْأَبْنِيَةِ۔

অনুবাদ॥ جَمْع مُكَسَّر -এর গঠন প্রণালী ঃ جَمْع مُكَسَّر-এর ওযন ثُلَاثِي এর মধ্যে বিপুলসংখ্যায় রয়েছে। যা শ্রবণের ভিত্তিতে বুঝা যায়। যেমন– رِجَالٌ - أَفْرَاسٌ ও فُلُوسٌ - আর ثُلَاثِي ছাড়া অন্যান্য শব্দাবলী নিয়মের ভিত্তিতে فَعَالِلُ ও فَعَالِيلُ ওযনে ব্যবহৃত হয়। যেমন– তোমরা সরফ শাস্ত্রে অবগত হয়েছ।

অর্থের দিক দিয়ে جمع-এর প্রকারভেদ ঃ পুনরায় جمع দু'ভাগে বিভক্ত– (১) جَمْع قِلَّةٌ (স্বল্প সংখ্যাজ্ঞাপক) (২) جَمْع كَثْرَةٌ (বহুসংখ্যা-জ্ঞাপক)।

جَمْع قِلَّةٌ এর সংজ্ঞা ঃ جَمْع قِلَّةٌ ঐ جمع কে বলা হয় যা দশ বা তার কম সংখ্যা বুঝানোর জন্য ব্যবহৃত হয়। এর ওযনসমূহ হল أَفْعُلٌ - أَفْعَالٌ - أَفْعِلَةٌ - فِعْلَةٌ এবং দু'প্রকার جَمْع صَحِيح যখন তা لام শূন্য হবে। যেমন– زَيْدُونَ ও مُسْلِمَاتٌ

جَمْع كَثْرَةٌ-এর সংজ্ঞা ঃ جَمْع كَثْرَةٌ ঐ جمع কে বলা হয় যা দশের অধিক সংখ্যা বুঝানোর জন্য ব্যবহৃত হয়। উল্লেখিত ওযনসমূহ ছাড়া অন্যান্য ওযনগুলো جَمْع كَثْرَةٌ-এর ওযন।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَالْمُكَسَّرُ صِيغَتُهُ الخ ঃ অর্থাৎ ثلاثى مُجَرَّدٌ হতে جَمْع مُكَسَّر এর নির্দিষ্ট কোন ওযন নেই তবে তিনের অধিক অক্ষর বিশিষ্ট হলে সাধারণত فَعَالِيلُ ও فَعَالِلُ এর ওযনে তার جمع আসে।

قوله أَبْنِيَتُهُ الخ ঃ অর্থাৎ جَمْع قِلَّتْ এর ওযন হল মোট ৬টি। যথা– أَفْعُلٌ، أَفْعَالٌ، أَفْعِلَةٌ ও فِعْلَةٌ এবং الف ولام মুক্ত جمع سالم এর দুটি –

★ **ফায়েদা ঃ** ক. فَعْلٌ ওযনের وَاحِد এর جمع সাধারণত أَفْعُلٌ এর ওযনে আসে। যথা– نَهْرٌ - بَحْرٌ ইত্যাদির جمع - أَنْهُرٌ - أَبْحُرٌ

খ. চার অক্ষর বিশিষ্ট مُؤَنَّثِ مَعْنَوِى যার مَاقَبْلِ اٰخِر (শেষাক্ষরের পূর্বাক্ষর) حرفِ مَدّ থাকে, যেমন– ذِرَاعٌ - عُقَابٌ - عِنَاقٌ ও يَمِيْنٌ এর جمع আসে أَذْرُعٌ - أَعْقُبٌ - أَعْنُقٌ - أَيْمُنٌ ،

২. أَفْعَالٌ এর ওযনে সাধারণত (ক) مِثَالِ وَاوِى ও مُضَاعَفِ ثُلَاثِى ، أَجْوَفِ ثُلَاثِى যথা ثَوْبٌ - غَمٌّ ، وَقْتٌ এর جمع আসে,যথাক্রমে أَثْوَابٌ، أَغْمَامٌ ও أَوْقَاتٌ (খ) فعل، فعل ও فعل ওযনের واحد جمل، نمر ও عضد এর جمع আসে اجمال، انمار ও اعضاد فعل ও فعل

গ. فَعَلٌ - فَعِلٌ - فِعِلٌ ও فِعْلٌ ও فُعُلٌ ওযনের শব্দ যেমন جَمَلٌ - عِنَبٌ - إِبِلٌ - بِئْرٌ - عُنُقٌ ও قُفْلٌ এর جمع আসে أَجْمَالٌ - أَعْنَابٌ - آبَالٌ، أَعْنَاقٌ ও أَقْفَالٌ -

৩. فَعْلٌ ، فَعَلٌ ، فُعَالٌ ও فَعِيلٌ ওযনের جمع সাধারণত আসে فِعْلَةٌ এর ওযনে। যথা شَيْخٌ - غُلَامٌ - صَبِيٌّ ও وَلَدٌ ، হতে وِلْدَةٌ، شِيْخَةٌ، غِلْمَةٌ ও صِبْيَةٌ

قوله مَافَوْقَ الْعَشَرَةِ الخ ঃ অর্থাৎ جَمْع كَثْرَتْ দশের উর্ধ্বের সংখ্যা বুঝায়, তবে إِسْتِعَارَة স্বরূপ একটি অপরটির স্থলেও ব্যবহৃত হয়। যথা ثَلٰثَةَ قُرُوْءٍ এখানে قُرُوْءٍ হল جَمْع كَثْرَتْ অথচ ثَلٰثَةٌ এসে তথা তিন সংখ্যক قُرْءٌ (حيض) বুঝাচ্ছে বসরীগণের মতে إِشْتِقَاق (শব্দের উৎপত্তি) এর দিক দিয়ে মাসদার اصل হওয়ায় এটাকে আগে উল্লেখ করেছেন।

فَصْلٌ ـ اَلْمَصْدَرُ اِسْمٌ يَدُلُّ عَلَى الْحَدَثِ فَقَطْ وَيُشْتَقُّ مِنْهُ الْاَفْعَالُ كَالضَّرْبِ وَالنَّصْرِ مَثَلًا وَاَبْنِيَتُهُ مِنَ الثُّلَاثِيِّ الْمُجَرَّدِ غَيْرُ مَضْبُوْطَةٍ تُعْرَفُ بِالسَّمَاعِ وَمِنْ غَيْرِهِ قِيَاسِيَّةٌ كَالْاِفْعَالِ وَالْاِنْفِعَالِ وَالْاِسْتِفْعَالِ وَالْفَعْلَلَةِ وَالتَّفَعْلُلِ مَثَلًا ، فَالْمَصْدَرُ اِنْ لَمْ يَكُنْ مَفْعُوْلًا مُطْلَقًا يَعْمَلُ عَمَلَ فِعْلِهِ اَعْنِىْ يَرْفَعُ الْفَاعِلَ اِنْ كَانَ لَازِمًا نَحْوُ اَعْجَبَنِىْ قِيَامُ زَيْدٍ وَيَنْصِبُ مَفْعُوْلًا اَيْضًا اِنْ كَانَ مُتَعَدِّيًا نَحْوُ اَعْجَبَنِىْ ضَرْبُ زَيْدٍ عَمْرًوا وَلَايَجُوْزُ تَقْدِيْمُ مَعْمُوْلِ الْمَصْدَرِ عَلَيْهِ فَلَايُقَالُ اَعْجَبَنِىْ زَيْدٌ ضَرْبٌ عَمْرًوا وَلَاعَمْرًوا ضَرْبُ زَيْدٍ وَيَجُوْزُ اِضَافَتُهُ اِلَى الْفَاعِلِ نَحْوُ كَرِهْتُ ضَرْبَ زَيْدٍ عَمْرًوا وَاِلَى الْمَفْعُوْلِ بِهٖ نَحْوُ كَرِهْتُ ضَرْبَ عَمْرٍو زَيْدٌ وَاَمَّا اِنْ كَانَ مَفْعُوْلًا مُطْلَقًا فَالْعَمَلُ لِلْفِعْلِ الَّذِىْ قَبْلَهُ نَحْوُ ضَرَبْتُ ضَرْبًا عَمْرًوا فَعَمْرٌو مَنْصُوْبٌ بِضَرَبْتُ ـ

পরিচ্ছেদ – ৬ : مَصْدَرٌ (ক্রিয়ামূল)

অনুবাদ ॥ مَصْدَرٌ এর সংজ্ঞা : مَصْدَرٌ এমন একটি ইসম যা (কোন ক্রিয়া) শুধু সৃষ্টি হওয়ার অর্থ বুঝায় এবং তা হতে فعل নির্গত হয়। যেমন– اَلضَّرْبُ (প্রহার করা) ও اَلنَّصْرُ (সাহায্য করা)।

مَصْدَرٌ এর ওযনসমূহ : ثُلَاثِىْ مُجَرَّدْ হতে মাসদারের নির্দিষ্ট কোন ওযন নেই বরং আরবদের নিকট থেকে শ্রবণের ভিত্তিতে তা অবগত হতে হয়। তবে ثُلَاثِىْ مُجَرَّد ছাড়া অন্যান্য বাব থেকে নিয়মানুযায়ী হয়ে থাকে। যেমন– اَلتَّفَعْلُلُ - اَلْفَعْلَلَةُ - اَلْاِسْتِفْعَالُ - اَلْاِنْفِعَالُ - اَلْاِفْعَالُ

مصدر এর আমল : মাসদারটি যদি مَفْعول مُطْلَق না হয় তবে তা স্বীয় فعل এর ন্যায় আমল করবে। অর্থাৎ لازِمْ (অকর্মক) হলে فاعل কে রফা' দিবে। যেমন– اَعْجَبَنِىْ قِيَامُ زَيْدٍ (যায়েদের দণ্ডায়মান হওয়া আমাকে আশ্চর্যান্বিত করেছে) আর مُتَعَدِّىْ (সকর্মক) হলে مفعول কে নসব দিবে। যেমন– اَعْجَبَنِىْ ضَرْبُ زَيْدٍ عَمْرًوا (যায়েদ কর্তৃক আমরকে প্রহার আমাকে আশ্চর্যান্বিত করেছে), আর মাসদারের معمول (অর্থাৎ فاعل ও مفعول) কে মাসদারের পূর্বে আনা বৈধ নয়। সুতরাং اَعْجَبَنِىْ زَيْدٌ ضَرْبٌ عَمْرًوا এবং اَعْجَبَنِىْ عَمْرًوا ضَرْبُ زَيْدٍ বলা যাবে না। তবে মাসদারকে فاعل -এর দিকে اضافة করা বৈধ। যেমন– كَرِهْتُ ضَرْبَ زَيْدٍ عَمْرًوا (যায়েদ কর্তৃক আমরকে প্রহার করা আমি ঘৃণা করি) এবং مفعول به -এর দিকে اضافة করা বৈধ। যেমন– كَرِهْتُ ضَرْبَ عَمْرٍو زَيْدٌ-

আর যদি মাসদারটি مَفْعولِ مُطْلَق হয় তবে তা পূর্ববর্তী فعل -এর মা'মূল হবে। যেমন– ضَرَبْتُ ضَرْبًا عَمْرًوا এখানে عَمْرًوا শব্দটি ضَرَبْتُ ফে'ল দ্বারা যবরপ্রাপ্ত হয়েছে।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَلْمَصْدَرُ الخ ঃ مَصْدَرশব্দটি صدور (বের হওয়া) মূল ধাতু হতে اسم ظرف এর ছীগা। অর্থ বের হওয়ার স্থান বা শব্দের উৎপত্তিস্থল, পরিভাষায়–

اَلْمَصْدَرُ اِسْمٌ يَدُلُّ عَلَى الْحَدَثِ فَقَطْ الخ ঃ مصدر এমন اسم কে বলে যা শুধু কোন ক্রিয়া সৃষ্টির ধাতুগত অর্থ বুঝায় এবং তা থেকে বিভিন্ন فعل (ক্রিয়া) নির্গত হয়। অর্থাৎ কাল বা কর্তার প্রতি সম্বন্ধ (نِسْبَتُ اِلَى الْفَاعِلِ) বুঝায় না, حَدَث অর্থ যা অন্যের সাথে কায়েম (প্রতিষ্ঠিত) হয়। চাই তা তার থেকে প্রকাশিত হৌক যেমন مَشْىٌ ـ ضَرْبٌ প্রভৃতি বা প্রকাশিত না হৌক যেমন جَسَامَتٌ ، مَوْت (মোটা হওয়া) প্রভৃতি।

★ সংজ্ঞায় اَلْمَصْدَرُ اِسْمٌ لِلْحَدَثِ এর মধ্যে সকল اَسْمَاءِ مُشْتَقٌ দাখিল ছিল, فَقَطْ বলার দ্বারা সমস্ত مُشْتَقَّات বের হয়ে গেল।

وَيُشْتَقُّ مِنْهُ الْاَفْعَالُ ঃ বলার দ্বারা বসরীগণের মাযহাব মুসান্নিফের কাছে পসন্দনীয় হওয়া বুঝা গেল। কেননা তাদের মতে মাসদার اصل আর কূফীগণের মতে اِشْتِقَاقُ (উৎপত্তি) এর দিক দিয়ে فعل হল اصل –

★ اِشْتِقَاقُ : شَقٌّ মূল ধাতু হতে গঠিত। অর্থ ফাড়া, বিদীর্ণ হওয়া। পরিভাষায় এক শব্দ হতে অন্য শব্দের উৎপত্তি হওয়া। শর্তঃ اِشْتِقَاق এর শর্ত হল মূলশব্দ ও অর্থের মধ্যে সামঞ্জস্য বা মিল থাকা।

اِشْتِقَاقُ-এর প্রকারভেদ ঃ اِشْتِقَاقُ ৩ প্রকার–

১. اِشْتِقَاق صَغِيْر ঃ مُشْتَقٌّ ও مُشْتَقٌّ مِنْه এর মধ্যে সকল হরফ تَرْتِيْبُ (ধারাবাহিক) অনুযায়ী থাকা। যথা– ضَارِبٌ থেকে ضَرْبُ ২. اِشْتِقَاق كَبِيْر ـ مُشْتَقٌّ ও مُشْتَقٌّ مِنْهُ এর মধ্যে অক্ষরের তারতীব ঠিক না থাকা, যথা جَبْذٌ থেকে جَذْبٌ ৩. اِشْتِقَاق اَكْبَرُ ঃ مُشْتَقٌّ এর মধ্যে مُشْتَقٌّ مِنْه এর অধিকাংশ বর্ণ থাকবে আর কিছু বর্ণ একই মাখরাজের হবে। যথা نَهَقٌ থেকে نَعَقٌ -সংজ্ঞায় প্রথমটি উদ্দেশ্য।

قوله وَاَبْنِيَتُهُ الخ ঃ ثُلَاثِىْ مُجَرَّدٌ এর মাসদারের সুনির্দিষ্ট কোন ওযন নেই বরং আরবীভাষীদের থেকে শ্রবণের উপর নির্ভর। ইমাম سيبويه এর মতে এমন ওযন ৩২টি, কারো মতে ৫০টি, কারো মতে ৩৫টি, ইলমূছছীগা গ্রন্থকার র. এর ৪৪টি ওযন কাব্যাকারে গ্রথিত করেছেন।

قوله اَعْجَبَنِىْ قِيَامُ زَيْدٍ ঃ এর মধ্যে قِيَام মাসদার, زَيْدٌ হল তার ফায়েল। এ কারণে زَيْدٌ ـ مَرْفُوع হয়েছে। আর মাসদার তার ফায়েল মিলে اعجب ফে'লের ফায়েল হয়েছে।

قوله اَعْجَبَنِىْ ضَرْبُ زَيْدٍ عَمْرًوا ঃ এখানে ضَرْبٌ মাসদার زيد তার فاعل, আর عمرًوا হল مفعول به –

قوله وَلَا يَجُوْزُ تَقْدِيْمُ الخ ঃ কেননা মাসদার হল عَامِلِ ضَعِيْفٌ -সুতরাং معمول এর স্থান পরিবর্তন হলে তার জন্য عمل করা অসম্ভব। যেমন اَعْجَبَنِىْ زَيْدٌ ضَرْبٌ এর মধ্যে ضَرْبٌ এর ফায়েল زيد তার আগে আসায় এ তারকীব সহীহ নয়। এভাবে اَعْجَبَنِىْ عَمْرًوا ضَرْبُ زَيْدٍ বলাও নাজায়েয। কারণ ضَرْبٌ এর مفعول عَمْرًوا তার উপর مقدم হয়েছে।

قوله وَيَجُوْزُ اِضَافَتُهُ ঃ মাসদার তার معمول এর দিকে মুযাফ হলে مضاف اليه হিসেবে معمول টি مجرور হবে, চাই فاعل হৌক বা مفعول –

قوله وَاَمَّا اِنْ كَانَ مَفْعُوْل الخ ঃ কেননা فعل হল عامل قوى আর মাসদার عامل ضعيف সুতরাং عامل قَوِىٌ থাকতে عَامِلِ ضَعِيْف এর عمل দেয়া বৈধ নয়।

فَصْلٌ ـ اِسْمُ الْفَاعِلِ اِسْمٌ مُشْتَقٌّ مِنْ فِعْلٍ لِيَدُلَّ عَلٰى مَنْ قَامَ بِهِ الْفِعْلُ بِمَعْنَى الْحُدُوْثِ وَصِيْغَتُهُ مِنَ الثُّلَاثِيِّ الْمُجَرَّدِ عَلٰى وَزْنِ فَاعِلٍ كَضَارِبٍ وَنَاصِرٍ وَمِنْ غَيْرِهِ عَلٰى صِيْغَةِ الْمُضَارِعِ مِنْ ذٰلِكَ الْفِعْلِ بِمِيْمٍ مَضْمُوْمٍ مَكَانَ حَرْفِ الْمُضَارَعَةِ وَكَسْرِ مَاقَبْلَ الْاٰخِرِ كَمُدْخِلٍ وَمُسْتَخْرِجٍ وَهُوَ يَعْمَلُ عَمَلَ فِعْلِهِ الْمَعْرُوْفِ اِنْ كَانَ بِمَعْنَى الْحَالِ اَوِ الْاِسْتِقْبَالِ

পরিচ্ছেদ-৭ : اِسْم فَاعِل (কর্তৃকারক বিশেষ্য)

অনুবাদ ॥ اِسْم فَاعِلْ এর সংজ্ঞা : اسم فاعل (কর্তৃকারক বিশেষ্য) فعل হতে নির্গত এমন একটি ইসম বা এমন কোন সত্তাকে বুঝায় যার দ্বারা ফে'লটি অস্থায়ীভাবে প্রতিষ্ঠিত হয়।

اسم فاعل এর রূপ : ثُلَاثِيْ مُجَرَّدْ হতে اسم فاعل এর ছীগা فَاعِلٌ এর ওযনে আসে। যেমন- نَاصِرٌ ও ضَارِبٌ - ثُلَاثِي مُجَرَّد ছাড়া অন্যান্য শব্দে আলামতে মুযারে'র স্থলে একটি পেশবিশিষ্ট মীম হবে এবং শেষাক্ষরের পূর্বাক্ষরে যের হবে। যেমন- مُدْخِلٌ ও مُسْتَخْرِجٌ

اسم فاعل এর আমল : اسم فاعل-টি যদি বর্তমান বা ভবিষ্যতকালের অর্থে ব্যবহৃত হয় তবে তা فعل مَعْرُوْف এর ন্যায় আমল করে। (অর্থাৎ فاعل কে رفع এবং مفعول কে نصب প্রদান করে, তবে শর্ত এই যে, তা নিম্নলিখিত ছয়টি বিষয়ের যে কোন একটির উপর নির্ভরশীল হ'তে হবে।)

প্রাসঙ্গিক আলোচনা : قوله اِسْمٌ مُشْتَقٌّ مِنْ فِعْلٍ : সংজ্ঞায় اسم مُشْتَقْ হল جنس সমস্ত اَسْمَاء مُشْتَقَّةْ এতে শামিল রয়েছে। আর مِنْ فِعْلٍ দ্বারা فِعْلِ لُغْوِى উদ্দেশ্য। কেননা কূফীগণের মতে فعل ইত্যাদি اسم فاعل এর দিক দিয়ে اِشْتِقَاقْ থেকে নয়। তাদের মতে فعل اِصْطِلَاحِىْ - مُشْتَقّ لُغْوِىْ থেকে فعل আসল আর বসরীগণের মতে মাসদার আসল। বসরীগণের মতটিই জমহুরের কাছে পসন্দনীয়। মুসান্নিফ র. مِنْ مَصْدَرٍ না বলে فِعْلٍ বলার উদ্দেশ্য হল فعل এর সংশ্লিষ্টতায় মাসদার থেকে উদগত।

قوله يَدُلُّ عَلٰى مَنْ قَامَ الخ : এটি فصل-এর দ্বারা اسم مفعول বের হয়ে গেল, কারণ اسم مفعول টি لمن وَقَعَ عَلَيْهِ الْفِعْلُ (ফে'ল তার উপর পতিত হওয়া)র জন্য গঠিত। এভাবে اسم تفضيل ও اسم مُبَالَغَةْ ইত্যাদি বের হয়ে যায়। কারণ এর উভয়টিতে الزِيَادَة এর قيد থাকে।

قوله بِمَعْنَى الْحُدُوْثِ : এর দ্বারা صِفَتِ مُشَبَّهَةْ বের হয়ে গেল। কারণ صفت مُشَبَّهَة এর মধ্যে مع الدَّوَامْ এর قَيْد থাকে। حُدُوْث শব্দটি বিভিন্ন অ র্থ আসে। সৃষ্টি হওয়া, সংঘটিত হওয়া, এখানে নিত্য নতুন ঘটা।

قوله مُدْخِلٌ وَمُسْتَغْفِرٌ : দুটি উদাহরণ এ জ ্য এনেছেন যে, প্রথমটি হুবহু مضارع এর ওযনে রয়েছে; কেবল এর স্থলে ميم আর ২য়টি مضارع معروف থেকে দুদিক থেকে ভিন্ন। ياء এর স্থলে ميم ও ميم এর উপর পেশ হয়েছে। এক্ষেত্রে আরো একটি উদাহরণ আনার প্রয়োজন ছিল। যেমন مُتَفَاضِلٌ এর মধ্যে مَاقَبْل آخِر (শেষাক্ষরের পূর্বাক্ষর) এর حركت ও পরিবর্তন হয়েছে। এ উদাহরণটি দিলে বিষয়টি আরো স্পষ্ট হত।

قوله اِنْ كَانَ بِمَعْنَى الخ : দ্বারা اسم فاعل তার ফে'লের ন্যায় আমল করার জন্য দুটি শর্তের প্রতি ইঙ্গিত করেছেন। ১. اسم فاعل টি বর্তমান বা ভবিষ্যতকালের অর্থে ব্যবহৃত হতে হবে। (ফলে مضارع এর সাথে مُشَابَهَتْ (সামঞ্জস্য) বৃদ্ধি পাবে)

وَمُعْتَمِدًا عَلَى الْمُبْتَدَإِ نَحْوُ زَيْدٌ قَائِمٌ أَبُوهُ أَوْ ذِي الْحَالِ نَحْوُ جَاءَنِي زَيْدٌ ضَارِبًا أَبُوهُ عَمْرًوا أَوْمَوْصُولٍ نَحْوُ مَرَرْتُ بِالضَّارِبِ أَبُوهُ عَمْرًوا أَوْمَوْصُوفٍ نَحْوُ عِنْدِي رَجُلٌ ضَارِبٌ أَبُوهُ عَمْرًوا أَوْ هَمْزَةِ الْإِسْتِفْهَامِ نَحْوُ أَقَائِمٌ زَيْدٌ أَوْحَرْفِ النَّفْيِ نَحْوُ مَا قَائِمٌ زَيْدٌ فَإِنْ كَانَ بِمَعْنَى الْمَاضِي وَجَبَتِ الْإِضَافَةُ مَعْنًى نَحْوُ زَيْدٌ ضَارِبُ عَمْرٍو أَمْسِ،

অনুবাদ ॥ (১) মুবতাদার উপর নির্ভরশীল হবে। যেমন– زَيْدٌ قَائِمٌ أَبُوهُ (যায়েদ তার পিতা দণ্ডয়মান) (২) অথবা ذُو الْحَالِ এর উপর। যেমন جَاءَنِي زَيْدٌ ضَارِبًا أَبُوهُ عَمْرًوا (যায়েদ এ অবস্থায় আমার নিকট এসেছে যে, তার পিতা আমরের প্রহারকারী)। (৩) অথবা موصول এর উপর। যেমন– مَرَرْتُ بِالضَّارِبِ أَبُوهُ عَمْرًوا (আমি তাকে অতিক্রম করেছি যার পিতা আমরের প্রহারকারী)। (৪) অথবা موصوف এর উপর নির্ভরশীল হবে। যেমন– عِنْدِي رَجُلٌ ضَارِبٌ أَبُوهُ عَمْرًوا (আমার নিকট এমন এক ব্যক্তি রয়েছে যার পিতা আমরের প্রহারকারী)। (৫) অথবা هَمْزَةُ إِسْتِفْهَامٍ (প্রশ্নবোধক হামযা)র উপর। যেমন– أَقَائِمٌ زَيْدٌ (যায়েদ কি দণ্ডায়মান?)। (৬) অথবা حَرْفِ نَفْيٍ এর উপর। যেমন– مَاقَائِمٌ زَيْدٌ (যায়েদ দণ্ডায়মান নয়)। اسم فاعل যদি অতীতকালের অর্থে ব্যবহৃত হয় তখন إِضَافَةِ مَعْنَوِي সহ ব্যবহার অপরিহার্য হয়ে যায়। যেমন– زَيْدٌ ضَارِبُ عَمْرٍوا أَمْسِ (যায়েদ গতকল্য আমরের প্রহারকরেছে)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ ২. مُبْتَدَا ـ ذُو الْحَالِ، مَوْصُوف، هَمْزَهُ إِسْتِفْهَامْ ، حَرْفِ نَفْيِ ইত্যাদি (সামনে বর্ণিত) ছয় জিনিষের কোন একটি তার শুরুতে থাকতে হবে। যাতে مضارع এর সাথে مُشَابَهَتْ বৃদ্ধি পায় এবং আমলের জন্য আরো শক্তি লাভ হবে। কেননা এর দ্বারা এটি فعل এর ন্যায় তার পার্শ্বস্থ শব্দের সাথে مسند (সম্পর্কিত) হবে আর حَرْفِ نَفِي বা هَمْزَهُ إِسْتِفْهَام সাধারণত فعل এর পূর্বেই আসে।

قوله زَيْدٌ قَائِمٌ ঃ এটা মুবতাদার উপর টেক লাগানোর উদাহরণ। زَيْد মুবতাদা এটি قَائِمٌ شِبْهِ فِعْل এর فَاعِل -

قوله جَائَنِي زَيْدٌ ضَارِبًا الخ ঃ এটি ذُوالْحَالِ এর উপর টেক লাগানোর (সহায়তা গ্রহণের) উদাহরণ। এর মধ্যে زيد হল ذُوالْحَالِ - فاعل হল أَبُوهُ ـ فاعل এর ضَارِبًا হয়ে مُرَكَّبِ إِضَافِي ـ عَمْرًوا হল - مفعول به ـ ضَارِبًا -তার فاعل ও مفعول به মিলে شِبْهِ جمله) হয়ে) حال হয়েছে।

★ এ উদাহরণে ২টি বিষয় লক্ষণীয়– ক. زيد টি اسم فاعل মুবতাদা উপর টেক লাগিয়েছে। খ. এর اب শব্দটি ضَارِبٌ এর ফায়েল হওয়ায় واو দ্বারা مرفوع এবং عَمْرًوا মাফউল হওয়ায় منصوب হয়েছে।

قوله وَمَوْصُولٍ نَحْوُ مَرَرْتُ الخ ঃ অর্থাৎ اسم فاعل তার পূর্বোল্লিখিত اسم موصول এর উপর টেক লাগাবে। যথা– مَرَرْتُ ... উদাহরণে الضَّارِبُ টি اسم فاعل، ال بِمَعْنَى اَلَّذِيْ এর উপর টেক লাগিয়েছে। আর اسم فاعل তার معمول নিয়ে جمله হয়েছে।

قوله عِنْدِي رَجُلٌ ضَارِبٌ الخ ঃ এর মধ্যে رَجُلٌ، موصوف، ضَارِبٌ، اسم فاعل (شبه فعل) أَبُوهُ، مركب اضافى، হয়ে তার فاعل আর عَمْرًوا، مفعول، মিলে شبه جمله হয়ে صفت অতঃপর موصوف ও صفت মিলে مبتدائے مُؤخر অতপর عِنْدِي، مركب اضافى হয়ে مُوجُودٌ উহ্য شبه فعل এর সাথে متعلق হয়ে خبرِ مُقَدَّم - مُبْتَدا مؤخّر ও خبرمقدم মিলে جملهُ اسميهُ خبريهٌ -

قوله أَقَائِمٌ زَيْدٌ ঃ قَائِمٌ ফে'লটি هَمْزَهُ حرفِ استفهام -এর উপর টেক লাগিয়ে زَيْدٌ (ফায়েলের) উপর আমল করেছে। قَائِمٌ - شبه فعل তার فاعل মিলে جملهُ إِسْتِفْهَامِيَه انشائية হয়েছে।

قوله فَإِنْ كَانَ بِمَعْنَى الْمَاضِي الخ ঃ অর্থাৎ اسم فاعل যদি অতীতকালের অর্থে আসে তাহলে বর্তমান বা ভবিষ্যৎকালের শর্ত না পাওয়ার কারণে আমল করবে না। বরং তখন مفعول এর প্রতি মুযাফ হবে। আর ফায়েলটি তখন মুবতাদা হয়ে আগে চলে আসবে। যেমন উদাহরণে লক্ষ্য কর–

هٰذَا إِذَا كَانَ مُنَكَّرًا أَمَّا إِذَا كَانَ مُعَرَّفًا بِاللَّامِ يَسْتَوِى فِيهِ جَمِيعُ الْأَزْمِنَةِ نَحْوُ زَيْدُنِ الضَّارِبُ أَبُوهُ عَمْرًوا الْآنَ أَوْ غَدًا أَوْ أَمْسِ - فَصْلٌ - إِسْمُ الْمَفْعُوْلِ إِسْمٌ مُشْتَقٌّ مِنْ فِعْلٍ مُتَعَدٍّ لِيَدُلَّ عَلَى مَنْ وَقَعَ عَلَيْهِ الْفِعْلُ وَصِيغَتُهُ مِنَ الْمُجَرَّدِ الثُّلَاثِيِّ عَلَى وَزْنِ مَفْعُوْلٍ لَفْظًا كَمَضْرُوْبٍ أَوْ تَقْدِيرًا كَمَقُوْلٍ وَمَرْمِيٍّ وَمِنْ غَيْرِهِ كَإِسْمِ الْفَاعِلِ بِفَتْحِ مَاقَبْلَ الْآخِرِ كَمُدْخَلٍ وَمُسْتَخْرَجٍ وَيَعْمَلُ عَمَلَ فِعْلِهِ الْمَجْهُوْلِ بِالشَّرَائِطِ الْمَذْكُوْرَةِ فِي إِسْمِ الْفَاعِلِ نَحْوُ زَيْدٌ مَضْرُوْبٌ غُلَامُهُ الْآنَ أَوْغَدًا أَوْأَمْسِ -

---

অনুবাদ ॥ اسم فاعل টি নাকেরা হওয়া অবস্থায় উপরোক্ত বিধান প্রযোজ্য; কিন্তু যদি তা الف ও لام যোগে মা'রেফা হয় তবে সে ক্ষেত্রে সব কালই সমান। যেমন- زَيْدُ الضَّارِبُ أَبُوهُ عَمْرًوا الْآنَ অথবা زَيْدُنِ الضَّارِبُ أَبُوهُ عَمْرًوا أَمْسِ অথবা الضَّارِبُ أَبُوهُ عَمْرًوا غَدًا

পরিচ্ছেদ - ৮ : إِسْمِ مَفْعُوْل (কর্মকারক বিশেষ্য)

اسم مفعول এর সংজ্ঞা : اسم مفعول ঐ ইসমকে বলে যা فِعْلِ مُتَعَدِّى হ'তে গঠিত হয়ে এমন সত্তা বুঝায় যার উপর কর্তার ক্রিয়া পতিত হয়।

اسم مفعول এর সীগা : ثُلَاثِى مُجَرَّدْ হতে এর সীগা مفعول এর ওযনে হয়ে থাকে। ওযনটি প্রকাশ্য হোক, যেমন- مَضْرُوْبٌ (প্রহৃত) অথবা উহ্যভাবে হোক যেমন-مَقُوْلٌ (কথিত) ও مَرْمِيٌّ (নিক্ষিপ্ত)। আর ثُلَاثِى مُجَرَّدْ ব্যতীত অন্যান্য ফে'ল হতে اسم مفعول এর সীগা اسم فاعل -এর ন্যায়। তবে তার শেষাক্ষরের পূর্বাক্ষর যবরযুক্ত হয়। যেমন- مُدْخَلٌ ও مُسْتَخْرَجٌ-

আমল : اِسْمِ مَفْعُوْل - اسم فاعل এর মধ্যে উল্লেখিত শর্ত সাপেক্ষে فعلِ مَجْهُول এর ন্যায় আমল করে থাকে। যেমন- (বর্তমান কালের উদাহরণ) زَيْدٌ مَضْرُوْبٌ غُلَامُهُ الْآنَ (যায়েদের ভৃত্য এখন প্রহৃত), (ভবিষ্যতকালের উদাহরণ) زَيْدٌ مَضْرُوْبٌ غُلَامُهُ غَدًا (যায়েদের ভৃত্য আগামীকাল প্রহৃত হবে)। এবং (অতীতকালের উদাহরণ) زَيْدٌ مَضْرُوْبٌ غُلَامُهُ أَمْسِ (যায়েদের ভৃত্য গতকাল প্রহৃত হয়েছে)।

প্রাসঙ্গিক আলোচনা : ★ ফায়েদা : اسم فاعل এর আমলের জন্য বর্তমান বা ভবিষ্যতকালের অর্থে ব্যবহৃত হওয়ার শর্তটি مفعول به এর মধ্যে আমলের জন্য শর্ত। فاعل এর মধ্যে আমলের জন্য এ শর্ত নয়।

قوله أَمَّا إِذَا كَانَ مُعَرَّفًا الخ : অর্থাৎ اسم فاعل টি مُعَرَّفْ بِاللَّامِ হলে তখন তার আমলের জন্য حَالْ বা اِسْتِقْبَالْ এর প্রয়োজন নেই। কারণ তখন اسم فاعل টি فعلِ معروف এর অর্থ বিশিষ্ট হয়। আর فعلِ مَعْرُوْف এর মধ্যে সকল কাল সমান।

إِسْمٌ مُشْتَقٌّ مِنْ فِعْلٍ : সংজ্ঞার مُشْتَقّ দ্বারা اسم جَامِد বের হয়ে গেল, عَلٰى مَنْ وَقَعَ বলার দ্বারা অন্যান্য সমস্ত صِيغَةُ صفت বের হয়ে সংজ্ঞাটি جامِع مانِع হয়ে গেল। মুসান্নিফ র. فعلِ مُتَعَدِّى এর জন্য বলেছেন যে, فعلِ لازم থেকে مفعول এর ছীগা গঠিত হয় না।

★ اسم تفضيل যেটা اسم مفعول এর অর্থে ব্যবহৃত হয়। যেমন أَشْهَرُ অর্থ অধিক প্রসিদ্ধ (زِيَادَه مَشْهُوْر) এটা যদিও لِمَنْ وَقَعَ عَلَيْهِ الْفِعْلُ এর মধ্যে দাখিল থাকে তবে এর সাথে مَعَ الزِّيَادَةُ قَيْد এর থাকায় এটিও বের হয়ে যায়। কারণ اسم مفعول এর মধ্যে এ قيد নেই।

قوله عَلٰى وَزْنِ مَفْعُوْلٍ ঃ এখানে غَالِبًا বা قِيَاسًا শব্দ উহ্য আছে। কারণ কখনো কখনো فَعِيْلٌ ওযনেও আসে। যথা جَرِيْحٌ مَجْرُوْحٌ, قَتِيْلٌ ও مَقْتُوْلٌ অর্থে ضَحِيْكٌ - مَضْحُوْكَةٌ . قَبِيْضٌ مَقْبُوْضٌ অর্থে।

قوله أَوْ تَقْدِيْرًا كَمَقُوْلٍ ঃ কেননা مَقُوْلٌ মূলত مَقْوُوْلٌ ও مَرْمِيٌّ মূলত مَرْمُوْيٌ ছিল।

قوله بِفَتْحِ مَاقَبْلَ الخ ঃ এটা لَفْظًا বা تَقْدِيْرًا উভয় হতে পারে। لَفْظًا (প্রকাশ্য) যেমন مُدْخَلٌ - تَقْدِيْرًا (উহ্য) যেমন مُخْتَارٌ এটা মূলত مُخْتَيَرٌ ছিল।

قوله بِالشَّرَائِطِ الخ ঃ অর্থাৎ ক. حَالٌ বা اِسْتِقْبَال এর অর্থে আসা ও খ. তার পূর্বে مبتدا، موصول، ذو الحال و، حرف استفهام، موصوف বা نفى مائے এ ৬টির কোন একটির উপর টেক লাগান।

★ উল্লেখ্য যে, حال বা استقبال এর শর্তটি কেবল مفعول به তে نصب দেয়ার জন্য نائب فاعل কে رفع দেয়ার জন্য এ শর্ত নয়।

★ ماضى এর অর্থে ব্যবহৃত হলে তখন مفعول به এর প্রতি اضافت معنوى হয়ে সেটি مجرور হয়। যেমন زَيْدٌ مُعْطٰى دِرْهَمٍ اَمْسِ (গতকাল যায়েদ কে দেরহাম দেয়া হয়েছে)

★ مُعَرَّفٌ بِاللَّامِ হলে তার মধ্যে সকল زمانة সমান। তখন সেটি ماضى এর অর্থে হয়ে আমল করবে। যেমন زَيْدُنِ الْمُعْطٰى دِرْهَمًا غُلَامُهُ الْاٰنَ - زَيْدُنِ الْمُعْطٰى غُلَامُهُ دِرْهَمًا اَمْسِ - زَيْدُنِ الْمُعْطٰى دِرْهَمًا غَدًا উদাহরণ গুলোতে مُعْطٰى হল نائب فاعل - دِرْهَمًا হল ২য় مفعول -

★ ফায়েদা ঃ مُتَعَدِّى فعل চার প্রকার। যথা ১. (এক مفعول এর প্রতি متعدى) ২. (দুই مفعول এর প্রতি متعدى তবে এক মাফউলের উপর সীমিত করা জায়েয ৩. দুই مفعول এর প্রতি متعدى হতে এক মাফউলের উপর সীমিত করা জায়েয নয়। ৪. তিন مفعول এর প্রতি متعدى - অত্র ৪ প্রকর اسم مفعول পূর্বোক্ত ৬টির সাথে গুণ করলে মোট ৪ × ৬ = ২৪টি ছুরত হয়। নিম্নে ছকের আকারে তা উল্লেখ করা হল

مُتَعَدِّى اِلٰى ثَلَاثَةِ مَفَاعِيْلَ	مُتَعَدِّى اِلٰى مَفْعُوْلَيْنِ الَّذِى لَا يَجُوْزُ الْاِقْتِصَارُ عَلٰى وَاحِدٍ	مُتَعَدِّى اِلٰى مَفْعُوْلَيْنِ الَّذِى يَجُوْزُ الْاِقْتِصَارُ عَلٰى وَاحِدٍ	مُتَعَدِّى اِلٰى مَفْعُوْلٍ	اِعْتِمَادٌ
خَالِدٌ مُخْبَرُنِ ابْنُهُ عَمْرًوا فَاضِلًا	بَكْرٌمَعْلُوْمُ نِ ابْنُهُ فَاضِلًا	عَمْرٌو مُعْطًى غُلَامُهُ دِرْهَمًا	زَيْدٌ مَضْرُوْبٌ اَبُوْهُ	مُبْتَدَأٌ
مَرَرْتُ بِرَجُلٍ مُخْبَرِنِ ابْنُهُ عَمْرًوا فَاضِلًا	مَرَرْتُ بِرَجُلٍ مَعْلُوْمٍ نِ ابْنُهُ فَاضِلًا	مَرَرْتُ بِرَجُلٍ مُعْطًى غُلَامُهُ دِرْهَمًا	مَرَرْتُ بِرَجُلٍ مَضْرُوْبٍ اَبُوْهُ	مَوْصُوْفٌ
جَاءَنِى الْمُخْبَرُنِ ابْنُهُ عَمْرًوا فَاضِلًا	جَاءَنِى زَيْدُ الْمَعْلُوْمُ نِ ابْنُهُ فَاضِلًا	جَاءَنِى الْمُعْطٰى غُلَامُهُ دِرْهَمًا	جَاءَنِى الْمَضْرُوْبُ اَبُوْهُ	مَوْصُوْلٌ
جَاءَنِى زَيْدٌ مُخْبَرًاابْنُهُ عَمْرًوا فَاضِلًا	جَاءَنِى زَيْدٌمَعْلُوْمٌ نِ ابْنُهُ فَاضِلًا	جَاءَنِى زَيْدٌ مُعْطًى غُلَامُهُ دِرْهَمًا	جَاءَنِى زَيْدٌ مَضْرُوْبًا اَبُوْهُ	ذُوالْحَالِ
اَمُخْبَرٌ زَيْدٌ عَمْرًوا فَاضِلًا	اَمَعْلُوْمٌ زَيْدٌ فَاضِلًا	اَمُعْطًى زَيْدٌ دِرْهَمًا	اَ مَضْرُوْبٌ زَيْدٌ	همزهٔ استفهام
مَا مُخْبَرٌ زَيْدٌ عَمْرًوا فَاضِلًا	مَا مَعْلُوْمٌ زَيْدٌ فَاضِلًا	مَا مُعْطًى زَيْدٌ دِرْهَمًا	مَا مَضْرُوْبٌ زَيْدٌ	حرف نَفى

فَصْلٌ - اَلصِّفَةُ الْمُشَبَّهَةُ اِسْمٌ مُشْتَقٌّ مِنْ فِعْلٍ لَازِمٍ لِيَدُلَّ عَلٰى مَنْ قَامَ بِهِ الْفِعْلُ بِمَعْنَى الثُّبُوْتِ وَصِيْغَتُهَا عَلٰى خِلَافِ صِيْغَةِ اِسْمِ الْفَاعِلِ وَالْمَفْعُوْلِ وَاِنَّمَا تُعْرَفُ بِالسَّمَاعِ كَحَسَنٍ وَصَعْبٍ وَظَرِيْفٍ وَهِيَ تَعْمَلُ عَمَلَ فِعْلِهَا مُطْلَقًا بِشَرْطِ الْاِعْتِمَادِ الْمَذْكُوْرِ -

---

পরিচ্ছেদ - ৯ : صِفَةٍ مُشَبَّهَةٌ (স্থায়ী গুণবাচক বিশেষ্য)

অনুবাদ ॥ صِفَةٍ مُشَبَّهَةٌ এর সংজ্ঞা : صِفَةٍ مُشَبَّهَةٌ এমন ইসমকে বলে যা فِعْلِ الْلَازِمْ হ'তে গঠিত হয়ে এমন সত্তাকে বুঝায় যার দ্বারা উক্ত فعل টি স্থায়ীভাবে প্রতিষ্ঠিত হয়।

صِفَةٍ مُشَبَّهَةٌ এর সীগা : اسم فاعل ও اسم مفعول এর সীগার বিপরীত (অর্থাৎ এর জন্য কোন নির্ধারিত নিয়ম নেই)। শুধু আরবদের থেকে শ্রবণের ভিত্তিতে অবহিত হওয়া যায়। যেমন- حَسَنٌ (সুন্দর) صُعْبٌ (কঠিন) ও ظَرِيْفٌ (চালাক)।

صِفَةٍ مُشَبَّهَةٌ এর আমল : সিফাতে মুশাব্বাহা (اسم فاعل এর অধ্যায়ে) উল্লেখিত নির্ভরশীলতার শর্তের ভিত্তিতে কোন কালের শর্ত ছাড়াই স্বীয় فعل এর ন্যায় আমল করে থাকে।

প্রাসঙ্গিক আলোচনা : اِسْمٌ مُشْتَقٌّ الخ : সংজ্ঞায় اسم শব্দটি جنس, এর মধ্যে غَيْر مُشْتَق ، اسم مُشْتَق সবই দাখিল। اسم غير مشتق হল ১ম- فصل এর দ্বারা اسم غير مشتق বের হয়ে গেল। ২য় فصل مِنْ فِعْلٍ لَازِمٍ এর দ্বারা اسم مفعول খারিজ হয়ে গেল, ৩য় فصل عَلٰى مَنْ قَامَ بِهِ الْفِعْلُ, এর দ্বারা اسم ظرف ও اسم آلہ খারিজ হয়ে গেল। ৪র্থ فصل بِمَعْنَى الثُّبُوْتِ হল اسم فاعل، اسم تفضيل، اسم مُبَالَغَةٌ ইত্যাদি খারিজ হয়ে সংজ্ঞাটি جَامِع مَانِع হয়ে গেল।

قوله اَلْمُشَبَّهَةُ : مُشَبَّهَةٌ বাবে تَفْعِيْل হতে اسم مفعول অর্থ تَشْبِيْهٌ প্রদত্ত। مذكر ، مؤنث এবং جمع ، تثنيه ، واحد এরদিক দিয়ে اسم فاعل এর সাথে সামঞ্জস্য প্রদত্ত হওয়ায় এ নাম রাখা হয়েছে।

قوله وَصِيْغَتُهَا الخ : অর্থাৎ صفت مُشَبَّهَه এর ওযনের নির্দিষ্ট কোন নীতিমালা নেই বরং শ্রবণের উপর নির্ভর। এ কারণে মুসান্নিফ র. عَلٰى خِلَافِ صِيْغَةِ বলেছেন। ইলমুছ ছীগা গ্রন্থকার র. صفت مُشَبَّه এর ২৩টি ওযন উল্লেখ করেছে। যথা-

صَعْبٌ، صِفْرٌ، صُلْبٌ ، حَسَنٌ، خَشِنٌ، نَدُسٌ، زَنَمٌ ، بِلِزٌ، حُطَمٌ، اَحْمَرَ ، كَابِرٌ، كَبِيْرٌ ، غَفُوْرٌ، جَيِّدٌ، هِجَانٌ، جَبَانٌ، شُجَاعٌ ، عَطْشَانٌ، عَطْشٰى، حُبْلٰى، حَمْرَاءُ، عُشَرَاءُ

قوله وَهِيَ تَعْمَلُ عَمَلَ الخ : موصول ছাড়া ৫টির যে কোনটির উপর টেক লাগনোর শর্তে অর্থাৎ صفت مشبه এর فعل لازم এর ন্যায় আমল করে। তবে এর জন্য حال বা اِسْتِقْبَال এর অর্থের কোন শর্ত নেই। কেননা এটা চিরস্থায়ী গুণ বুঝায়। পক্ষান্তরে حال বা استقبال এর অর্থ حُدُوْثٌ তথা ক্ষণস্থায়ী বুঝায়। আর موصول এর উপর টেক লাগানোর শর্ত এ কারণে নেই যে, صفت مشبه এর পূর্বে الف لام ,الذى অর্থে আসে না।

★ উল্লেখ্য যে, صفت مشبه তার فعل এর আমলের তুলনায় বেশী আমল করে। কারণ صفت مشبه মাফউল হিসেবে তার معمول কে نصب দেয়। অথচ لازم হওয়ার কারণে উক্ত মাসদারের থেকে গঠিত فعل এর مفعول ই হয় না।

وَمَسَائِلُهَا ثَمَانِيَةَ عَشَرَ لِاَنَّ الصِّفَةَ اِمَّا بِاللَّامِ اَوْ مُجَرَّدَةٌ عَنْهَا وَمَعْمُوْلُ كُلِّ وَاحِدٍ مِنْهُمَا اِمَّا مُضَافٌ اَوْ بِاللَّامِ اَوْ مُجَرَّدٌ عَنْهُمَا فَهٰذِهٖ سِتَّةٌ وَمَعْمُوْلُ كُلٍّ مِّنْهَا اِمَّا مَرْفُوْعٌ اَوْ مَنْصُوْبٌ اَوْ مَجْرُوْرٌ فَذٰلِكَ ثَمَانِيَةَ عَشَرَ وَتَفْصِيْلُهَا نَحْوُ جَائَنِيْ زَيْدُنِ الْحَسَنُ وَجْهُهٗ ثَلٰثَةُ اَوْجُهٍ كَذٰلِكَ اَلْحَسَنُ الْوَجْهِ وَالْحَسَنُ وَجْهٍ وَحَسَنٌ وَجْهٍ وَحَسَنُ الْوَجْهِ وَحَسَنٌ وَجْهُهٗ وَهِيَ عَلٰى خَمْسَةِ اَقْسَامٍ مِنْهَا مُمْتَنِعٌ اَلْحَسَنُ وَجْهٍ وَالْحَسَنُ وَجْهِهٖ وَمُخْتَلَفٌ فِيْهِ حَسَنُ وَجْهِهٖ وَالْبَوَاقِيْ اَحْسَنُ اِنْ كَانَ فِيْهِ ضَمِيْرٌ وَاحِدٌ وَحَسَنٌ اِنْ كَانَ فِيْهِ ضَمِيْرَانِ وَقَبِيْحٌ اِنْ لَمْ يَكُنْ فِيْهِ ضَمِيْرٌ وَالضَّابِطَةُ اَنَّكَ مَتٰى رَفَعْتَ بِهَا مَعْمُوْلَهَا فَلَا ضَمِيْرَ فِي الصِّفَةِ وَمَتٰى نَصَبْتَ اَوْجَرَرْتَ فَفِيْهَا ضَمِيْرُ الْمَوْصُوْفِ نَحْوُ زَيْدٌ حَسَنٌ وَجْهُهٗ ـ

অনুবাদ ॥ صِفَةٌ مُشَبَّهَةٌ এর মাসয়ালাসমূহ ঃ صِفَةٌ مُشَبَّهَةٌ এর আঠারটি মাসয়ালা বা অবস্থা রয়েছে। কেননা صِفَةٌ مُشَبَّهَةٌ টি হয়ত لام ও الف যুক্ত হবে অথবা الف ও لام শূন্য হবে এবং এগুলোর প্রত্যেকটির معمول হয়ত مضاف হবে, অথবা الف ও لام যুক্ত হবে, অথবা এতদুভয় হতে মুক্ত হবে। এতে মোট ছয় অবস্থা হল। এখন এ ছয়টির প্রত্যেকটির معمول হয়ত পেশ বিশিষ্ট হবে বা যবরবিশিষ্ট হবে, অথবা যেরবিশিষ্ট হবে এভাবে (উপরোক্ত ছয় অবস্থাকে এ তিন অবস্থা দ্বারা গুণ করলে) সর্বমোট অবস্থা হয় আঠারটি। এর বিস্তারিত বিবরণ এই যে, যেমন– جَاءَنِيْ زَيْدُنِ الْحَسَنُ وَجْهُهٗ -এর তিনটি অবস্থা রয়েছে। অনুরূপভাবে- اَلْحَسَنُ الْوَجْهِ - اَلْحَسَنُ وَجْهٌ - حَسَنٌ وَجْهُهٗ - حَسَنُ الْوَجْهِ - حَسَنٌ وَجْهٌ

حَسَنٌ এর ক্ষেত্রে ১৮ অবস্থার প্রকারভেদ ঃ صِفَةٌ مُشَبَّهَةٌ-পাঁচ ভাগে বিভক্ত। তন্মধ্যে প্রথম প্রকার হচ্ছে مُمْتَنِع (নিষিদ্ধ)। নিষিদ্ধ অবস্থা দু'টি। যথা– اَلْحَسَنُ وَجْهٍ ও اَلْحَسَنُ وَجْهِهٖ - দ্বিতীয় প্রকার হচ্ছে مُخْتَلَفٌ فِيْهِ (মতবিরোধপূর্ণ)। মতবিরোধপূর্ণ অবস্থা একটি। যথা– حَسَنُ وَجْهِهٖ - অবশিষ্টগুলো সম্পর্কে বক্তব্য এই যে, যদি তাতে একটি যমীর হয় তবে اَحْسَنُ - (অতি উত্তম)। আর যদি দু'টি যমীর হয় তবে حسن (উত্তম)। যদি তাতে আদৌ কোন যমীর না থাকে তবে قَبِيْح (মন্দ)। এ ক্ষেত্রে বিধান এই যে, তুমি যখন صِفَةٌ مُشَبَّهَةٌ দ্বারা তার مَعْمُوْل কে পেশ দিবে তখন صفت এর মধ্যে কোন যমীর হবে না। আর যখন যবর বা যের দিবে তখন তাতে موصوف এর যমীর থাকবে। যেমন– زَيْدٌ حَسَنٌ وَجْهُهٗ

প্রাসঙ্গিক আলোচনা ঃ নিম্নে صفت مشبهه এর ১৮টি ছূরত ও তার বিধানকে ছকের মাধ্যমে দেখান হল।

حالت جري	حالت نصبى	حالت رفعى	اَقْسَامِ مَعْمُوْل	صفتِ مُشَبَّه
زَيْدٌ اَلْحَسَنُ وَجْهِهٖ-مم	زَيْدٌ اَلْحَسَنُ وَجْهَهٗ-ح	زَيْدٌ اَلْحَسَنُ وَجْهُهٗ-ا	مضاف	
زَيْدٌ اَلْحَسَنُ الْوَجْهِ-ا	زَيْدٌ اَلْحَسَنُ الْوَجْهَ-ا	زَيْدٌ اَلْحَسَنُ الْوَجْهُ-ق	معرف بلام	مُعَرَّفٌ بلام
زَيْدٌ اَلْحَسَنُ وَجْهٍ-مم	زَيْدٌ اَلْحَسَنُ وَجْهًا	زَيْدٌ اَلْحَسَنُ وَجْهٌ-ق	دونوں سے خالى	
زَيْدٌ حَسَنٌ وَجْهِهٖ-مخ	زَيْدٌ حَسَنٌ وَجْهَهٗ-ح	زَيْدٌ حَسَنٌ وَجْهُهٗ-ا	مضاف	
زَيْدٌ حَسَنُ الْوَجْهِ-ا	زَيْدٌ حَسَنُ الْوَجْهَ-ا	زَيْدٌ حَسَنٌ اَلْوَجْهُ-ق	معرف بلام	غيرِمعرّف بلام
زَيْدٌ حَسَنُ وَجْهٍ-ا	زَيْدٌ حَسَنٌ وَجْهًا-ا	زَيْدٌ حَسَنٌ وَجْهٌ-ق	دونوں سے خالى	

বিঃ দ্রঃ উপরে ছকে প্রদত্ত ق দ্বারা قَبِيح (অশুদ্ধ) ا দ্বারা اَحْسَنُ (সর্বোত্তম) ح দ্বারা حَسَنُ (উত্তম) مَمْ দ্বারা مُمْتَنِعٌ (নিষিদ্ধ) ও مُخْ দ্বারা مُخْتَلَفٌ فِيْهِ (মতভেদ) বুঝান উদ্দেশ্য। এগুলোর বিস্তারিত কারণ নিম্নে লক্ষ কর।

قوله وَهِىَ عَلٰى خَمْسَةِ الخ ঃ হুকুম বা বিধানের দিক দিয়ে উপরোক্ত আঠারটি ছুরত ৫ ভাগে বিভক্ত। ১. مُمْتَنِعٌ (নিষিদ্ধ) এটা ২টি ছুরতে তথা اَلْحَسَنُ وَجْهُهُ ও اَلْحَسَنُ وَجْهٍ – কারণ এতে نكره এর প্রতি معرفه এর اِضَافَتِ مَعْنُوِيَّه এর মধ্যে এটা নাজায়েয। সুতরাং ممتنع এর সাথে সামঞ্জস্যের দরুন এর اضافت হয়েছে। মধ্যে ও নিষিদ্ধ।

আর ২য়টির মধ্যে اضافت এর দ্বারা مضاف টি معرفه হওয়ার বা مضاف اليه থেকে যমীর বিলুপ্তির দ্বারা تخفيف হওয়ার কোনটি পাওয়া যায়নি। এ কারণে এটা নাজায়েয হয়েছে।

قوله وَمُخْتَلَفٌ فِيْهِ الخ ঃ ১৮ ছুরতের মধ্যে ১টি مُخْتَلَفٌ فِيْهِ তথা মতবিরোধপূর্ণ। আর সেটি হল حَسَنُ وَجْهِهٖ ، سِيبُوَيْه ও বসরী নাহভীগণের মতে অপসন্দনীয় হওয়া সত্বে شِعْر এর মধ্যে প্রয়োজনে জায়েয। অপসন্দনীয় হওয়ার কারণ হল اِضَافَتِ لَفْظِيَّه সাধারণত تَخْفِيْف এর ফায়েদা দেয়। সুতরাং উচ্চ পর্যায়ের تخفيف হওয়াই উত্তম। আর তা হয় مضاف থেকে তানভীন ও مضاف اليه থেকে যমীর বিলুপ্তির মাধ্যমে। কিন্তু এখানে مضاف اليه থেকে যমীর বিলুপ্ত হয়নি। অথচ তা সম্ভব ছিল। এ কারণে এটা قَبِيْح তথা অপসন্দনীয়। আর কূফীগণের মতে এটা সাধারণভাবে (بِلَاقَبَاحَتْ) জায়েয। কারণ فِى الْجُمْلَه তথা কোন রকম تخفيف পাওয়া যাওয়াই যথেষ্ট। আর এখানে তানভীন বিলুপ্তির মাধ্যমে তা হাসিল হয়েছে।

قوله وَالْبَوَاقِىْ اَحْسَنُ ঃ অর্থাৎ অবশিষ্ট ১৫টি ছুরতের মধ্যে এক যমীর বিশিষ্ট ৯টি اَحْسَنُ (সর্বোত্তম) কারণ موصوف এর সাথে সম্বন্ধের জন্য ১ যমীরই যথেষ্ট, আর ২ যমীর বিশিষ্ট ৬ ছুরত حَسَنُ (উত্তম)। (এক যমীর مضاف এর সঙ্গে, আর ছীগায়ে সিফতের মধ্যে এক যমীর।

قوله فَلَا ضَمِيْرَ فِى الصِّفَةِ الخ ঃ কারণ তখন معمول টিই তার ফায়েল, আর নসব বা জরের ছূরতে صيغه صفت এর মধ্যকার যমীর فاعل হয়ে তা موصوف এর দিকে ফিরবে। এক্ষেত্রে موصوف অনুপাতে ছীগায়ে সিফত مذكر – مؤنث বা تثنيه – جمع হবে। কারণ مرجع এর সাথে যমীরের مطابقت (মিল) জরুরী। যেমন- (১) زَيْدٌ حَسَنٌ وَجْهًا (২) هِنْدٌ حَسَنَةٌ وَجْهًا (৪) زَيْدٌ حَسَنٌ وَجْهُهٗ (৩) هِنْدٌ حَسَنَةٌ وَجْهُهَا (৫) اَلزَّيْدَانِ حَسَنَانِ وَجْهًا (৬) اَلزَّيْدُوْنَ حَسَنُوْنَ وَجْهًا ইত্যাদি।

فَصْلٌ - اِسْمُ التَّفْضِيْلِ اِسْمٌ مُشْتَقٌّ مِنْ فِعْلٍ لِيَدُلَّ عَلَى الْمَوْصُوْفِ بِزِيَادَةٍ عَلٰى غَيْرِهٖ وَصِيْغَتُهٗ اَفْعَلُ فَلَا يُبْنٰى اِلَّا مِنَ الثُّلَاثِيِّ الْمُجَرَّدِ الَّذِيْ لَيْسَ بِلَوْنٍ وَلَا عَيْبٍ نَحْوُ زَيْدٌ اَفْضَلُ النَّاسِ فَاِنْ كَانَ زَائِدًا عَلَى الثُّلَاثِيِّ اَوْكَانَ لَوْنًا اَوْ عَيْبًا يَجِبُ اَنْ يُبْنٰى اَفْعَلُ مِنْ ثُلَاثِيٍّ مُجَرَّدٍ لِيَدُلَّ عَلٰى مُبَالَغَةٍ وَشِدَّةٍ وَكَثْرَةٍ ثُمَّ يُذْكَرُ بَعْدَهٗ مَصْدَرُ ذٰلِكَ الْفِعْلِ مَنْصُوْبًا عَلَى التَّمْيِيْزِ كَمَا تَقُوْلُ هُوَ اَشَدُّ اِسْتِخْرَاجًا وَاَقْوٰى حُمْرَةً وَاَقْبَحُ عَرَجًا .

পরিচ্ছেদ - ১০ : اِسْمِ تَفْضِيْل (আধিক্যবাচক বিশেষ্য)

অনুবাদ ॥ اِسْمِ تَفْضِيْل এর সংজ্ঞা : اسم تفضيل এমন ইসমকে বলে যা অন্যের তুলনায় অধিক গুণসম্পন্ন কোন ব্যক্তি বা বস্তুকে বুঝানোর জন্য ফে'ল হতে গঠিত হয়।

اسم تفضيل এর সীগা : اسم تفضل এর ছীগা اسم تفضل এর ছীগা افعل এর ওযনে হয়ে থাকে। সুতরাং এটা শুধু এমন ثُلَاثِي مُجَرَّدْ হতে গঠিত হয় যা রং বা দোষের অর্থজ্ঞাপক নয়। যেমন- زَيْدٌ اَفْضَلُ النَّاسِ যদি ফে'লটি তিনের অধিক অক্ষর বিশিষ্ট হয়, অথবা রং বা দোষের অর্থজ্ঞাপক হয়, তবে সে ক্ষেত্রে অপরিহার্য হলো ثُلَاثِي مُجَرَّدْ থেকে اَفْعَلُ ওযনে একটি শব্দ গঠন করা- যেন তা প্রাবল্য, কাঠিন্য বা আধিক্যের অর্থ বুঝায় এবং তার পরে ঐ ফে'লের একটি মাসদারকে তমীয হিসেবে যবরবিশিষ্ট আকারে উল্লেখ করা। যেমন- তুমি বলবে هُوَاَشَدُّ اِسْتِخْرَاجًا (বের করার দিক দিয়ে সে খুবই কঠিন), هُوَ اَقْوٰى حُمْرَةً (লাল বর্ণ হওয়ার দিকদিয়ে তা খুবই প্রবল) এবং هُوَ اَقْبَحُ عَرَجًا (সে বিকলাঙ্গ হওয়ার দিক দিয়ে খুবই কুৎসিত)

প্রাসঙ্গিক আলোচনা : ★ উল্লেখ্য যে, এখানে عَيْب (দোষ) দ্বারা বাহ্যিক দোষ উদ্দেশ্য বাতেনী দোষ নয়, অতএব عَيْب দ্বারা কোন প্রশ্ন আসবে না।

قوله اِسْمٌ مُشْتَقٌّ الخ : সংজ্ঞায় اِسْمٌ হল জনস , فصل ১ম হল مُشْتَقٌّ এর দ্বারা اِسْمِ جَامِد ও اِسْمِ مَصْدَر বের হয়ে গেল। এভাবে اسم فاعل ، اسم مفعول ، صفتِ مُشَبَّهَه ও مُبَالَغَة বের হয়ে গেল। بِزِيَادَةٍ দ্বারা زَائِدٌ ও كَامِلٌ এ ধরনের শব্দ ও বের হয়ে গেল। কেননা زِيَادَةٍ عَلٰى غَيْرِهٖ দ্বারা উক্ত اسم مشتق দ্বারাই আধিক্য বুঝান উদ্দেশ্য। ভিন্ন শব্দ দ্বারা নয়।

قوله صِيْغَتُهٗ اَفْعَلُ : এর সাথে شَرٌّ ، خَيْرٌ ইত্যাদিও দাখিল, কেননা خَيْرٌ মূলত اَخْيَرُ ও شَرٌّ মূলত اَشَرُّ ছিল।

★ ثُلَاثِي مَزِيْد বা رُبَاعِي থেকে اسم تفضيل এর ওযনে না আসার কারণ হল حرف কম করে এ ওযনে ছীগা বানালে তাতে অর্থ ও শব্দ উভয় দিক দিয়ে অসুবিধে সৃষ্টি হয়। আর হরফ না কমালে এ ওযনে সীগা বানান সম্ভব নয়।

قوله لَيْسَ بِلَوْنٍ الخ : অর্থাৎ যে সব শব্দ রং বা দোষ বুঝায় তা থেকেও اسم تفضيل আসে না। কারণ রং-দোষের অর্থবিশিষ্ট শব্দ اسم تفضيل ছাড়াই উক্ত ওযনে আসে। যেমন- اَحْمَرُ ، اَعْوَرُ প্রভৃতি। অতএব এ ওযনে اسم تفضيل বানালে উভয়ে মাঝে اِلْتِبَاس হয়ে যায়। কোনটা تفضيل আর কোনটা تفضيل নয় তা বুঝা যাবে না। উল্লেখ্য যে, এখানে عَيْب (দোষ) দ্বারা বাহ্যিক দোষ উদ্দেশ্য, বাতেনী দোষ নয়। অতএব ابلد ، اجهل দ্বারা কোন প্রশ্ন আসবে না।

قوله اَفْعَلُ مِنْ ثُلَاثِيٍّ الخ : অর্থাৎ تفضيل এর অর্থের প্রয়োজন পড়লে আধিক্য, কাঠিন্য, প্রাবল্য ইত্যাদি অর্থবোধক শব্দ থেকে اسم تفضيل বানিয়ে কাঙ্ক্ষিত রং-দোষ বা মাসদারের শুরুতে তা যোগ করতে হবে। যথা- هُوَ اَشَدُّ مِنْهُ اِسْتِخْرَاجًا ، هُوَ اَقْبَحُ مِنْهُ عَرَجًا ، هُوَ اَكْثَرُ مِنْهُ تَعْلِيْمًا ইত্যাদি।

وَقِيَاسُهُ أَنْ يَكُوْنَ لِلْفَاعِلِ كَمَا مَرَّ وَقَدْ جَاءَ لِلْمَفْعُوْلِ قَلِيْلًا نَحْوُ أَعْذَرُ وَأَشْغَلُ وَأَشْهَرُ ـ وَاسْتِعْمَالُهُ عَلٰى ثَلٰثَةِ أَوْجُهٍ إِمَّا مُضَافٌ كَزَيْدٌ أَفْضَلُ الْقَوْمِ أَوْ مُعَرَّفٌ بِاللَّامِ نَحْوُ زَيْدُنِ الْأَفْضَلُ أَوْ بِمِنْ نَحْوُ زَيْدٌ أَفْضَلُ مِنْ عَمْرٍو وَيَجُوْزُ فِي الْأَوَّلِ الْإِفْرَادُ وَمُطَابَقَةُ اِسْمِ التَّفْضِيْلِ لِلْمَوْصُوْفِ نَحْوُ زَيْدٌ أَفْضَلُ الْقَوْمِ وَالزَّيْدَانِ أَفْضَلُ الْقَوْمِ وَأَفْضَلَا الْقَوْمِ وَالزَّيْدُوْنَ أَفْضَلُ الْقَوْمِ وَأَفْضَلُوا الْقَوْمِ وَفِي الثَّانِيْ يَجِبُ الْمُطَابَقَةُ نَحْوُ زَيْدُنِ الْأَفْضَلُ وَالزَّيْدَانِ الْأَفْضَلَانِ وَالزَّيْدُوْنَ الْأَفْضَلُوْنَ

অনুবাদ ॥ বিধানগতভাবে তা (اسم تفضيل) فاعل -এর অর্থেই ব্যবহৃত হয়, যেমন– উপরে উল্লেখ করা হয়েছে। তবে কোন কোন সময় مفعول -এর অর্থেও ব্যবহৃত হয়। যেমন– أَعْذَرُ (অধিক অপারগ), أَشْغَلُ (অধিক ব্যস্ত) أَشْهَرُ (অধিক প্রসিদ্ধ)।

اسم تفضيل এর ব্যবহার পদ্ধতি ঃ اسم تفضيل তিন পদ্ধতিতে ব্যবহৃত হয়। যথা– (ক) مُضَاف হয়ে, যেমন– زَيْدٌ أَفْضَلُ الْقَوْمِ (যায়েদ জাতির শ্রেষ্ঠ ব্যক্তি) (খ) লাম যুক্ত মা'রেফা হয়ে, যেমন– زَيْدُنِ الْأَفْضَلُ (শ্রেষ্ঠ যায়েদ)। (গ) من (হরফে জার)-সহ। যেমন– زَيْدٌ أَفْضَلُ مِنْ عَمْرٍو (যায়েদ আমরের চেয়ে শ্রেষ্ঠ)। প্রথমোক্ত ব্যবহার পদ্ধতিতে اسم تفضيل টি একবচন হওয়া অথবা موصوف -এর অনুযায়ী হওয়া উভয়ই বৈধ। যেমন–

زَيْدٌ أَفْضَلُ الْقَوْمِ - اَلزَّيْدَانِ أَفْضَلُ الْقَوْمِ অথবা أَفْضَلَا الْقَوْمِ - اَلزَّيْدُوْنَ أَفْضَلُ الْقَوْمِ অথবা, أَفْضَلُوا الْقَوْمِ- আর দ্বিতীয় ব্যবহার পদ্ধতিতে اسم تفضيل টি موصول অনুযায়ী হওয়া অপরিহার্য। যেমন– زَيْدُنِ الْأَفْضَلُ - اَلزَّيْدَانِ الْأَفْضَلَانِ - اَلزَّيْدُوْنَ الْأَفْضَلُوْنَ

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَقِيَاسُهُ لِلْفَاعِلِ ঃ কেননা مفعول এর জন্য না হওয়ার কারণ হল কোনটি فاعل এর অর্থে, কোনটি مفعول এর অর্থে তা বুঝা মুশকিল হয়ে যাবে। সুতরাং فاعل টি أَشْرَف ও أَعْلٰى (উন্নত) হওয়ার কারণে তার জন্যই খাছ করা হয়েছে। তবে خلافِ قياس মাফউল অর্থেও আসে।

قوله أَوْ بِمِنْ الخ ঃ তিন তরীকার মধ্যে من দ্বারা ব্যবহার হল اصل, অতপর اضافت ও সর্বশেষ لام দ্বারা।

★ উল্লেখ্য যে, উক্ত তিন তরীকা ছাড়া اسم تفضيل এর ব্যবহার অশুদ্ধ (নাজায়েয)। তবে বিশেষ قرينه বা আলামত সাপেক্ষে مُفَضَّلٌ عَلَيْهِ (যার উপর প্রাধান্য দেয়া হয়) কে حذف করা জায়েয। যেমন– اَللّٰهُ أَكْبَرُ মূলতঃ اَللّٰهُ أَكْبَرُ مِنْ كُلِّ شَيْءٍ ছিল। এটা উল্লেখ করা ছাড়াই বুঝে আসে বিধায় উল্লেখের প্রয়োজন নেই।

قوله لَا يَجُوْزُ فِي الْأَوَّلِ الخ ঃ অর্থাৎ اسم تفضيل টি اضافت সহকারে ব্যবহৃত হলে তখন موصوف তথা مضاف এর সাথে এর مُطَابَقَتْ জরুরী নয়। বরং সর্বক্ষেত্রে واحد مذكر আনা জায়েয। আবার مطابقت হিসেবে আনা ও জায়েয। তবে শুধু مضاف اليه এর উপর প্রাধান্য উদ্দেশ্য না হয়ে যদি مُطْلَقْ (সাধারণ) প্রাধান্য উদ্দেশ্য হয় তখন এ দু ছুরতের কোনটি জায়েয নয়। বরং তখন তার حكم (বিধান) مُعَرَّفْ بِاللَّامْ এর حكم এর ন্যায় যা সামনে আসছে। যথা– رَسُوْلُ اللّٰهِ ـص أَفْضَلُ قُرَيْشٍ এর মধ্যে যদিও قريش বাহ্যিকভাবে مُفَضَّلٌ عَلَيْهِ কিন্তু প্রকৃত পক্ষে সমস্ত মানুষজাতি উদ্দেশ্য। আর توضيح এর উল্লেখটা কেবল توضيح তথা স্পষ্ট করার লক্ষে।

قوله وَفِي الثَّانِيْ يَجِبُ الخ ঃ এক্ষেত্রে مُطَابَقَتْ জরুরী এ জন্য যে, লিঙ্গ ও বচন ইত্যাদি ক্ষেত্রে موصوف এর সাথে صِفت এর সামঞ্জস্যতা আবশ্যক। مِنْ এর সাথে ব্যবহারে যে مُشَابَهَتْ ছিল এক্ষেত্রে مُفَضَّلٌ عَلَيْهِ উল্লেখের দ্বারা তা দূর হয়ে গেছে।

وَفِي الثَّالِثِ يَجِبُ كَوْنُهُ مُفْرَدًا مُذَكَّرًا اَبَدًا نَحْوُ زَيْدٌ وَهِنْدٌ وَالزَّيْدَانِ وَالْهِنْدَانِ وَالزَّيْدُوْنَ وَالْهِنْدَاتُ اَفْضَلُ مِنْ عَمْرٍو وَعَلٰى الْاَوْجُهِ الثَّلٰثَةِ يُضْمَرُ فِيْهِ الْفَاعِلُ وَهُوَ يَعْمَلُ فِيْ ذٰلِكَ الْمُضْمَرِ وَلَايَعْمَلُ فِي الْمُظْهَرِ اَصْلًا اِلَّا فِيْ مِثْلِ قَوْلِهٖ مَارَاَيْتُ رَجُلًا اَحْسَنَ فِيْ عَيْنِهِ الْكُحْلُ مِنْهُ فِيْ عَيْنِ زَيْدٍ فَاِنَّ الْكُحْلَ فَاعِلٌ لِاَحْسَنَ وَهٰهُنَا بَحْثٌ ـ

অনুবাদ ॥ তৃতীয় ব্যবহার পদ্ধতিতে اسم تفضيل টি সর্বদা একবচন পুংলিঙ্গ হওয়া অপরিহার্য। যেমন–
اَلزَّيْدَانِ اَفْضَلُ مِنْ عَمْرٍو - هِنْدٌ اَفْضَلُ مِنْ عَمْرٍو - زَيْدٌ اَفْضَلُ مِنْ عَمْرٍو -
اَلْهِنْدَاتُ اَفْضَلُ مِنْ عَمْرٍو - اَلزَّيْدُوْنَ اَفْضَلُ مِنْ عَمْرٍو - اَلْهِنْدَانِ اَفْضَلُ مِنْ عَمْرٍو

উল্লেখিত তিনটি পদ্ধতির প্রত্যেকটিতে فاعل এর যমীর থাকতে হবে, যেই যমীরের মধ্যে সেটি আমল করবে। প্রকাশ্য ইসমের মধ্যে আদৌ কোন আমল করবে না। তবে আরবদের উক্তি– مَارَاَيْتُ رَجُلًا اَحْسَنَ فِيْ عَيْنِهِ الْكُحْلُ مِنْهُ فِيْ عَيْنِ زَيْدٍ -এর মধ্যে প্রকাশ্য ইসমেও আমল করতে দেখা যায়। কেননা اَلْكُحْلُ শব্দটি اَحْسَنُ এর فاعل হয়েছে। এখানে আরো আলোচনা রয়েছে।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَفِي الثَّالِثِ يَجِبُ الخ ঃ কারণ مِنْ تَفْضِيْلِيَّةٌ টা اسم تفضيل এরই جُزْء (অঙ্গ) এর ন্যায়। সুতরাং اسم تفضيل এর শেষাক্ষরটি وسط كلمه (শব্দের মধ্যভাগ) এর হুকুমে হওয়ায় তার শেষে কোন প্রকার পরিবর্তন পরিবর্ধন না জায়েয।

قوله وَعَلٰى الْاَوْجُهِ الثَّلٰثَةِ الخ ঃ অর্থাৎ اسم تفضيل কখনো اسمِ ظاهر এর মধ্যে আমল করে না চাই اسم ظاهر হৌক বা مُضْمَر بَارِزْ হৌক।

★ اسم ظاهر বা ضمير بارز এর মধ্যে আমল না করার কারণ হল– اسم تفضيل এর আমল দুধরনের। যথা– ক. عَمَلِ رفع বা খ. عملِ نَصب – نصب আবার দু প্রকার ক. مفعول হিসেবে বা খ. حال ، تميز বা ظرف হিসেবে। اسم تفضيل কখনো مفعول হিসেবে আমল করে না। চাই তা ظاهر হৌক বা مضمر কেননা কেবল مفعول এর হয়। আর مُفَضَّلْ عَلَيْهِ উল্লেখ থাকলে তা مَجْرُوْرْ بِوَاسِطَةِ حَرْفِ جَارْ হয়। সুতরাং مُفَضَّلْ عَلَيْهِ ই منصوب হয় না। আর اسم تفضيل টা حال ، تميز বা ظرف এর মধ্যে কোন শর্ত ছাড়াই আমল করে। যেমন– زَيْدٌ اَحْسَنُ مِنْكَ الْيَوْمَ رَاكِبًا এখানে اَحْسَنُ টা اَلْيَوْمَ যরফ ও رَاكِبًا হাল এর মধ্যে আমল করেছে। تميز এর মধ্যে আমলের উদাহরণ যেমন– اَنَا اَعَزُّ مِنْكَ مَالًا وَاَعَزُّ نَفَرًا এতে مَالًا ও نَفَرًا হল تميز -

★ حال ও تميز এর মধ্যে বিনা শর্তে আমলের কারণ এই যে, এগুলো হল معمولِ ضَعِيف এ কারণে فعل এর সাথে مُشَابَهَتْ রেখে আমলের প্রয়োজন নেই। বরং সামান্য مُشَابَهَتْ যথেষ্ট। আর তা مَعْنَئِ حُدُوْث এর মধ্যে فعل এর ন্যায় শরীক থাকার দিকদিয়ে হাসিল হয়ে যায়। এমন কি فعل এর সাথে কোন مشابهت ছাড়াও তার تميز এর মধ্যে আমল করে। যেমন– عِنْدِيْ رِطْلٌ زَيْتًا এর মধ্যে رطل তার تميز زَيْتًا কে نصب দিয়েছে। সুতরাং যা فعل এর সাথে কিছুটা হলেও মিল রাখে তা আমলের ক্ষেত্রে তুলনামূলক শক্তিশালী। আর عملِ رفع না করার কারণ হল فاعل হিসেবে رفع দিলে معمول টি তিন ধরনের হতে পারে ضمير مُسْتَتِر .২ ضمير بارز ও ৩. اسم ظاهر ، ضمير مُسْتَتِرْ এর মধ্যে বিনা শর্তে আমল করে। কারণ এটি معمولِ ضَعِيف সুতরাং এর জন্য عاملِ قَوِيْ এর প্রয়োজন নেই। তবে ضمير بَارِزْ ও اسمِ ظاهر এর মধ্যে বিনা শর্তে আমল করে না। উক্ত শর্তগুলোকে মুসান্নিফ র. مثل قولهم এর মাধ্যমে উল্লেখ করেছেন।

قوله اِلَّا فِيْ مِثْلِ قَوْلِهِمْ ঃ এটা لايعمل فى المظهر اصلا থেকে استثناء করা হয়েছে। অর্থাৎ اسم تفضيل সাধারণত اسم ظاهر এর মধ্যে আমল করে না তবে এ ধরনের বাক্যে আমল করে।

★ মুসান্নিফ র. مَارَاَيْتُ رَجُلًا اَحْسَنَ বাক্যের দ্বারা তিনটি শর্তের প্রতি ইঙ্গিত করেছেন। শর্ত তিনটি হল– ১. اسم تفضيل টি শাব্দিক ক্ষেত্রে এক বস্তুর صفت হবে। আর অর্থের ক্ষেত্রে তার مَتَعَلِّق (সংশ্লিষ্ট) এর صفت

হবে. ২. مُتَعَلِّق উক্ত বস্তু হিসেবে مُفَضَّلُ এবং অন্য বস্তু হিসেবে مُفَضَّلُ عَلَيْهِ হবে। ৩. اسم تفضيل টি منفى হবে। এখানে উল্লেখ্য যে, দ্বিতীয় শর্ত টি نفى দাখিল হওয়ার আগের অবস্থা সাপেক্ষে হবে। আর نفى দাখিল হওয়ার পরে অবস্থাটি সম্পূর্ণ বিপরীত হবে। যেমন مَارَأَيْتُ رَجُلًا اَحْسَنَ فِىْ عَيْنِهِ الْكُحْلُ مِنْهُ فِىْ عَيْنِ زَيْدٍ অত্র উদাহরণে আগে اِثْبَات এর অর্থটি খেয়াল করলে অর্থটি বুঝা সহজ হবে। এর অর্থ হল- "আমি এমন একজন মানুষ কে দেখেছি যার চোখের সুরমা যায়েদের চোখের সুরমার চেয়ে সুন্দর" এর মধ্যে اَحْسَنُ, اسم تفضيل টি শাব্দিক ক্ষেত্রে رَجُلًا এর সিফত, আর অর্থের ক্ষেত্রে رَجُل এর متعلق তথা كُحْل (সুরমা)-এর সিফত, كُحْل টি رَجُل ও زيد এর মাঝে مشترك (শরীক)। যায়েদের চোখের দিকদিয়ে كُحْل টি مُفَضَّلُ عَلَيْه আর رَجُل عَيْنِ এর দিকদিয়ে مُفَضَّلُ যেমন অর্থের দ্বারা স্পষ্ট হল। এতে নফীর শর্ত ছাড়া বাকী শর্ত দুটি বিদ্যমান রয়েছে। নফী আসার পর اسم تفضيل টি مثبت থেকে منفى হয়ে যাবে। এবং نفى সহ তিনো শর্ত পাওয়া যাবে। نفى-এর পরে كُحْل টি رَجُل عَيْنِ এর দিক দিয়ে مفضل عليه এবং عين زيد হিসেবে مفضل হবে। তখন উদ্দেশ্য হবে- যায়েদের চোখের প্রশংসা করা। বাক্যটিতে হল ما نافية - رَجُلًا হল رَأَيْتُ এর مفعول به ، اَحْسَنَ،حَسَنٌ-এর অর্থে ফায়েল হিসেবে اَلْكُحْل ، اسم ظاهر -এর মধ্যে আমল করেছে। সিফতের নফী দ্বারা فَضِيْلَت দূর হয়ে মূল فعل এর অর্থে পরিণত হয়েছে। কেননা تفضيل এর মধ্যে আধিক্যের অর্থটা একটা قيد এর ন্যায়, আর قيد এর উপর نفى আসলে তা قيد এর দিকে ধাবিত হয়ে মূল فعل বাকী থেকে যায়।

সুতরাং منفى এর ক্ষেত্রে اسم تفضيل এর আমলের কারণ হল এ সময় তা فعل এর অর্থে হয়ে সাধারণ فعل এর ন্যায় আমল করে। যেমন- مَارَأَيْتُ اَحْسَنَ مِنْ زَيْدٍ (আমি যায়েদের চেয়ে সুন্দর কাউকে দেখিনি) স্বাভাবিকভাবে এর দ্বারা প্রাধান্য বা সমতা কোনটিই লক্ষ্য থাকে না। বরং সৌন্দর্য প্রকাশই মূখ্য উদ্দেশ্য হয়। এভাবে অত্র উদাহরণের অর্থ হবে مَارَأَيْتُ رَجُلًا اَحْسَنَ فِىْ عَيْنِهِ الْكُحْلُ مِثْلُ حُسْنِهِ فِىْ عَيْنِ زَيْدٍ সুতরাং اَحْسَنَ টা حَسَنَ এর অর্থে হয়ে فاعل হিসেবে اَلْكُحْل কে رفع দিয়েছে।

قوله وَهٰهُنَا بَحْثٌ ঃ অর্থাৎ উপরোক্ত উদাহরণে আরো কিছু কথা আছে। সংক্ষিপ্তের প্রতি লক্ষ রেখে তা আলোচিত হল না। আর তা সম্ভবত এই যে, উদাহরণকে আরো সংক্ষেপে ও পেশ করা যায়। যেমন- مَارَأَيْتُ كَعَيْنِ زَيْدٍ اَحْسَنَ فِيْهَا الْكُحْلُ এর মধ্যে منه এর যমীর এবং فى কে حذف করে দেয়া হয়েছে। এভাবে مَارَأَيْتُ كَعَيْنِ زَيْدٍ اَحْسَنَ فِيْهَا الْكُحْلُ ও বলা যায়। এটা আরো সংক্ষিপ্ত হয়। অথচ অর্থে কোন প্রভেদ নেই।

التمرين (অনুশীলনী)

১. اسم مبنى এর পরিচয় দাও এবং তার حكم ও প্রকারভেদ উদাহরণসহ লিখ।
২. اسم اشاره কাকে বলে উহা কত প্রকার ও কি কি এবং ها ও كاف যুক্ত হওয়ার বিষয়াদি বিস্তারিত লিখ।
৩. اسم موصول ও صلة এর পরিচয় দাও এবং صله এর বিধানসমূহ উদাহরণসহ লিখ।
৪. اسم موصول কাকে বলে, উহা কয়টি ও কি কি? مبنى معرب হওয়ার দিকদিয়ে তার বিস্তারিত বিধান লিখ।
৫. مركبات কাকে বলে? এখানে مركبات দ্বারা কি কি উদ্দেশ্য এবং সেগুলো معرب নাকি مبنى বিস্তারিত লিখ।
৬. كنايات এর পরিচয় দাও, كم কত প্রকার? كم خبر يه এর বিধানগুলো উদাহরণসহ লিখ।
৭. عدد ও معدود এর পরিচয় দাও এবং عدد - معدود এর ব্যবহারবিধি সংক্ষেপে উল্লেখ কর।
৮. مثنى এর পরিচয় দাও এবং مفرد কে مثنى তে পরিণত করার নিয়ম উদাহরণসহ লিখ।
৯. مجموع এর সংজ্ঞা কি এবং তা جامع مانع হল কিভাবে বুঝিয়ে দাও। গঠন ও সংখ্যার দিক দিয়ে جمع এর প্রকারভেদ লিখ।
১০. مصدر কাকে বলে এবং উহা কি আমল করে? আমলের বিধানসহ লিখ।
১১. اسم فاعل এর পরিচয় দাও এবং উহার আমল ও তার শর্তাবলী বিস্তারিত লিখ।
১২. اسم تفضيل এর সংজ্ঞা ও আমলের বিধান লিখে নিম্নের বাক্য দ্বারা কি উদ্দেশ্য বর্ণনা দাও।
اِلَّا فِىْ مِثْلِ قَوْلِهِمْ مَارَأَيْتُ رَجُلًا اَحْسَنَ فِىْ عَيْنِهِ الْكُحْلُ مِنْهُ فِىْ عَيْنِ زَيْدٍ

اَلْقِسْمُ الثَّانِىْ فِى الْفِعْلِ

وَقَدْ سَبَقَ تَعْرِيْفُهُ وَاَقْسَامُهُ ثَلٰثَةٌ مَاضٍ وَمُضَارِعٌ وَاَمْرٌ اَلْاَوَّلُ اَلْمَاضِىْ وَهُوَ فِعْلٌ دَلَّ عَلٰى زَمَانٍ قَبْلَ زَمَانِكَ وَهُوَ مَبْنِىٌّ عَلَى الْفَتْحِ اِنْ لَمْ يَكُنْ مَعَهُ ضَمِيْرٌ مَرْفُوْعٌ مُتَحَرِّكٌ وَلَا وَاوٌ كَضَرَبَ وَمَعَ الضَّمِيْرِ الْمَرْفُوْعِ الْمُتَحَرِّكِ عَلَى السُّكُوْنِ كَضَرَبْتُ وَعَلَى الضَّمِّ مَعَ الْوَاوِ كَضَرَبُوْا وَالثَّانِىْ اَلْمُضَارِعُ وَهُوَ فِعْلٌ يُشْبِهُ الْاِسْمَ بِاِحْدٰى حُرُوْفِ اَتَيْنَ فِىْ اَوَّلِهٖ لَفْظًا فِىْ اِتِّفَاقِ الْحَرَكَاتِ وَالسَّكَنَاتِ نَحْوُ يَضْرِبُ وَيَسْتَخْرِجُ كَضَارِبٍ وَمُسْتَخْرِجٍ وَفِىْ دُخُوْلِ لَامِ التَّاكِيْدِ فِىْ اَوَّلِهِمَا تَقُوْلُ اِنَّ زَيْدًا لَيَقُوْمُ كَمَا تَقُوْلُ اِنَّ زَيْدًا لَقَائِمٌ وَفِىْ تَسَاوِيْهِمَا فِىْ عَدَدِ الْحُرُوْفِ وَمَعْنًى فِىْ اَنَّهٗ مُشْتَرَكٌ بَيْنَ الْحَالِ وَالْاِسْتِقْبَالِ كَاِسْمِ الْفَاعِلِ وَلِذٰلِكَ سَمَّوْهُ مُضَارِعًا - وَالسِّيْنُ وَسَوْفَ تُخَصِّصُهٗ بِالْاِسْتِقْبَالِ نَحْوُ سَيَضْرِبُ وَسَوْفَ يَضْرِبُ وَاللَّامُ الْمَفْتُوْحَةُ بِالْحَالِ نَحْوُ لَيَضْرِبُ وَحُرُوْفُ الْمُضَارَعَةِ فِى الرُّبَاعِىِّ مَضْمُوْمَةٌ نَحْوُ يُدَحْرِجُ وَيُخْرِجُ لِاَنَّ اَصْلَهٗ يُاَخْرِجُ وَمَفْتُوْحَةٌ فِىْ مَاعَدَاهُ كَيَضْرِبُ وَيَسْتَخْرِجُ

দ্বিতীয় অধ্যায় ঃ ক্রিয়া প্রসঙ্গ

অনুবাদ ॥ فعل -এর প্রকারভেদ ঃ فعل এর সংজ্ঞা ইতিপূর্বে বর্ণিত হয়েছে। فعل তিন ভাগে বিভক্ত- (১) مَاضِىْ (২) مُضَارِع (৩) اَمْر - (১) ماضى এমন فعل কে বলে যা তোমার পূর্ববর্তীকাল অর্থাৎ অতীতকাল বুঝায়। যদি فعل এর সাথে ضَمِيْر مَرْفُوْع مُتَّصِلْ কিম্বা واو না থাকে, তাহলে তা যবরের উপর মবনী হবে; যেমন- ضرب আর ضمير مرفوع مُتَّصِل যুক্ত হলে সাকিন এর উপর মবনী হবে। যেমন- ضرب ফে'ল টির সাথে واو যুক্ত হলে পেশের উপর মবনী হবে; যেমন- ضَرَبُوْا

দ্বিতীয় প্রকার হল مضارع - مضارع এমন ফে'লকে বলে যা তার প্রথমে اتين থেকে কোন এক হরফ যুক্ত হওয়ায় اسم এর সাথে সামঞ্জস্য রাখে, (এ সামঞ্জস্যতা দু'ভাবে হতে পারে- শাব্দিকভাবে ও অর্থগতভাবে) শাব্দিকভাবে (তিন দিক দিয়ে, যথা) - (১) হরকত ও সুকূনের দিক দিয়ে মিল থাকায়, যেমন- يَضْرِبُ ও يَسْتَخْرِجُ (শব্দদ্বয় যথাক্রমে ضَارِبٌ ও مُسْتَخْرِجٌ -এর অনুরূপ হয়েছে) (২) উভয়ের শুরুতে لام تاكيد আসার দিক দিয়ে। যেমন তুমি বলে থাক اِنَّ زَيْدًا لَيَقُوْمُ যেভাবে বলে থাক اِنَّ زَيْدًا لَقَائِمٌ (৩) হরফ বা অক্ষরের সংখ্যার দিক দিয়ে। আর অর্থগত দিক দিয়ে এভাবে যে, فعل টি اسم فاعل -এর ন্যায় বর্তমান ও ভবিষ্যতকালের মধ্যে مُشْتَرَكٌ বা শরীক থাকে। এ জন্যই নাহুশাস্ত্রবিদগণ এ فعل কে مضارع নাম রেখেছে। س ও سَوْفَ মুযারে' কে ভবিষ্যতকালের সাথে খাছ করে দেয়। যেমন- سَوْفَ يَضْرِبُ ও سَيَضْرِبُ (সে অনতিবিলম্বে প্রহার করবে) আর যবর বিশিষ্ট لام - مضارع কে বর্তমানকালের সাথে খাছ করে দেয়। যেমন- لَيَضْرِبُ (অবশ্যই সে প্রহার করবে)। رباعى (চার অক্ষরবিশিষ্ট) শব্দে مضارع -এর হরফগুলো পেশযুক্ত হয়। যেমন- يُدَحْرِجُ ও يُخْرِجُ - يُخْرِجُ মূলে يُاَخْرِجُ ছিল। তা ছাড়া অন্যান্য শব্দে مضارع এর হরফগুলোতে যবর হবে। যেমন- يَضْرِبُ ও يَسْتَخْرِجُ-

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاَقْسَامُهُ ثَلٰثَةٌ الخ ঃ কেননা فعل টা হয় اِنْشَائِى হবে, না হয় اِخْبَارِى হবে। প্রথমটি হল امر -আর اِخْبَارِى হলে তা দু'প্রকার– শুরুতে عَلَامتِ مضارع থাকবে বা না, থাকলে مضارع না থাকলে ماضى-

قوله اَلْاَوَّلُ الْمَاضِىُ ঃ ماضى থেকেই সকল فعل গঠিত এ কারণে ماضى কে আগে আনা হয়েছে।

قوله دَلَّ عَلٰى زَمَانٍ الخ ঃ অর্থাৎ যে فعل বর্তমান কালের পূর্বের কাল বুঝায় তাকে ماضى তথা (অতীতকালীন ক্রিয়া) বলে।

সংজ্ঞায় فعل দ্বারা امس বের হয়ে গেল। কেননা এটি فعل নয়; বরং اسم ، دَلَّ عَلٰى زَمَانٍ এর মধ্যে সকল فعل শামিল। উল্লেখ্য যে, অতীতকাল বুঝানটা গঠন প্রকৃতি হিসেবে হতে হবে। ব্যবহারিক হিসেবে নয়। অতএব لَمْ يَضْرِبْ ইত্যাদি বেরিয়ে গেল। এভাবে اِنْ ضَرَبْتَ ضَرَبْتُ ও ماضى থেকে বেরিয়ে যায় না। কারণ এগুলো ماضى এর জন্যই গঠিত। যদিও ব্যবহারিক ক্ষেত্রে اِنْ شَرْطِيَه আসার দরুন مستقبل এর অর্থ দিচ্ছে। قَبْلَ زَمَانِكَ অর্থাৎ قَبْلَ زَمَانٍ اَنْتَ فِيْهِ "তুমিযে কালে আছ তার পূর্বের কাল এর দ্বারা" ماضى ছাড়া সকল فعل বের হয়ে গেল।

قوله وَهُوَ مَبْنِىٌّ عَلٰى الخ ঃ কারণ এটি مُعْرَب এর خَاصِيَّت তথা فَاعِلِيَّتْ، مَفْعُوْلِيَّت ও اضافت থেকে মুক্ত থাকে। এ কারণে مبنى হওয়াই যুক্তিযুক্ত। আর فتحه টা اَخَفُّ الْحَرَكَاتِ এ কারণে فتحه এর উপর مبنى হয়েছে।

قولهاِنْ لَمْ يَكُنْ مَعَهُ ضَمِيْرٌ ঃ কেননা হরকতযুক্ত فاعل এর যমীর থাকলে اِتِّصَالُ شِدَّتِ এর কারণে তা فعل এর جُزْء (অঙ্গ) ধর্তব্য হয়, অতএব সাকিন হলে تَوَالِى حَرَكَاتِ اَرْبَعَةْ (একাধারে চার হরকত) হয়ে যায়। আর তা কঠিন হওয়ায় নাজায়েয। এ কারণে সাকিন হয়। পক্ষান্তরে مفعول এর যমীর যুক্ত হলে যেমন ضَرَبَكَ বা واو ছাড়া কোন যমীর ساكن হলে যেমন ضَرَبَا তখন তার فتحه এর উপর مبنى হওয়াটা বহাল থাকবে।

قوله وَالثَّانِى اَلْمُضَارِعُ ঃ مضارع থেকে امر গঠিত হয়। এ কারণে امر এর আগে مضارع উল্লিখিত হয়েছে। এটা বাবে مُفَاعَلَة থেকে اسم فاعل - অর্থ ضَرْعٌ স্তন। একই মায়ের স্তন থেকে যেমন দুটি শিশু দুধ পান করতে পারে তদরূপ একই শব্দ থেকে দুটিকালের অর্থ পাওয়া যায় এ কারণে একে দুগ্ধদানকারীনি এর সাথে তুলনা করে এ নাম রাখা হয়েছে। তবে অধিকাংশ আলিমের মতে مُضَارِع অর্থ مُشَابِهُ এ- ফে'লটি تَعْدَادِحُرُوْف، حَرَكَاتْ، سَكَنَاتْ ও مَعْنٰى ইত্যাদি দিক দিয়ে اسم فاعل এর সাথে মিল বা مشابه রাখায় এ নাম রাখা হয়েছে।

قوله يُشْبِهُ الْاِسْمَ الخ ঃ দ্বারা মুসান্নিফ র. اسم فاعل এর সাথে مضارع এর বিভিন্ন দিকদিয়ে মিল রাখার বিষয়টি আলোকপাত করেছেন।

প্রথমত শাব্দিক মিল ৩ দিক দিয়ে যথা-১. اِتِّفَاقِ حَرَكَاتْ وَسَكَنَاتْ (হরকত ও সাকিনের ক্ষেত্রে) যেমন- ضَارِبٌ ও يَضْرِبُ এবং مُسْتَخْرِجٌ ও يَسْتَخْرِجُ এর মধ্যে ১মটি متحرك ২য় অক্ষরটি উভয়টিতে ساكن ৩য় অক্ষর উভয়টিতে مكسور ইত্যাদি। ২. উভয়ের শুরুতে لام تاكيد আসার দিক দিয়ে ৩. تَعْدَادِ حُرُوْف তথা বর্ণের সংখ্যার দিক দিয়েও اسم فاعل ও তার مضارع এর মধ্যে একই মিল রয়েছে।

দ্বিতীয় মিল হল অর্থের দিক দিয়ে কেননা উভয়টিতে বর্তমান ও ভবিষ্যৎকালের অর্থ পাওয়া যায়।

ফায়েদা ঃ ১.অধিকাংশের মতে مضارع টা حال ও استقبال এর মধ্যে مُشْتَرِكْ – সুতরাং উভয়কাল اصل -কোনটি مجاز বা রূপক নয়। ২. আর কিছু সংখ্যকের মতে حال হল اصل আর استقبال হল مجاز বা রূপক ৩. আবার কিছু সংখ্যকের মতে এর বিপরীত। অর্থাৎ اِسْتِقْبَال হল اصل -আর حال হল مَجَاز (রূপক)

وَإِنَّمَا اَعْرَبُوْهُ مَعَ اَنَّ اَصْلَ الْفِعْلِ الْبِنَاءُ لِمُضَارَعَتِهِ اَىْ لِمُشَابَهَتِهِ الْاِسْمَ فِيْمَا عَرَفْتَ وَاَصْلُ الْاِسْمِ الْاِعْرَابُ وَذٰلِكَ اِذَا لَمْ يَتَّصِلْ بِهِ نُوْنُ تَاكِيْدٍ وَلَا نُوْنُ جَمْعِ الْمُؤَنَّثِ وَاِعْرَابُهُ ثَلٰثَةُ اَنْوَاعٍ رَفْعٌ وَنَصْبٌ وَجَزْمٌ نَحْوُ هُوَ يَضْرِبُ وَلَنْ يَّضْرِبَ وَلَمْ يَضْرِبْ ـ

فَصْلٌ ـ فِىْ اَصْنَافِ اِعْرَابِ الْفِعْلِ وَهِىَ اَرْبَعَةٌ اَلْاَوَّلُ اَنْ يَّكُوْنَ الرَّفْعُ بِالضَّمَّةِ وَالنَّصْبُ بِالْفَتْحَةِ وَالْجَزْمُ بِالسُّكُوْنِ وَيَخْتَصُّ بِالْمُفْرَدِ الصَّحِيْحِ غَيْرِ الْمُخَاطَبَةِ تَقُوْلُ هُوَ يَضْرِبُ وَلَنْ يَّضْرِبَ وَلَمْ يَضْرِبْ وَالثَّانِىْ اَنْ يَّكُوْنَ الرَّفْعُ بِثُبُوْتِ النُّوْنِ وَالنَّصْبُ وَالْجَزْمُ بِحَذْفِهَا وَيَخْتَصُّ بِالتَّثْنِيَةِ وَجَمْعِ الْمُذَكَّرِ وَالْمُفْرَدَةِ الْمُخَاطَبَةِ صَحِيْحًا كَانَ اَوْ غَيْرَهُ تَقُوْلُ هُمَا يَفْعَلَانِ وَهُمْ يَفْعَلُوْنَ وَاَنْتِ تَفْعَلِيْنَ وَلَنْ يَفْعَلَا وَلَنْ يَّفْعَلُوْا وَلَنْ تَفْعَلِىْ وَلَمْ تَفْعَلَا وَلَمْ تَفْعَلُوْا وَلَمْ تَفْعَلِىْ

অনুবাদ ॥ فعل এর মৌলিকত্ব مبنى হওয়া সত্ত্বেও তাঁরা (নাহুশাস্ত্রবিদগণ) مضارع কে معرب স্থির করেছেন। কারণ এটি اسم এর সাথে সামঞ্জস্য রাখে। এ সম্বন্ধে তুমি পূর্বে অবগত হয়েছ। اسم এর মৌলিকত্ব হল معرب হওয়া। আর তা ঐ সময় যখন তার সাথে নূনে তাকীদও جمع مونث এর নূনযুক্ত হবে না। اسم এর اعراب তিন প্রকার– রফা, নসব ও জযম। যেমন– هُوَ يَضْرِبُ - لَنْ يَّضْرِبَ ও لَمْ يَضْرِبْ-

পরিচ্ছেদ - ১ঃ فعل এর اعراب

فعل এর اعراب এর প্রকারভেদ ঃ فعل এর اعراب চার ভাগে বিভক্ত–

প্রথম প্রকার ঃ رفع হবে পেশ দ্বারা, نصب হবে যবর দ্বারা ও جزم হবে ছাকিন দ্বারা, এ ধরনের اعراب কেবল واحد مونث حاضر ছাড়া সব কটি مفرد صحيح শব্দের সাথে খাছ। যেমন, তুমি বলে থাক- هُوَ يَضْرِبُ - لَنْ يَضْرِبَ - لَمْ يَضْرِبْ

দ্বিতীয় প্রকার ঃ رفع হবে نون কে বহাল রাখার দ্বারা এবং نصب ও جزم হবে نون বিলোপের দ্বারা। অত্র اعراب টি تثنيه, جمع مذكر ও واحدمونث حاضر এর সাথে খাছ। চাই সহীহ হোক কিম্বা অন্য কিছু। যেমন তুমি বলবে– هُمَا - هُمْ يَفْعَلُوْنَ - اَنْتِ تَفْعَلِيْنَ (حَالتِ رفعى) - لَنْ يَّفْعَلَا ، لَنْ يَّفْعَلُوْا يَفْعَلَانِ ও لَنْ تَفْعَلِىْ (حالتِ نصبى) لَمْ تَفْعَلَا - لَمْ تَفْعَلُوْا আর لَمْ تَفْعَلِىْ ও (حالت جرى) -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله ذٰلِكَ اِذَا الخ ঃ কেননা نون تاكيد টি شِدَّتِ اِتِّصَال তথা ওতপ্রোতভাবে যুক্ত হওয়ার কারণে একই শব্দে গণ্য হয়, আর এক্ষেত্রে اعراب দিতে গেলে একই শব্দের মাঝে اعراب দেয়া হয়ে যায় যা নাজায়েয। আবার নূনের উপর ও দেয়া যায় না। কারণ প্রকৃতপক্ষে এটি ভিন্ন শব্দ। আর نون تاكيد দুটি حرف হওয়ায় - مبنى আর نون جمع مؤنث টি ماضى এর সাথে মিল রাখায় তার ডানে سكون চায়, এ কারণে اعراب গ্রহণ করে না।

قوله اَصْنَاف ঃ এটি صنف এর বহুঃ অর্থ প্রকার। مضارع এর اعراب তিনটি– رفع ، نصب ও جزم = جر যেরূপ اسم এরজন্য খাছ তদরূপ جزم টি فعل এর জন্য খাছ।

قوله اَلْاَوَّلُ اَنْ يَّكُوْنَ الخ ঃ رفع হবে ضمه এর মাধ্যমে অর্থ হল حالت رفع এর অবস্থায় اعراب হবে পেশের মাধ্যমে! সুতরাং এখানে رفع অর্থ পেশ নয়। বরং উক্ত حالت এর اعراب ইত্যাদি উদ্দেশ্য। এভাবে نصب ও جزم অর্থ হল উক্ত اعراب বা তার অবস্থার বহিঃপ্রকাশ হবে যবর ও সুকূন দ্বারা।

উল্লেখ্য যে, প্রথম প্রকারে উল্লিখিত اعراب হল কেবল ৫ ছীগার জন্য অর্থাৎ যেগুলোতে نون اعرابى, نون تثنية ও نُوْنِ جمع مؤنث আসে না।

وَالثَّالِثُ اَنْ يَكُوْنَ الرَّفْعُ بِتَقْدِيْرِ الضَّمَّةِ وَالنَّصْبُ بِالْفَتْحَةِ لَفْظًا وَالْجَزْمُ بِحَذْفِ اللاَّمِ وَيَخْتَصُّ بِالنَّاقِصِ الْيَائِىْ وَالْوَاوِىْ غَيْرَ تَثْنِيَةٍ وَجَمْعٍ وَمُخَاطَبَةٍ تَقُوْلُ هُوَ يَرْمِىْ وَيَغْزُوْ وَلَنْ يَّرْمِىَ وَيَغْزُوَ وَلَمْ يَرْمِ وَيَغْزُ، وَالرَّابِعُ اَنْ يَّكُوْنَ الرَّفْعُ بِتَقْدِيْرِ الضَّمَّةِ وَالنَّصْبُ بِتَقْدِيْرِ الْفَتْحَةِ وَالْجَزْمُ بِحَذْفِ اللاَّمِ وَيَخْتَصُّ بِالنَّاقِصِ الْاَلِفِىْ غَيْرَ تَثْنِيَةٍ وَجَمْعٍ وَمُخَاطَبَةٍ نَحْوُ هُوَ يَسْعٰى وَلَنْ يَّسْعٰى وَلَمْ يَسْعَ ـ

فَصْلٌ ـ اَلْمَرْفُوْعُ عَامِلُهٗ مَعْنَوِىٌّ وَهُوَ تَجَرُّدُهٗ عَنِ النَّاصِبِ وَالْجَازِمِ نَحْوُ هُوَ يَضْرِبُ وَيَغْزُوْ وَيَرْمِىْ وَيَسْعٰى ـ

فَصْلٌ ـ اَلْمَنْصُوْبُ عَامِلُهٗ خَمْسَةُ اَحْرُفٍ اَنْ وَلَنْ وَكَىْ وَاِذَنْ وَاَنِ الْمُقَدَّرَةُ نَحْوُ اُرِيْدُ اَنْ تُحْسِنَ اِلَىَّ

অনুবাদ ॥ তৃতীয় প্রকার ঃ رفع হবে উহ্য পেশ দ্বারা, نصب হবে প্রকাশ্য যবর দ্বারা এবং جزم হবে لام কলেমা লুপ্ত হওয়ার দ্বারা। এই اِعراب টি نَاقِص وَاوِىْ ও نَاقِص يَائِىْ এর সাথে খাছ, তবে শর্ত হল তা واحد مؤنث حاضر ও تثنية - جمع হবে না। যেমন তুমি বলে থাকো-

(حالتِ جزمى)-لَمْ يَرْمِ وَلَمْ يَغْزُ ও ن (حالتِ نصبى) لَنْ يَّرْمِىَ وَلَنْ يَّغْزُوَ (حالتِ رفعى)-هُوَ يَرْمِىْ وَيَغْزُوْ

চতুর্থ প্রকার ঃ رفع হবে উহ্য পেশ দ্বারা, نصب হবে উহ্য যবর দ্বারা এবং جزم হবে لام কালেমা বিলোপের দ্বারা এ اعراب টি نَاقِص اَلِفِىْ-এর সাথে খাছ যখন তা تثنيه، جمع ও واحد مونث حاضر না হবে। যেমন- هُوَ يَسْعٰى - لَنْ يَّسْعٰى ও لَمْ يَسْعَ -

পরিচ্ছেদ-২ ঃ مُضَارِع مَرْفُوع

مُضَارِع مَرْفُوع-এর আমেল হল مَعْنَوِىْ বা উহ্য। আর তা হল عَامِل نَاصِبْ ও جَازِم হতে মুক্ত হওয়া। যেমন- هُوَ يَضْرِبُ وَيَغْزُوْ وَ يَرْمِىْ وَيَسْعٰى -

পরিচ্ছেদ- ৩ ঃ عَامِل نَاصِبْ لِلْمُضَارِع

فعل مضارع منصوب-এর আমেলসমূহ ঃ فعل مضارع এর নসবদাতা আমিল ৫টি। যথা- اَنْ اِذَنْ - كَىْ - لَنْ এবং উহ্য اَنْ যেমন- (১) اُرِيْدُ اَنْ تُحْسِنَ اِلَىَّ

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَلرَّابِعُ اَنْ يَكُوْنَ الخ ঃ এ ক্ষেত্রে اعراب এর কারণ হল এগুলো হরকত গ্রহণ করে না। আর لَمْ يَسْعَ এর মধ্যে جازم হরকত না পাওয়ায় আলিফকে বিলোপ করেছে।

قوله اَلْمُضَارِعُ الْمَنْصُوْبُ عَامِلُهٗ الخ ঃ আমিলে নাসিবের মধ্যে ان হল আসল। বাকীগুলো তার হুকুমে শামিল। اَنْ অবশম্ভবীভাবে فعل مضارع কে নসব দেয় যখন তা ظن ও علم এর দ্বারা গঠিত শব্দের পূর্বে না হয় কারণ ظن বা علم পরে আসলে সেটি ان ناصبة নয় বরং اَنِ مُخَفَّفَةٌ مِنَ الْمُثَقَّلَةُ যেমন عَلِمْتُ اَنْ سَيَكُوْنُ অবশ্য فعل ظَنّ এর পরে اَنْ আসলে তাকে اَنِ نَاصِبَةٌ বা اَنِ مُخَفَّفَةٌ যে কোন একটি গণ্য করা বৈধ। যেমন- ظَنَنْتُ اَنْ سَيَقُوْمُ مِنْكُمْ مَرْضٰى

وَاَنَا لَـنْ اَضْرِبَـكَ وَاَسْلَمْـتُ كَىْ اَدْخُلَ الْـجَنَّـةَ وَاِذَنْ يَغْفِرَ اللّٰهُ لَكَ وَتُقَدَّرُ اَنْ فِىْ سَبْعَةِ مَوَاضِعَ بَعْدَ حَتّٰى نَحْوُ اَسْلَمْتُ حَتّٰى اَدْخُلَ الْجَنَّةَ وَلَامِ كَىْ نَحْوُ قَامَ زَيْدٌ لِيَذْهَبَ وَلَامِ الْجَحْدِ نَحْوُ مَاكَانَ اللّٰهُ لِيُعَذِّبَهُمْ وَالْفَاءِ الْوَاقِعَةِ فِىْ جَوَابِ الْاَمْرِ وَالنَّهْيِ وَالْاِسْتِفْهَامِ وَالنَّفْيِ وَالتَّمَنِّيْ وَالْعَرْضِ نَحْوُ اَسْلِمْ فَتَسْلِمَ وَلَاتَعْصِ فَتُعَذَّبَ وَهَلْ تَعَلَّمْ فَتَنْجُوَ وَمَا تَزُوْرُنَا فَنُكْرِمَكَ وَلَيْتَ لِىْ مَالًا فَاُنْفِقَهُ وَاَلَاتَنْزِلُ بِنَا فَتُصِيْبَ خَيْرًا

অনুবাদ ॥ (২) اَنَا لَنْ اَضْرِبَكَ (৩) اَسْلَمْتُ كَىْ اَدْخُلَ الْجَنَّةَ (৪) اِذَنْ يَغْفِرَ اللّٰهُ لَكَ- সাত স্থানে اَنْ উহ্য থাকে। যথা - (১) حَتّٰى এর পরে, যেমন- اَسْلَمْتُ حَتّٰى اَدْخُلَ الْجَنَّةَ (২) لَامِ كَىْ এর পরে। যেমন- قَامَ زَيْدٌ لِيَذْهَبَ (৩) لَامِ جَحْد এর পরে। যেমন- مَا كَانَ اللّٰهُ لِيُعَذِّبَهُمْ (৪) এমন فا এর পরে যা ৬টি বস্তুর (কোনটির) উত্তরে বসে, উক্ত বস্তুগুলো হল- - نَفى - اِسْتِفْهَام - تَمَنِّىْ - امر - نَهى ও عرض যেমন- (১) اَسْلِمْ فَتَسْلِمَ (ইসলাম গ্রহণ কর তাহলে শান্তি পাবে)। (২) لَا تَعْصِ فَتُعَذَّبَ (অন্যায় করো না, করলে শাস্তি পাবে)। (৩) هَلْ تَعَلَّمْ فَتَنْجُوَ (তুমি কি ইলম অর্জন করছ? তুমি পরিত্রাণ পাবে)। (৪) مَا تَزُوْرُنَا فَنُكْرِمَكَ (তুমি আমাদের সাথে সাক্ষাত করো না কেন, যাতে তোমাকে সম্মান করতে পারি।) (৫) لَيْتَ لِىْ مَالًا فَاُنْفِقَهُ (হায়! আমার যদি সম্পদ থাকত আমি তা ব্যয় করতাম)। (৬) اَلَا تَنْزِلُ بِنَا فَتُصِيْبَ خَيْرًا (ওহে তুমি আমাদের সাথে আসছো না কেন? তোমার ভাল হত)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَلثَّانِىْ لَنْ ঃ لَنْ সাধারণভাবে مضارع কে نصب দেয় এবং نفى কে تاكيد করার জন্য আসে।

★ سيبويه رح এর মতে لَنْ স্বঅবস্থায় বহাল আছে। অর্থাৎ মূলেই لَنْ ছিল।

فَرَّاء رح এর মতে لَنْ মূলত لَا ছিল। الف কে نون দ্বারা পরিবর্তন করা হয়েছে। خليل رح এর মতে মূলত لَااَنْ ছিল। উভয় আলিফকে সহজার্থে খিলাফে কিয়াস হযফ করা হয়েছে।

قوله كَىْ ঃ এটাও সাধারণভাবে مضارع কে نصب দেয়। كَىْ মূলত سَبَبِيَّت (কারণ বর্ণনা) এর জন্য আসে অর্থাৎ পরবর্তী অংশ পূর্ববর্তী অংশের কারণ বুঝায়।

قوله اِذَنْ ঃ এটা দু'শর্তে مضارع কে نصب দেয়- ১. তার পরবর্তী অংশ পূর্ববর্তী অংশের معمول না হওয়া। ২. مضارع টা مستقبل এর জন্য খাছ হওয়া। যেমন কেউ বলল اَسْلَمْتُ (আমি ইসলাম গ্রহণ করেছি) তার উত্তরে বলা হল- اِذَنْ تَدْخُلَ الْجَنَّةَ (তাহলে বেহেশতে প্রবেশ করবে।) এখানে تَدْخُلَ ফে'লটি منصوب হয়েছে। আর পরবর্তী অংশ পূর্বের معمول হলে তখন مضارع টা مرفوع হবে। যেমন اَنَا اٰتِيْكَ غَدًا (আমি কাল তোমার কাছে আসব) এর উত্তরে اِذَنْ اُكْرِمُكَ (তখন আমি তোমাকে সম্মান করব) এখানে اَنَا হল مبتدا আর اِذَنْ اُكْرِمُكَ তার خبر - مبتدا টি خبر এর আমল হওয়ায় اُكْرِمُ টা مرفوع হবে। এভাবে مضارع টা حال এর অর্থে আসলেও مرفوع হবে। যেমন আলাপ কালে বললে اِذَنْ اَظُنُّكَ كَاذِبًا ঃ (আমি তোমাকে মিথ্যুক মনে করছি।

পঞ্চম হল فعل এটাও أَنْ مَلْفُوْظَةٌ এর ন্যায় مضارع কে نصب দেয়, সাত জায়গায় উহ্য থেকে أَنْ مُقَدَّرَةٌ কে مضارع কে نصب দেয়।

১. حَتّٰى এর পরে। حَتّٰى দু অর্থে আসে, ক. যাতে (تاكه) যেমন– أَسْلَمْتُ حَتّٰى أَدْخُلَ الْجَنَّةَ। খ. এমনকি (يهانتك كه) যেমন– مَرَرْتُ حَتّٰى أَدْخُلَ الْبَلَدَ (আমি চলতে থাকলাম এমন কি শহরে প্রবেশ করলাম)

২. لَامِ كَيْ এর পূর্ববর্তী অংশ পূর্ববর্তী অংশের কারণ হয়। যথা– قَامَ زَيْدٌ لِيَذْهَبَ

৩. لَامِ جُحْد - جُحْد অর্থ অস্বীকার করা, পরিভাষায় نفى এর تاكيد এর জন্য نَفِيْ كَانَ এর পরে ব্যবহৃত لام কে لَامِ جُحْد বলে। যেমন– مَاكَانَ اللّٰهُ لِيُعَذِّبَهُمْ

★ উপরোক্ত তিনো জায়গায় لا উহ্য থাকার কারণ এই যে, এ لام টি হল حرف جر আর حرف جر ফে'লের পূর্বে আসে না। এ কারণে এর পূর্বে أَنْ مَصْدَرِيَه উহ্য মেনে فعل কে মাসদারে পরিণত করা হয়। আর মাসদার اسم হওয়ায় তখন বাক্য শুদ্ধ হয়ে যায়।

৪. امر، نهى، استفهام، نفى، تمنى ও عرض এর জবাবে যে واو আসে উক্ত এর পরে أَنْ উহ্য থেকে পরবর্তী فعل কে نصب দেয়।

ক. امر এর জবাবে যথা أَسْلِمْ فَتَسْلَمَ (তুমি ইসলাম গ্রহণ কর তাহলে শান্তি লাভ করবে।)

খ. نهى এর জবাবে যথা– وَلَا تَعْصِ فَتُعَذَّبَ (নাফরমানী করনা, করলে শাস্তি প্রাপ্ত হবে)

গ. استفهام এ জবাবে যথা– هَلْ تَعَلَّمْ فَتَنْجُوْا (তুমি কি ইল্‌ম অর্জন করেছ? করলে নাজাত পাবে?)

ঘ. نفى এর জবাবে। যথা– مَاتَزُوْرُنَا فَنُكْرِمَكَ (তুমি আমাদের সাথে সাক্ষাত কর না কেন? যাতে তোমাকে সম্মান করতে পারি।)

ঙ. تمنى এর জবাবে। যথা– لَيْتَ لِيْ مَالًا فَأُنْفِقَهُ (হায়! আমার যদি সম্পদ থাকতো আমি তা ব্যয় করতাম)

চ. عرض এর জবাবে। যথা– أَلَا تَنْزِلُ بِنَا فَتُصِيْبَ خَيْرًا (ওহে! তুমি আমাদের কাছে আস না কেন? আসলে তোমার মঙ্গল হত)

★ উল্লেখ্য যে, কখনো تَرَجِّىْ এর জবাবে যে فاء আসে তার পরেও أَنْ উহ্য থাকে যথা– لَعَلِّىْ أَبْلُغُ الْأَسْبَابَ أَسْبَابَ السَّمٰوٰتِ وَالْأَرْضِ فَأَطَّلِعَ إِلٰى إِلٰهِ مُوْسٰى এখানে فَأَطَّلِعَ এর فاء এরপরে أَنْ উহ্য রয়েছে।

حرف تحضيض এর জবাবে আগত فاء এরপরে أَنْ উহ্য থাকে। যথা – هَلَّادَرَسْتَ الْكِتٰبَ فَتَفُوْزَ فِى الْإِخْتِبَارِ (তুমি বই পড়া কেন? পড়লে পরীক্ষায় উত্তীর্ণ হতে)

★ **ফায়েদা ঃ** উপরোক্ত ক থেকে চ পর্যন্ত ৬টি স্থানে ان উহ্য থাকার কারণ হল فاء এর পূর্বের বাক্য হল إِنْشَائِيَة আর পরবর্তী বাক্যগুলো خبرية অথচ خبرية এর إِنْشَائِيَة এর উপর عطف না জায়েয। এ কারণে أَنْ উহ্য মেনে فعل কে মাসদারের অর্থে পরিণত করে পূর্বের فعل এর মাসদারের উপর عطف মানা হয়। তখন عَطْفُ الْمُفْرَدِ عَلَى الْمُفْرَدِ গণ্য হয়ে বাক্য সহীহ হয়ে যায়। যেমন– أَسْلِمْ فَتَسْلَمَ বাক্যটি হবে – (১) لِيَكُنْ مِنْكَ إِسْلَامٌ فَسَلَامَتُكَ مِنَ النَّارِ এভাবে (২) لَا يَكُنْ مِنْكَ عِصْيَانٌ فَعَذَابٌ مِّنَ اللّٰهِ (৩) هَلْ يَكُنْ مِنْكَ عِلْمٌ فَنَجَاتُكَ مِنَ الْجَهَالَةِ (৪) لَيْسَ مِنْكَ زِيَارَةٌ فَإِكْرَامٌ مِّنِّىْ (৫) لَيْتَ لِىْ ثُبُوْتُ مَالٍ فَإِنْفَاقٌ مِّنِّىْ (৬) أَلَا يَكُوْنُ مِنْكَ نُزُوْلٌ فَإِصَابَةُ خَيْرٍ مِّنِّىْ

وَبَعْدَ الْوَاوِ الْوَاقِعَةِ فِيْ جَوَابِ هٰذِهِ الْمَوَاضِعِ كَذٰلِكَ نَحْوُ اَسْلِمْ وَتَسْلِمَ اِلٰى اٰخِرِهٖ وَبَعْدَ اَوْ بِمَعْنٰى اِلٰى اَنْ اَوْ اِلَّا اَنْ نَحْوُ لَاَحْبِسَنَّكَ اَوْ تُعْطِيَنِيْ حَقِّيْ وَوَاوِ الْعَطْفِ اِذَا كَانَ الْمَعْطُوْفُ عَلَيْهِ اِسْمًا صَرِيْحًا نَحْوُ اَعْجَبَنِيْ قِيَامُكَ وَتَخْرُجَ وَيَجُوْزُ اِظْهَارُ اَنْ مَعَ لَامِ كَيْ نَحْوُ اَسْلَمْتُ لِاَنْ اَدْخُلَ الْجَنَّةَ وَمَعَ وَاوِ الْعَطْفِ نَحْوُ اَعْجَبَنِيْ قِيَامُكَ وَتَخْرُجَ وَيَجُوْزُ اِظْهَارُ اَنْ فِيْ لَامِ كَيْ اِذَا اتَّصَلَتْ بِلَا النَّافِيَةِ نَحْوُ لِئَلَّا يَعْلَمَ ـ

অনুবাদ ॥ (৫) এবং ঐ واو এর পরে যা উপরোল্লিখিত ৬টি বস্তুর উত্তরে আসে, যেমন– اَسْلِمْ وَتَسْلِمَ এভাবে শেষ পর্যন্ত, (৬) اَوْ এর পরে যা اِلٰى বা اِلَّا এর অর্থে আসে, যেমন– لَاَحْبِسَنَّكَ اَوْ تُعْطِيَنِيْ حَقِّيْ (৭) واو عاطفة এরপরে اَنْ উহ্য থাকে, যখন معطوف عليه প্রকাশ্য اسم হয়, যেমন– اَعْجَبَنِيْ قِيَامُكَ وَتَخْرُجَ আর لام كَيْ ও واو عاطفة এর সাথে اَنْ কে প্রকাশ্যে ব্যবহার করা জায়েয বা বৈধ। যেমন– اَسْلَمْتُ لِاَنْ اَدْخُلَ الْجَنَّةَ - اَعْجَبَنِيْ قِيَامُكَ وَاَنْ تَخْرُجَ আর لَامِ كَيْ যখন لَائِ نَفِيْ এর সাথে যুক্ত হবে তখন اَنْ কে প্রকাশ্য আনা ওয়াজিব। যেমন– لِئَلَّا يَعْلَمَ -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَبَعْدَ الْوَاوِ الْوَاقِعَةِ ঃ অর্থাৎ পূর্বোক্ত এ বিষয়সমূহ যথা امر - نهى ইত্যাদি ৬টির জবাবে (فاء এর স্থলে) واو আসলে তারপরে ان উহ্য থেকে فعل مضارع কে نصب দেয়। এর উদাহরণ হুবহু উপরের উদাহরণের ন্যায়, কেবল فاء এর স্থলে واو বসবে। যথা– اَسْلِمْ وَتَسْلِمَ ইত্যাদি।

★ উল্লেখ্য যে, ক. অত্র واو কে وَاوُ الصَّرْفِ বা وَاوُ الْجَمْعِ বলা হয়। খ. واو এর পরে اَنْ উহ্য থাকার জন্য ২টি শর্ত ১. উপরের ৬টির কোন একটির পরে আসা। ২. واو এর আগে পরের فعل এর কাল (زمانه) এক হওয়া। গ. এসব ক্ষেত্রে اَنْ উহ্য থাকার কারণ একই যা فاء এর ক্ষেত্রে উল্লিখিত হয়েছে। অর্থাৎ পরবর্তী فعل কে মাসদারে পরিণত করে عَطْفُ الْمُفْرَدِ عَلَى الْمُفْرَدِ হিসেবে বাক্য সহীহ রাখা। যেমন– اَسْلِمْ وَتَسْلِمَ এর মধ্যে হবে لِيَجْتَمِعْ مِنْكَ الْعِصْيَانُ وَالْعَذَابُ ও لَاتَعْصِ وَتُعَذَّبَ এর মধ্যে لِيَجْتَمِعَ الْاِسْلَامُ وَالسَّلَامَةُ ইত্যাদি।

قوله وَبَعْدَ اَوْ ঃ অর্থাৎ اِلَّا বা اِلٰى এর অর্থ প্রদানকারী اَوْ এর পরে اَنْ উহ্য থাকে।

★ প্রকাশ থাকে যে, اِلٰى اَنْ বা اِلَّا اَنْ এর অর্থে ব্যবহৃত اَوْ পরে আরেকটি اَنْ উহ্য থাকা উদ্দেশ্য নয়। কারণ এতে পরপর ২টি اَنْ একত্রে হয়ে যায়। অথচ তা শুদ্ধ নয় এবং তার কোন প্রয়োজনও নেই। ★ او এর পরে اَنْ উহ্য থাকার উদাহরণ যেমন– لَاَحْبِسَنَّكَ اِلٰى اَنْ تُعْطِيَنِيْ حَقِّيْ এখানে تُعْطِيَنِيْ حَقِّيْ এর অর্থ হবে اِلٰى وَقْتِ। আর اِلَّا এর অর্থ নিলে বাক্য হবে– لَاَحْبِسَنَّكَ فِيْ كُلِّ وَقْتٍ اِلَّا فِيْ وَقْتِ اِعْطَائِكَ حَقِّيْ উল্লেখ্য যে, اِلَّا এর অর্থে আসাটা سيبويه رح এর মত, আর অন্যান্যদের অভিমত হল اِلٰى অর্থে আসে। ★ او এর পরে اَنْ উহ্য থাকার কারণ– এই যে, او টা اِلٰى বা اِلَّا এর অর্থে আসলে فعل টি مجرور বা مُسْتَثْنٰى হয়ে যায়, অথচ এটা اسم এর বৈশিষ্ট্য। এ কারণে ان উহ্য মেনে فعل কে مصدر এর অর্থে পরিণত করা জরুরী হয়ে পড়ে।

قوله وَوَاوِ الْعَطْفِ الخ ঃ وَاوِ عَاطِفَةٌ এর পরে اَنْ উহ্য থাকার জন্য শর্ত হল معطوف عليه টি প্রকাশ্য اسم হওয়া, যাতে فعل এর عطف - اسم উপর না হয়ে যায়। ★ উল্লেখ্য যে, اسم صريح হওয়ার উদ্দেশ্য اِسْمِ تَاوِيْلِيْ না হওয়া। কারণ তখন اَنْ উহ্য মানার প্রয়োজন পড়ে না। যেমন– اَعْجَبَنِيْ اَنْ يَضْرِبَ زَيْدٌ وَاَنْ تَشْتِمَ এক্ষেত্রে يشتم এর عطف হবে يَضْرِبَ এর উপর, তখন تَشْتِمَ টি معطوف عليه এর পূর্বের اَنْ এর কারণে منصوب হবে।

قوله مَعَ لَامِ كَيْ ঃ لَامِ كَيْ এর সাথে اَنْ উল্লেখ করা জায়েয হওয়া কে খাছ করেছেন এজন্য যে, لَامِ جَحْدٍ বা لام تاكيد এর পরে اَنْ কে উল্লেখ করা জায়েয নেই। কেননা এটি كَانَ مَنْفِيْ এর خبر টা فعل হলে তার সাথে খাছ।

قوله وَيَجِبُ اِظْهَارُ اَنْ الخ ঃ ওয়াজিব এ জন্য যে, اَنْ উল্লেখ না করলে দুই لام একত্রে এসে শব্দটি কঠিন হয়ে যায়। যেমন– لِئَلَّا يَعْلَمَ মূলত لِاَنْ لَايَعْلَمَ ছিল।

وَاعْلَمْ أَنَّ أَنِ الْوَاقِعَةَ بَعْدَ الْعِلْمِ لَيْسَتْ هِيَ النَّاصِبَةُ لِلْفِعْلِ الْمُضَارِعِ وَإِنَّمَا هِيَ الْمُخَفَّفَةُ مِنَ الْمُثَقَّلَةِ نَحْوُ عَلِمْتُ أَنْ سَيَقُوْمُ قَالَ اللّٰهُ تَعَالٰى "عَلِمَ أَنْ سَيَكُوْنُ مِنْكُمْ مَرْضٰى" وَإِنِ الْوَاقِعَةَ بَعْدَ الظَّنِّ جَازَ فِيْهِ الْوَجْهَانِ اَلنَّصْبُ بِهَا وَأَنْ تَجْعَلَهَا كَالْوَاقِعَةِ بَعْدَ الْعِلْمِ نَحْوُ ظَنَنْتُ أَنْ سَيَقُوْمُ ـ

فَصْلٌ ـ اَلْمَجْزُوْمُ عَامِلُهٗ لَمْ وَلَمَّا وَلَامُ الْاَمْرِ وَلَا فِي النَّهْيِ وَكَلِمُ الْمُجَازَاتِ وَهِيَ إِنْ وَمَهْمَا وَإِذْمَا وَحَيْثُمَا وَأَيْنَ وَمَتٰى وَمَا وَمَنْ وَأَيٌّ وَأَنّٰى وَإِنِ الْمُقَدَّرَةُ نَحْوُ لَمْ يَضْرِبْ وَلَمَّا يَضْرِبْ وَلِيَضْرِبْ وَلَا تَضْرِبْ وَإِنْ تَضْرِبْ أَضْرِبْ ـ

অনুবাদ ॥ জ্ঞাতব্য ঃ عِلْم এর পরে যে أَنْ আসে তা مضارع কে যবর দানকারী أَنْ নয়; বরং তা أَنِ مُخَفَّفَة مِنَ الْمُثَقَّلَة যেমন– عَلِمْتُ أَنْ سَيَقُوْمُ আল্লাহ তাআলা বলেন– عَلِمَ أَنْ سَيَكُوْنُ مِنْكُمْ مَرْضٰى আর ظَنّ শব্দের পরে أَنْ আসলে দু'প্রকার إعراب বৈধ। (১) فعل مضارع কে নসব দেয়া, (২) عِلْم এর পরে অবস্থিত أَنْ এর বিধান দেয়া অর্থাৎ যবর দেয়া। যেমন– ظَنَنْتُ أَنْ سَيَقُوْمُ

পরিচ্ছেদ - ৪ ঃ عَامِلِ جَازِمْ لِلْمُضَارِعِ

فِعْلِ مُضَارِعِ مَجْزُوْم **এর আমেল সমূহ ঃ** জযমযুক্ত مُضَارِع এর আমেল সমূহ নিম্নরূপ– (১) لَمْ (২) لَمَّا (৩) لامِ امر (৪) كَلِمَاتِ شَرْط তথা– شرط ও جزاء জ্ঞাপক শব্দাবলী। যথা– إِنْ - مَهْمَا - إِذْمَا - حَيْثُمَا - أَيْنَ - مَتٰى - مَا - مَنْ - أَيٌّ - أَنّٰى - أَنِ مُقَدَّرَة

যেমন– لم يضرب - لما يضرب - ليضرب - لاتضرب - ان تضرب اضرب -

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاعْلَمْ أَنَّ أَنِ الْوَاقِعَةَ الخ যে সব শব্দ عِلم তথা يَقِيْن এর فَائِدَة দেয় তার পূর্বে ব্যবহৃত أَنْ টি أَنِ مَصْدَرِيَة নয় বরং أَنِ مُثَقَّلَة مِنَ الْمُخَفَّفَة -কেননা أَنِ مُخَفَّفَة টি تَحْقِيق (নিশ্চিত) বুঝানোর জন্য আসে। সুতরাং এর পরে عِلْم বা يقين এর অর্থবোধক শব্দ হওয়াই মুনাসিব।

★ উল্লেখ্য যে, علم দ্বারা এশব্দটি খাছ নয় বরং সকল فِعْلِ يَقِيْن যথা–، تَحْقِيق ، اِنْكِشَاف ، شَهَادَت ، رُؤْيَت ، وِجْدَان ، تَبْيِيْن ও ظُهُوْر ইত্যাদি উদ্দেশ্য।

قوله بَعْدَ الظَّنِّ جَازَ الخ ঃ এক্ষেত্রে أَنِ نَاصِبَة বা أَنِ مُخَفَّفَة উভয়টি জায়েয। তবে যেহেতু ظَنّ عِلم এর নিকটবর্তী অর্থ বুঝায় এ কারণে أَنِ مُخَفَّفَة গণ্য করাই رَاجِح বা প্রাধান্য প্রাপ্ত। তবে ইয়াকীন না হওয়ার প্রতি লক্ষ করলে أَنِ مَصْدَرِيَة গণ্য করা উত্তম।

★ ফায়েদা ঃ عِلْم ও ظَنّ এর অর্থবোধক শব্দ ছাড়া অন্যান্য শব্দের পরে أَنْ আসলে তা أَنِ مَصْدَرِيَة গণ্য হবে। যথা– رَجَاء ، طَبْع ، خَشِيَّت ، خَوْف ، شَكّ ، وحُكْم ইত্যাদি। যেমন– رَجَوْتُ أَنْ تَقُوْمُ - طَمِعْتُ أَنْ تَقْعُدَ ইত্যাদি।

قَوْلُهٗ كَلِمُ الْمُجَازَاتِ ঃ দ্বারা ঐ সকল শব্দ উদ্দেশ্য যা অন্য বাক্যের جُزْء বা অঙ্গ এবং পূর্বের বাক্যের শর্ত বুঝায়, এক কথায় شَرْط ও جَزَاء জ্ঞাপক শব্দসমূহ। এগুলোর মধ্যে কোনটি اسم, কোনটি حرف - এ কারণে كَلِم (শব্দ) এনেছেন যাতে উভয়টি শামিল হয়। كَلِمُ الْمُجَازَاتُ এসে شَرْط ও جَزَاء এর উভয় فعل কে جزم দেয়।

وَاعْلَمْ اَنَّ لَمْ تُقَلِّبُ الْمُضَارِعَ مَاضِيًا مَنْفِيًّا وَلَمَّا كَذٰلِكَ اِلَّا اَنَّ فِيهَا تَوَقُّعًا بَعْدَهُ وَدَوَامًا قَبْلَهُ نَحْوُ قَامَ الْاَمِيْرُ وَلَمَّا يَرْكَبْ وَاَيْضًا يَجُوزُ حَذْفُ الْفِعْلِ بَعْدَ لَمَّا خَاصَّةً تَقُولُ نَدِمَ زَيْدٌ وَلَمَّا اَوْ لَمَّا يَنْفَعْهُ النَّدَمُ وَلَاتَقُولُ نَدِمَ زَيْدٌ وَلَمْ ـ

অনুবাদ ॥ জেনে রাখ যে, لَمْ অবশ্যই فعل مضارع কে ماضى منفى তে পরিবর্তিত করে। আর لَمَّا ও এরূপ আমল করে; তবে পার্থক্য এতটুকু যে, لَمَّا এর মধ্যে কথা বলার পর থেকে আশার সঞ্চার হয় এবং পূর্বে منفى স্থায়িত্ব থাকে। যেমন– قَامَ الْاَمِيْرُ وَلَمَّا يَرْكَبْ অর্থাৎ আরোহণ না করা পর্যন্ত নেতা দাঁড়িয়ে রইলেন (তবে আরোহণের আশা করছেন।) বিশেষতঃ لَمَّا এর পরে অবস্থিত فعل কে লুপ্ত করা বৈধ। যেমন তুমি বলতে পার– نَدِمَ زَيْدٌ وَلَمَّا অর্থাৎ لَمَّا يَنْفَعْهُ النَّدَمُ (যায়েদ অপমানিত হলো, তবে অপমান তাকে উপকার করেনি) কিন্তু তুমি এরূপ বলতে পারবে না যে, نَدِمَ زَيْدٌ وَلَمْ –

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اَنَّ لَمْ تُقَلِّبُ الْمُضَارِعَ الخ ঃ এখান থেকে মুসান্নিফ র. لَمْ ও لَمَّا এর মধ্যকার পার্থক্য বর্ণনা করছেন। لَمْ ও لَمَّا উভয়টি مضارع কে ماضى منفى তে পরিণত করে দেয়। তবে উভয়ের মধ্যকার পার্থক্যগুলো নিম্নরূপ–

১. لَمَّا এর মধ্যে তার পরবর্তী ফে'ল সংঘটিত হওয়ার সম্ভাবনা বুঝায় কিন্তু لَمْ এর মধ্যে এরূপ সম্ভাবনা বুঝায় না, আবার অসম্ভব ও বুঝায় না।

২. لَمَّا তার পূর্বের কাল কে নফীর মধ্যে اِسْتِغْرَاقْ (বেষ্টন) করে নেয়। অর্থাৎ নেতিবাচক হওয়ার সময় থেকে কথোপকথনের কাল পর্যন্ত نفى কে বেষ্টন করে নেয়। তবে সম্ভবনাহীন ক্ষেত্রেও لَمَّا ব্যবহৃত হয়। যেমন– نَدِمَ زَيْدٌ وَلَمَّا يَنْفَعْهُ النَّدَمُ (যায়েদ লজ্জিত হয়েছে তবে লজ্জিত হওয়াটা উপকারে আসে নি)

৩. لَمَّا এর পরের فعل কে قرينة পাওয়া যাওয়ার ক্ষেত্রে হযফ করা জায়েয। কিন্তু لَمْ-এর পরবর্তী فعل কে হযফ করা জায়েয নেই। যেমন– اِجْتَهَدَ زَيْدٌ وَلَمَّا এখানে لَمَّا-এর পরে يَنْتَفِعْ উহ্য আছে।

৪. لَمَّا এর পূর্বে حرف شرط ব্যবহৃত হয় না কিন্তু لم এর পূর্বে ব্যবহৃত হয়। যেমন– اِنْ لَمْ تَفْعَلْ فَمَا بَلَّغْتَ رِسَالَتَهُ

★ ফায়েদা ঃ ক. لَمَّا দু'ধরনের হতে পারে اسم ও حرف. حرف হলে তা فعل এর সাথে খাছ। আর اسم হলে তা ظرف হয়ে او অর্থে ব্যবহৃত হয়। এ সময় এর পরে فعل ماضى হওয়া আবশ্যক চাই তা শব্দগত হোক বা অর্থগত। তখন তার جواب টি جملهٔ فعليه বা جملهٔ اسميه উভয় হতে পারে। فعليه হলে তা اِذَا مُفَاجَاتِيَهْ এর সাথে হয়। যেমন– فَلَمَّا كُتِبَ عَلَيْهِمْ اِذَا فَرِيْقٌ مِّنْهُمْ

অথবা فاء এর সাথে হবে, আর جملهٔ اسميه হলে কখনো তার جواب টি فا সহ ماضى এর ছীগা হয়, কখনো مضارع হয়।

وَأَمَّا كَلِمُ الْمُجَازَاتِ حَرْفًا كَانَتْ أَوْ اِسْمًا فَهِيَ تَدْخُلُ عَلَى الْجُمْلَتَيْنِ لِتَدُلَّ عَلَى أَنَّ الْأُولَى سَبَبٌ لِلثَّانِيَةِ وَتُسَمَّى الْأُولَى شَرْطًا وَالثَّانِيَةُ جَزَاءً ثُمَّ إِنْ كَانَ الشَّرْطُ وَالْجَزَاءُ مُضَارِعَيْنِ يَجِبُ الْجَزْمُ فِيهِمَا لَفْظًا نَحْوُ إِنْ تُكْرِمْنِي أُكْرِمْكَ وَإِنْ كَانَا مَاضِيَيْنِ لَمْ يَعْمَلْ فِيهِمَا لَفْظًا نَحْوُ إِنْ ضَرَبْتَ ضَرَبْتُ وَإِنْ كَانَ الْجَزَاءُ وَحْدَهُ مَاضِيًا يَجِبُ الْجَزْمُ فِي الشَّرْطِ نَحْوُ إِنْ تَضْرِبْنِي ضَرَبْتُكَ وَإِنْ كَانَ الشَّرْطُ وَحْدَهُ مَاضِيًا جَازَ فِي الْجَزَاءِ الْوَجْهَانِ نَحْوُ إِنْ جِئْتَنِي أُكْرِمْكَ أَوْ أُكْرِمُكَ ـ

وَاعْلَمْ أَنَّهُ إِذَا كَانَ الْجَزَاءُ مَاضِيًا بِغَيْرِ قَدْ لَمْ يَجُزِ الْفَاءُ فِيهِ نَحْوُ إِنْ أَكْرَمْتَنِي أَكْرَمْتُكَ قَالَ اللّٰهُ تَعَالٰى "وَمَنْ دَخَلَهُ كَانَ آمِنًا" وَإِنْ كَانَ مُضَارِعًا مُثْبَتًا أَوْ مَنْفِيًّا بِلَا جَازَ فِيهِ الْوَجْهَانِ نَحْوُ إِنْ تَضْرِبْنِي أَضْرِبْكَ أَوْ فَأَضْرِبُكَ وَإِنْ تَشْتِمْنِي لَا أَضْرِبْكَ أَوْ فَلَا أَضْرِبُكَ وَإِنْ لَمْ يَكُنِ الْجَزَاءُ أَحَدَ الْقِسْمَيْنِ الْمَذْكُورَيْنِ فَيَجِبُ الْفَاءُ فِيهِ وَذٰلِكَ فِي أَرْبَعِ صُوَرٍ: اَلْأُولَى أَنْ يَكُونَ الْجَزَاءُ مَاضِيًا مَعَ قَدْ كَقَوْلِهِ تَعَالٰى "إِنْ يَسْرِقْ فَقَدْ سَرَقَ أَخٌ لَهُ مِنْ قَبْلُ" وَالثَّانِيَةُ أَنْ يَكُونَ مُضَارِعًا مَنْفِيًّا بِغَيْرِ لَا كَقَوْلِهِ تَعَالٰى "وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ"

অনুবাদ ॥ كَلِمُ الْمُجَازَاتُ বা শর্তের শব্দসমূহ اسم হোক কিম্বা حرف দু'টো বাক্যের প্রথমে আসে এবং প্রথম বাক্যটি দ্বিতীয় বাক্যের سبب বা কারণ বুঝায়। প্রথমটিকে شرط ও দ্বিতীয়টিকে جزاء বলে। যদি শর্ত ও জাযা উভয়ই مضارع হয়; তাহলে দু'টোতেই শাব্দিকভাবে জযম দেয়া ওয়াজিব। যেমন– إِنْ تُكْرِمْنِي أُكْرِمْكَ আর যদি উভয়ই (শর্ত ও জাযা) ماضى হয়, তাহলে শাব্দিকভাবে কোনটির মধ্যে আমল করবে না। যেমন– إِنْ ضَرَبْتَ ضَرَبْتُ যদি কেবলমাত্র জাযাটি ماضى হয়; তাহলে শর্তের শেষে জযম দেয়া ওয়াজিব। যেমন– إِنْ تَضْرِبْنِي ضَرَبْتُكَ - আর যদি কেবল শর্ত ماضى হয়, তাহলে জাযাতে দু'প্রকার إعراب বৈধ। যেমন– إِنْ جِئْتَنِي أُكْرِمْكَ/ أُكْرِمُكَ -

জ্ঞাতব্য ঃ (ক) জাযাটি قَدْ বিহীন ماضى হলে তাতে فا আনা বৈধ নয়। যেমন– إِنْ أَكْرَمْتَنِي أَكْرَمْتُكَ – মহান আল্লাহ বলেন– وَمَنْ دَخَلَهُ كَانَ آمِنًا (যে ব্যক্তি তার মধ্যে [কাবাঘরে] প্রবেশ করবে সে নিরাপদ হবে।) (খ) যদি জাযাটি مضارع مثبت হয় কিংবা لا সহকারে منفى হয় তাহলে তাতে দু'অবস্থা বৈধ। যেমন– إِنْ تَضْرِبْنِي أَضْرِبْكَ অথবা إِنْ تَضْرِبْنِي فَأَضْرِبُكَ ও إِنْ تَشْتِمْنِي لَا أَضْرِبْكَ অথবা فَلَا أَضْرِبُكَ আর (গ) জাযাটি উল্লিখিত দু'প্রকারের কোনটি না হলে তাতে فا আনা ওয়াজিব। আর তা (وُجوبِ فا) চার অবস্থায়–

(১) জাযাটি قد সহকারে ماضى হলে, যেমন আল্লাহ তাআলা বলেন– إِنْ يَسْرِقْ فَقَدْ سَرَقَ أَخٌ لَهُ مِنْ قَبْلُ (যদি সে চুরি করে থাকে তা হলে অবশ্যই তার ভাই ইতিপূর্বে চুরি করেছে।)

(২) জাযাটি لا ছাড়া مُضارع مَنْفِى হলে, যেমন– আল্লাহর বাণী– وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ (যে ব্যক্তি ইসলাম ছাড়া অন্য দ্বীন খোঁজ করবে,অনন্তর তার থেকে তা কখনো গ্রহণ করা হবে না।)

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَأَمَّا كَلِمُ الْمُجَازَاتِ الخ ঃ অর্থাৎ شرط ও جزاء এর শব্দগুলি চাই حرف হৌক বা اسم সব সময় দু বাক্যের পূর্বে আসে। প্রথমটি দ্বিতীয়টির سَبَبُ (কারণ) হয় আর ২য়টি হয় مُسَبَّبُ।

قوله لَمْ يَعْمَلْ فِيْمَا ঃ কেননা فعل ماضى মবনী হওয়ায় এর মধ্যে আমিলের কোন আছর জাহির হয় না।

قوله وَإِنْ كَانَ الشَّرْطُ وَحْدَهُ ঃ এক্ষেত্রে جزم হওয়াটা বেশী শুদ্ধ ও উত্তম। কেননা শর্তের শব্দ বিদ্যমান রয়েছে এবং مضارع হওয়ায় তার ক্ষেত্র ও রয়েছে। তবে مرفوع পড়া ও জায়েয। কারণ শর্ত টা মাযী হওয়ায় যখন তাতে হয়নি সুতরাং তার অনুকরণে جزاء এর মধ্যেও جزم হওয়া জরুরী নয়। বরং عَامِلِ مَعْنَوِى হিসেবে مرفوع جزم পড়া জায়েয।

قوله لَمْ يَجُزِ الْفَاءُ ঃ কেননা حرف شرط এসে ماضى এর অর্থের মধ্যে আছর করে তাকে مضارع এর অর্থে পরিণত করেছে। এ কারণে বাহ্যিক আলামত বা رابطة এর প্রয়োজন নেই।

قوله جَازَ فِيْهِ الْوَجْهَانِ ঃ فاء আনা না আনার জন্য শর্ত হল مضارع مُثْبَتْ হলে তা ১. لَامِ أَمَر থেকে খালি হওয়া ২. دُعَا বা تَمَنِّى না হওয়া ৩. শুরুতে سِيْن বা سَوْفَ না হওয়া, অথবা مضارع مَنْفِى হওয়া। কেননা এসব ক্ষেত্রে إِنْ আসার পূর্বেই فعل টি مُسْتَقْبِل থাকায় তার মধ্যে شرط এর কোন আছর পাওয়া যায় না। এ কারণে এসব ক্ষেত্রে فا আনা জরুরী। পক্ষান্তরে এসব শর্তগুলো পাওয়া গেলে সে ক্ষেত্রে فَا আনা না আনা উভয় জায়েয। কারণ ماضى এর মধ্যে যেভাবে شرط এর আছর পাওয়া যায় (অর্থ পরিবর্তন দ্বারা) এসব ক্ষেত্রে সেভাবে পাওয়া যায় না, কারণ এসব ফে'লের মধ্যে আগে থেকেই ভবিষ্যৎকালের অর্থ রয়েছে। তবে حرف شرط এসে তাকে এর জন্য করে দিয়েছে সে হিসেবে فاء আনা না আনা উভয় জায়েয।

★ উল্লেখ্য যে, মুসান্নিফ র. مَنْفِيًّا بِلَا বলেছেন এ কারণে যাতে مَنْفِى بِلَمْ বেরিয়ে যায়, কারণ এটি অর্থের দিক দিয়ে মাযী হয়ে إِذَا كَانَ مَاضِيًا এর মধ্যে দাখিল রয়েছে। এভাবে مَنْفِى بِلَنْ এর দ্বারা বের হয়ে যায়। কারণ مَنْفِى بِلَنْ হলে শুরুতে فا আনা জরুরী। যেমন সামনে আসছে।

قوله فِى أَرْبَعِ صُوَرٍ الخ ঃ অর্থাৎ নিম্নোক্ত ৪ ছুরতে جزاء এর উপর فاء আনা জরুরী। اَلْأَوَّلُ الخ থেকে তার বর্ণনা শুরু হয়েছে।

★ উল্লিখিত উদাহরণসমূহে فاء এর পূর্বের অংশ شرط ও পরবর্তী অংশ হল جزاء- এসব ক্ষেত্রে فاء আনা ওয়াজিব এ জন্য যে, এসব ক্ষেত্রে حرف شرط টি فعل এর মধ্যে শব্দগত বা অর্থগত কোন দিক দিয়ে আছর করে না। এজন্য شرط এবং جزاء এর মাঝে সম্পর্ক (ربط) এরজন্য মাধ্যম (رابطه) থাকা জরুরী।

ফায়েদা ঃ ক. কিতাবে বর্ণিত স্থানসমূহ ছাড়াও مضارع مثبت টি سين বা سوف যুক্ত হলে তার পূর্বেও فا আনা জরুরী। খ. فاء আনা জরুরী হওয়া না হওয়ার ব্যাপারে মূলনীতি এই যে, যেখানে حرف شرط শব্দ ও অর্থের মধ্যে কোন প্রকার আছর (পরিবর্তন) করে না সেখানে فاء আনা জরুরী। আর যেখানে حرف شرط কিছুটা আছর করে সেখানে فاء আনা জায়েয। যেখানে حرف شرط ও جزاء এর মধ্যে শব্দ ও অর্থ উভয়ে আছর করে সেখানে جزاء এর পূর্বে فاء আনা নাজায়েয।

وَالثَّالِثَةُ اَنْ يَّكُوْنَ جُمْلَةً اِسْمِيَّةً كَقَوْلِهِ تَعَالٰى "مَنْ جَاءَ بِالْحَسَنَةِ فَلَهُ عَشْرُ اَمْثَالِهَا" اَلرَّابِعَةُ اَنْ يَّكُوْنَ جُمْلَةً اِنْشَائِيَّةً اِمَّا اَمْرًا كَقَوْلِهِ تَعَالٰى "قُلْ اِنْ كُنْتُمْ تُحِبُّوْنَ اللّٰهَ فَاتَّبِعُوْنِيْ "وَاِمَّا نَهْيًا كَقَوْلِهِ تَعَالٰى" "فَاِنْ عَلِمْتُمُوْهُنَّ مُؤْمِنَاتٍ فَلَاتَرْجِعُوْهُنَّ اِلَى الْكُفَّارِ" ـ

وَقَدْ يَقَعُ اِذَا مَعَ الْجُمْلَةِ الْاِسْمِيَّةِ مَوْضِعَ الْفَاءِ كَقَوْلِهِ تَعَالٰى "وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ اِذَا هُمْ يَقْنَطُوْنَ" وَاِنَّمَا تُقَدَّرُ اَنْ بَعْدَ الْاَفْعَالِ الْخَمْسَةِ الَّتِيْ هِيَ الْاَمْرُ نَحْوُ تَعَلَّمْ تَنْجُ وَالنَّهْيُ نَحْوُ لَاتُكَذِّبْ يَكُنْ خَيْرًا لَّكَ وَالْاِسْتِفْهَامُ نَحْوُ هَلْ تَزُوْرُنَا نُكْرِمْكَ وَالتَّمَنِّيْ نَحْوُ لَيْتَكَ عِنْدِيْ اَخْدِمْكَ وَالْعَرْضُ نَحْوُ اَلَاتَنْزِلُ بِنَا تُصِبْ خَيْرًا

অনুবাদ ॥ (৩) জাযাটি جملةُ اسمية হলে। যেমন আল্লাহর বাণী– مَنْ جَاءَ بِالْحَسَنَةِ فَلَهُ عَشْرُ اَمْثَالِهَا (যে ব্যক্তি একটা সৎকাজ করবে, অনন্তর তার জন্য তার দশগুণ নেকী হবে।)

(৪) জাযাটি جملةُ انشائية হলে। এটা আবার দু'প্রকার– (ক) হয়ত তা আদেশ সূচক হবে অথবা (খ) নিষেধ-জ্ঞাকপ হবে। আদেশসূচক, যেমন আল্লাহর বাণী– قُلْ اِنْ كُنْتُمْ تُحِبُّوْنَ اللّٰهَ فَاتَّبِعُوْنِيْ (আপনি বলে দিন, যদি তোমরা আল্লাহকে ভালবাস; তাহলে আমাকে অনুকরণ কর।) নিষেধজ্ঞাপক, যেমন আল্লাহর বাণী– فَاِنْ عَلِمْتُمُوْهُنَّ مُؤْمِنَاتٍ فَلَا تَرْجِعُوْهُنَّ اِلَى الْكُفَّارِ (অনন্তর যদি তোমরা তাদেরকে বিশ্বাসী রমণী হিসেবে জান; তাহলে তাদেরকে কাফিরদের নিকট ফেরত দিয়ো না।)

কখনো اذا শব্দটি فا এর স্থলে جملةُ اسمية-এর সাথে যুক্ত হয়। যেমন আল্লাহর বাণী– اِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ اِذَا هُمْ يَقْنَطُوْنَ (তাদের হাতসমূহ অতীতে যা কিছু করেছে সে কারণে যদি তাদের অমঙ্গল হয়; তাহলে তারা নিরাশ হয়ে পড়ে।)

اَنْ কেবল ৫টি ফে'লের পরে উহ্য থাকে। সেগুলো হচ্ছে–

(১) اَمر যেমন– تَعَلَّمْ تَنْجُ (বিদ্যা শিক্ষা কর সফলতা লাভ করবে।)

(২) نهى যেমন– لَا تُكَذِّبْ يَكُنْ خَيْرًا لَكَ (মিথ্যা বলো না, এতে তোমার কল্যাণ হবে।)

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَقَدْ يَقَعُ اِذَا الخ ঃ এখানে اِذَا টি مُفَاجَاتِيَة ঃ (তথা আকস্মিক/ হঠাৎ কিছু ঘটা বুঝানোর জন্য আসে) ظرفيه নয়। কারণ হল– ظرفية এর অর্থটি اِذَا এর নিকটবর্তী, কেননা فاء আসে تَعْقِيْب বুঝানোর জন্য, আর اذا ও এক বিষয়ের পর অন্য বিষয় ঘটা বুঝায়।

وَبَعْدَ النَّفْيِ فِيْ بَعْضِ الْمَوَاضِعِ نَحْوُ لَاتَفْعَلْ شَرًّا يَكُنْ خَيْرًا لَّكَ وَذٰلِكَ إِذَا قُصِدَ اَنَّ الْاَوَّلَ سَبَبٌ لِلثَّانِيْ كَمَا رَاَيْتَ فِي الْاَمْثِلَةِ فَاِنَّ مَعْنٰى قَوْلِنَا تَعَلَّمْ تَنْجُ هُوَ اِنْ تَتَعَلَّمْ تَنْجُ وَكَذٰلِكَ الْبَوَاقِيْ فَلِذٰلِكَ امْتَنَعَ قَوْلُكَ لَاتَكْفُرْ تَدْخُلِ النَّارَ لِامْتِنَاعِ السَّبَبِيَّةِ اِذْ لَايَصِحُّ اَنْ يُّقَالَ اِنْ لَا تَكْفُرْ تَدْخُلِ النَّارَ ـ

অনুবাদ॥ (৩) اِسْتِفْهَام যেমন- هَلْ تَزُوْرُنَا نُكْرِمْكَ (তুমি কি আমাদের সাথে সাক্ষাত করবে? তাহলে তোমাকে সম্মান করব।)

(৪) تَمَنِّيْ যেমন- لَيْتَكَ عِنْدِيْ اَخْدِمْكَ (হায়, তুমি যদি আমার নিকট থাকতে, তবে আমি তোমার সেবা করতাম।)

(৫) عَرْض যেমন- اَلَا تَنْزِلُ بِنَا تُصِبْ خَيْرًا (তুমি কি আমাদের সাথে সাক্ষাত করবে না? করলে তোমার ভাল হতো।।)

আবার কোন সময় نفى এর পরে (اِنْ উহ্য থাকে) যেমন- لَاتَفْعَلْ شَرًّا يَكُنْ خَيْرًا لَّكَ - অত্র ৫টি স্থানে প্রথম বাক্যটি দ্বিতীয় বাক্যের জন্য سَبَب (কারণ) হবে, যেমন উদাহরণগুলোতে দেখতে পেয়েছ। কেননা আমাদের কথার অর্থ হচ্ছে تَعَلَّمْ تَنْجُ এর অর্থ হল, اِنْ تَتَعَلَّمْ تَنْجُ এমনিভাবে অবশিষ্ট উদাহরণগুলোতে বুঝতে হবে।

আর এ কারণেই তোমার এরূপ উক্তি নিষিদ্ধ যে, لَاتَكْفُرْ تَدْخُلِ النَّارَ (কুফরী করো না অন্যথায় আগুনে প্রবেশ করবে।) কারণ এখানে سبب পাওয়া যাচ্ছে না। সেহেতু এরূপ বলা শুদ্ধ হবে না যে, اِنْ - لَاتَكْفُرْ تَدْخُلِ النَّارَ

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اِنَّمَا تُقَدَّرُ اِنْ الخ ঃ এখান থেকে মুসান্নিফ র. اِنْ উহ্য থেকে فعل مضارع কে جزم দেয়ার ৫টি স্থান বর্ণনা করছেন। এ সবগুলো স্থানে প্রথম বাক্যের বিষয়বস্তুটি দ্বিতীয় বাক্যের বিষয়বস্তুর জন্য কারণ ঘটে। কেননা এটা شَرْطِ مُقَدَّرْ (উহ্য শর্ত) এর নামান্তর।

قوله وَبَعْدَ النَّفْيِ الخ ঃ সম্ভবত এ অংশটি ভুলবশত এখানে ঢুকে গেছে। কেননা نفى এর পরে اِنْ حرفِ شرط উহ্য থাকা শুদ্ধ নয়। কারণ নফী হল خبرِ مُحْض (নিছুক সংবাদ) বুঝায়। এর মধ্যে কোন কামনা (طلب) থাকে না। অথচ اِنْ এর মধ্যে তলব থাকে, সুতরাং উভয়টি একত্র হবে কিরূপে?

قوله وَذَالِكَ إِذَا قُصِدَ الخ ঃ অর্থাৎ উপরোক্ত ৫ ক্ষেত্রে اِنْ شَرْطِيَّهْ ঐ সময় উহ্য থাকে যখন প্রথম বাক্যটি দ্বিতীয় বাক্যের জন্য কারণ হয। যদি سَبَبِيَّتْ বা কারণ হওয়া উদ্দেশ্য না হয় তখন مجزوم হবে না বরং مرفوع হবে। আর مرفوع হওয়াটা হয়ত ক. حال হিসেবে হবে। যেমন- فَذَرْهُمْ فِيْ خَوْضِهِمْ يَلْعَبُوْنَ এখানে يَلْعَبُوْنَ টা حال অর্থে হয়ে খ. অথবা সিফত হিসেবে مرفوع হবে যদি সিফত হওয়ার যোগ্য হয়। যেমন- فَهَبْ لِيْ مِنْ لَّدُنْكَ وَلِيًّا يَرِثُنِيْ এখানে يَرِثُنِيْ হল وَلِيًّا এর সিফত। গ. অথবা اِسْتِينَاف হিসেবে যেমন قُمْ يَدْعُوْكَ الْاَمِيْرُ এখানে يَدْعُوْكَ الْاَمِيْرُ ভিন্ন বাক্য হয়েছে যা দাঁড়ানোর কারণ নির্দেশ করছে।

قوله فَلِذَالِكَ امْتَنَعَ قَوْلُكَ الخ ঃ এখানে شرط না পাওয়া যাওয়ার ক্ষেত্রে করণীয় কি তার বর্ণনা করা হয়েছে। অর্থাৎ প্রথম বাক্য দ্বারা যদি দ্বিতীয় বাক্যের কারণ উদ্দেশ্য না হয় তাহলে اِنْ شَرْطِية কে উহ্য মানা صحيح হবে না এবং মানলে উক্ত বাক্য শুদ্ধ হবে না। যেমন- لَاتَكْفُرْ تَدْخُلِ النَّارَ এখানে اِنْ উহ্য মেনে سَبَبِيت উদ্দেশ্য নিলে অর্থ বিপরীত হয়ে যায়। কেননা তখন বাক্যের অর্থ হবে যদি তুমি কুফরী না কর তাহলে দোযখে যাবে (নাউযুবিল্লাহ)

وَالثَّالِثُ الْاَمْرُ وَهُوَ صِيغَةٌ يُطْلَبُ بِهَا الْفِعْلُ مِنَ الْفَاعِلِ الْمُخَاطَبِ بِاَنْ تُحْذَفَ مِنَ الْمُضَارِعِ حَرْفُ الْمُضَارَعَةِ ثُمَّ تَنْظُرُ فَاِنْ كَانَ مَا بَعْدَ حَرْفِ الْمُضَارَعَةِ سَاكِنًا زِيْدَتْ هَمْزَةُ الْوَصْلِ مَضْمُوْمَةً اِنِ انْضَمَّ ثَالِثُهُ نَحْوُ اُنْصُرْ وَمَكْسُوْرَةً اِنِ انْفَتَحَ اَوِ انْكَسَرَ كَاِعْلَمْ وَاِضْرِبْ وَاِسْتَخْرِجْ وَاِنْ كَانَ مُتَحَرِّكًا فَلَاحَاجَةَ اِلَى الْهَمْزَةِ نَحْوُ عِدْ وَحَاسِبْ وَالْاَمْرُ مِنْ بَابِ الْاِفْعَالِ مِنَ الْقِسْمِ الثَّانِىْ وَهُوَ مَبْنِىٌّ عَلٰى عَلَامَةِ الْجَزْمِ كَاِضْرِبْ وَاُغْزُ وَارْمِ وَاِسْمَعْ وَاِضْرِبَا وَاِضْرِبُوْا وَاِضْرِبِىْ ـ

অনুবাদ ॥ (ফে'ল এর) তৃতীয় প্রকার হচ্ছে امر (আদেশসূচক ক্রিয়া)। امر ঐ صيغة কে বলে যদ্বারা فاعل مُخَاطَبْ (সম্বোধনকৃত কর্তা) থেকে কোন কাজ তলব করা বুঝায়। (আমরের গঠন পদ্ধতি নিম্নরূপ)-

প্রথমতঃ مضارع থেকে তার حرف (علامة مضارع) দূরীভূত করতঃ তুমি লক্ষ্য করবে যদি حرف مضارع-এর পরে ছাকিন হয়; তাহলে তৃতীয় হরফ পেশ যুক্ত হলে همزهٔ وصل مضموم সংযোজন করবে। যেমন- اُنْصُرْ, আর যদি যবর কিংবা যেরযুক্ত হয়; তাহলে همزهٔ وصل مكسور বৃদ্ধি করবে। যেমন- اِعْلَمْ - اِضْرِبْ - اِسْتَخْرِجْ - আর যদি حرف مضارع-এর পরবর্তী হরফ متحرك হয়; তাহলে همزه وصل আনার প্রয়োজন নেই। যেমন- عِدْ - حَاسِبْ -

فعل পর্বের দ্বিতীয় প্রকার হল امر (আদেশসূচক ক্রিয়া)। আমর সাধারণতঃ জযম-সহকারে মবনী হয়। যেমন- اِضْرِبْ - اُغْزُ - اِرْمِ - اِسْمَعْ - اِضْرِبَا - اِضْرِبُوْا - اِضْرِبِىْ -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَالثَّالِثُ الْاَمْرُ ঃ فعل এর তৃতীয় প্রকার হল امر ـ امر অর্থ আদেশ করা, পরিভাষায় এটি امر غائب ، امر حاضر ও متكلم সবগুলোকে বুঝায় চাই معروف হৌক বা مجهول- তবে امر حاضر معروف কে اَمْرٌ بِالصِّيْغَةِ আর বাকী সবগুলোকে اَمْرٌ بِالْحُرُوْفِ বলে। কেননা বাকীগুলো امر লাম আসার দ্বারা বুঝায়, حاضر معروف এর ন্যায় এর মূল রূপে কোন পরিবর্ত হয় না। মূলত امرحاضر معروف টিই প্রকৃত আমর। বাকীগুলো مضارع এর মধ্যে শামিল। এ কারণে গ্রন্থকার امر حاضر معروف এর সংজ্ঞাও গঠন প্রণালী বর্ণনা করেছেন।

সংজ্ঞায় উল্লিখিত صيغة শব্দটি হল جِنْس- এটি محدود ، غَيْرِ مَحْدُوْد সবগুলো কে শামিল করে يُطْلَبُ بِهَا এর মধ্যে بَاء টি اِسْتِعَانَتْ এর জন্য অর্থাৎ উক্ত ছীগার সাহায্যে এটা একটা فصل- এর দ্বারা ماضى ও مضارع বেরিয়ে গেল। الفعل এর দ্বারা نهى বের হয়ে গেল, مِنَ الْفَاعِلِ ৩য় فصل এর দ্বারা امر مجهول বের হয়ে গেল। اَلْمُخَاطَبُ ৪র্থ فصل- এর দ্বারা امر غائب معروف ও مجهول বের হয়ে সংজ্ঞাটি امر حاضر معروف এর জন্য খাছ হয়ে গেল।

قوله مَبْنِىٌّ عَلٰى عَلَامَةِ الخ ঃ উল্লেখ্য যে علامتِ جزم শব্দটি عام এটা দু'ধরনের হতে পারে। ক. وُجُوْدِى যথা সুকুন হওয়া খ. سُقُوْطِى ـ نونِ اعرابى ও حرف عِلَّت বিলুপ্ত হওয়া। اِضْرِبْ এর মধ্যে سكون হল علامتِ جزم (وُجُوْدِى এটা) আর اُغْزُ থেকে واو ، اِرْمِ থেকে ياء ও اِسْعَ থেকে الف বিলুপ্ত হওয়া جزم এর আলামত। আর اِضْرِبَا ، اِضْرِبُوْا ও اِضْرِبِىْ হতে نونِ اعربى বিলুপ্ত হওয়াই جزم এর আলামত।

فَصْلٌ ـ فِعْلُ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ هُوَ فِعْلٌ حُذِفَ فَاعِلُهُ وَاُقِيْمَ الْمَفْعُوْلُ مَقَامَهُ وَيَخْتَصُّ بِالْمُتَعَدِّيْ وَعَلَامَتُهُ فِي الْمَاضِيْ اَنْ يَكُوْنَ اَوَّلُهُ مَضْمُوْمًا فَقَطْ وَمَا قَبْلَ اٰخِرِهٖ مَكْسُوْرًا فِي الْاَبْوَابِ الَّتِيْ لَيْسَتْ فِيْ اَوَائِلِهَا هَمْزَةُ وَصْلٍ وَلَا تَاءٌ زَائِدَةٌ نَحْوُ ضُرِبَ وَ دُحْرِجَ وَاُكْرِمَ وَاَنْ يَكُوْنَ اَوَّلُهُ وَثَانِيْهِ مَضْمُوْمًا وَمَا قَبْلَ اٰخِرِهٖ كَذٰلِكَ فِيْمَا فِيْ اَوَّلِهٖ تَاءٌ زَائِدَةٌ نَحْوُ تُفُضِّلَ وَتُضُوْرِبَ ـ وَاَنْ يَكُوْنَ اَوَّلُهُ وَثَالِثُهُ مَضْمُوْمًا وَمَاقَبْلَ اٰخِرِهٖ كَذٰلِكَ مَافِيْ اَوَّلِهٖ هَمْزَةُ وَصْلٍ نَحْوُ اُسْتُخْرِجَ وَاُقْتُدِرَ وَالْهَمْزَةُ تَتْبَعُ الْمَضْمُوْمَ اِنْ لَمْ تُدْرَجْ .

পরিচ্ছেদ - ৫ : فِعْلُ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ

অনুবাদ ॥ فِعْلُ مَالَمْ يُسَمَّ فَاعِلُهُ এমন فعل কে বলে যার فاعل বিলুপ্ত হয়ে তার স্থলে مفعول কে স্থান দেয়া হয়। এটা مُتَعَدِّيْ এর সাথে খাছ। ماضى তে فعل তার চিহ্ন হলো নিম্নরূপ–

(১) فعل এর প্রথম হরফটি পেশযুক্ত ও শেষ অক্ষরের পূর্বাক্ষর যেরযুক্ত হবে, তবে শর্ত হল এটা ঐ সকল باب থেকে হবে যেগুলোর প্রথমে همزهُ وصل বা অতিরিক্ত ت না হয়। যেমন– اُكْرِمَ- ضُرِبَ- دُحْرِجَ

(২) ماضى এর প্রথম ও দ্বিতীয় হরফ পেশযুক্ত ও শেষ অক্ষরের পূর্বাক্ষর অনুরূপ অর্থাৎ যেরবিশিষ্ট হবে যে, باب গুলোর প্রথমে অতিরিক্ত ت থাকে। যেমন– تُفُضِّلَ - تُضُوْرِبَ -

(৩) ماضى এর প্রথম ও তৃতীয় হরফ পেশযুক্ত এবং তার শেষের পূর্বাক্ষর অনুরূপ তথা যেরবিশিষ্ট হবে যে সকল باب এর প্রথমে همزهُ وصل থাকে। যেমন– اُسْتُخْرِجَ - اُقْتُدِرَ আর হামযাটি পেশযুক্ত হবে যদি তাকে সরানো না হয়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله فِعْلُ مَالَمْ يُسَمَّ الخ ঃ অর্থাৎ এমন মাফউলের ফে'ল যার ফায়েল উল্লেখ করা হয়নি (فِعْلُ الْمَفْعُوْلِ الَّذِيْ لَمْ يُذْكَرْ فَاعِلُ ذَالِكَ الْمَفْعُوْلِ). فعل এর প্রথম প্রকারভেদ مضارع ،ماضى ، امر এর বর্ণনার পর এখান থেকে فعل এর দ্বিতীয় প্রকারভেদ (কর্তা উল্লেখ করা না করার প্রসঙ্গ) আলোচনা করছেন।

قوله يَخْتَصُّ بِالْمُتَعَدِّيْ الخ ঃ কারণ فعل لازم থেকে مجهول বানালে তার فاعل এর স্থলে বসার মত কোন مفعول বা مسند اليه থাকে না। অথচ مسند اليه ছাড়া فعل হয় না।

قوله وَعَلَامَتُهُ الخ ঃ فعل مجهول এর মধ্যে শাব্দিক এ পরিবর্তনের কারণ হল যাতে فعل معروف ও مجهول এর মধ্যে পার্থক্য সৃষ্টি হয়, নতুবা অর্থের মধ্যে التباس দেখা দিবে।

قوله تُفُضِّلَ وَتُضُوْرِبَ الخ ঃ এগুলোর মধ্যে যদি শুধু علامتِ مضارع কে পেশ দিয়ে ক্ষান্ত করা হয়, তাহলে تفعل এর ماضى مجهول টি تفعيل এর مضارع معروف থেকে প্রভেদ হলেও تفاعل এর সাথে مضارع معروف এর সাথে , এবং تفعل এর ماضى مجهول টি مفاعلة এর مضارع معروف এর فَعْلَلَةٌ টি ماضى مجهول এর সাথে মিশে যায়, এ কারণে فاكلمة কেও পেশ দেয়া হয়েছে।

قوله اَوَّلُهُ وَثَالِثُهُ مَضْمُوْمًا الخ ঃ কেননা ৩য় হরফ কে পেশ না দিলে ওয়াকফের সময় ঐ বাবের امر এর সাথে মিশে যায়। কেননা শব্দের মধ্যভাগে همزهُ وصل থাকলে তা পড়ে যায় , যেমন ثُمَّ اسْتُخْرِجَ এর মধ্যে تاء এর উপর পেশ না দিলে এবং وقف এর কারণে ساكن করলে ماضى مجهول ও امر এক হয়ে যায়।

قوله وَالْهَمْزَةُ تَتْبَعُ الْمَضْمُوْمَ ঃ এটা পূর্বের কথার পরিশিষ্ট । অর্থাৎ ماضى مجهول এর মধ্যে همزه وصل টি হরকতের ক্ষেত্রে পেশ বিশিষ্ট হরফের تابع হবে। তবে ঐ সময় যখন হামযাটি উচ্চারণে বিলুপ্ত না হয়। হামযাটি পেশের تابع হয় এজন্য যে, হামযা যের বিশিষ্ট হলে যের থেকে পেশের দিকে পরিবর্তন হওয়া জরুরী হয়ে পড়ে অথচ এটি অপছন্দনীয়।

وَفِي الْمُضَارِعِ اَنْ يَكُوْنَ حَرْفُ الْمُضَارَعَةِ مَضْمُوْمًا وَمَاقَبْلَ اٰخِرِهٖ مَفْتُوْحًا نَحْوُ يُضْرَبُ وَيُسْتَخْرَجُ اِلَّا فِيْ بَابِ الْمُفَاعَلَةِ وَالْاِفْعَالِ وَالتَّفْعِيْلِ وَالْفَعْلَلَةِ وَمُلْحَقَاتِهَا السَّبْعَةِ فَاِنَّ الْعَلَامَةَ فِيْهَا فَتْحُ مَاقَبْلَ الْاٰخِرِ نَحْوُ يُحَاسَبُ وَيُدَحْرَجُ وَفِي الْاَجْوَفِ مَاضِيْهِ قِيْلَ وَبِيْعَ وَبِالْاِشْمَامِ قِيْلَ وَبِيْعَ وَبِالْوَاوِ قُوْلَ وَبُوْعَ وَكَذٰلِكَ بَابُ اُخْتِيْرَ وَاُنْقِيْدَ دُوْنَ اُسْتُخِيْرَ وَاُقِيْمَ لِفَقْدِ فُعِلَ فِيْهِمَا وَفِيْ مُضَارِعِهٖ تُقْلَبُ الْعَيْنُ اَلِفًا نَحْوُ يُقَالُ وَيُبَاعُ كَمَا عَرَفْتَ فِي التَّصْرِيْفِ مُسْتَقْصًى ـ

فَصْلٌ ـ اَلْفِعْلُ اِمَّا مُتَعَدٍّ وَهُوَ مَا يَتَوَقَّفُ فَهْمُ مَعْنَاهُ عَلٰى مُتَعَلِّقٍ غَيْرِ الْفَاعِلِ كَضَرَبَ وَاِمَّا لَازِمٌ وَهُوَ مَابِخِلَافِهٖ كَقَعَدَ وَقَامَ ـ

অনুবাদ॥ আর مضارع-এর মধ্যে প্রথম হরফ পেশযুক্ত হবে ও শেষ হরফের পূর্বের হরফ যবরযুক্ত হবে। যেমন- يُضْرَبُ, يُسْتَخْرَجُ কিন্তু بَابِ مُفَاعَلَة - اِفْعَال - تَفْعِيْل - فَعْلَلَةٌ এবং তার ৮টি - مُلْحِقَات-এর মধ্যে مضارع-এর ক্ষেত্রে চিহ্ন কেবল শেষের পূর্বাক্ষরটি যবরবিশিষ্ট হওয়া। যেমন- يُحَاسَبُ - يُدَحْرَجُ আর اَجْوَفْ এর ক্ষেত্রে তার ماضى তে (তিন প্রকার বৈধ যথা) (১) قِيْلَ - بِيْعَ (২) اِشْمَامْ সহকারে قِيْلَ ও بِيْعَ (৩) واو সহকারে যেমন- قُوْلَ - بُوْعَ - এমনিভাবে بَابِ اُخْتِيْرَ ও اُنْقِيْدَ কিন্তু اُسْتُخِيْرَ ও اُقِيْمَ তার ব্যতিক্রম, কারণ এ দু'টোর মধ্যে فُعِلَ এর ওযন পাওয়া যায় না। আর তার مضارع এর মধ্যে عين কালেমাটি الف দ্বারা রূপান্তরিত হবে। যেমন- يُقَالُ ও يُبَاعُ যেমনিভাবে (اجوف) ছরফে বিস্তারিত পরিচয় পেয়েছ।

পরিচ্ছেদ - ৬ : لَازِمْ ও مُتَعَدِّىْ

فعل-এর প্রকারভেদ : فعل হয়ত (ক) مُتَعَدِّىْ হবে। مُتَعَدِّىْ এমন فعل কে বলে যার অর্থ বুঝার জন্য فاعل ব্যতীত অন্য কোন متعلِّق-এর উপর নির্ভর করতে হয়। যেমন- ضَرَبَ অথবা (খ) لَازِمْ হবে। لازم হল متعدى এর বিপরীত। যেমন- قَعَدَ ও قَامَ.

প্রাসঙ্গিক আলোচনা : قوله وَفِي الْمُضَارِعِ اَنْ يَكُوْنَ الخ : এর عطف হল فِي الْمَاضِىْ এর উপর। অর্থাৎ مضارع مجهول এর আলামত হল علامت مضارع পেশ বিশিষ্ট ও শেষাক্ষরের পূর্বাক্ষর যবরযুক্ত হওয়া। তবে শর্ত হল উপরোল্লিখিত বাব সমূহের অন্তর্গত না হওয়া। অন্যথায় কেবল শেষাক্ষরের পূর্বাক্ষর যবরযুক্ত হওয়াই এর আলামত হবে।

قوله وَفِي الْاَجْوَفِ مَاضِيْهِ الخ : অর্থাৎ ثُلَاثِىْ مُجَرَّدْ এর واوى বা مُعْتَلِّ عَيْنِ এর يائى এর ماضى مجهول কে ৩ ধরনে পড়া যায়। ১. সর্বাধিক বিশুদ্ধ রীতি অনুযায়ী قيل ওযনে আসে, ২. اِشْمَامْ এর সাথে, اِشْمَامْ দ্বারা উদ্দেশ্য হল ফা কালেমার যের কে পেশের দিকে এবং আইন কালেমার ياء কে সামান্য واو এর উচ্চারনের দিকে এনে উচ্চারণ করবে। যাতে বুঝা যায় যে, ফা কালেমায় মূলে পেশ রয়েছে। ৩. عَيْن কালেমায় واو সহকারে যথা- قُوْلَ ، بُوْعَ।

قوله دُوْنَ اُسْتُخِيْرَ وَ اُقِيْمَ الخ : অর্থাৎ এগুলোর মধ্যে উপরোক্ত তিনো ছুরত জায়েয নয়। বরং কেবল এক ছুরত জায়েয। কারণ তিনো ছুরত জায়েয হওয়ার জন্য শর্ত হল শেষে فُعِلَ এর ওযন থাকতে হবে। কিন্তু এ গুলোতে শেষে এ ওযন নেই। কারণ اُسْتُخِيْرَ মূলে ছিল اُسْتُخْيِرَ এবং اُقِيْمَ মূলে ছিল اُقْوِمَ।

قوله اَلْفِعْلُ اِمَّا مُتَعَدٍّ الخ : এখান থেকে فعل এর ৩য় বিভক্তি তথা (مفعول) থাকা না থাকার বর্ননা করেছেন।

وَالْمُتَعَدِّىْ قَدْ يَكُوْنُ اِلٰى مَفْعُوْلٍ وَاحِدٍ كَضَرَبَ زَيْدٌ عَمْرًوا اَوْ اِلٰى مَفْعُوْلَيْنِ كَاَعْطٰى زَيْدٌ عَمْرًوا دِرْهَمًا وَيَجُوْزُ فِيْهِ الْاِقْتِصَارُ عَلٰى اَحَدِ مَفْعُوْلَيْهِ كَاَعْطَيْتُ زَيْدًا اَوْ اَعْطَيْتُ دِرْهَمًا بِخِلَافِ بَابِ عَلِمْتُ وَاِلٰى ثَلٰثَةِ مَفَاعِيْلَ نَحْوُ اَعْلَمَ اللّٰهُ زَيْدًا عَمْرًوا فَاضِلًا وَمِنْهُ اَرٰى وَاَنْبَاَ وَنَبَّاَ وَاَخْبَرَ وَخَبَّرَ وَحَدَّثَ.

অনুবাদ॥ আর مُتَعَدِّىْ কখনো এক مفعول-এর দিকে হয়, যেমন- ضَرَبَ زَيْدٌ عَمْرًوا বা দু' مفعول-এর দিকে যেমন- اَعْطٰى زَيْدٌ عَمْرًوا دِرْهَمًا (যায়েদ আমরকে একটি দিরহাম প্রদান করলো) এর দু'মাফউলের একটির উপর সীমিত (সংক্ষেপ) করা বৈধ। যেমন- اَعْطَيْتُ زَيْدًا কিংবা اَعْطَيْتُ دِرْهَمًا কিন্তু بَابِ عَلِمْتُ তার ব্যতিক্রম। আবার কখনো তিন مفعول- এর দিকে মুখাপেক্ষী থাকে, যেমন- اَعْلَمَ اللّٰهُ زَيْدًا عَمْرًوا فَاضِلًا- এর অন্তর্ভুক্ত হল- خَبَّرَ - حَدَّثَ - اَخْبَرَ - نَبَّاَ - اَنْبَاَ - اَرٰى

প্রাসঙ্গিক আলোচনা ঃ ★ ফায়েদাঃ ক. مُتَعَدِّىْ শব্দটি বাবে تَفَعُّلْ এর اسم فاعل-শাব্দিক অর্থ সীমা অতিক্রমকারী। সকল فعل এর জন্য فاعل থাকা لَازِم (আবশ্যক) আর مفعول হল তার পরবর্তী স্তরের। مفعول به থাকা فاعل এর ন্যায় অপরিহার্য নয়। একারণে যে فعل তার অত্যাবশ্যকীয় বিষয় দ্বারা পূর্ণ হয়ে তাকে لازم আর যা অত্যাবশ্যকীয় সীমা ছাড়িয়ে অন্যের(مفعول) এর প্রতি অগ্রসর হয় তাকে متعدى বলে।

খ. فعل لازم কয়েকটি জিনিস দ্বারা متعدى হয় , ১. حرف جر দ্বারা যথা- ذَهَبَ اللّٰهُ بِنُوْرِهِمْ - ذَهَبَ এর পরে ب আসায় اَذْهَبَ অর্থে পরিণত হয়েছে। ২. تَضْعِيْفِ عَيْنْ (كلمهٔ عين দ্বিরুক্তি দ্বারা) যথা- فَرَّحْتُ زَيْدًا (আমি যায়েদকে খুশী করেছি) ৩. هَمْزَهْ اِفْعَال হামযা দ্বারা যথা اَذْهَبْتُ زَيْدًا (আমি যায়েদকে নিয়ে গিয়েছি (৪.. اَلِفِ مُفَاعَلَةْ দ্বারা , যথা- مَاشَيْتُ زَيْدًا (আমি যায়েদের সাথে চলেছি) ৫. اِسْتِفْعَال এর سِيْن দ্বারা , যথা- اِسْتَخْرَجْتُ زَيْدًا (আমি যায়েদ কে বের করেছি) ৬. فعل لازم অন্য فعل متعدى এর অর্থ বিশিষ্ট হওয়ার দ্বারা ,যথা- رَحُبَ এটা প্রশস্ত হওয়া অর্থে, তবে وَسَّعَ এর অর্থ বিশিষ্ট হলে অর্থ হবে প্রশস্ত করা।

গ. فعل مُتَعَدِّى কখনো কখনো تائے تفعّل বা نُوْنِ اِنْفِعَال যুক্ত হলে لازم হয়ে যায়। যেমন - قَطَعَ কর্তন করল, আর اِنْقَطَعَ ও تَقَطَّعَ কর্তিত হল।

قوله وَاِلٰى مَفْعُوْلَيْنِ ঃ অথবা দু' মাফউলের প্রতি مُتَعَدِّىْ হবে, এটা দু' ধরনের ১. মাফউলটি হয়ত প্রথম মাফউলের مغائر (ভিন্ন বস্তু) হবে, যেমন اَعْطٰى زَيْدٌ عَمْرًوا دِرْهَمًا এখানে دِرْهَمًا আর عَمْرو ভিন্ন ভিন্ন বস্তু। ২. অথবা একই বস্তু বা সত্তা বিষয়ক হবে। যেমন- علمت زيدا فاضلا এখানে فاضلا দ্বিতীয় মাফউলটি زَيْدًا প্রথম মাফউলের مِصْدَاق (উদ্দেশ্য) হতে مُغَايِرْ (ভিন্ন) সেখানে এক মাউফলকে বিলোপ করা জায়েয। কিন্তু উভয় মাফউলের مِصْدَاق ভিন্ন হলে একটি কে বিলোপ করা জায়েয নেই। যেমন عَلِمْتُ ও তৎসংশ্লিষ্ট افعالِ قُلُوْب এর ক্ষেত্রে, তবে উভয় مفعول কে একত্রে বিলোপ করা জায়েয।

قوله وَمِنْهُ اَرٰى الخ ঃ অর্থাৎ তিন মাফউলের প্রতি مُتَعَدِّىْ এর অন্তর্গত হল اَرٰى - اَنْبَاءَ ইত্যাদি মোট ৭টি ফে'ল।

وَهٰذِهِ السَّبْعَةُ مَفْعُوْلُهَا الْاَوَّلُ مَعَ الْاٰخِيْرَيْنِ كَمَفْعُوْلَىْ اَعْطَيْتُ فِىْ جَوَازِ الْاِقْتِصَارِ عَلٰى اَحَدِهِمَا تَقُوْلُ اَعْلَمَ اللّٰهُ زَيْدًا وَالثَّانِىْ مَعَ الثَّالِثُ كَمَفْعُوْلَىْ عَلِمْتُ فِىْ عَدَمِ جَوَازِ الْاِقْتِصَارِ عَلٰى اَحَدِهِمَا فَلَاتَقُوْلُ اَعْلَمْتُ زَيْدًا خَيْرَ النَّاسِ بَلْ تَقُوْلُ اَعْلَمْتُ زَيْدًا عَمْرًوا خَيْرَ النَّاسِ ـ

فَصْلُ ـ اَفْعَالُ الْقُلُوْبِ عَلِمْتُ وَظَنَنْتُ وَحَسِبْتُ وَخِلْتُ وَرَاَيْتُ وَوَجَدْتُّ وَزَعَمْتُ وَهِىَ اَفْعَالٌ تَدْخُلُ عَلَى الْمُبْتَدَاِ وَالْخَبَرِ فَتَنْصِبُهُمَا عَلَى الْمَفْعُوْلِيَّةِ نَحْوُ عَلِمْتُ زَيْدًا عَالِمًا

অনুবাদ ॥ অত্র সাতটি فعل এর প্রথম মাফউলের সাথে শেষ দু'টো মাফউলের অবস্থা اَعْطَيْتُ এর অনরূপ তথা দু'মাফউলের একটির উপর সংক্ষিপ্ত করা বৈধ। যেমন– তুমি বলতে পার– اَعْلَمَ اللّٰهُ زَيْدًا দ্বিতীয় ও তৃতীয় মাফউলটি عَلِمْتُ এর দু মাফউলের অনূরূপ তথা দু'টোর কোন একটিতে সংক্ষেপকরণ অবৈধ। তাই তুমি এরূপ বলতে পারবে না –اَعْلَمْتُ زَيْدًا خَيْرَ النَّاسِ - বরং বলবে اَعْلَمْتُ زَيْدًا عَمْرًوا خَيْرَ النَّاسِ (আমি যায়েদকে এ মর্মে অবহিত করছি যে, আমর সর্বোত্তম ব্যক্তি।)

পরিচ্ছেদ - ৭ ঃ اَفْعَالِ قُلُوْبُ

زَعَمْتُ ও عَلِمْتُ، ظَنَنْتُ، حَسِبْتُ، خِلْتُ، رَاَيْتُ، وَجَدْتُّ হল (৭টি ফে'ল) اَفْعَالِ قُلُوْب এগুলো এমন কতকগুলো ফে'ল যা মুবতাদা ও খবরের পূর্বে বসে উভয়কে মাফউল হিসেবে যবর দেয়। যেমন– عَلِمْتُ زَيْدًا عَالِمًا -

---

প্রাসঙ্গিক আলোচনা ঃ উল্লেখ্য যে, তিন মাফউলের প্রতি متعدى ফে'লগুলোর মধ্যে اَعْلَمَ ও اَرٰى হল মূল। কারণ উভয়টির শুরুতে হামযাযুক্ত হওয়ার পূর্বে দু মাফউলের প্রতি مُتَعَدِّىْ ছিল। হামযাযুক্ত হওয়ায় আরো একটি বৃদ্ধি পেয়েছে। কিন্তু অন্যগুলো মৌলিকভাবে তিন মাফউলের প্রতি مُتَعَدِّىْ ক্ষেত্রে নয়। বরং اَعْلَمْتُ এর অর্থে আসায় তার সাথে মিলিত হয়েছে। এ কারণে مُتَعَدِّىْ হওয়ার ক্ষেত্রে اَعْلَمْتُ এর সাথে অন্তর্ভুক্ত হয়েছে। সুতরাং এ গুলোর প্রথম মাফউলকে দ্বিতীয় ও তৃতীয় মাফউল ছাড়াও উল্লেখ করা যায়।

قوله اَلثَّانِىْ مَعَ الثَّالِثِ الخ ঃ সুতরাং উভয়টির কোন একটি কে ভিন্নভাবে বিলোপ করা জায়েয় নেই। তবে একত্রে উভয়টিকে বিলোপ করা জায়েয। কারণ প্রকৃতপক্ষে এ দুটি মাফউল علمت এরই ২য় মাফউল।

قوله اَفْعَالُ الْقُلُوْبِ ঃ قَلْبٌ এর বহুবচন قُلُوْبٌ- এ সব فعل গুলোর অর্থ ধারণা ও বিশ্বাস সংশ্লিষ্ট আর قلب (অন্তর) এর সাথেই এর সম্পর্ক এ কারণে এ নাম রাখা হয়েছে। عَلِمْتُ، رَاَيْتُ ও وَجَدْتُّ আসে يقين বা নিশ্চিত বিশ্বাসের জন্য, আর ظَنَنْتُ ، حَسِبْتُ ও خِلْتُ আসে কেবল ধারণা বুঝানোর জন্য। কিন্তু زَعَمْتُ টি উভয় অর্থে ব্যবহৃত হয়। افعالِ قلوب কে اَفْعَالِ يَقِيْنٌ وَشَكٌّ ও বলা হয়।

★ **ফায়েদা ঃ** ক. افعالِ قُلُوْب এর اَحْكَام বা বিধান সাতটি ফে'লের সাথে সীমাবদ্ধ হওয়ার বিষয়টি ব্যবহাররীতি মোতাবেক। عَقْل বা যুক্তিভিত্তিক নয়। কারণ عَزَمْتُ ، اِعْتَقَدْتُّ ، اَيْقَنْتُ ইত্যাদি فعل ও قلب এর সাথে সম্পর্ক রাখে। তথাপি সেগুলো উপরোক্ত বিধানের অন্তর্ভুক্ত নয়। বরং সাধারণ ফে'ল হিসেবে ব্যবহৃত হয়।

وَاعْلَمْ اَنَّ لِهٰذِهِ الْاَفْعَالِ خَوَاصَّ مِنْهَا اَنْ لَّاتَقْتَصَرَ عَلٰى اَحَدِ مَفْعُوْلَيْهَا بِخِلَافِ بَابِ اَعْطَيْتُ فَلَاتَقُوْلُ عَلِمْتُ زَيْدًا وَمِنْهَا جَوَازُ الْاِلْغَاءِ اِذَا تَوَسَّطَتْ نَحْوُ زَيْدٌ ظَنَنْتُ قَائِمٌ اَوْتَاَخَّرَتْ نَحْوُ زَيْدٌ قَائِمٌ ظَنَنْتُ وَمِنْهَا اَنَّهَا تُعَلَّقُ اِذَا وَقَعَتْ قَبْلَ الْاِسْتِفْهَامِ نَحْوُ عَلِمْتُ اَزَيْدٌ عِنْدَكَ اَمْ عَمْرٌو وَقَبْلَ النَّفْيِ نَحْوُ عَلِمْتُ مَا زَيْدٌ فِي الدَّارِ وَقَبْلَ لَامِ الْاِبْتِدَاءِ نَحْوُ عَلِمْتُ لَزَيْدٌ مُنْطَلِقٌ -

---

অনুবাদ ॥ জেনে রেখো যে, অত্র ফে'লসমূহের কতিপয় বৈশিষ্ট্য রয়েছে। যেমন–

(১) এগুলোর এক মাফউলের উপর সংক্ষিপ্ত করা যায় না; কিন্তু بَابِ اَعْطَيْتُ এর বিপরীত, অতএব عَلِمْتُ زَيْدًا বলতে পারবে না।

(২) তন্মধ্য হতে আরেকটি হল এগুলো বাক্যের মধ্যে কিংবা শেষে আসলে عمل বাতিল করা জায়েয। যেমন– زَيْدٌ ظَنَنْتُ قَائِمٌ এবং زَيْدٌ قَائِمٌ ظَنَنْتُ -

(৩) আরেকটি বৈশিষ্ট হল عمل বাতিল হওয়া জায়েয (ক) যখন اِسْتِفْهَام এর পূর্বে হবে, যেমন– عَلِمْتُ اَزَيْدٌ عِنْدَكَ اَمْ عَمْرٌو (খ) نفى -এর পূর্বে হবে, যেমন– عَلِمْتُ مَازَيْدٌ فِي الدَّارِ (গ) لام ابْتِدَاء -এর পূর্বে হবে, যেমন– عَلِمْتُ لَزَيْدٌ مُنْطَلِقٌ

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاعْلَمْ اَنَّ الخ ঃ এখান থেকে মুসান্নিফ র. افعال قلوب এর ৪টি বৈশিষ্ট্য বর্ণনা করছেন। ১. দু মাফউলের কোন এক মাফউল কে ভিন্নভাবে উল্লেখ করা জায়েয না হওয়া। কারণ এগুলো مبتدا ও خبر এর পূর্বে আসে। আর مبتدا ও خبر একটি অপরটির সাথে ওতপ্রোতভাবে জড়িত। তবে উভয়টিকে একত্রে বিলোপ করা জায়েয। যেমন– يَوْمَ يَقُوْلُ نَادُوْا شُرَكَائِيَ الَّذِيْنَ زَعَمْتُمْ এখানে মূলত زَعَمْتُمُوْهُمْ اِيَّاهُمْ ছিল।

২. উভয় মাফউলের মাঝে فاصله (ব্যবধান) আসলে তখন اَفْعَالِ قُلُوب এর আমল না দেয়া জায়েয। কারণ এক্ষেত্রে মাফউল দুটির একটি مبتدا ও অপরটি خبر হওয়ার কারণে ভিন্নবাক্য হওয়ার যোগ্যতা রাখে। আর افعال قلوب বাক্যের মাঝে বা শেষে হলে আমলের ক্ষেত্রে দুর্বল হয়ে যায়। অতএব উভয় ক্ষেত্রে এগুলোর আমল বাতিল করা জায়েয। তখন এসব ফে'ল মাসদারের অর্থে হয়ে ظرف হবে। যেমন– زَيْدٌ فِيْ ظَنِّيْ قَائِمٌ ও زَيْدٌ قَائِمٌ فِيْ ظَنِّيْ তবে আমল দেওয়াও জায়েয। কারণ فعل হিসেবে তার মধ্যে আমলের ক্ষমতা কিছুটা হলেও বিদ্যমান আছে।

৩. حرف استفهام - حرف نفى বা لام ابتداء এর পূর্বে افعال قلوب আসলে শাব্দিক দিক দিয়ে তার আমল বাতিল হয়ে যায়। তবে অর্থগতভাবে তার আমল ঠিক থাকে। কারণ এ তিনোটি জিনিস صَدَارَتِ كَلام (বাক্যের শুরু) চায়। আর فعل এর আমল দিলে এগুলো চাহিদা (صَدارتِ كلام) নষ্ট হয় হয়ে তখন فعل এর معمول হয়ে বাক্যের মাঝে পড়ে যায়। তবে অর্থের দিকদিয়ে এগুলো فعل এর মাফউল হিসেবে منصوب হয়।

وَمِنْهَا أَنَّهَا يَجُوزُ أَنْ يَكُونَ فَاعِلُهَا وَمَفْعُولُهَا ضَمِيرَيْنِ لِشَيْءٍ وَاحِدٍ نَحْوُ عَلِمْتُنِى مُنْطَلِقًا وَظَنَنْتُكَ فَاضِلًا وَاعْلَمْ أَنَّهُ قَدْ يَكُونُ ظَنَنْتُ بِمَعْنَى اتَّهَمْتُ وَعَلِمْتُ بِمَعْنَى عَرَفْتُ وَرَأَيْتُ بِمَعْنَى أَبْصَرْتُ وَوَجَدْتُّ بِمَعْنَى أَصَبْتُ الضَّالَّةَ فَتَنْصِبُ مَفْعُولًا وَاحِدًا فَقَطْ فَلَا تَكُونُ حِينَئِذٍ مِنْ أَفْعَالِ الْقُلُوبِ ـ

فَصْلٌ ـ اَلْأَفْعَالُ النَّاقِصَةُ هِيَ أَفْعَالٌ وُضِعَتْ لِتَقْرِيرِ الْفَاعِلِ عَلٰى صِفَةٍ غَيْرِ صِفَةِ مَصْدَرِهَا وَهِيَ كَانَ وَصَارَ وَظَلَّ وَبَاتَ إِلٰى أٰخِرِهَا تَدْخُلُ عَلَى الْجُمْلَةِ الْاِسْمِيَّةِ لِإِفَادَةِ نِسْبَتِهَا حُكْمَ مَعْنَاهَا فَتَرْفَعُ الْأَوَّلَ وَتَنْصِبُ الثَّانِيَ فَتَقُولُ كَانَ زَيْدٌ قَائِمًا وَكَانَ عَلٰى ثَلٰثَةِ أَقْسَامٍ نَاقِصَةٌ وَهِيَ تَدُلُّ عَلٰى ثُبُوتِ خَبَرِهَا لِفَاعِلِهَا فِي الْمَاضِي إِمَّا دَائِمًا نَحْوُ كَانَ اللّٰهُ عَلِيمًا حَكِيمًا أَوْ مُنْقَطِعًا نَحْوُ كَانَ زَيْدٌ شَابًّا

অনুবাদ ॥ (৪) তন্মধ্যে আরেকটি হল এর মধ্যে একই বস্তু হতে ফায়েল ও মাফউলের ضمير হতে পারে, যেমন– عَلِمْتُنِى مُنْطَلِقًا ، ظَنَنْتُكَ فَاضِلًا

জেনে রেখ যে, ظَنَنْتُ কখনো اِتَّهَمْتُ-এর অর্থ দেয়। এমনিভাবে عَلِمْتُ টা عَرَفْتُ অর্থে رَأَيْتُ টা أَبْصَرْتُ অর্থে, وَجَدْتُّ শব্দটি أَصَبْتُ الضَّالَّةَ অর্থে (আমি হারানো বস্তু পেয়েছি।) এ সময় এগুলো শুধু একটি মাফউলকে যবর দেয়। তখন তা افعال القلوب এর অন্তর্গত হবে না।

পরিচ্ছেদ - ৮ : اَفْعَال نَاقِصَة (অসমাপিকা ক্রিয়া)

افعال ناقصة **-এর সংজ্ঞা :** افعال ناقصة এমন কতিপয় فعل কে বলে যেগুলো فاعل কে স্বীয় مصدر বা ধাতুগত গুণ ব্যতীত অন্য কোন গুণে গুণান্বিত করার জন্য গঠিত। উক্ত ক্রিয়াগুলো হচ্ছে– كَانَ - صَارَ - ظَلَّ - بَاتَ الخ এগুলো جملہ اسمية এর শুরুতে আসে। এগুলোর অর্থের হুকুম কে তার সম্পর্কের উপকার সাধনের জন্য অর্থাৎ এগুলোর হুকুম ও আছর খবরকে প্রদান করে।। এগুলো প্রথমটিকে পেশ এবং দ্বিতীয়টিকে যবর দেয়, যেমন বলতে পার– كَانَ زَيْدٌ قَائِمًا

كَانَ **এর প্রকারভেদ :** كَانَ তিন প্রকার– (১) نَاقِصَة এটা ঐ كَانَ যা অতীতকালের সংবাদ সাব্যস্ত করা বুঝায়। এটা স্থায়ী ভিত্তিতে হতে পারে। যেমন– كان زيد شابا (যায়েদ যুবক ছিল)।

প্রাসঙ্গিক আলোচনা : ৪. قوله يَجُوزُ أَنْ يَكُونَ الخ : অর্থাৎ افعال قلوب এর ৪র্থ বৈশিষ্ট্য হল এগুলোর ফায়েল ও প্রথম মাফউল একই বস্তু বুঝানোর জন্য ضمير متصل হওয়া জায়েয। অর্থাৎ শুধু متكلم ، مخاطب বা غائب এর জন্য হওয়া। যেমন–عَلِمْتُنِى مُنْطَلِقًا এর মধ্যে ت ফায়েল ও نى প্রথম মাফউল উভয়টি ضمير متصل মুতাকাল্লিমের জন্য ব্যবহৃত হয়েছে। এভাবে ظَنَنْتُكَ فَاضِلًا এর মধ্যে تَ ফায়েল ও كَ প্রথম মাফউল একই ব্যক্তি (مخاطب) কে বুঝাচ্ছে। অথচ সাধারণ ফে'লের মধ্যে এমনটি শুদ্ধ নয়। যেমন ضربتنى প্রভৃতি। বরং এ ক্ষেত্রে মাঝে فاصله আনতে হবে। যেমন– ضَرَبْتُ نَفْسِى

★ **কারণ :** افعال قلوب এর মধ্যে প্রকৃত মাফউল হল দ্বিতীয়টি, আর প্রথমটি তার ভূমিকা স্বরূপ আসে। একারণে একই বস্তুর যমীর হলে প্রকৃত পক্ষে ফায়েল ও মাফউল এক হয়ে যাওয়া প্রমাণিত হয় না। অপরদিকে সাধারণ ফে'লের মধ্যে উভয়টি এক হয়ে যায়। একারণে فاصلة আনা অপরিহার্য হয়ে পড়ে।

وَتَامَّةٌ بِمَعْنَى ثَبَتَ وَحَصَلَ نَحْوُ كَانَ الْقِتَالُ اَىْ حَصَلَ الْقِتَالُ وَزَائِدَةٌ لَايَتَغَيَّرُ بِاِسْقَاطِهَا مَعْنَى الْجُمْلَةِ كَقَوْلِ الشَّاعِرِ شِعْرٌ: جِيَادُ ابْنِىْ اَبِىْ بَكْرٍ تَسَامٰى * عَلٰى كَانَ الْمُسَوَّمَةِ الْعِرَابِ، اَىْ عَلَى الْمُسَوَّمَةِ وَصَارَ لِلْاِنْتِقَالِ نَحْوُ صَارَ زَيْدٌ غَنِيًّا وَاَصْبَحَ وَاَمْسٰى وَاَضْحٰى تَدُلُّ عَلٰى اِقْتِرَانِ مَضْمُوْنِ الْجُمْلَةِ بِتِلْكَ الْاَوْقَاتِ نَحْوُ اَصْبَحَ زَيْدٌ ذَاكِرًا اَىْ كَانَ ذَاكِرًا فِىْ وَقْتِ الصُّبْحِ وَبِمَعْنٰى صَارَ نَحْوُ اَصْبَحَ زَيْدٌ غَنِيًّا وَتَامَّةٌ بِمَعْنٰى دَخَلَ فِى الصَّبَاحِ وَالضُّحٰى وَالْمَسَاءِ ـ وَظَلَّ وَبَاتَ يَدُلَّانِ عَلٰى اِقْتِرَانِ مَضْمُوْنِ الْجُمْلَةِ بِوَقْتَيْهِمَا نَحْوُ ظَلَّ زَيْدٌ كَاتِبًا وَ بِمَعْنٰى صَارَ

অনুবাদ ॥ (২) تَامَّة এটা ঐ كَانَ যা ثَبَتَ (প্রতিষ্ঠিত থাকা) ও حَصَلَ (অর্জন করা)-এর অর্থ বুঝায়। যথা- كَانَ الْقِتَالُ অর্থাৎ حَصَلَ الْقِتَالُ (যুদ্ধ হয়েছে)।

(৩) زَائِدَة এটা ঐ كَانَ কে বলে যার বিলুপ্তির ফলে বাক্যের মধ্যে অর্থের কোন পরিবর্তন ঘটে না। যেমন- কবির ভাষায়- جِيَادُ ابْنِىْ اَبِىْ بَكْرٍ تَسَامٰى + عَلٰى كَانَ الْمُسَوَّمَةِ الْعِرَابِ অর্থাৎ "আমার পুত্র আবূ বকরের উত্তম ও দ্রুতগামী ঘোড়াগুলো আরবের উত্তম হওয়ার চিহ্নে চিহ্নিত ঘোড়ার চেয়েও শ্রেষ্ঠ"। এখানে عَلَى الْمُسَوَّمَةِ অর্থাৎ كَانَ عَلَى الْمُسَوَّمَةِ - আর صَارَ পরিবর্তন হওয়া অর্থে ব্যবহৃত হয়। যেমন- صَارَ زَيْدٌ غَنِيًّا (যায়েদ ধনী হলো) পক্ষান্তরে اَمْسٰى - اَصْبَحَ - اَضْحٰى শব্দত্রয় সংশ্লিষ্ট সময়ের সাথে বাক্যের অর্থকে মিলিতকরণ বুঝায়। যথা- اَصْبَحَ زَيْدٌ ذَاكِرًا (যায়েদ যিকিররত অবস্থায় প্রভাত করেছে) অর্থাৎ প্রাতঃকালে যায়েদ যিকিরকারী ছিল। আর এটা صَارَ অর্থেও ব্যবহৃত হয়, যেমন- اَصْبَحَ زيد غنيا (যায়েদ ধনী হয়ে গেল।) এ শব্দগুলো تام বা পূর্ণাঙ্গ অর্থও বুঝায়। তখন অর্থ হবে دَخَلَ فِى الصَّبَاحِ وَ الضُّحٰى وَالْمَسَاءِ (ভোরে বা দুপুরে বা সন্ধ্যায় প্রবেশ করলো।) ظَلَّ ও بَاتَ শব্দদ্বয় এতদুভয়ের সময়ের সাথে বাক্যের বিষয়বস্তুর সংযুক্তকরণ বুঝায়। যথা- ظَلَّ زَيْدٌ كَاتِبًا (অর্থাৎ যায়েদ দিনের বেলায় লেখক হলো) এবং কখনও صَارَ অর্থেও প্রয়োগ হয়।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَاعْلَمْ اَنَّهُ قَدْ يَكُوْنُ الخ ঃ অর্থাৎ افعالِ قُلُوبْ এর কোন কোনটি ভিন্ন অর্থেও ব্যবহৃত হয়। তখন সেগুলো সাধারণ ফে'লের মত এক মাফউলের প্রতি متعدى হয় এবং فعل قلب থাকেনা।

قوله جِيَادُ ابْنِىْ اَبِىْ بَكْرٍ الخ ঃ অত্র শে'র থেকে كَانَ কে বিলোপ করলে অর্থের কোন পরিবর্তন হয়না। সুতরাং বুঝা গেল এখানে كَانَ টি زَائِدَة বা অতিরিক্ত। শে'রের অর্থ-আমার পুত্র আবু বকরের ঘোড়াগুলো চিহ্নিত আরবী ঘোড়ার উপর প্রাধান্য লাভ করেছে।

قوله صَارَ لِلْاِنْتِقَالِ الخ ঃ অর্থাৎ صَارَ এক অবস্থা থেকে অন্য অবস্থায় বা এক حَقِيْقَتْ (প্রকৃতি) থেকে অন্য حَقِيْقَتْ এ পরিণত হওয়া বুঝায়। যেমন- صَارَ زَيْدٌ غَنِيًّا যায়েদ ধনী হয়ে গেছে ও صَارَ الطِّيْنُ خَزَفًا (মাটি চাড়ায় পরিণত হয়েছে। কখনো বা এক স্থান হতে অন্যস্থানে বা এক সত্বা হতে অন্য সত্বায় পরিবর্তন হওয়া বুঝায়। এ সময় এটি اِلٰى দ্বারা مُتَعَدِّىْ হয়। যেমন- صَارَ زَيْدٌ مِنْ قَرْيَةٍ اِلٰى قَرْيَةٍ (اَىْ اِنْتَقَلَ)

قوله وَظَلَّ وَبَاتَ الخ ঃ এ দুটি বাক্যের বিষয়বস্তুকে নিজ নিজ সময় তথা দিনে বা রাতে সম্পন্ন হওয়া বুঝায়। তবে উভয়টি صار অর্থেও ব্যবহৃত হয়। যেমন- ظَلَّ زَيْدٌ غَنِيًّا ও بَاتَ زَيْدٌ فَقِيْرًا (যায়েদ ধনী হয়ে গেছে, যায়েদ দরিদ্র হয়েগেছে।)

وَمَازَالَ وَمَافَتِئَ وَمَابَرِحَ وَمَاانْفَكَّ تَدُلُّ عَلٰى اِسْتِمْرَارِ ثُبُوْتِ خَبَرِهَا لِفَاعِلِهَا مُذْ قَبِلَهُ نَحْوُ مَازَالَ زَيْدٌ اَمِيْرًا وَ يَلْزَمُهَا حَرْفُ النَّفْيِ وَمَادَامَ يَدُلُّ عَلٰى تَوْقِيْتِ اَمْرٍ بِمُدَّةِ ثُبُوْتِ خَبَرِهَا لِفَاعِلِهَا نَحْوُ اَقُوْمُ مَادَامَ الْاَمِيْرُ جَالِسًا وَلَيْسَ يَدُلُّ عَلٰى نَفْيِ مَعْنَى الْجُمْلَةِ حَالًا وَقِيْلَ مُطْلَقًا وَقَدْعَرَفْتَ بَقِيَّةَ اَحْكَامِهَا فِي الْقِسْمِ الْاَوَّلِ فَلَا نُعِيْدُهَا ـ

অনুবাদ॥ আর مَاانْفَكَّ ও مَابَرِحَ - مَافَتِئَ - مَازَالَ শব্দ চতুষ্টয়ের খবর তার فاعل এর সাথে পূর্ব হতে সুপ্রতিষ্ঠিতভাবে অব্যাহত থাকা বুঝায়। যেমন– مَازَالَ زَيْدٌ اَمِيْرًا অর্থাৎ যায়েদ সর্বদা নেতা রয়েছে। এ সব শব্দের সাথে حرفِ نَفِي বা নাবোধক অব্যয় হওয়া আবশ্যক। আর مَادَامَ শব্দটি তার খবরকে فاعل -এর জন্য কোন ব্যাপারে সময় নির্দিষ্ট করা বুঝায়। যথা– اَقُوْمُ مَادَامُ الْاَمِيْرُ جَالِسًا অর্থাৎ আমীর যতক্ষণ বসে থাকবে আমি ততক্ষণ দাঁড়িয়ে থাকব। আর لَيْسَ শব্দটি তাৎক্ষণিকভাবে বাক্যের অর্থকে নেতিবাচক করা বুঝায়। কারো মতে সাধারণভাবে নেতিবাচক বুঝায়। এর অবশিষ্ট বিধানাবলী প্রথম অধ্যায়ে অবগত হয়েছ, সুতরাং তার পুনরাবৃত্তি ঘটাতে চাই না।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله مُذْ قَبِلَهُ الخ ঃ অর্থাৎ যে সময় থেকে ফায়েল খবরকে কবুল বা গ্রহণ করবে তখন থেকে তা সার্বক্ষণিক থাকা বুঝায়, স্বাভাবিক (مطلق) ভাবে নয়। যেমন– مَازَالَ زَيْدٌ اَمِيْرًا অর্থাৎ যখন থেকে যায়েদ اِمَارَتْ বা নেতৃত্ব গ্রহণ করেছে তখন থেকে কোন সময়ের জন্য তার নেতৃত্ব হাত ছাড়া হয়নি। مُذْ قَبِلَهُ এর ; যমীরটি خبر এর দিকে এবং قبل এর যমীরে মুস্তাতিরটি ফায়েলের দিকে ফিরেছে।

قوله وَيَلْزَمُهَا حَرْفُ النَّفْيِ ঃ অর্থাৎ مَازَالَ ইত্যাদি দ্বারা اِسْتِمْرَارُ (সার্বক্ষণিকতা) এর অর্থের জন্য حرفِ نفى যুক্ত হওয়া আবশ্যক। কারণ মূল ফে'লটিই নফী বুঝায়। সুতরাং আরেকটি حرفِ نفى যুক্ত হলে দু' نفى মিলে اِثْبَاتٌ এর ফায়েদা দিবে।

ফায়েদা ঃ مَايَزَالُ টি زَالَ يَزَالُ বাবে سَمِعَ (দূরীভূত হওয়া) থেকে গৃহীত, زَالَ يَزُوْلُ থেকে নয়। কারণ এটি تَامَّةٌ - এভাবে مَافَتِئَ বাবে سَمِعَ হতে অর্থ– বিনষ্ট হওয়া এবং مَابَرِحَ - بَرَاحٌ মাসদার হতে অর্থ– বিনষ্ট হওয়া। مَاانْفَكَّ - اِنْفِكَاكٌ (اِنْفِعَال) হতে অর্থ বিচ্ছিন্ন হওয়া। পরিভাষায় এসবগুলো সর্বদা থাকা অর্থে ব্যবহৃত হয়।

قوله مَادَامَ الخ ঃ এর মধ্যে مَا টি مَصْدَرِيَة আর মাসদারের মধ্যে যেরূপ مُدَّتٌ (কাল ও সময়) উহ্য থাকে এখানে ও তদরূপ উহ্য থাকে। যেমন– اَقُوْمُ مُدَّةَ دَوَامِ جُلُوْسِ زَيْدٍ

قوله لَيْسَ ঃ জমহুর তথা সংখ্যাগরিষ্ঠ নাহবীগণের মতে বর্তমানকালে বাক্যের অর্থকে নেতিবাচক বুঝায়। তবে কারো কারো মতে, শুধু বর্তমান নয় বরং যেকোন কালে হতে পারে।

قَوْلُهٗ بَقِيَّةَ اَحْكَامِهَا الخ ঃ যেমন اسم এর উপর خبر টি مقدّم হওয়া বা فعل টি খবর এর উপর مقدم হওয়া প্রভৃতি।

فَصْلٌ - اَفْعَالُ الْمُقَارَبَةِ هِىَ اَفْعَالٌ وُضِعَتْ لِلدَّلَالَةِ عَلٰى دُنُوِّ الْخَبَرِ لِفَاعِلِهَا وَهِىَ ثَلٰثَةُ اَقْسَامٍ : اَلْاَوَّلُ لِلرَّجَاءِ وَهُوَ عَسٰى وَهُوَ فِعْلٌ جَامِدٌ لَايُسْتَعْمَلُ مِنْهُ غَيْرُ الْمَاضِىْ وَهُوَ فِى الْعَمَلِ مِثْلُ كَادَ اِلَّا اَنَّ خَبَرَهُ فِعْلٌ مُضَارِعٌ مَعَ اَنْ نَحْوُ عَسٰى زَيْدٌ اَنْ يَقُوْمَ وَيَجُوْزُ تَقْدِيْمُ الْخَبَرِ عَلٰى اِسْمِهٖ نَحْوُ عَسٰى اَنْ يَّقُوْمَ زَيْدٌ وَقَدْ يُحْذَفُ اَنْ نَحْوُ عَسٰى زَيْدٌ يَقُوْمُ وَالثَّانِىْ لِلْحُصُوْلِ وَهُوَ كَادَ وَخَبَرُهٗ مُضَارِعٌ دُوْنَ اَنْ نَحْوُ كَادَ زَيْدٌ يَقُوْمُ وَقَدْ تَدْخُلُ اَنْ نَحْوُ كَادَ زَيْدٌ اَنْ يَّقُوْمَ وَالثَّالِثُ لِلْاَخْذِ وَالشُّرُوْعِ فِى الْفِعْلِ وَهُوَ طَفِقَ وَجَعَلَ وَكَرَبَ وَاَخَذَ وَاِسْتِعْمَالُهَا مِثْلُ كَادَ نَحْوُ طَفِقَ زَيْدٌ يَكْتُبُ وَاَوْشَكَ وَاِسْتِعْمَالُهَا مِثْلُ عَسٰى وَكَادَ -

فَصْلٌ - فِعْلَا التَّعَجُّبِ مَا وُضِعَ لِاِنْشَاءِ التَّعَجُّبِ وَلَهٗ صِيْغَتَانِ مَااَفْعَلَهٗ نَحْوُ مَااَحْسَنَ زَيْدًا اَىْ اَىُّ شَىْءٍ اَحْسَنَ زَيْدًا وَفِىْ اَحْسَنَ ضَمِيْرٌ وَهُوَ فَاعِلُهٗ وَاَفْعِلْ بِهٖ

পরিচ্ছেদ - ৯ : اَفْعَالِ مُقَارَبَة (নৈকট্যজ্ঞাপক ক্রিয়াসমূহ)

অনুবাদ ॥ **اَفْعَال مُقَارَبَة এর সংজ্ঞা :** اَفْعَالِ مُقَارَبَة এমন কতিপয় فعل যা খবরকে তার فاعل এর নিকটবর্তী হওয়ার অর্থ বুঝানোর জন্য গঠিত হয়েছে।

প্রকারভেদ : اَفْعَالِ مُقَارَبَة তিন প্রকার। প্রথম প্রকার– رَجَاء বা আকাঙ্ক্ষাসূচক। আর তা হল عَسٰى এটা فعل جَامِد বা অরূপান্তরীয় ক্রিয়া। এ থেকে ماضى ছাড়া কোন فعل ব্যবহৃত হয় না। عَسٰى শব্দটি كَادَ এর ন্যায় আমল করে, তবে এর খবরটি اَنْ সহকারে مضارع হয়। যথা– عَسٰى زَيْدٌ اَنْ يَّقُوْمَ (অচিরেই যায়েদ দণ্ডায়মান হবে)। এর ইসমের উপর খবরকে مُقَدَّمْ করা বৈধ। যেমন– عَسٰى اَنْ يَّقُوْمَ زيد – কখনো اَنْ কে বিলুপ্ত করা হয়। যথা– عَسٰى زَيْدٌ يَقُوْمُ –

দ্বিতীয় প্রকার– حُصُول বা অর্জনসূচক। এ অর্থে হল كَادَ-এর খবর اَنْ ব্যতিরেকে مضارع হয়। যথা– كَادَ زَيْدٌ يَقُوْمُ অবশ্য কখনো اَنْ প্রবিষ্টও হয়। যথা– كَادَ زَيْدٌ اَنْ يَّقُوْمَ (যায়েদ দাঁড়ানোর নিকটবর্তী হলো)।

তৃতীয় প্রকার– কাজ শুরু করার অর্থে ব্যবহৃত হয়। এ অর্থে হল طَفِقَ - جَعَلَ - كَرَبَ ও اَخَذَ এগুলোর ব্যবহার كَادَ এর ন্যায়। যেমন– طَفِقَ زَيْدٌ يَكْتُبُ (যায়েদ লিখতে শুরু করলো)। আর اَوْشَكَ-এর ব্যবহার عَسٰى ও كَادَ-এর অনুরূপ।

পরিচ্ছেদ – ১০ : فِعْلَا التَّعَجُّب (বিস্ময়জ্ঞাপক ক্রিয়াদ্বয়)

فعل تَعَجُّب হল যা বিস্ময় প্রকাশের উদ্দেশ্যে গঠন করা হয়েছে। এর দু'টি صيغة রয়েছে- (১) مَا اَفْعَلَهٗ যথা– مَا اَحْسَنَ زَيْدٌ অর্থাৎ কোন্ বস্তু যায়েদকে সুন্দর করেছে। اَحْسَنَ-এর মধ্যে একটি সর্বনাম আছে সেটি তার فاعل বা কর্তা।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله مُقَارَبَةُ ঃ قُرْبٌ ধাতু হতে বাবে مُفَاعَلَةٌ এর মাসদার, অর্থ নিকটবর্তী হওয়া, এ সকল ফে'ল তার اسم কে خبر এর নিকটবর্তী কালে সম্পন্ন হওয়া বুঝায় বিধায় এ নাম রাখা হয়েছে।

افعالِ مُقَارَبَة - افعال نَاقِصَة এর ন্যায় اسم কে رفع ও خبر কে نصب দেয়।

তবে এগুলোর خبر সাধারণত اَنْ সহ مضارع এর ছীগা হয়, আবার ان ছাড়াও আসে।

قوله وَهِيَ ثَلٰثَةُ اَقْسَامٍ الخ ঃ افعال مُقَارَبَة তিন প্রকার। (১) لِلرَّجَاءِ অর্থাৎ ফায়েল কর্তৃক خبر সংঘটিত হওয়ার বিষয়টি নিশ্চিত নয় বরং আশাব্যাঞ্জক বুঝায়। যেমন– عَسٰى زَيْدٌ اَنْ يَخْرُجَ (শিঘ্রই যায়েদ বের হবে।)

قوله وَهُوَ فِعْلٌ جَامِدٌ الخ ঃ অর্থাৎ সাধারণ ফে'লের ন্যায় এর مضارع - امر ইত্যাদি گردان (রূপান্তর) হয়না। কেবল ماضى এর গরদান হয়। তাও মাত্র واحد مؤنث غائب - واحد مذكر غائب এবং حاضر এর ছয় ছীগা ও واحد متكلم মোট ৯টি ছীগা ব্যবহৃত হয়।

قوله مِثْلُ كَادَ الخ ঃ অর্থাৎ كَادَ এর ন্যায় اسم কে رفع দেয় এবং এর خبرটি مضارع এর ছীগা হয় তবে পার্থক্য এই যে, এর খবর اَنْ বিহীন হয় আর عَسٰى এর খবর اَنْ সহ হয়।

ফায়েদা ঃ অধিকাংশ নাহভীগণের মতে افعالِ مُقَارَبَة এর খবরটি محلا منصوب হয়। কিছু সংখ্যকের মতে খবর (فعلِ مضارع) টি ফায়েল হিসেবে مَحَلًّا مَرْفُوْع হয়। আর اِسم টি মূলত فعلِ مضارع এর ফায়েল হিসেবে مرفوع হয়

قوله وَيَجُوْزُ تَقْدِيْمُ الخ ঃ এ সময় عَسٰى ফে'লটি تَامَّةٌ তথা খবরবিহীন হবে। কেননা তখন اسم টি فعل مضارع এর ফায়েল হবে এবং مضارع টি মাসদারের অর্থে হয়ে فعل مقارب এর اسم হবে।

قوله اَلثَّانِىْ لِلْحُصُوْلِ الخ (২) ঃ অর্থাৎ فعلِ مُقَارِبٌ টি ফায়েল কতৃক খবর সম্পন্ন হওয়ার বিষয়টি নিশ্চিতভাবে নিকটবর্তী হওয়া বুঝায়।

قوله اَلثَّالِثُ لِلْاَخْذِ الخ (৩) ঃ অর্থাৎ فعل টি ফায়েল কর্তৃক খবর শুরু করে দেয়া বুঝায়।

قوله وَاسْتِعْمَالُهَا مِثْلُ ঃ অর্থাৎ كَادَ এর ন্যায় কখনো خبر চায়। যেমন اَوْشَكَ زَيْدٌ يَقُوْمُ কখনো চায়না। যেমন–اَوْ يَشْكَ اَنْ يَقُوْمَ زَيْدٌ

قوله فِعْلَا التَّعَجُّبِ الخ ঃ تعجب বাবে تفعل-এর মাসদার। অর্থ আশ্চার্যান্বিত হওয়া, অবাক হওয়া। পরিভাষায়–اِنْفِعَالُ النَّفْسِ عِنْدَ اِدْرَاكِ مَاخَفِيَ سَبَبُهُ' তথা গুপ্ত কারণ বিশিষ্ট্য কোন বস্তুর জ্ঞান লাভ কালে অন্তরে যে প্রভাব সৃষ্টি হয় তাকে تعجب বলে। আর যে فعل বিস্ময় প্রকাশের জন্য বিশেষভাবে গঠিত তাকে فعل تعجب বলে।

فعل تعجب-এর ওযন দুইটি। এ কারণে فِعْلَا التَّعَجُّبِ বলা হয়েছে।

قوله مَااَفْعَلَهُ الخ ঃ প্রথম ওযন مَااَ فْعَلَهٗ (ثلاثى مُجَرَّد-এর واحد مذكر اسم تفضيل ও শুরুতে ما যুক্ত।) এর মধ্যে مَا-এর ব্যাপারে মতভেদ রয়েছে।

(১) ইমাম فَرَّاء رح এর মতে مَا টি اِسْتِفْهَامِية اَىُّ شَيْئٍ অর্থে مبتدا আর اَحْسَنَ হল فعلِ ماضى-এর মধ্যে هُوَ যমীর উহ্য রয়েছে এটি তার ফায়েল ও زَيْدًا হল مفعول به মিলে خبر শাব্দিক অর্থ হল– কিসে যায়েদকে সৌন্দর্যবান করল। (মুসান্নিফ (রঃ) এমতটি গ্রহণ করেছেন।

(২) سيبويه رح এর মতে مَا মুবতাদা, এটি نكره شَيْئٌ অর্থে। এর تنوين টি تَعْظِيْمِىْ তথা عَظِيْمٌ অর্থে এ হিসেবে تخصيص হওয়ায় شَرٌّ اَهَرَّ ذَانَابٍ এর ন্যায় হয়ে মুবতাদা হয়েছে।

(৩) اَخْفَش رح এর মতে مَا টি موصوله - اَحْسَنَ زَيْدًا এর صِلَهٗ মিলে মুবতাদা আর شَيْئٌ عَظِيْمٌ খবর উহ্য রয়েছে।

نَحْوُ اَحْسِنْ بِزَيْدٍ وَلَا يُبْنَيَانِ اِلَّا مِمَّا يُبْنٰى مِنْهُ اَفْعَلُ التَّفْضِيْلِ وَيُتَوَصَّلُ فِى الْمُمْتَنِعِ بِمِثْلِ مَا اَشَدَّ اِسْتِخْرَاجًا فِى الْاَوَّلِ وَاَشْدِدْ بِاِسْتِخْرَاجِهِ فِى الثَّانِى كَمَا عَرَفْتَ فِىْ اِسْمِ التَّفْضِيْلِ وَلَايَجُوْزُ التَّصَرُّفُ فِيْهِمَا بِتَقْدِيْمٍ وَلَاتَاخِيْرٍ وَلَا فَصْلٍ وَالْمَازِنِى اَجَازَ الْفَصْلَ بِالظَّرْفِ نَحْوُ مَا اَحْسَنَ الْيَوْمَ زَيْدًا ـ

অনুবাদ ॥ (২) অন্যটি হল اَفْعِلْ بِهٖ যথা– اَحْسِنْ بِزَيْدٍ – এ সীগাহ দু'টো কেবল ঐ সকল শব্দ হতে গঠিত হয় যা থেকে اسم تفضيل গঠিত হয়। আর যেক্ষেত্রে (اسم تفضيل) গঠন নিষিদ্ধ সে ক্ষেত্রে প্রথমটির ক্ষেত্রে مَا اَشَدَّ اِسْتِخْرَاجًا এবং দ্বিতীয়টির ক্ষেত্রে اَشْدِدْ بِاِسْتِخْرَاجِهِ এর অনুরূপ সহায়তা নেয়া হয় যেমনটা তুমি ইতিপূর্বে اسم تفضيل -এর ক্ষেত্রে অবগত হয়েছ। আর এ ক্রিয়াদ্বয়ের মধ্যে (مقدّم বা موخر এবং বিচ্ছিন্নকরণের ব্যাপারে হস্তক্ষেপ করা বৈধ নয়। অবশ্য ইমাম মাযনী ظرف এর মাধ্যমে বিচ্ছিন্ন হওয়াকে বৈধ বলে ঘোষণা করেছেন। যেমন– مَا اَحْسَنَ الْيَوْمَ زَيْدًا (যায়েদ আজকে কতইনা সুন্দর)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ (খ) قوله اَفْعِلْ بِهٖ ঃ এটি فِعْلِ تَعَجُّبْ এর দ্বিতীয় ওযন। এর মধ্যে ও মতভেদ রয়েছে–(১) سيبويه رح এর মতে باب افعال এর امر এর ছীগাহ, ماضى এর অর্থে, এটা ب হরফে জার সহ ব্যবহৃত হয়। আর হামযাটি صَيْرُوْرَتْ এর জন্য। যেমন اَحْسِنْ بِزَيْدٍ অর্থ হল– صَارَ زَيْدٌ ذَا حَسَنٍ এ সময় اَحْسِنْ টি حَسُنَ এর অর্থে ও বলা যায়।

(২) اخفش رح এর মতে اَحْسِنْ আমরের ছীগা اَنْتَ যমীর ফায়েল, আর بِزَيْدٌ এর ب টি متعدي বুঝানোর জন্য। আর زَيْدٌ হল مفعول به– এটা ঐ সময় হবে যখন احسن টি لازم তখন ثبوت حسن (সৌন্দর্য মন্ডিত হওয়া) থেকে গৃহীত হবে। তখন হামযাটি صَيْرُوْرَتْ এর জন্য হবে। অর্থ হবে صَيِّرْهُ ذَاحُسْنٍ (তাকে সৌন্দর্য্যবান বানাও) পরিভাষায়– সে কতইনা সুন্দর।

قوله وَلَا يُبْنَيَانِ اِلَّا الخ ঃ فِعْلِ تَعَجُّبْ গঠিত হয় ঐ সকল শব্দ থেকে যা থেকে افعل تفضيل গঠিত হয়, সুতরাং বুঝা গেল যে, ثلاثى مجرد এর যে সব শব্দ زِيَادَةٌ ও نُقْصَانٌ (কম-বেশী হওয়া) বুঝায় এবং যার মধ্যে لَوْنٌ وَعُيُبٌ (রং-দোষ) এর অর্থ না থাকে তা থেকে فعل تعجب গঠিত হয়। ব্যাখ্যায় زيادة ونقصان উল্লেখের দ্বারা ما امات زيدا বের হয়ে গেল। কারণ মৃত্যু কম বেশী হয় না। উল্লেখ্য যে, فعل تعجب টি মাফউলের জন্য شاذ (বিরল) হিসেবে ব্যবহৃত হয়। যেমন– مَا اَشْهٰى الطَّعَامُ কি মজাদার খাদ্য! ইত্যাদি।

قوله يُتَوَصَّلُ فِى الْمُمْتَنِعِ ঃ নিষিদ্ধ ক্ষেত্রে فعل تعجب এর প্রয়োজন হলে আধিক্যবোধক শব্দ (تفضيل বা امر) গঠন করে কাংখিত বাবের মাসদার বা রং দোষ বোধক শব্দের শুরুতে যোগ করতে হয়। যেমন–

مَا اَشَدَّ بَيَاضًا ـ مَا اَشَدَّ اِسْتِخْرَاجًا ইত্যাদি।

قوله وَلَا يَجُوْزُ التَّصَرُّفُ الخ অর্থাৎ فعل تعجّب এর ছীগা দুটির মধ্যে ব্যবহারিক ক্ষেত্রে মূল অবস্থা ও অবস্থান থেকে কোনরূপ পরিবর্তন করা জায়েয নয়। যেমন– উভয় ফে'লের مفعول به বা جار مجرور কে مقدم করা, مَا বা عامل ও معمول এর মাঝে কোন فاصله নিয়ে আসা ইত্যাদি। সুতরাং مَا اَحْسَنَ فِى الدَّارِ زَيْدًا বা اَحْسِنْ الْيَوْمَ بِزَيْدٍ বলা শুদ্ধ হবে না।

এভাবে এগুলোর থেকে অন্য কোন ছীগা বা গরদানও হবে না। কারণ এদুটি ওযনকে انشاء تعجب এর জন্য নির্দিষ্ট করায় امثال (দৃষ্টান্ত) এর ন্যায় হয়ে গেছে। তবে ইমাম মাযনী (রঃ) কেবল ظرف দ্বারা فاصله আনাকে জায়েয রেখেছেন। সুতরাং তার মতে, مَا اَحْسَنَ الْيَوْمَ زَيْدًا বলা শুদ্ধ।

فَصْلٌ - أَفْعَالُ الْمَدْحِ وَالذَّمِّ مَا وُضِعَ لِإِنْشَاءِ مَدْحٍ أَوْ ذَمٍّ أَمَّا لِلْمَدْحِ فَلَهُ فِعْلَانِ نِعْمَ وَفَاعِلُهُ اِسْمٌ مُعَرَّفٌ بِاللَّامِ نَحْوُ نِعْمَ الرَّجُلُ زَيْدٌ أَوْ مُضَافٌ إِلَى الْمُعَرَّفِ بِاللَّامِ نَحْوُ نِعْمَ غُلَامُ الرَّجُلِ زَيْدٌ وَقَدْ يَكُوْنُ فَاعِلُهُ مُضْمَرًا وَ يَجِبُ تَمْيِيْزُهُ بِنَكِرَةٍ مَنْصُوْبَةٍ نَحْوُ نِعْمَ رَجُلًا زَيْدٌ أَوْ بِمَا نَحْوُ قَوْلُهُ تَعَالَى "فَنِعِمَّا هِيَ" أَيْ نِعْمَ شَيْئًا هِيَ وَزَيْدٌ يُسَمَّى الْمَخْصُوْصَ بِالْمَدْحِ وَحَبَّذَا نَحْوُ حَبَّذَا زَيْدٌ، حَبَّ فِعْلُ الْمَدْحِ وَفَاعِلُهُ ذَا وَالْمَخْصُوْصُ بِالْمَدْحِ زَيْدٌ وَيَجُوْزُ أَنْ يَقَعَ قَبْلَ مَخْصُوْصٍ أَوْ بَعْدَهُ تَمْيِيْزٌ نَحْوُ حَبَّذَا رَجُلًا زَيْدٌ وَحَبَّذَا زَيْدٌ رَجُلًا أَوْحَالٌ نَحْوُ حَبَّذَا رَاكِبًا زَيْدٌ وَحَبَّذَا زَيْدٌ رَاكِبًا، وَأَمَّا الذَّمُّ فَلَهُ فِعْلَانِ أَيْضًا بِئْسَ نَحْوُ بِئْسَ الرَّجُلُ عَمْرٌو وَبِئْسَ غُلَامُ الرَّجُلِ عَمْرٌو وَبِئْسَ رَجُلًا عَمْرٌو وَسَاءَ نَحْوُ سَاءَ الرَّجُلُ زَيْدٌ وَسَاءَ غُلَامُ الرَّجُلِ زَيْدٌ وَسَاءَ رَجُلًا زَيْدٌ وَسَاءَ مِثْلُ بِئْسَ فِيْ سَائِرِ الْأَقْسَامِ -

---

পরিচ্ছেদ - ১১ : أَفْعَالِ مَدْحٍ وَذَمٍّ (প্রশংসা ও নিন্দাজ্ঞাপক ক্রিয়া)

<u>অনুবাদ</u> ॥ أَفْعَالِ مَدْحٍ وَذَمٍّ (প্রশংসা ও নিন্দাজ্ঞাপক ক্রিয়া) বলতে ঐ সকল ক্রিয়াসমূহকে বুঝায়, যা প্রশংসা বা নিন্দা প্রকাশ কল্পে গঠিত হয়েছে। প্রশংসাজ্ঞাপনের জন্য দু'টি فعل প্রথমটি نعم তার ফায়েল (ক) مُعَرَّفْ بِاللَّامْ হয়। যথা- نِعْمَ الرَّجُلُ زَيْدٌ (যায়েদ কতইনা ভাল লোক) অথবা (খ) مُعَرَّفْ بِا-لَّامْ-এর দিকে মুযাফ হবে। যথা- نِعْمَ غُلَامُ الرَّجُلِ زَيْدٌ (লোকটির দাস যায়েদ কতইনা ভাল) (গ) আবার কখনও তার ফায়েল সর্বনাম হয়, তবে তখন نكرهٔ مَنْصُوْبَة দ্বারা তার تميز নেয়া আবশ্যক। যথা- نِعْمَ رَجُلًا زَيْدٌ (লোক হিসেবে যায়েদ কতইনা ভাল)। অথবা ما দ্বারা تميز নেয়া আবশ্যক। যেমন- আল্লাহর বাণী فَنِعِمَّا هِيَ অর্থাৎ نِعْمَ شَيْئًا هِيَ - زَيْدٌ শব্দকে مَخْصُوْص بِالْمَدْح নামে নামকরণ করা হয়।

প্রশংসা জ্ঞাপনের দ্বিতীয় فعل হচ্ছে حَبَّذَا - যেমন- حَبَّذَا زَيْدٌ (যায়েদ কতইনা ভাল) فعل হল حَبَّ এবং فاعل - ذَا হল مَخْصُوص بِالْمَدْح - زَيْد মخصوص এর পূর্বে বা পরে تميز আনা জায়েয। যথা- حَبَّذَا رَجُلًا زَيْدٌ ও حَبَّذَا زَيْدٌ رَجُلًا- অনুরূপভাবে حال আনা ও জায়েয। যথা- حَبَّذَا رَاكِبًا زَيْدٌ - حَبَّذَا زَيْدٌ رَاكِبًا (আরোহী যায়েদ কতইনা ভাল) এবং

ذم বা নিন্দাজ্ঞাপনের জন্যও দু'টি فعل আসে। প্রথমটি بِئْسَ যথা- بِئْسَ الرَّجُلُ عَمْرٌو (আমর কতইনা খারাপ লোক) بِئْسَ غُلَامُ الرَّجُلِ عَمْرٌو (লোকটির দাস আমর কতইনা খারাপ) ও بِئْسَ رَجُلًا عَمْرٌو (লোক হিসেবে আমর কতইনা খারাপ)। দ্বিতীয়টি হল- سَاءَ যেমন- سَاءَ الرَّجُلُ زَيْدٌ (যায়েদ কতইনা খারাপ লোক) سَاءَ غُلَامُ الرَّجُلِ زَيْدٌ (লোকটির দাস যায়েদ কতইনা খারাপ।) سَاءَ رَجُلًا زَيْدٌ (লোক হিসেবে যায়েদ কতইনা খারাপ।) উল্লেখিত সকল ক্ষেত্রে سَاءَ এর বিধান بِئْسَ এর ন্যায়।

প্রাসঙ্গিক আলোচনা : قوله مَا وُضِعَ الخ : এখানে وُضِعَ এর هُوَ যমীরটি مَا এর দিকে ফিরেছে বিধায় مذكر আনা হয়েছে। وضع এর قيد দ্বারা ذَمَمْتُ زَيْدًا ، مَدَحْتُ زَيْدًا এ জাতীয় শব্দ বের হয়ে গেছে। কারণ এগুলো দ্বারা إِخْبَارِ مَدْحٍ وَذَمٍّ তথা নিন্দা বা প্রশংসার খবর দেয়া হয় মাত্র, নতুন আঙ্গিকে প্রশংসা বা নিন্দার বুঝায় না।

فعلِ مَدح হল দুইটি نِعْمَ ও حَبَّذَا - نِعْمَ মূলত سَمِعَ-نَعِمَ এর ওযনে ছিল।

مدح এর জন্য ব্যবহৃত হওয়ায় এগুলো فعل جامِد পরিণত হয়েছে।

فعل مدح এর ফায়েল ৩ ধরনের হতে পারে। যথা : (১) الف لام দ্বারা معرفه হবে (২) الف لام দ্বারা معرفه এর দিকে মুযাফ হবে, (৩) অথবা যমীর হবে। এ সময় اسم نكره বা ما দ্বারা তার تميز আনা জরুরি। (উদাহরণ উপরে লক্ষ কর।)

مَخصوص بِالْمَدح এর জন্য শর্ত হল- (১) فاعلِ مدح এর সাথে বচন ও লিঙ্গের দিক দিয়ে মিল থাকা। যেমন- نِعْمَ الرَّجُلُ زَيْدٌ . نِعْمَ الرَّجُلَانِ زَيْدَانِ . نِعْمَتِ الْمَرْأَةُ هِنْدٌ - نِعْمَتِ الْمَرْأَتَانِ الْهِنْدَانِ

قوله وَحَبَّذَا الخ : حَبَّذَا এটি দ্বিতীয় فعلِ مدح -মূল حَبَّ হল فعل আর ذَا হল তার ফায়েল, এটি কখনো اسمِ إشارة ذَا ছাড়া ব্যবহৃত হয়না বিধায় একত্রে حَبَّذَا বলা হয়। এর ফায়েলের ক্ষেত্রে কোনরূপ পরিবর্তন হয় না চাই مخصوص بِالْمَدح যাই হোক না কেন, যেমন- حَبَّذَا زَيْدٌ . حَبَّذَا الزَّيْدَانِ . حَبَّذَا هِنْدٌ প্রভৃতি। এর মধ্যে ذا দ্বারা مَا فِي الذِّهْنِ উদ্দেশ্য।

قوله وَيَجُوزُ أَنْ يَقَعَ الخ : مَخْصُوص بِالْمَدح এর আগে বা পরে (১) تميز আসতে পারে (২) বা حال আসতে পারে। আর এ সময় উক্ত تميز বা حال টি مَخْصُوص بِالْمَدح এর সাথে বচন ও লিঙ্গের দিক দিয়ে সামঞ্জস্যশীল হওয়া জরুরী।

قوله وَأَمَّا الذَّمُّ الخ : بِئْسَ মূলত سَمِعَ এর ওযনে بَئِسَ ছিল- ذَمّ -এর - উভয়টি فعل এর ফায়েল نِعْمَ এর ফায়েলের ন্যায় পূর্বোক্ত তিনো ধরনের হতে পারে। (কিতাবে লক্ষ কর।)

التمرين (অনুশীলনী)

১। فعل مضارع এর اعراب এর বিধান বিস্তারিত বর্ণনা কর।

২। কয় স্থানে فعل مضارع মানসূব হয় উদাহরণসহ বর্ণনা কর।

৩। কয়স্থানে ان উহ্য থেকে فعل مضارعকে নসব দেয় উদাহরণসহ লিখ।

৪। কয় স্থানে فعل مضارع জযম বিশিষ্ট হয়? বিস্তারিত লিখ।

৫। فعل لازم ومتعدى এর সংজ্ঞা ও নাম করণের কারণ লিখে فعل لازم কে متعدى বানানোর নিয়মগুলো লিখ।

৬। افعال قلوب এর পরিচয় ও আমল বিস্তারিত লিখ।

৭। افعال ناقصة কাকে বলে? উহা কি আমল করে? এবং كان কত প্রকার কি কি? উদাহরণসহ লিখ এবং নিম্নের শে'রটির অর্থ ও উল্লেখের কারণ লিখ- جِيَادُ ابْنَيْ أَبِيْ بَكْرٍ تَسَامٰى + عَلٰى كَانَ الْمُسَوَّمَةِ الْعِرَابِ

৮। افعال مقاربه এর সংজ্ঞা এবং উহা কত প্রকার ও কি কি? বিস্তারিত লিখ।

৯। فعل تعجب কাকে বলে? এর শব্দ কয়টি ও কি কি? এবং নাহু শাস্ত্রবিদগণের মধ্যে ما শব্দটি নিয়ে মতভেদ কি লিখ।

১০। افعال مدح কয়টি ও কি কি? এগুলোর ফায়েল ও مخصوص এর ব্যবহারবিধি কি উদাহরণসহ লিখ।

اَلْقِسْمُ الثَّالِثُ فِى الْحُرُوْفِ

وَقَدْ مَضٰى تَعْرِيْفُهٗ وَاَقْسَامُهٗ سَبْعَةَ عَشَرَ: حُرُوْفُ الْجَرِّ وَحُرُوْفُ الْمُشَبَّهَةِ بِالْفِعْلِ وَحُرُوْفُ الْعَطْفِ وَحُرُوْفُ التَّنْبِيْهِ وَحُرُوْفُ النِّدَاءِ وَحُرُوْفُ الْاِيْجَابِ وَحُرُوْفُ الزِّيَادَةِ وَحَرْفَا التَّفْسِيْرِ وَحُرُوْفُ الْمَصْدَرِ وَحُرُوْفُ التَّحْضِيْضِ وَحَرْفُ التَّوَقُّعِ وَحَرْفَا الْاِسْتِفْهَامِ وَحُرُوْفُ الشَّرْطِ وَحَرْفُ الرَّدْعِ وَتَاءُ التَّانِيْثِ السَّاكِنَةِ وَالتَّنْوِيْنُ وَنُوْنُ التَّاكِيْدِ ـ

فَصْلٌ ـ حُرُوْفُ الْجَرِّ حُروفٌ وُضِعَتْ لِاِفْضَاءِ الْفِعْلِ اَوْ شِبْهِهٖ اَوْ مَعْنَى الْفِعْلِ اِلٰى مَاتَلِيْهِ نَحْوُ مَرَرْتُ بِزَيْدٍ وَاَنَا مَارٌّ بِزَيْدٍ وَهٰذَا فِى الدَّارِ اَبُوْكَ اَىْ اُشِيْرُ اِلَيْهِ فِيْهَا

তৃতীয় অধ্যায় ঃ حُرُوْف প্রসঙ্গ

অনুবাদ ॥ ইতিপূর্বে حَرْف-এর সংজ্ঞা আলোচিত হয়েছে। حَرْف ১৭ প্রকার- ১. حُرُوْفُ الْجَرِّ ২. حُرُوْفُ الْمُشَبَّهَةِ بِالْفِعْلِ ৩. حُرُوْفُ الْعَطْفِ ৪. حُرُوْفُ التَّنْبِيْهِ ৫. حُرُوْفُ النِّدَاءِ ৬. حُرُوْفُ الْاِيْجَابِ ৭. حُروفُ الزِّيَادَةِ ৮. حروفُ التَّفْسِيْرِ ৯. حروفُ الْمَصْدَرِ ১০. حروفُ التَّحْضِيْضِ ১১. حروفُ التَّوَقُّعِ ১২. حروفُ الْاِسْتِفْهَامِ ১৩. حروفُ الشَّرْطِ ১৪. حروفُ الرَّدْعِ ১৫. تَاءُ تَانِيْثِ سَاكِنَةٍ ১৬. تنوين ও ১৭. نُوْنِ تاكيد ثَقِيْلَة ও خَفِيْفَة -

পরিচ্ছেদ- ১ ঃ حروفِ جَرّ

حروفِ جَرّ এর সংজ্ঞা ঃ حروف جر এমন হরফকে বলে যা **فِعل ,شِبْهِ فعل ,مَعْنٰى فِعل** কে তার পরবর্তী শব্দের সাথে সংযুক্ত করার জন্য গঠন করা হয়েছে। যথা- مَرَرْتُ بِزَيْدٍ বা اَنَا مَارٌّ بِزَيْدٍ ও هٰذَا فِى الدَّارِ اَبُوْكَ অর্থাৎ اُشِيْرُ اِلَيْهِ فِيْهَا

প্রাসঙ্গিক আলোচনা ঃ মুসান্নিফ (রঃ) اسم ও فعل এর আলোচনা শেষে حرف এর আলোচনা শুরু করেছেন- وَقَدْ مَضٰى الخ এর واو টি اِسْتِئْنَافِيَة - مَضٰى تَعْرِيْفُهٗ ـ جملهٔ فعليهٔ خبريه ؛ যমীরটি حرف এর মধ্যে এর প্রতি ফিরেছে। এখানে فِى الْمُقَدِّمَةِ উহ্য রয়েছে। অর্থাৎ ভূমিকার মধ্যে حرف এর সংজ্ঞা উল্লিখিত হয়েছে। এরপর اَقْسَامُه মুবতাদা আর سَبْعَةَ عَشَرَ হল খবর বা مُبْدَل مِنْه-

حُروفِ مُشَبَّهَة টি منصوب ও مرفوع এর উপর مجرور হওয়ার কারণে মুসান্নিফ (রঃ)-এর জন্য مُقَدَّمٌ কেই সর্বাগ্রে আনা উচিত ছিল। তথাপি حروفِ جر কে আগে আনার কারণ সম্ভবত এটা হতে পারে যে, (১) আমলের ক্ষেত্রে এটি আসল সে হিসেবে, (২) অথবা অধিক ব্যবহৃত হওয়ার কারণে হতে পারে।

اَلْجَرُّ অর্থ টানা, আকর্ষণ করা। **فعل বা معنىٔ فعل** কে مجرور সাথে মিলিয়ে দেয় বিধায় এ নাম রাখা হয়েছে। حروف جر এর অপর নাম حروفِ اضافت কেননা এগুলো **فعل ـ معنىٔ فعل বা شبه فعل** কে مجرور এর সাথে মিলিয়ে দেয়। مجرور টি اسم صريح (প্রকাশ্য) বা اسم تاويلى (তাবীল কৃত اسم) ও হতে পারে। যেমন- مَرَرْتُ بِزَيْدٍ ও وَضَاقَتْ عَلَيْهِمُ الْاَرْضُ بِمَا رَحُبَتْ এখানে بِمَا رَحُبَتْ এর مَا টি مَصْدَرِيَة সুতরাং بِرُحْبِهَا অর্থে এটি -اسم

قولهٗ لِاِفْضَاءِ الخ ঃ এখানে لِاِفْضَاءِ بِفِعْل বলা উচিত ছিল, কারণ اِفْضَاء অর্থ وُصُول তথা পৌছানো। আর بَ দ্বারা متعدّى হলে অর্থ হবে اِيْصَال তথা পৌছিয়ে দেয়া।

قوله نَحْوُمَرَرْتُ الخ ঃ প্রথমটি مَرَرْتُ ফে'লের অর্থ (مُرُوْر) কে زيد এর সাথে সম্পৃক্ত করেছে। اَنَا مَارٌّ بِزَيْدٍ এটি এখানে شبه فعل ـ مار এর অর্থকে زيد এর সাথে মিলিয়ে দিয়েছে, আর هٰذَا فِى الدَّارِ اَبُوْكَ এর اسم اشاره، هٰذَا টি شِبه ফে'লের অর্থে এ হিসেবে معنىٔ فعل কে دَارٌ এর সাথে মিলিয়ে দিয়েছে।

وَهِيَ تِسْعَةُ حَرْفٍ "مِنْ" وَهِيَ لِابْتِدَاءِ الْغَايَةِ وَعَلَامَتُهُ اَنْ يَصِحَّ فِيْ مُقَابَلَتِهِ اِلٰى لِلْاِنْتِهَاءِ كَمَا تَقُوْلُ سِرْتُ مِنَ الْبَصْرَةِ اِلَى الْكُوْفَةِ وَ لِلتَّبْيِيْنِ وَعَلَامَتُهُ اَنْ يَصِحَّ وَضْعُ اللَّفْظِ الَّذِيْ مَكَانَهُ كَقَوْلِهِ تَعَالٰى "فَاجْتَنِبُوا الرِّجْسَ مِنَ الْاَوْثَانِ" وَالتَّبْعِيْضِ وَعَلَامَتُهُ اَنْ يَصِحَّ وَضْعُ لَفْظِ بَعْضٍ مَكَانَهُ نَحْوُ اَخَذْتُ مِنَ الدَّرَاهِمِ وَزَائِدَةٌ وَعَلَامَتُهُ اَنْ لَّايَخْتَلَّ الْمَعْنٰى بِاِسْقَاطِهَا نَحْوُ مَاجَائَنِيْ مِنْ اَحَدٍ وَلَاتُزَادُ مِنْ فِي الْكَلَامِ الْمُوْجَبِ خِلَافًا لِلْكُوْفِيِّيْنَ وَاَمَّا قَوْلُهُمْ قَدْ كَانَ مِنْ مَطَرٍ وَشِبْهُهُ فَمُتَاَوَّلٌ ـ

অনুবাদ ॥ সংখ্যা ঃ حُروفِ جَرّ ১৯টি (১) مِنْ (যা নিম্নলিখিত অর্থে ব্যবহৃত হয়)। ১. اِبْتِدَاءِ الْغَايَة বা উদ্দেশ্যের সূচনা অর্থে, এর আলামত হল এর বিপরীতে শেষ সীমাজ্ঞাপক اِلٰى ব্যবহার করা শুদ্ধ হওয়া। যেমন– سِرْتُ مِنَ الْبَصْرَةِ اِلَى الْكُوْفَةِ (২) تَبْيِيْن (স্পষ্ট করে বর্ণনা)-এর জন্য। এর আলামত হল তার স্থলে اَلَّذِيْ শব্দ ব্যবহার করা শুদ্ধ হওয়া। যেমন, আল্লাহর বাণী– فَاجْتَنِبُوا الرِّجْسَ مِنَ الْاَوْثَانِ (৩) تَبْعِيْض বা অংশবিশেষ বুঝাবার জন্য। এর চিহ্ন হলো مِنْ-এর স্থলে بَعْض শব্দের প্রয়োগ শুদ্ধ হওয়া। যথা– اَخَذْتُ مِنَ الدَّرَاهِمِ-

(৪) زَائِدَة বা অতিরিক্ত হিসেবে। এর আলামত হল, তাকে বিলুপ্ত করলেও অর্থের কোন পরিবর্তন না ঘটা। যথা– مَاجَائَنِيْ مِنْ اَحَدٍ (আমার নিকট কেউ আসে নি)। كَلَام مُوْجَب বা হাঁবোধক বাক্যে مِنْ অতিরিক্ত হয় না। তবে কূফীদের অভিমত এর বিপরীত, পক্ষান্তরে আরবীভাষীদের কথায় قَدْ كَانَ مِنْ مَطَرٍ ও এ জাতীয় কথায় তাবীল করা হয়েছে।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله مِنْ الخ ঃ যেহেতু مِنْ তথা اِبْتِدَاء শুরু বুঝায় এ কারণে এর দ্বারা শুরু করাই শ্রেয়। এটি ৪ অর্থে আসে। (১) قوله اَلْغَايَة الخ ঃ যে জিনিসের اِنْتِهَاء (সীমা) আছে কেবল তারই শুরু বুঝায়। সুতরাং اُمور اَبَدِيَّة তথা যেসব বস্তু অসীম তার শুরু বুঝায় না। যার শুরু বুঝাবে এটি তার পূর্বে আসবে। চাই তা স্থান হোক বা সময়। উল্লেখ্য যে, غَايَتْ অর্থ দূরত্ব (مَسَافَتْ) না নিয়ে বরং সীমা (نِهَايَة) অর্থ গ্রহণ করা উত্তম, কারণ দূরত্ব অর্থ নিলে ظرف زمان (কাল) এর অর্থের ক্ষেত্রে এটি مَجَازِيْ হবে।

(১) قوله وَعَلَامَتُهُ اَنْ يَصِحَّ ঃ অর্থাৎ مِنْ টা শুরু বুঝানোর আলামত হল তার পরে اِلٰى বা اِلٰى এর অর্থবোধক শব্দ আসা শুদ্ধ হওয়া। যেমন– .... سِرْتُ مِنَ اَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ এখানে اَعُوْذُ بِاللّٰهِ অর্থ হল– اَلْتَجِئُ اِلَيْهِ

قوله وَلَا تُزَادُ مِنْ الخ ঃ مِنْ অতিরিক্ত হওয়ার ক্ষেত্রে মতভেদ রয়েছে ঃ (১) বিসরিয়্যীনের মতে كَلَام مُوْجَب (যার মধ্যে نفي ـ نهي ও استفهام না থাকে) এর মধ্যে অতিরিক্ত হয়না, (২) কূফীগণের মতে غير موجب এর মধ্যে সর্বক্ষেত্রে অতিরিক্ত হয়। যেমন– قَدْ كَانَ مِنْ مَطَرٍ এর মধ্যে كَلَام مُوْجَب হওয়া সত্ত্বে مِنْ অতিরিক্ত হয়েছে। মুসান্নিফ (রঃ) বসরীগণের মত গ্রহণ করে এর উত্তর দেন যে, এখানে مِنْ টি زائده নয় বরং بَعْضُ مَطَرٍ ـ تَبْعِيْضِيَّة অর্থে অথবা تَبْيِيْن এর জন্য।

مِنْ আরো কতিপয় অর্থে আসে। যেমন– (১) فِيْ অর্থেও। যেমন– اِذَا نُوْدِيَ لِلصَّلٰوةِ مِنْ يَّوْمِ الْجُمُعَةِ তথা في يوم الجمعة এর অর্থে, (২) بَاء অর্থে যেমন– يَنْظُرُوْنَ مِنْ طَرْفٍ خَفِيٍّ ـ بِطَرْفٍ خَفِيٍّ (৩) بدل অর্থে। যেমন– اَرَضِيْتُمْ بِالْحَيٰوةِ الدُّنْيَا مِنَ الْاٰخِرَةِ টা بَدْلَ الْاٰخِرَةِ অর্থে, (৪) عَلٰى অর্থে। যেমন– نَصَرْنَاهُ مِنَ الْقَوْمِ عَلَى الْقَوْمِ অর্থে, (৫) قسم এর জন্য যেমন– مِنْ رَّبِّيْ لَاَفْعَلَنَّ كَذَا (৭) فَصْل এর জন্য যখন বিপরীতমুখী দুটি শব্দের শেষেরটির পূর্বে আসবে। যেমন– وَاللّٰهُ يَعْلَمُ الْمُفْسِدَ مِنَ الْمُصْلِحِ

وَ"اِلٰى" وَهِىَ لِانْتِهَاءِ الْغَايَةِ كَمَا مَرَّ وَبِمَعْنٰى مَعَ قَلِيْلًا كَقَوْلِهٖ تَعَالٰى "فَاغْسِلُوْا وُجُوْهَكُمْ وَاَيْدِيَكُمْ اِلَى الْمَرَافِقِ" وَ "حَتّٰى" وَهِىَ مِثْلُ اِلٰى نَحْوُ نِمْتُ الْبَارِحَةِ حَتَّى الصَّبَاحِ وَبِمَعْنٰى مَعَ كَثِيْرًا نَحْوُ قَدِمَ الْحَاجُّ حَتَّى الْمُشَاةُ وَلَاتَدْخُلُ اِلَّاعَلَى الظَّاهِرِ فَلَايُقَالُ حَتَّاهُ خِلَافًا لِلْمُبَرِّدِ وَقَوْلُ الشَّاعِرِ شِعْرٌ: فَلَاوَاللّٰهِ لَايَبْقٰى اُنَاسٌ * فَتًى حَتَّاكَ يَاابْنَ اَبِىْ زِيَادْ، شَاذٌّ ـ

অনুবাদ॥ (২) اِلٰى -এটা উদ্দেশ্যের শেষ সীমা বুঝায়; যেমন পূর্বে অতিবাহিত হয়েছে। আবার কোন কোন সময় مَعَ অর্থেও ব্যবহৃত হয়। যথা- আল্লাহর বাণী- فَاغْسِلُوْا وُجُوْهَكُمْ وَاَيْدِيَكُمْ اِلَى الْمَرَافِقِ (তোমরা মুখমণ্ডল ও কনুইসহকারে তোমদের হাত ধৌত কর।) (৩) حَتّٰى এর ব্যবহার اِلٰى এর অনুরূপ। যেমন- نِمْتُ الْبَارِحَةَ حَتَّى الصَّبَاحِ (আমি গত রাতে ভোর পর্যন্ত নিদ্রা গিয়েছিলাম।) حَتّٰى অধিকাংশ ক্ষেত্রে مع অর্থে ব্যবহৃত হয়। যথা- قَدِمَ الْحَاجُّ حَتَّى الْمُشَاةُ (হাজী সাহেব পদাতিকদের সাথে আগমন করেছেন)। আর حَتّٰى অব্যয়টি প্রকাশ্য ইসম ব্যতীত প্রবিষ্ট হয় না। সুতরাং حَتَّاهُ বলা যাবে না। পক্ষান্তরে مبرد رح ভিন্নমত পোষণ করেন। আর কবির কবিতা- فَلَا وَاللّٰهِ لَا يَبْقٰى اُنَاسٌ * فَتًى حَتَّاكَ يَا ابْنَ اَبِىْ زِيَادُ (আল্লাহর শপথ! ওহে আবূ যিয়াদের পুত্র; কোন লোক, যুবক এমনকি তুমিও (পৃথিবীতে) অবশিষ্ট থাকবে না।) এর মধ্যে حَتّٰى এর পরে كَ যমীরের ব্যবহারটি شَاذ বা বিরল।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله اِلٰى لِانْتِهَاءِ الخ ঃ এটা مَكَان এর ক্ষেত্রে হতে পারে। যেমন- سِرْتُ مِنَ اَلْبَصْرَةِ اِلَى الْكُوْفَةِ এর زمان বা اَتِمُّوا الصِّيَامَ اِلَى اللَّيْلِ এর ক্ষেত্রে হতে পারে। যেমন-

ফায়েদা ঃ (ক) اِلٰى এর مَابَعْد (পরবর্তী অংশ) مَاقَبْل (পূর্ববর্তী অংশ) এর মধ্যে দাখিল থাকা না থাকার ব্যাপারে ৪ ধরণের উক্তি রয়েছে। যথা-

(১) দাখিল থাকে, তবে কোথাও দাখিল না থাকলে তা مَجَاز ধর্তব্য হবে। (২) দাখিল থাকেনা, তবে কোথাও থাকলে তা مجاز গণ্য হবে। (৩) اِلٰى টি উভয় অর্থে مُشْتَرَك (৪) اِلٰى এর مابعد যদি ماقبل এর সমজাতীয় (এক جنس এর) হয় তাহলে مَابَعْد টা ما قبل এর হুকুমে দাখিল থাকবে, নইলে দাখিল থাকবে না। যেমন- فَاغْسِلُوْا وُجُوْهَكُمْ وَاَيْدِيَكُمْ اِلَى الْمَرَافِقِ এখানে مِرْفَقٌ (কনুই) يَدٌ (হাত)-এর মধ্যে আগে থেকেই দাখিল সে হিসেবে اِلٰى আসার পরেও দাখিল থাকবে। আর اَتِمُّوا الصِّيَامَ اِلَى اللَّيْلِ এর মধ্যে لَيْل (রাত) صِيَام (রোযা) এর সমজাতীয় বস্তু না বিধায় রাত রোযার বিধানে দাখিল থাকবেনা।

(খ) اِلٰى কখনো فِىْ অর্থে ব্যবহৃত হয়। যেমন- يَجْمَعَنَّكُمْ اِلٰى يَوْمِ الْقِيَامَةِ ـ فِىْ يَوْمِ الْقِيَامَةِ অর্থে।

قوله وَبِمَعْنٰى مَعَ كَثِيْرًا ঃ এর দ্বারা বুঝা গেল যে, اِلٰى টা حَتّٰى অর্থে কম ব্যবহৃত হয়। এর দ্বারা الى ও حَتّٰى এর মাঝে পার্থক্যের প্রতি ইঙ্গিত বুঝায়। কেননা حتى টা বেশীর ভাগ مع অর্থে ব্যবহৃত হয়, দ্বিতীয় পার্থক্য হল জমহুরের মতে حتى টা اسم ظاهر এর উপর দাখিল হয়, কোথাও যমীরের পূর্বে আসলে তা شاذ (বিরল) সুতরাং তা নিয়ম বহির্ভূত গণ্য হবে। তবে امام مبرد এ পার্থক্য স্বীকার করেন না, বরং উভয়টি নিয়মতান্ত্রিক বলেন, কারণ حتى এর পরে যমীর এসেছে।

قوله فَلَا وَاللّٰهِ الخ ঃ এ শে'র مبرد এর মতের দলিল। মুসান্নিফ (রঃ) জমহুরের পক্ষ থেকে তার উত্তর দান করেছেন যে, এটি شاذ (বিরল ঘটনা) فَلَا يُقَاسُ عَلَيْهِ শে'রে فلا এর لا টি زائده ـ واو টি قَسَمِيه ـ اُنَاسٌ ـ نَاسٌ এর বহুঃ মানুষ, فتى (যুবক) এর عطف হল اناس এর উপর, حرف عطف উহ্য রয়েছে। অথবা এটি اناس থেকে بدل ـ زِيَادُ ابْنُ اَبِىْ بَكْرٍ যেহেতু তার যৌবনের উপর গর্বিত ছিল এজন্য বিশেষভাবে তাকে بدل দ্বারা দু'বার উল্লেখ করা হয়েছে।

وَ "فِيْ" وَهِيَ لِلظَّرْفِيَّةِ نَحْوُ زَيْدٌ فِي الدَّارِ وَالْمَاءُ فِي الْكُوْزِ وَبِمَعْنَى عَلَى قَلِيْلًا نَحْوُ قَوْلِهِ تَعَالَى "وَلَأُصَلِّبَنَّكُمْ فِيْ جُذُوْعِ النَّخْلِ" - وَالْبَاءُ وَهِيَ لِلْإِلْصَاقِ نَحْوُ مَرَرْتُ بِزَيْدٍ اَيْ اِلْتَصَقَ مُرُوْرِيْ بِمَوْضِعٍ يَقْرُبُ مِنْهُ زَيْدٌ وَلِلْإِسْتِعَانَةِ نَحْوُ كَتَبْتُ بِالْقَلَمِ وَقَدْ يَكُوْنُ لِلتَّعْلِيْلِ كَقَوْلِهِ تَعَالَى "اِنَّكُمْ ظَلَمْتُمْ اَنْفُسَكُمْ بِاتِّخَاذِكُمُ الْعِجْلَ" وَلِلْمُصَاحَبَةِ كَخَرَجَ زَيْدٌ بِعَشِيْرَتِهِ وَلِلْمُقَابَلَةِ كَبِعْتُ هٰذَا بِذَاكَ وَلِلتَّعْدِيَةِ كَذَهَبْتُ بِزَيْدٍ وَلِلظَّرْفِيَّةِ كَجَلَسْتُ بِالْمَسْجِدِ

অনুবাদ ॥ (৪) فِيْ - এটি ظرف বা আধার অর্থে প্রয়োগ হয়, যেমন- زَيْدٌ فِي الدَّارِ وَالْمَاءُ فِي الْكُوْزِ (যায়েদ ঘরে ও পানি জগে রয়েছে।) فِيْ খুব কমই عَلَى অর্থে আসে। যথা- আল্লাহর বাণী- وَلَأُصَلِّبَنَّكُمْ فِيْ جُذُوْعِ النَّخْلِ (অর্থাৎ, আমি অবশ্যই তোমাদেরকে খেজুর শাখার উপর চড়াব (শূলী দেব। (৫) بَاءٌ - এটা (১) اِلْصَاقٌ বা মিলিতকরণের জন্য ব্যবহৃত হয়। যথা- مَرَرْتُ بِزَيْدٍ (আমি যায়েদের নিকট দিয়ে চলেছি) অর্থাৎ আমার অতিক্রম এমন স্থান দিয়ে হয়েছে যার নিকটে যায়েদ রয়েছে। (২) اِسْتِعَانَةٌ বা সাহায্য নেয়ার জন্য। যথা- كَتَبْتُ بِالْقَلَمِ (আমি কলমের সাহায্যে লিখেছি)। (৩) تَعْلِيْلٌ বা কারণ দর্শানোর জন্য। যেমন- আল্লাহর বাণী- اِنَّكُمْ ظَلَمْتُمْ اَنْفُسَكُمْ بِاتِّخَاذِكُمُ الْعِجْلَ (তোমরা গো-বৎসকে উপাস্য বানানোর কারণে নিজেদের উপর অবিচার করেছো।) (৪) مُصَاحَبَةٌ বা সঙ্গ বুঝাবার জন্য। যেমন- خَرَجَ زَيْدٌ بِعَشِيْرَتِهِ (যায়েদ তার গোত্রের সাথে বের হয়েছে।) (৫) مُقَابَلَةٌ বা বিনিময় অর্থে। যথা- بِعْتُ هٰذَا بِذَاكَ (আমি এটা ওটার বিনিময়ে বিক্রয় করেছি। (৬) تَعْدِيَةٌ বা ক্রিয়াকে সকর্মক বানানোর জন্য। যেমন- ذَهَبْتُ بِزَيْدٍ (আমি যায়েদকে নিয়ে গিয়েছি।) (৭) ظرف বা আধার অর্থে। যথা- جَلَسْتُ بِالْمَسْجِدِ (আমি মসজিদের মধ্যে বসেছি)।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله فِيْ لِلظَّرْفِيَّةِ ঃ ظرف অর্থ পাত্র, زمان বা مكان এবং حقيقى বা مجازى সবসময় হতে পারে। যেমন- (مجاز) اَلنَّجَاةُ فِي الصِّدْقِ ، فِي السَّنَةِ - فِي الدَّارِ

فِيْ টা مُقَابَلَةٌ বুঝানোর জন্যও আসে। যথা ঃ فَمَا مَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا فِي الْاٰخِرَةِ

قوله اَلْبَاءُ لِلْاِلْصَاقِ الخ ঃ اِلْصَاق অর্থ মিলান, অর্থাৎ بَ টি কোন বস্তুকে مجرور এর সাথে মিলানোর অর্থে আসে। চাই তা حَقِيْقَةً হোক বা مَجَازًا যেমন- بِهٖ دَاءٌ সে রোগাক্রান্ত বা مَجَازًا যেমন- مَرَرْتُ بِزَيْدٍ (আমি যায়েদের পাশ দিয়ে অতিক্রম করেছি।) এখানে অতিক্রমটা যায়েদের নিকটবর্তী জায়গার সাথে মিলিত হয়েছে।

قوله لِلْاِسْتِعَانَةِ ঃ اِسْتِعَانَتْ অর্থ طَلَبُ عَوْنٍ (সাহায্য কামনা বা সাহায্য গ্রহণ।) অর্থাৎ مجرور টা পূর্বের ক্রিয়া সম্পাদনের জন্য যন্ত্র বা মাধ্যম হবে। যেমন- كَتَبْتُ بِالْقَلَمِ (কলমের সাহায্য লিখেছি।)

قوله لِلْمُصَاحَبَةِ ঃ بَ টি সঙ্গে বুঝানোর অর্থ দেয় যেখানে ب এর স্থলে مع বসান শুদ্ধ হবে। যেমন- بِعَشِيْرَةٍ এর ب এর স্থলে مع রাখলে অর্থ ঠিক থাকে।

قوله وَلِلْمُقَابَلَةِ যেমন- بِعْتُ هٰذَا بِذَاكَ (এইটি ঐটির বিনিময় বিক্রি করলাম।)

قوله لِلتَّعْدِيَةِ ঃ লাযেমকে মুতাআদী বানানোর জন্য। যথা- ذَهَبْتُ অর্থ গেলাম, আর ب আসায় অর্থ হল- নিয়ে গেলাম।

وَزَائِدَةٌ قِيَاسًا فِي خَبَرِ النَّفْيِ نَحْوُ مَا زَيْدٌ بِقَائِمٍ وَفِي الْاِسْتِفْهَامِ نَحْوُ هَلْ زَيْدٌ بِقَائِمٍ وَسَمَاعًا فِي الْمَرْفُوْعِ نَحْوُ بِحَسْبِكَ زَيْدٌ اَىْ حَسْبُكَ زَيْدٌ وَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًا اَىْ كَفٰى اللّٰهُ وَفِي الْمَنْصُوْبِ نَحْوُ اَلْقٰى بِيَدِهٖ اَىْ اَلْقٰى يَدَهٗ ـ وَاللَّامُ وَهِىَ لِلْاِخْتِصَاصِ نَحْوُ اَلْجُلُّ لِلْفَرَسِ وَالْمَالُ لِزَيْدٍ وَلِلتَّعْلِيْلِ كَضَرَبْتُهٗ لِلتَّادِيْبِ وَزَائِدَةٌ كَقَوْلِهٖ تَعَالٰى "رَدِفَ لَكُمْ" اَىْ رَدِفَكُمْ وَبِمَعْنٰى عَنْ اِذَا اسْتُعْمِلَ مَعَ الْقَوْلِ كَقَوْلِهٖ تَعَالٰى "وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلَّذِيْنَ اٰمَنُوْا لَوْكَانَ خَيْرًا مَاسَبَقُوْنَا اِلَيْهِ" وَفِيْهِ نَظَرٌ ـ

অনুবাদ ॥ (৮) نَفى এর খবরে কিয়াসের ভিত্তিতে زائِدة হিসেবে باء ব্যবহৃত হয়। যথা- مَازَيْدٌ بِقَائِمٍ (যায়েদ দণ্ডায়মান নয়)। (৯) اِسْتِفهام প্রশ্নবোধক বাক্যেও। যথা- هَلْ زَيْدٌ بِقَائِمٍ (যায়েদ কি দণ্ডায়মান?) (১০) مرفوع এর স্থানেও سَمَاعِى হিসেবে যথা- بِحَسْبِكَ زَيْدٌ অর্থাৎ حسبك زيد (তোমার জন্য যায়েদ যথেষ্ট), كَفٰى بِاللّٰهِ شَهِيْدًا অর্থাৎ كَفٰى اللّٰهُ (আল্লাহই যথেষ্ট।) (১১) কখনো منصوب এর স্থলেও অতিরিক্ত হয় যথা- اَلْقٰى بِيَدِهٖ অর্থাৎ اَلْقٰى يَدَهٗ - (৬) لام-এটা বিভিন্ন অর্থে আসে (১) اِخْتِصَاص বা নির্দিষ্ট করার জন্য। যথা- اَلْجُلُّ لِلْفَرَسِ (জিনপোষ ঘোড়ার জন্য নির্দিষ্ট), اَلْمَالُ لِزَيْدٍ (২) تعليل বা কারণ বুঝানোর জন্য, যেমন- ضَرَبْتُهٗ لِلتَّادِيْبِ (আমি তাকে আদব শিক্ষাদানের জন্য প্রহার করেছি।) (৩) زَائِدَة বা অতিরিক্ত হিসেবে। যথা- আল্লাহর বাণী- رَدِفَ لَكُمْ অর্থাৎ رَدِفَكُمْ (সে তোমার পশ্চাতে।) (৪) قول এর সাথে ব্যবহৃত হলে عَنْ অর্থে আসে। যেমন- আল্লাহ তাআলা এরশাদ করেন- قَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلَّذِيْنَ اٰمَنُوْا لَوْكَانَ خَيْرًا مَا سَبَقُوْنَا اِلَيْهِ (কাফেররা ঈমানদারদের সম্পর্কে বলল, যদি তা মঙ্গলজনক হতো, তবে তারা আমাদের চেয়ে অগ্রগামী হতো না।) এক্ষেত্রে চিন্তা-ভাবনার অবকাশ আছে।

প্রাসঙ্গিক আলোচনা ঃ قوله وَهِىَ زَائِدَةٌ قِيَاسًا ঃ قِيَاسًا শব্দটি فعل محذوف এর مفعول مطلق মূলত مَنْصُوْبٌ بِنَزْعِ ছিল, অথবা উহ্য يَكُوْنُ এর خبر অর্থাৎ تِلْكَ الزِّيَادَةُ يَكُوْنُ قِيَاسًا অথবা قِسْنَاهَا قِيَاسًا মূলত خَافِضٍ عَرَفْنَا زِيَادَةَ الْبَاءِ بِالْقِيَاسِ ছিল। এভাবে সামনে سَمَاعًا এর মধ্যেও তিন ধরনের হতে পারে।

